হে পরমেশ্বর! বাসুদেব যে মালা কণ্ঠে ধারণ করিয়া পরম রহস্য প্রাপ্ত হইয়াছেন তাহা আমি ভক্তিপূর্ব্বক জিজ্ঞাসা করিতেছি॥ ২ ॥

অস্যার্থঃ।

পার্ব্বত্যুবাচেতি। হে প্রভো মহাদেব বিচার্য্য সম্যগ্বিবিচ্য কলাবতীং দেবীং দীক্ষাং কথয় সবিস্তরং বর্ণয়। সনাতন উৎপত্তি বিনাশাভাববন্॥ ১ ॥ হে পরমেশ্বর মহাদেব! সুরপূজিত দেবারাধ্য! বাসুদেবঃ কণ্ঠে মালাং বিধৃত্য যৎপরমং রহস্যং প্রাপ ইতিশেষঃ তৎপৃচ্ছামি॥ ২ ॥ ঈশ্বরউবাচেতি হে প্রৌঢ়ে যৌবনাতীতে মৃগশাবাক্ষি

ঈশ্বর উবাচ।

নিগদামি শৃণু প্রৌঢ়ে অত্যন্ত জ্ঞান বর্দ্ধনং।
ততঃ কলাবতী দেবী বাসুদেবায় পার্ব্বতি।
যদুক্তং মৃগশাবাক্ষি সাবধানাবধারয়॥ ৩॥

কলাবত্যুবাচ।

বাসুদেব মহাবাহো বরং বরয় সাম্প্রতং।
করিষ্যামি ভবৎ কার্য্য মধুনা সুর পূজিত।
মালাং দেব সুদুষ্টাং যত্তচ্ছীঘ্রং স্মর সুন্দর।৪।

ভাষা।

মহাদেব বলিতেছেন হে প্রৌঢ়ে! তুমি অত্যন্ত জ্ঞান বর্দ্ধন কথা জিজ্ঞাসা করিয়াছ, তাহা আমি বলিতেছি শ্রবণ কর; হে পার্ব্বতি! কলাবতী দেবী বাসুদেবকে যাহা বলিয়াছিলেন, হে বালমৃগাক্ষি! তাহা অবহিতচিত্তে শ্রবণ কর॥ ৩ ॥

কলাবতী কহিতেছেন হে বাসুদেব! তুমি সম্প্রতি অভিলষিত বর প্রার্থনা কর; হে সুরপূজিত! এইক্ষণ আমি তোমার কার্য্য করিব। যে মালা সুদুষ্টা তাহা শীঘ্র স্মরণ কর॥ ৪ ॥

অস্যার্থঃ।

বালমৃগলোচনেপার্ব্বতি ততস্তদনন্তরং কলাবতী দেবী বাসুদেবায় অত্যন্ত জ্ঞানবর্দ্ধনং তত্ত্বজ্ঞান হেতুভূতং যদুক্তং তন্নিগদানি কথয়ামি শৃণু॥ ৩ ॥ কলাবত্যু বাচেতি হে বাসুদেব সাম্প্রতং সম্প্রতি বরং বরয় অভিলষিতং প্রার্থয়, হে সুরপূজিত অধুনা ভবৎকার্য্যং করিষ্যামীত্যন্বয়ঃ। যদিত্যব্যয়ং যাং মালাং সুদুষ্টাং তচ্ছীঘ্রং স্মর চিন্তয়েত্যর্থঃ॥ ৪ ॥ বাসুদেব উবা-

বাসুদেব উবাচ।

যদ্দৃষ্টাং পরমেশানি নহি বক্তুংহিশক্যতে।
তব পাদার্চ্চনং দেবি সংস্মরামি পুনঃ পুনঃ। ৫।

শ্রীপার্ব্বত্যুবাচ।

যদ্দৃষ্টং বাসুদেবেন তৎ সর্ব্বং কথয় প্রভো।
যদ্দৃষ্টং পদ্মমালায়া মাশ্চর্য্যং পরমং পদং।৬।

ভাষা।

বাসুদেব বলিতেছেন হে পরমেশানি! আমি স্বদৃষ্টা মালা বলিতে পারি না, হে দেবি! কেবল পুনঃ পুনঃ তোমার পাদার্চ্চন চিন্তা করিতেছি॥ ৫ ॥

পার্ব্বতী কহিতেছেন হে প্রভো! বাসুদেব পদ্মিনী মালাতে যে যে পরামাশ্চর্য্য রূপ দর্শন করিয়াছেন তৎসমুদয় আমার নিকট বর্ণন করুন॥ ৬ ॥

অস্যার্থঃ।

চেতি হে পরমেশানি কলাবতি দৃষ্টাং মালাং বক্তুং নহি শক্যতে ময়েতি শেষঃ। পুনঃ পুনঃ সদৈব তবপাদার্চ্চনং স্মরামি চিন্তয়ামীত্যর্থঃ।। ৫ ।। শ্রীপার্ব্বত্যুবাচেতি। হে প্রভো বাসুদেবেন যদ্দৃষ্টং তৎসর্ব্বং কথয়। পদ্ম মালায়াং যৎ পরাশ্চর্য্যং দৃষ্টং বাসুদেবেনেতিশেষঃ তদপি কথয় ইত্য ন্বয়ঃ।। ৬ ।। করিমালাসু হস্তিনীমালাসু গন্ধমালাসু গন্ধিনীমালাসু

করিমালাসু যদ্দৃষ্টং গন্ধমালাসুচ প্রভো।
চিত্রমালাসু যদ্দৃষ্টং কৃষ্ণেন পরমাত্মনা।
তৎ সর্ব্বং কথয়েশান বিচিত্র কথনং প্রভো ॥৭॥

ঈশ্বর উবাচ।

রহস্যং পরমেশানি সাবধানাবধারয়।
অতিচিত্রং মহদ্‌গুহ্যং পীযূষ সদৃশং বচঃ।
অতি পুণ্যং মহত্তীর্থং সর্ব্ব সারময়ং সদা ॥৮॥

ভাষা।

হে প্রভো! হস্তিনী মালাতেও গন্ধিনী মালাতে এবং চিত্রিণী মালাতে পরমাত্মা কৃষ্ণ যাহা সন্দর্শন করিয়াছেন হে ঈশান! সেই সকল বিচিত্র কথা আমাকে বলুন ॥ ৭ ॥

মহাদেব বলিতেছেন, হে পরমেশানি! অতি বিচিত্র মহদ্‌-গুহ্য পীযূষসদৃশ মহত্তীর্থভূত অতিশয় পুণ্যজনক সর্ব্বসারময় বাক্য বাসুদেব রহস্য বলিতেছি সাবধানে শ্রবণ কর ॥ ৮ ॥

অস্যার্থঃ।

চিত্রমালাসু চিত্রিণীমালাসু পরমাত্মনা পরাত্ম স্বরূপেণ কৃষ্ণেন যদ্দৃষ্টমিতি শেষঃ তৎসর্ব্বং বাসুদেবেন যদ্দৃষ্ট মিত্যর্থঃ কথয় সবিস্তরং বর্ণয়েতি ভাবঃ ॥ ৭ ॥ ঈশ্বরউবাচেতি। হে পরমেশানি! অতিচিত্রং অত্যাশ্চর্য্যং মহদ্‌গুহ্যং অতিগোপ্যং পীযূষ সদৃশং অমৃতোপমং অতিপুণ্যং বহুপুণ্য-জনকং মহত্তীর্থং মহত্তীর্থ স্বরূপং সর্ব্বসারময়ং জগৎসারভূতং বচঃ সাব-ধানাবধারয় সাবহিতচিত্তং শৃণ্বিত্যর্থঃ ॥ ৮ ॥ বাসুদেবেত্যাদি। বাসু-

বাসুদেবস্য কণ্ঠে যা মালা সাচ কলাবতী।
পঞ্চাশ দক্ষর শ্রেণী কলা রূপেণ সাক্ষিণী ॥ ৯।
অব্যয়া অপরিচ্ছিন্না নিত্য রূপা পরাক্ষরা।
পঞ্চাশদক্ষরং দেবি মূর্ত্তি র্ব্বিগ্রহ ধারিণী ॥ ১০ ॥
শ্যামাঙ্গী চ তথা গৌরী শুদ্ধ স্ফটিক সন্নিভা।
তপ্ত হাটক বর্ণাভা কৃষ্ণবর্ণা চ সুন্দরী ॥ ১১ ॥

ভাষা।

বাসুদেব যে মালা কণ্ঠে ধারণ করিয়াছেন তাহা কলাবতী অকারাদি পঞ্চাশদ্বর্ণময়ী ও কলারূপে সর্ব্বসাক্ষি স্বরূপা ॥ ৯ ॥

ঐ কলাবতী মালা নিত্যরূপা, পরমাত্মস্বরূপা। হে দেবি উক্ত পঞ্চাদশদক্ষর বিগ্রহধারী মূর্ত্তিমান ইহা অপরিচ্ছিন্না কেহই ইহাকে অতিক্রম করিতে পারে না ॥ ১০ ॥

হে সুন্দরী! কেহ শ্যামাঙ্গী কেহবা গৌরবর্ণা কেহ শুদ্ধ-স্ফটিকবৎ অতি উজ্জ্বলা কোন দেবী তপ্তকাঞ্চন বর্ণাভা কেহবা কৃষ্ণবর্ণা ॥ ১১ ॥

অস্যার্থঃ।

দেবস্য কণ্ঠে যামালা বিদ্যতে ইতি শেষঃ সামালা কলাবতী পঞ্চাশদক্ষর শ্রেণী অকারাদি পঞ্চাশদ্বর্ণময়ী কলারূপেণ সাক্ষিণী সর্ব্বসাক্ষি ভূতা ॥ ৯ ॥ অব্যয়েত্যাদি। অব্যয়া নিত্যা অপরিচ্ছিন্না ইয়ত্তয়াপরিচ্ছেত্তু মশক্যা, নিত্যরূপা পূর্ণা পরাক্ষরা পরংব্রহ্ম স্বরূপা। হে দেবি! পঞ্চাশদক্ষরং অকারাদি পঞ্চাশদ্বর্ণং মূর্ত্তি মূর্ত্তিময়ী বিগ্রহধারিণী দেহবতীত্যর্থঃ ॥১০॥ কলাবতীং বিশিনষ্টি শ্যামাঙ্গীত্যাদি গৌরী গৌরবর্ণা শুদ্ধস্ফটিক সন্নিভা শুদ্ধস্ফটিক বদুজ্জ্বলা তপ্তহাটক বর্ণাভা তপ্তকাঞ্চননিভা কৃষ্ণবর্ণাচ কদাচিৎ কৃষ্ণরূপিণ্যপীত্যর্থঃ ॥ ১১ ॥ চিত্রেত্যাদি। চিত্রবর্ণা নানাবর্ণ চিত্রিতা

চিত্র বর্ণা তথা দেবি নবযৌবন সংযুতা ।
সদা ষোড়শ বর্ষীয়া সদা চাঞ্জন লোচনা ॥ ১২ ॥
প্রফুল্ল বদনাম্ভোজা ঈষৎস্মিতমুখী সদা ।
দাড়িমী বীজ সদৃশ দন্তপঙ্ক্তি রনুত্তমা ॥ ১৩ ॥
মৃণাল সদৃশাকারা বাহুবল্লী বিরাজিতা ।
শঙ্খ কঙ্কন কেয়ূর নানাভরণ ভূষিতা ॥ ১৪ ॥

ভাষা ।

হে দেবি! কেহ নানাবর্ণ বিচিত্রাঙ্গী ষোড়শবর্ষীয়া নবীন-স্থির যৌবনসম্পন্না নেত্রাঞ্জন বিভূষিতা ॥ ১২ ॥

কোন দেবীর মুখমণ্ডল প্রফুল্ল কমলের ন্যায় সমুজ্জ্বল, কেহ সর্ব্বদা ঈষদ্ধাস্যবদনা দাড়িম্ববীজ সদৃশ দন্ত শ্রেণীতে অতি সুশোভিতা ॥ ১৩ ॥

কেহ মৃণালতন্তুসদৃশ অতি সূক্ষ্মা কেহবা ভুজলতা পরি-শোভিতা, শঙ্খ কঙ্কন ও কেয়ূরাদি নানাভরণ ভূষিতা ॥ ১৪ ॥

অন্বয়ার্থঃ ।

নবযৌবন সংযুতা অতি যুবতী ; সদা সর্ব্বদৈব ষোড়শবর্ষীয়া নকদাচি-দ্বৃদ্ধেতি ভাবঃ । অঞ্জনলোচনা কজ্জ্বলনেত্রা ॥ ১২ ॥ প্রফুল্লবদনাম্ভোজা প্রফুল্ল কমলাননা, ঈষৎস্মিতমুখী ঈষদ্ধাস্য বদনা, দাড়িমী বীজ সদৃশয়া দাড়িম্ব বীজবদতিলোহিতয়া দন্তপঙ্ক্ত্যা দর্শনশ্রেণ্যা অনুত্তমা অতি শোভনা ॥ ১৩ ॥ মৃণালসদৃশাকারা বিষতন্তু বদতি সূক্ষ্মা বাহুবল্লী বিরাজিতা ভুজলতা শোভিতা । শঙ্খেত্যাদি ; শঙ্খকঙ্কনাদি নানাভরণ

নানাগন্ধ সুগন্ধেন মোদিতাখিল দিঙ্‌মুখা।
রুদ্রাক্ষ রচিতামালা জপমালা বিধারিণী ॥ ১৫ ॥
এতাঃ সর্ব্বামহেশানি মাতৃকাঃ পরদেবতাঃ।
মালারূপেণ সা দেবী বিষ্ণুকণ্ঠস্থিতা সদা।
শৃণু নামামি দেবেশি মাতৃকায়াঃ পৃথক্ পৃথক্ ॥১৬
পূর্ণোদরীস্যা দ্বিরজা শাল্মলী তদনন্তরং।
লোলাক্ষী বহুলাক্ষীচ দীর্ঘঘোনা প্রকীর্ত্তিতা॥১৭॥

ভাষা।

কোন দেবী নানা সুরভিগন্ধে নিখিলদিঙ্মণ্ডল আমোদিত করিয়া বিরাজিতা আছেন। কেহবা রুদ্রাক্ষনির্ম্মিত জপমালা ধারিণী ॥ ১৫ ॥

হে পরমেশানি! এই সকল পরদেবতা মাতৃকাগণ ও দেবী মালারূপে সর্ব্বদা বিষ্ণুর কণ্ঠে বাস করিতেছেন। হে দেবেশি! মাতৃকাগণের পৃথক্ পৃথক্ নাম বলিতেছি শ্রবণ কর ॥ ১৬ ॥

মাতৃকা নাম যথা পূর্ণোদরী, বিরজা, শাল্মলী, লোলাক্ষী, বহুলাক্ষী ও দীর্ঘঘোনা এই নামধেয়া দেবতা মাতৃকাশক্তি॥ ১৭॥

অস্যার্থঃ।

জ্জিসতা ॥ ১৪ ॥ নামাগন্ধ সুগন্ধেন বিবিধ সুরভি সৌরভেণ মোদিতা সুরভীকৃতা অখিলদিঙ্মুখাঃ সকল দিগ্বিভাগাযয়া সাতথোক্তেত্যর্থঃ রুদ্রাক্ষ রচিতা মালাযস্যাঃ সা জপমালা বিধারিণী অক্ষসূত্রবতী ॥ ১৫ ॥ এতা ইত্যাদি এতাঃ পূর্ব্বোক্তাঃ পরদেবতাঃ পরমদেবতারূপা মাতৃকা মাতৃকাদেবী মালারূপেণ বিষ্ণু কণ্ঠস্থিতা বাসুদেব হৃদয় বাসিনীত্যর্থঃ। মাতৃকায়াঃ পৃথক্ পৃথক্ প্রত্যেকং নামানি শৃণু আকর্ণয়েত্যর্থঃ ॥ ১৬ ॥ পূর্ণোদেবী পূর্ণোদরী নাম্নী কাচিন্মাতৃকা, তদনন্তরং বিরজা শাল্মলী কাচিন্মাতৃকা বিরজা নাম্নী কাচিন্মাতৃকাশাল্মলী নাম্নী; এবং

সুদীর্ঘমুখী গোমুখ্যৌ দীর্ঘ জিহ্বা তথৈব চ।
কুম্ভোদর্য্যূর্দ্ধকেশীচ তথা বিকৃত মুখ্যপি। ১৮।
জ্বালামুখী ততো জ্ঞেয়া পশ্চাদুল্কামুখী ততঃ।
সুশ্রীমুখীচ বিদ্যোত মুখ্যেতাঃ স্বরশক্তয়ঃ।১৯।
মহাকালী সরস্বত্যৌ সর্ব্বসিদ্ধি সমন্বিতে।
গৌরী ত্রৈলোক্য বিদ্যাস্যা মন্ত্রশক্তি স্ততঃপরং ২০

ভাষা।

ইতোঽধিক বলিতেছি; সুদীর্ঘকেশী, গোমুখী, দীর্ঘজিহ্বা কুম্ভোদরী, ঊর্দ্ধকেশী, ও বিকৃতমুখী॥ ১৮॥

জ্বালামুখী উল্‌কামুখী সুশ্রীমুখী ও বিদ্যোতমুখী এই সকল দেবতা স্বরশক্তি॥ ১৯॥

মহাকালী ও সরস্বতী; এই দুই দেবী অনিমাদি অষ্টশক্তি-যুক্তা, এবং গৌরী ও ত্রৈলোক্য বিদ্যা ইহারা মন্ত্রশক্তি॥ ২০॥

অন্বয়ার্থঃ।

লোলাক্ষী বহুলাক্ষী চেত্যাদি নামানি অন্বর্থানি। লোলাক্ষী চঞ্চল-লোচনা, বহুলাক্ষী বহুনেত্রা, দীর্ঘঘোনা দীর্ঘনাশা॥ ১৭॥ সুদীর্ঘমুখী আয়ত বদনা, গোমুখী গবাকৃতি মুখা, দীর্ঘজিহ্বা বিস্তৃত রসনা, কুম্ভো-দরী কুম্ভবজ্জঠরা, ঊর্দ্ধকেশী ঊর্দ্ধচিকুরা, বিকৃতমুখী, বিকৃতবদনা॥ ১৮॥ জ্বালামুখী প্রদীপ্তমুখা, উল্কামুখী, আলোকিতবদনা, বিদ্যোতমুখী, প্রদীপ্তমুখা, এতাউক্তা পূর্ব্বোদর্য্যাদি মাতৃকাঃ স্বরস্য মাতৃকান্তর্গত অকা-রাদি স্বরবর্ণস্য শক্তয়ঃশক্তি রূপিণ্যঃ॥ ১৯॥ মহাকালীত্যাদি। সর্ব্বসিদ্ধি সমন্বিতে অনিমাদি অষ্টশক্তিযুক্তে মহাকালী সরস্বত্যৌ মহা-কালী সরস্বতী চ তথা ত্রৈলোক্য বিদ্যা গৌরীচ মন্ত্রশক্তিঃ মন্ত্রস্যশক্তি স্বরূ-

আদ্যাশক্তি ভূ´ত মাতা তথা লম্বোদরী মতা।
দ্রাবিণী নাগরী ভূমিঃ খেচরীচৈব মঞ্জরী ॥ ২১ ॥
রূপিণী বীরিণী পশ্চাৎ কাকোদর্য্যপি পূতনা।
স্যাদ্ভদ্রকালী যোগিন্যৌ শঙ্খিনী গর্জ্জিনী তথা।
॥ ২২ ॥
তে কালরাত্রি কুব্জিন্যৌ কপর্দ্দিন্যপি বজ্রয়া।
জয়াচ সুমুখী শ্বর্য্যো রেবতী মাধবী তথা।২৩।

ভাষা।

আদ্যাশক্তি, ভূতমাতা, লম্বোদরী দ্রাবিণী, নাগরী ভূমি, খেচরী মঞ্জরী ॥ ২১ ॥

রূপিণী, বীরিণী, কাকোদরী, পূতনা, ভদ্রকালী, যোগিনী, শঙ্খিনী, ও গর্জ্জিনী, ॥ ২২ ॥

কালরাত্রি কুব্জিনী, কপর্দ্দিনী, বজ্রয়া, জয়া, সুমুখী, ঈশ্বরী রেবতী, মাধবী, ॥ ২৩ ॥

অন্বয়ার্থঃ।

পেত্যর্থঃ। ২০ ॥ আদ্যাশক্তি স্থূলপ্রকৃতিঃ ভূতমাতা ক্ষিত্যাদিভূত জননী লম্বোদরী দীর্ঘজঠরা দ্রাবিণী নাগরী, ভূমিঃ খেচরী, মঞ্জরীচেতি মাতৃকাশক্তি বিশেষাঃ ॥ ২১ ॥ রূপিণী বীরিণীত্যাদি মাতৃকাশক্তি নামানি। তদেবতনোতি। রূপিণী, বীরিণী, কাকোদরী, অপি সমুচ্চয়ে পূতনা, ভদ্রকালী, যোগিনী শঙ্খিনী, গর্জ্জিনী, ॥ ২২ ॥ কালরাত্রিঃ কুব্জিনী কপর্দ্দিনী, বজ্রয়া, জয়া সুমুখী ঈশ্বরী, রেবতী, মাধবী ॥ ২৩ ॥

বারুণী বায়সী প্রোক্তা পশ্চাদ্ব্রহ্ম বিদারিণী।
ততশ্চ সহজা লক্ষ্মী র্ব্যাপিণী মায়য়া তথা ॥২৪॥
এতাস্তু মাতৃকা দেবি মালায়াং সংস্থিতাঃ সদা।
যথাতু রুদ্রপীঠস্থা সিন্দূরারুণ বিগ্রহা।
রক্তোৎপল কপালাঢ্যা অলঙ্কৃত কলেবরা ॥২৫॥

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে চতুর্থঃ পটলঃ।

ভাষা।

বারুণী, বায়সী, ব্রহ্মবিদারিণী, সহজা, লক্ষ্মী, ব্যাপিনী ও মায়া ॥ ২৪ ॥

এই মাতৃকাদেবীগণ সদা মালাতে অবস্থিতি করিতেছেন; রুদ্রপীঠস্থা রুদ্রাণীর ন্যায় ইঁহাদের শরীরকান্তি সিন্দুরবৎ অরুণ-বর্ণ; ইঁহারা সকলেই রক্তোৎপল ও কপালধারিণী এবং নানা-ভূষণে ভূষিত ॥ ২৫ ॥

ইতি চতুর্থপটলঃ।

অস্যার্থঃ।

বারুণী, বায়সী, ব্রহ্মবিদারিণী, সহজা লক্ষ্মীঃ, ব্যাপিনী, মায়য়াচেতি ।২৪। বারুণী, এতাঃ উক্তাঃ রুদ্রপীঠস্থা রুদ্রপীঠ সংস্থিতা সিন্দুরারুণ বিগ্রহা সিন্দূরবদতি লোহিতা রক্তোৎপল কপালাঢ্যা রক্তপদ্ম কপাল ধারিণী অলঙ্কৃত কলেবরা নানাভরণ ভূষিত বিগ্রহা মাতৃকাঃ সদা সর্ব্বদৈব মালায়াং মাতৃকামালায়াং সংস্থিতা আসীদিত্যাদিত্যর্থঃ ॥ ২৫ ॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে চতুর্থপটলঃ।

বাসুদেবো মহাবিষ্ণুর্দৃষ্ট্বাশ্চর্য্যং গতঃ প্রিয়ে।
একৈকেন মহেশানি কোটিশো হ্যণ্ডরাশয়ঃ।
পৃথক্ পৃথক্ প্রসূয়ন্তে ডিম্বরাশিঃ শুচিস্মিতে ।১।
ব্রহ্মাণ্ডং পরমেশানি রজঃসত্ত্ব তমোময়ং।
তমঃ সত্ত্বং রজো দেবি রুদ্র বিষ্ণু পিতামহাঃ ।২।

ভাষা।

হে প্রিয়ে! পার্ব্বতি মাতৃকাগণ কোটি কোটি ব্রহ্মাণ্ড প্রসব করিতে লাগিলেন এবং একএক মাতৃকা হইতে ব্রহ্মাণ্ড উৎপন্ন হইল, হে শুভ্র মন্দহাসে! মহাবিষ্ণু বাসুদেব এই সকল দেখিয়া বিস্ময়ান্বিত হইলেন॥ ১ ॥

হে পরমেশানি! সমস্ত জগৎ সত্ত, রজ ও তমোগুণময় হরি বিরিঞ্চি ও হররূপে অবতীর্ণ হইয়াছে॥ ২ ॥

অস্যার্থঃ।

বাসুদেব ইত্যাদি। হে প্রিয়ে পার্ব্বতি মহাবিষ্ণুর্ব্বাসুদেবঃ দৃষ্ট্বা মাতৃকামাহাত্ম্যমিতি শেষঃ আশ্চর্য্যংগতঃ বিস্ময়মগমদিত্যর্থঃ। একৈকেন মাতৃকাবর্গেন কোটিশঃ বহুকোটয়ঃ অণ্ডরাশয়ঃ ব্রহ্মাণ্ডাঃ প্রসূয়ন্তে উৎপাদ্যন্তে ইত্যর্থঃ। হে শুচিস্মিতে বিশদমন্দহাসে; পৃথক্ পৃথক্ প্রত্যেকেন ডিম্বরাশিঃ ব্রহ্মাণ্ডং॥ ১ ॥ ব্রহ্মাণ্ডমিত্যাদি। ব্রহ্মাণ্ডং জগৎ রজঃ সত্ত তমোময়ং ত্রিগুণাত্মকং। হে দেবি তমঃ সত্তং রজ এতদ্গুণত্রিতয়ং রুদ্র বিষ্ণু পিতামহাঃ শিব বিষ্ণু ব্রহ্মাণঃ॥ ২ ॥ সপ্তারণ সংযুতং

ব্রহ্মাণ্ডং পরমেশানি সপ্তাবরণ সংযুতং।
তদ্ধার্য্যং বিশ্বং ব্রহ্মাণ্ডং হেলয়া কোটি কোটিশঃ।
॥ ৩ ॥
দৃষ্ট্বাশ্চর্য্যং মহেশানি বিষ্ণুস্তু বিস্ময়ান্বিতঃ।
প্রতিডিম্বে মহেশানি ব্রহ্মাদ্যাঃ পরমেশ্বরি ।৪।
প্রতিডিম্বং বরারোহে এতদ্বিশ্বোপমং প্রিয়ে।
সর্ব্বং দৃষ্টং মহেশানি কৃষ্ণেণ পরমাত্মনা ॥ ৫ ॥

ভাষা।

হে ঈশ্বরি! এই ব্রহ্মাণ্ড সপ্তাবরণ সংযুত মাতৃকাগণ ঐরূপ কোটি কোটি ব্রহ্মাণ্ড অনায়াসে ধারণ করিয়া আছেন ॥ ৩ ॥

হে মহেশানি! ঐরূপ প্রতি ব্রহ্মাণ্ডে ব্রহ্মা, বিষ্ণু ও শিব বিরাজমান আছেন। বিষ্ণু ইহা দেখিয়া বিস্মিত হইলেন ॥ ৪ ॥

হে সুন্দরি! মাতৃকাগণ যে যে ব্রহ্মাণ্ড প্রসব করিয়াছিল তাহা সকলই এই অখিল জগতুল্য পরমাত্মা বিষ্ণু এইরূপ অদ্ভুত ব্যাপার সকল দর্শন করিলেন ॥ ৫ ॥

অন্বয়ার্থঃ।

সপ্তাচ্ছাদন পরিবৃতং সপ্তসাগর প্রাচীর বেষ্টিতমিতি যাবৎ। তদ্বিশ্বং সমস্তং ব্রহ্মাণ্ডং হেলয়া অনায়াসেন ধার্য্যং ধারণীয়মিত্যর্থঃ মাতৃকাভিরিতিশেষঃ ॥ ৩ ॥ দৃষ্ট্বেত্যাদি। হে মহেশানি বিষ্ণুঃ আশ্চর্য্যং বিস্ময়করমিত্যর্থঃ দৃষ্ট্বা বিস্মিতঃ আশ্চর্য্যং গত ইত্যর্থঃ। প্রতি ডিম্বে প্রতিব্রহ্মাণ্ডএব; ব্রহ্মাদ্যাঃ ব্রহ্মা বিষ্ণু শিবাঃ আসন্নিত্যর্থঃ ॥ ৪ ॥ প্রতীত্যাদি। হে বরারোহে সুন্দরি প্রতিডিম্বং প্রত্যেকং ব্রহ্মাণ্ডমেব এতদ্বিশ্বোপমং এতজ্জগত্তুল্যং। হে মহেশানি পরমাত্মনা কৃষ্ণেন সর্ব্বং মাতৃকা-

দৃষ্টংহি ভারতং বর্ষং পঞ্চাশৎ পীঠ সংস্থিতং।
তত্র সর্ব্বাণি পীঠানি মহাভয় যুতানি চ ॥ ৬ ॥
মথুরা মণ্ডলং দেবি যত্র গোবর্দ্ধনো গিরিঃ।
তত্র বৃন্দা মহামায়াদেবী কাত্যায়নী পরা।
আস্তে সদা মহামায়া সততং শিব সংযুতা ॥৭॥

ভাষা।

এবং তন্মধ্যে পঞ্চাশৎ পীঠসংযুক্ত ভারতস্থান দর্শন করিলেন, তাহাতে যত যত মহাপীঠস্থান দেখিলেন সকলই অতি ভয়ঙ্কর ॥ ৬ ॥

হে দেবি! কেবল মথুরামণ্ডল শান্তস্থান দেখিলেন, যেখানে গোবর্দ্ধনগিরি সতত বিরাজমান আছে। সেই মথুরাতে শিব সহিতা মহামায়া বৃন্দাদেবী কাত্যায়নীরূপে সর্ব্বদা স্থিত আছেন ॥ ৭ ॥

অস্যার্থঃ।

চেষ্টিতং দৃষ্টং অপশ্যদিতিভাবঃ ॥ ৫ ॥ দৃষ্টমিত্যাদি। পঞ্চাশৎ পীঠসংযুতং ভারতং বর্ষং ভারত বর্ষাখ্যপ্রদেশং দৃষ্টং তত্র ভারতবর্ষে মহাভয় যুতানি অতি ভয়ঙ্করাণি সর্ব্বাণিপীঠানি দৃষ্টানি বিষ্ণুনেতিশেষঃ ॥ ৬ ॥ মথুরেত্যাদি। মথুরা মণ্ডলং মথুরাখ্যস্থানং। যত্র মথুরায়াং গোবর্দ্ধনগিরিঃ গোবর্দ্ধন পর্ব্বতঃ আস্তে ইতি শেষঃ। তত্র মথুরায়াং মহামায়া বৃন্দাদেবী কাত্যায়নী কাত্যায়নীরূপা সততং শিব সংযুতা সর্ব্বদা শিবসহিতা আস্তে বিদ্যতে ॥ ৭ ॥ মথুরা ব্রজ মণ্ডলং

শিবশক্তিময়ং দেবি মথুরা ব্রজমণ্ডলং।
তবাঙ্গজানি দেবেশি পীঠানি বিবিধানি চ ॥ ৮ ।
মথুরা যা মহেশানি স্বয়ংশক্তি স্বরূপিণী।
যমুনা যা মহেশানি সাক্ষাৎ শক্তিঃ শুচিস্মিতে।৯
গোবর্দ্ধনং মহেশানি ঊর্দ্ধ্বশক্তি র্ব্বরাননে।
নানাবন সমাযুক্তং নারায়ণ সমন্বিতং।
নানাপক্ষি গণাকীর্ণং বল্লীবৃক্ষ সমাকুলং।
কোটরং বহুরম্যংহি নানাবল্লী সমাকুলং ॥১০॥

ভাষা।

হে দেবি! মথুরা ও ব্রজমণ্ডল উভয়ই শিবশক্তিময়। হে দেবেশি! তোমার অঙ্গজাত বহুবিধ পীঠস্থান আছে॥ ৮ ॥

হে মহেশানি! মথুরা যে পীঠস্থান তাহা শক্তিস্বরূপিনী। হে মহেশানি! মথুরা ও ব্রজমধ্যবর্ত্তিনী যে যমুনা আছে তাহাও সাক্ষাৎ শক্তিরূপা॥ ৯ ॥

মথুরাতে যে গোবর্দ্ধনগিরি আছে তাহা ঊর্দ্ধশক্তিময়। হে সুন্দরি! ঐ গোবর্দ্ধন গিরি; নানা উপবন শোভিত ও বহু কোটরবিশিষ্ট অতি মনোহর॥ ১০ ॥

অস্যার্থঃ।

শিবশক্তি ময়ং শিবশক্ত্যাত্মকং। হে দেবেশি তবাঙ্গজানি ত্বদ্দেহ জানি-পীঠানি ত্বদ্দেহ খণ্ডপতিত স্থানানি। সন্তীতিশেষঃ॥ ৮ ॥ হে মহেশানি যা মথুরা সা স্বয়ং শক্তিস্বরূপিণী শক্তিরূপা। যা যমুনা সাপি শক্তিরিত্য-ন্বয়ঃ॥ ৯ ॥ গোবর্দ্ধনং গোবর্দ্ধনগিরিঃ ঊর্দ্ধশক্তিঃ আকাশ শক্তিঃ। নানাবর্ণ সমাযুক্তং বিবিধবর্ণযুতং নারায়ণ সমন্বিতং নারায়ণাধিষ্ঠিতং নানাপক্ষিগণৈঃ বিবিধবিহঙ্গৈঃ আকীর্ণং ব্যাপ্তং বল্লীবৃক্ষ সমাকুলং লতা

সহস্রদল পদ্মান্ত র্মধ্যং সর্ব্ব বিমোহনং।
গোপ গোপী পরিবৃতং গোধনৈঃ পরিতো বৃতং।
॥ ১১ ॥
এবং ব্রজং মহেশানি ভারতেষু বরাননে।
দৃষ্ট্বাতু বিস্ময়া বিষ্টো বিষ্ণুঃ পদ্মদলেক্ষণঃ ।১২।

ভাষা।

গোবর্দ্ধন গিরি সহস্রদল কমল গর্ভ্ত, সর্ব্ব বিমোহন ও গোপ গোপীগণ পরিবৃত। তাহার চতুর্দ্দিকে সর্ব্বদা বৃন্দাবনস্থ গাভীগণ বিচরণ করে॥ ১১॥

হে মহেশানি! কমল লোচন বিষ্ণু এই রূপে ভারতে ব্রজ-স্থান অবলোকন করিয়া বিস্ময়াবিষ্ট হইলেন॥ ১২॥

অস্যার্থঃ।

তরু পরিশোভিতং। বহুরম্যং অতি মনোহরং॥ ১০ ॥ সহস্রেত্যাদি। গোবর্দ্ধনং বিশিনষ্টি; সহস্রদল পদ্মং অন্তর্মধ্যে যস্য তথোক্তং বিশ্ব-মোহনং অতি মনোহরং গোপৈ র্গোপগণৈঃ গোপীভিশ্চ পরিবৃতং সমা-কুলং পরিত; সমন্তাৎ গোধনৈর্বৃতং ব্যাপ্তমিত্যর্থঃ গোবর্দ্ধন গিরৌসর্ব্ব-ত্রৈব গাব শ্চরন্তীতি ভাবঃ॥ ১১ ॥ এবমিত্যাদি। এবং মথুরা-মণ্ডলবদিত্যর্থঃ ব্রজং ব্রজস্থানং বৃন্দাবনমিতি যাবৎ। পদ্মদলেক্ষণঃ কমলদল লোচনঃ বিষ্ণুঃ দৃষ্ট্বা ব্রজমিতি শেষঃ। বিস্ময়াবিষ্টঃ বিস্মিতঃ অভূদিতিশেষঃ॥ ১২ ॥ হে পরমেশানি মথুরা মথুরাস্থানং তবকেশ-

মথুরা পরমেশানি তব কেশযুতা সদা।
কেশ পীঠং মহেশানি মথুরা ব্রজমণ্ডলং ।১৩।
তব কেশং মহেশানি নানাগন্ধ সমাযুতং।
নানাপুষ্পৈঃ সমাকীর্ণং সুগন্ধি মাল্যসংযুতং।
ভ্রমরৈঃ শোভিতং তাদৃক্ তব কেশং মনোহরং।
॥ ১৪ ॥

ভাষা।

হে দেবি! মথুরা মণ্ডল তোমার কেশসংযুক্ত স্থান। হে মহেশানি এই নিমিত্ত মথুরা ব্রজ মণ্ডলকে কেশ পীঠ বলিয়া থাকে ॥ ১৩ ॥

হে দেবি তবকেশ কলাপ নানা সুরভি পূর্ণ এবং নানা পুষ্প সমাকীর্ণ ও সুগন্ধি মাল্য বেষ্টিত তোমার ঐ মনোহর কেশ পাশের সৌগন্ধে ভ্রমরগণ চতুর্দ্দিকে পরি ভ্রমণ করে ॥ ১৪ ॥

অস্যার্থঃ।

যুতা তবকেশা মথুরায়াং পতিতাইত্যর্থঃ। মথুরাব্রজমণ্ডলং মথুরামণ্ডলং ব্রজস্থানঞ্চ কেশপীঠং কেশপতন স্থানং॥ ১৩ ॥ কেশং বিশিনষ্টি তবেত্যাদি তবকেশং নানাগন্ধ সমাযুতং নানাসুরভিমোদিতং নানাপুষ্পৈর্বিবিধকুসুমৈঃ সমাকীর্ণং শোভিতং। সুগন্ধমাল্য সংযুতং সদ্গন্ধকরম্মালাবেষ্টিতমিত্যর্থঃ॥ ১৪ ॥ কবরীত্যাদি। তবকবরী কেশবিন্যাসঃ

কবরী তব দেবেশি দেবানা মপি মোহিনী।
নানারত্ন সমাযুক্তা নানা সুখময়ী সদা ॥ ১৫ ॥
কেশ জালেন মহতা নির্ম্মিতং ব্রজমণ্ডলং।
মাতৃকাগণ সংযুক্তং কালিন্দী জলপূরিতং।১৬।
কালিন্দী তীর মাসাদ্য ইন্দ্রাদ্যা এব দেবতাঃ।
জপং চক্রু র্ম্মহেশানি কাত্যায়ন্যাঃ সমীপতঃ ১৭

ভাষা।

হে দেবেশি তব কেশ বিন্যাস সন্দর্শনে দেবগণও বিমোহিত হন; ঐ কবরী নানা রত্ন ভূষিত ও নানা সুখময়ী ॥ ১৫ ॥

হে দেবি! মাতৃকাগণ সংযুত যমুনা জল পূরিত ব্রজমণ্ডল কেশজালে নির্ম্মিত ॥ ১৬ ॥

ইন্দ্রাদি দেবগণ যমুনা তীরে কাত্যায়নী সন্নিধানে তপশ্চরণাদি করিয়া থাকেন ॥ ১৭ ॥

অস্যার্থঃ।

দেবানাং ইন্দ্রাদীনাং মোহিনী মোহন কারিণী নানারত্ন সমাযুক্তা বিবিধ ভূষণ খচিতা নানাসুখময়ী সর্ব্বসৌখ্যদায়িনীত্যর্থঃ ॥ ১৫ ॥ কেশেত্যাদি। মহতা অতি বহুলেন কেশজালেন চিকুর কলাপেন ব্রজমণ্ডলং ব্রজস্থানং নির্ম্মিতং রচিতমিত্যর্থঃ। ব্রজং কিন্তু তং তদেবাহ মাতৃকেত্যাদি মাতৃকাগণ সংযুতং মাতৃকাভিঃ পরিবৃতং কালিন্দীজলপূরিতং যমুনা জলপূর্ণ মিত্যর্থঃ ॥ ১৬ ॥ ইন্দ্রাদ্যাঃ শক্রাদয়ো দেবতাঃ কালিন্দীতীরং যমুনাতটং আসাদ্য প্রাপ্য কাত্যায়নী ব্রজস্থা মহাদেবী তস্যাঃ সমীপতঃ সন্নিধৌ জপং চক্রুঃ আরাধয়ামাসুরিত্যর্থঃ ॥ ১৭ ॥ কেশমণ্ডল

কাত্যায়নী চ যা দেবী কেশমণ্ডল দেবতা।
যমুনোপবনেসেকে তরুপল্লব শোভিতে।
কাত্যায়নী মহামায়া সততং তত্র সংস্থিতা।১৮।

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে পঞ্চমঃ পটলঃ।

ভাষা।

ব্রজমণ্ডল স্থিতা যে কাত্যায়নী দেবী তিনি তোমার কেশ মণ্ডল দেবতা আর মথুরা ব্রজমধ্যবর্ত্তিনী যে যমুনা তাহার তরু-পল্লব শোভিত উপবনে সর্ব্বদা মহামায়া কাত্যায়নী বিরজমানা আছেন॥ ১৮॥

ইতি পঞ্চম পটলঃ।

অন্বয়ার্থঃ।

দেবতা কেশাধিষ্ঠাত্রী দেবী যা কাত্যায়নী সা মহামায়া তরুপল্লব শোভিতে তত্র যমুনোপবনে সততং সদৈব সংস্থিতাতস্থৌ॥ ১৮॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে পঞ্চমঃ পটলঃ।

কাত্যায়ন্যুবাচ।

বাসুদেব মহাবাহো মা ভয়ং কুরু পুত্রক।
মথুরাং গচ্ছ তাতেতি তব সিদ্ধি র্ভবিষ্যতি ॥১॥
গচ্ছগচ্ছ মহাবাহো পদ্মিনী সঙ্গমাচর।
পদ্মিনী মম দেবেশ ব্রজে রাধা ভবিষ্যতি।
অন্যাশ্চ মাতৃকা দেব্যঃ সদা তস্যানু চারিকাঃ ॥২

ভাষা।

কাত্যায়নী বলিতেছেন; হে মহাবাহো! তুমি ভয় করিও না। হে তাত! তুমি মথুরাতে গমন কর, তবেই তোমার বিদ্যা সিদ্ধি হইবে ॥ ১ ॥

হে বাসুদেব! তুমি শীঘ্র মথুরাতে গমন করিয়া পদ্মিনীর সঙ্গকর, হে দেবেশ! আমার অংশভূতা পদ্মিনী বৃন্দাবনে রাধা রূপে অবতীর্ণা হইবেন। এবং অন্যান্য মাতৃকাগণ তাঁহার অনুচারিকা হইবে ॥ ২ ॥

অস্যার্থঃ।

কাত্যায়ন্যুবাচেতি। হে তাত বাসুদেব! ভয়ং মাকুরু মথুরাং গচ্ছ; তবসিদ্ধির্ব্বিদ্যা সাধনং ভবিষ্যতীত্যন্বয়ঃ। মথুরাং গচ্ছন পূর্ণকামো ভবেতি-ভাবঃ ॥ ১ ॥ হে মহাবাহো গচ্ছগচ্ছ মথুরামিতিশেষঃ পদ্মিনীসঙ্গং পদ্মিন্যা মমাংশভূতায়াঃ সঙ্গং সহবাসং আচর কুরু। হে দেবেশ! ব্রজে বৃন্দাবনে মম অংশ ভূতেতিশেষঃ পদ্মিনী রাধাভবিষ্যতীত্যন্বয়ঃ। অন্যাশ্চ মাতৃকাঃ সদা সর্ব্বদৈব তস্যারাধায়া অনুচারিকা সহচর্য্যঃ ভবিষ্য-ন্তীতিশেষঃ ॥ ২ ॥ হে চতুর্ব্বর্গপ্রদায়িনি! ধর্ম্মার্থ কামমোক্ষদাত্রি।

বাসুদেব উবাচ।

শৃণু মাত র্ম্মহামায়ে চতুর্ব্বর্গ প্রদায়িনি।
ত্বাং বিনা পরমেশানি বিদ্যা সিদ্ধির্নজায়তে।৩
পদ্মিনীং পরমেশানি শীঘ্রং দর্শয় সুন্দরি।
প্রত্যয়ং মম দেবেশি তদা ভবতি মানসং॥ ৪ ॥
ইতিশ্রুত্বা বচ স্তস্য বাসুদেবস্য তৎক্ষণাৎ।
আবি রাসী ওদা দেবী পদ্মিনী পরসংস্থিতা।৫।

ভাষা।

বাসুদেব বলিতেছেন হে মহামায়ে তুমি ধর্ম্মার্থ কামমোক্ষাত্মক চতুর্ব্বর্গ প্রদান কারিণী। হে পরমেশানি তুমি বিনা বিদ্যাসিদ্ধি হয় না॥ ৩॥

হে সুন্দরি! তুমি শীঘ্র পদ্মিনীকে দেখাও, তবেই আমার মনে দৃঢ় বিশ্বাস হয়॥ ৪॥

পদ্মিনী দেবী বাসুদেবের এই রূপ বাক্য শ্রবণ করিয়া তৎক্ষণাৎ তাহার সমক্ষে আবির্ভূতা হইলেন॥ ৫॥

অন্বয়ার্থঃ।

শৃণু আকর্ণয়, ত্বাং বিনা ত্বদৃতে বিদ্যাসিদ্ধি র্ন জায়তে ন ভবতীত্যর্থঃ॥ ৩ ॥ শীঘ্রং পদ্মিনীং দর্শয় যেনোপায়েনাহং পদ্মিন্যা দর্শনংলভামি তৎ কুর্ব্বিত্যর্থঃ। তদা মম মানসং চেতঃ প্রত্যয়ং বিশ্বস্তং ভবতি। পদ্মিন্যাদর্শনে নৈবাহং দৃঢ় বিশ্বাসোভবামীতিভাবঃ॥ ৪ ॥ পদ্মিনী বাসুদেবস্য ইতি বচঃ শ্রুত্বা তৎক্ষণাৎ তদৈব আবীরাসীৎ প্রত্যক্ষতাং গতেত্যর্থঃ॥ ৫ ॥ পদ্মিনীং বিশিনষ্টি রক্তেত্যাদি। রক্ত

রক্ত বিদ্যুল্লতা কারা পদ্মগন্ধ সমন্বিতা।
রূপেণ মোহয়ন্তী সা সখীগণ সমন্বিতা ॥ ৬ ॥
সহস্রদল পদ্মান্তর্মধ্যস্থান স্থিতা সদা।
সখীগণ যুতৈ দেবী জপন্তী পরমাক্ষরং ॥ ৭ ॥
একাক্ষরী মহেশানি সাএব পরমাক্ষরা।
কালিকা যা মহাবিদ্যা পদ্মিন্যা ইষ্টদেবতা।
বাসুদেবো মহাবাহু দৃ ষ্ট্বা বিস্ময় মাগতঃ ॥৮॥

ভাষা।

পদ্মিনীদেবী বিদ্যুল্লতার ন্যায় লোহিতবর্ণা এবং পদ্মগন্ধে সুগন্ধ যুতা এবং স্বীয় রূপ লাবণ্যে সকলের মোহন কারিণী ও সখীগণ সঙ্গে বিহার কারিণী ॥ ৬ ॥

তিনি সর্ব্বদা সহস্রদল কমলের মধ্যস্থান নিবাসী এবং সখীগণ পরিবৃত হইয়া পরমাক্ষর পরমাত্মাকে জপ করিতেছেন ॥৭॥

হে মহেশানি! পদ্মিনী যে কালিকার একাক্ষরী মহাবিদ্যা জপ করিয়াছিলেন তাহাই পরমাক্ষরা শক্তি, পদ্মিনীর ইষ্টদেবতা। মহাবাহু বাসুদেব এই রূপ পদ্মিনীকে দেখিয়া বিস্ময়ান্বিত হইলেন ॥ ৮ ॥

অস্যার্থঃ।

বিদ্যুল্লতাকারা বিদ্যুল্লতাবল্লোহিতা রূপেণ স্বরূপ লাবণ্যাদিনা মোহয়ন্তী সর্ব্বেষাং বিস্ময় মাপাদয়ন্তীত্যর্থঃ ॥ ৬ ॥ সহস্রেত্যাদি। সর্ব্বদৈব সহস্রদল কমলান্তর্ব্বাসিনীত্যর্থঃ। সখীগণযুতা সহচরীপরিবৃতা; পরমাক্ষরং পরমাত্মানং জপন্তী ॥ ৭ ॥ যা একাক্ষরী পদ্মিনী জপ্তেতি-শেষঃ সা একাক্ষরী এব মহাবিকালিকা পদ্মিন্যাঃ ইষ্টদেবতা পদ্মিন্যারাধনীয়া মহাবাহুর্ব্বাসুদেবঃ দৃষ্ট্বা পদ্মিনীমিতিশেষঃ বিস্ময়মাগতঃ

পদ্মিন্যুবাচ।

ব্রজং গচ্ছ মহাবাহো শীঘ্রংহি ভগবন্ প্রভো।
ত্বয়া সহ মহাবাহো কুলাচারং করোম্যহং। ৯।

বাসুদেব উবাচ।

শৃণু পদ্মিনি মে বাক্যং কদাতে দর্শনং ভবেৎ।
কৃপয়া বদ দেবেশি জপং কিম্বা করোম্যহং।১০।

ভাষা।

পদ্মিনী কহিতেছেন, হে মহাবাহো ভগবন্ প্রভু বাসুদেব! আপনি শীঘ্র ব্রজে গমন করুন্। আমি আপনার সহিত কুলাচার করিব ॥ ৯ ॥

বাসুদেব বলিতেছেন; হে পদ্মিনি আমার বাক্য শ্রবণ কর। কোন সময়ে তোমার সহিত সাক্ষাৎ হইবে, এবং আমি কি জপ করিব হে দেবি! কৃপা করিয়া এই বিষয় আমাকে বল ॥ ১০ ॥

অন্বয়ার্থঃ।

বিস্মিতোঽভূদিতিভাবঃ ॥ ৮ ॥ পদ্মিন্যুবাচেতি। হে মহাবাহো! ভগবন্ শীঘ্রং ব্রজং বৃন্দাবনং গচ্ছ অহং ত্বয়াসহ কুলাচারং বামাচারং করোমি করিষ্যামীতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা ॥ ৯ ॥ বাসুদেব-উবাচেতি। হে পদ্মিনী! মে মম বাক্যং শৃণু কদা কুত্র স্থানে তে তব-দর্শনং ভবেৎ হে দেবেশি কৃপয়া, অহং কিং জপং করোমি তদ্বদে-ত্যর্থঃ ॥ ১০ ॥ পদ্মিন্যুবাচেতি হে দেবদেবেশ তবাগ্রে তব পূর্ব্বতঃ

পদ্মিন্যুবাচ।

তবাগ্রে দেবদেবেশ মম জন্ম ভবিষ্যতি।
গোকুলে মাথুরে পীঠে বৃকভানু গৃহে ধ্রুবং ।১১
দুঃখং নাস্তি মহাবাহো মম সংসর্গহেতুনা।
কুলাচারোপযুক্তা যা সামগ্রী পঞ্চলক্ষণা।
মালায়াং তব দেবেশ সদা স্থাস্যতি নান্যথা।১২
ইত্যুক্ত্বা পদ্মিনী সাতু সুন্দর্য্যা দূতিকা তদা।
অন্তর্ধ্যানং ততো গত্বা মালায়াং সহসাক্ষণাৎ।১৩

ভাষা।

পদ্মিনী বলিতেছেন, হে দেবাদিদেব! আমি তোমার পূর্ব্বেই মথুরা পীঠে বৃকভানু গৃহে জন্ম গ্রহণ করিব ॥ ১১ ॥

হে মহাবাহো! আমার সংসর্গে কোন দুঃখ ভোগ করিবে না। কুলাচারোপযোগী যে পঞ্চ লক্ষণা সাধন সামগ্রী তাহা সর্ব্বদাই তোমার কণ্ঠমালাতে থাকিবে; ইহার অন্যথা হইবে না ॥ ১২ ॥

ত্রিপুরা দূতী সেই পদ্মিনী দেবী বাসুদেবকে এই রূপ বলিয়া তৎক্ষণাৎ মালাতে অন্তর্হিতা হইলেন ॥ ১৩ ॥

অস্যার্থঃ।

এব মাথুরেপীঠে মথুরাখ্যেপীঠস্থানে বৃকভানুগৃহে বৃকভানু রাজভবনে মমজন্ম ভবিষ্যতি অহং তবপূর্ব্বত এব জনিষ্যে ইত্যর্থঃ ॥ ১১ ॥ হে দেবেশ! মম সংসর্গহেতুঃ মম সহবাসাদ্দুঃখং নাস্তি মৎসাহায্যেনৈব ত্বং সুখী ভবিষ্যসীত্যর্থঃ। কুলাচারোপযুক্তা বামাচারোপযোগিনী যা পঞ্চ লক্ষণাপঞ্চ মকারাত্মিকা সামগ্রী উপহারং সদা তবকণ্ঠেস্থাস্যতি ॥ ১২ ॥ সুন্দর্য্যা স্ত্রিপুরাদেব্যা দূতিকা সা পদ্মিনী ইতি উক্ত্বা বাসুদেবমিতি

বাসুদেবোপি তাং দৃষ্ট্বা ক্ষীরাব্ধিং প্রযযৌ ধ্রুবং।
ত্যক্ত্বা কাশীপুরং রম্যং মহাপীঠং দুরাসদং।১৪
প্রযযৌ মাথুরং পীঠং পদ্মিনী পরমেশ্বরী।
যত্র কাত্যায়নী দুর্গা মহামায়া স্বরূপিণী ॥ ১৫ ॥
নারদাদ্যৈ র্মুনিশ্রেষ্ঠৈঃ পূজিতা সংস্তুতা সদা ॥
কাত্যায়নী মহামায়া যমুনাজলসংস্থিতা। ১৬।

ভাষা।

বাসুদেবও পদ্মিনীকে অন্তর্হিতা দেখিয়া দুষ্প্রাপ্য মহাপীঠ কাশীপুরী পরিত্যাগ করিয়া অতি সত্বর গমনে ক্ষীরোদ সাগরে প্রবেশ করিলেন ॥ ১৪ ॥

তদনন্তর পরমেশ্বরী পদ্মিনী দেবী মহাপীঠ মথুরাতে গমন করিলেন। যেখানে মহামায়া দুর্গা কাত্যায়নীরূপে সর্ব্বদা বিরাজ মান আছেন ॥ ১৫ ॥

নারদাদি দেবর্ষি মহর্ষিগণ সর্ব্বদা যমুনা জল বাসিনী মহামায়া কাত্যায়নী দেবীকে অর্চ্চনা ও স্তব করিতেন ॥ ১৬ ॥

অস্যার্থঃ।

শেষঃ তৎক্ষণাৎ তদৈব মালায়াং পদ্মিনী মালায়াং অন্তর্দ্ধ্যানং অদৃশ্যত্বং গতা ॥ ১৩ ॥ বাসুদেবো বিষ্ণুরপি তাং পদ্মিনীং দৃষ্ট্বা দুরাসদং দুষ্প্রাপ্যং মহাপীঠং কাশীপুরং ত্যক্ত্বা ক্ষীরাব্ধিং ক্ষীরার্ণবং যযৌ জগাম ॥ ১৪ ॥ পরমেশ্বরী পরং ব্রহ্ম স্বরূপিণী যত্র মথুরায়াং মহামায়া স্বরূপিণী দুর্গা কাত্যায়নী রূপেণাস্তীতি শেষঃ তৎ মাথুরং পীঠং মথুরাখ্য পীঠস্থানং প্রযযৌ গতবতী ॥ ১৫ ॥ নারদাদ্যৈ র্নারদাদিভি র্মহর্ষিভিঃ। নারদাদ্যা মহর্ষয়ঃ সর্ব্বএব মথুরা বাসিনীং কাত্যায়নীং তুষ্টুবুরিত্যর্থঃ ॥ ১৬ ॥ তত্র মথুরায়াং যমুনাজলং

যমুনায়া জলং তত্র সাক্ষাৎ কালী স্বরূপিণী।
বহু পদ্ম যুতং রম্যং শুক্ল পীতং মহৎ প্রভং।১৭
রক্তং কৃষ্ণং তথাচিত্রং হরিতং সর্ব্ব মোহনং।
কালিন্দ্যাখ্যা মহেশানি যত্র কাত্যায়নী পরা।১৮
কালিন্দী কালিকা মাতা জগতাং হিত কাম্যয়া।
সদাধ্যাস্তে মহেশানি দেবর্ষিসংস্তুতা পরা।১৯।

ভাষা।

কালিন্দীজল সাক্ষাৎকালী স্বরূপ তাহাতে নানাবিধ কমল প্রস্ফুটিত হইয়া অতি মনোরম শুক্লপীতাদি নানা বর্ণে অতি উজ্জ্বল শোভা সম্পাদিত হইয়াছে॥ ১৭॥

কালিন্দীজল সময় সময় রক্ত কৃষ্ণ হরিতাদি বিবিধ বর্ণে বিচিত্রিত হইয়া অতি মনোহর শোভা ধারণ করিয়া থাকে। হে মহেশানি! সেই যমুনাতীরে কালিন্দী নামে কাত্যায়নী বিরাজিত আছেন॥ ১৮॥

কালিকা মাতা জগতের হিত কামনায় কালিন্দী রূপে সর্ব্বদা মথুরাতে বাস করিতেছেন, হে পার্ব্বতি! দেবর্ষিগণ সেই পরাক্ষরা কাত্যায়নীর স্তব করেন॥ ১৯॥

অন্বয়ার্থঃ।

কালিন্দী সলিলং সাক্ষাৎ প্রত্যক্ষরূপা কালীস্বরূপিণী কালীএব মথুরায়াং কালিন্দী তোয় রূপেণাবতীর্ণেত্যর্থঃ। জলং বিশিনষ্টি; বহু পদ্মযুতং বহু কমল পূর্ণং। শুক্লপীতং শুক্লং পীতঞ্চ কদাচিদিত্যর্থঃ। মহৎ প্রভং অত্যুজ্জ্বলং॥ ১৭॥ রক্তং লোহিতং কৃষ্ণং অসিতং চিত্রং নানাবর্ণ চিত্রিতং হরিতবর্ণং সর্ব্বমোহনং সর্ব্বেষাং বিস্ময় করমিত্যর্থঃ॥ ১৮॥ জগতাং হিতকাম্যয়া জগন্মঙ্গলেচ্ছয়া কালিকা কালিকা দেবী কালিন্দী

সহস্র দল পদ্মান্তর্ম্মধ্যে মাথুর মণ্ডলং।
কেশবন্ধে মহেশানি যৎপদ্মং সততং স্থিতং।২০
পদ্মমধ্যে মহেশানি কেশ পীঠং মনোহরং।
কেশবন্ধং মহেশানি ব্রজং মাথুর মণ্ডলং।২১।
যত্র কাত্যায়নী মায়া মহামায়া জগন্ময়ী।
ব্রজং বৃন্দাবনং দেবি নানা শক্তি সমন্বিতং।২২

ভাষা।

হে দেবেশি! ভগবতীর কেশবন্ধে যে সহস্রদল পদ্ম সতত বিদ্যমান ছিল তাহা পতিত হইয়া মথুরা মণ্ডল মহাপীঠ হইয়াছে॥ ২০॥

হে মহেশানি! সহস্রদল কমল পরিবেষ্টিত অতি মনোহর কেশ বন্ধ ছিল তাহাই মহাপীঠ ব্রজ মণ্ডল হইয়াছে॥ ২১॥

যেখানে মহায়া জগন্ময়ী কাত্যায়নী দেবী অধিষ্ঠান করিতে-ছেন; সেই মহাপীঠ বৃন্দাবনধাম সর্ব্ব শক্তি যুক্ত॥ ২২॥

অস্যার্থঃ।

কালিন্দী রূপা সদা অধ্যাপ্তে বিদ্যতে কালিকৈব কালিন্দী রূপেণ মথুরায়া মবতিষ্ঠতে ইত্যর্থঃ॥ ১৯॥ সহস্রদল কমল গর্ভমধ্যে কেশবন্ধে চিকুর বিন্যাসে যৎপদ্মং স্থিতং তদেব মাথুর মণ্ডলং মথুরাখ্য পীঠস্থান মিত্যর্থঃ। মহেশানীতি পার্ব্বতী সম্বোধনং॥ ২০॥ পদ্মমধ্যে কেশ-পীঠং ভগবতী কেশপতিত স্থানং মনোহর মিত্যর্থঃ। হে মহেশানি! যদেব কেশ বন্ধং তদেব মাথুর মণ্ডল মিত্যর্থঃ॥ ২১॥ যত্র পাঠে জগন্ময়ী মহামায়া কাত্যায়নী বিদ্যতে তদেব নানাশক্তি সমন্বিতং বৃন্দা-

শক্তিস্তু পরমেশানি কলা রূপেণ সাক্ষিণী।
শক্তিং বিনা পরং ব্রহ্ম নিভাতি শবরূপবৎ।২৩

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে ষষ্ঠ পটলঃ।

ভাষা।

হে পরমেশানি! পরমাশক্তি সর্ব্বত্র কলা রূপে সর্ব্ব সাক্ষীভূতা; হে দেবি! শক্তি ব্যতিরেকে পরং ব্রহ্ম ও শবের ন্যায় নিশ্চেষ্ট তিনিও শক্তি বিনা কোন বিষয়ে প্রভু হইতে পারেন না॥ ২৩॥

ইতি ষষ্ঠ পটলঃ।

অস্যার্থঃ।

বনমিতি॥ ২২॥ হে পরমেশানি শক্তিস্তু কলা রূপেণ সাক্ষিণী সর্ব্ব সাক্ষিভূতা। শক্তিং বিনাপরং ব্রহ্মাপি শববৎ বিভাতি প্রকাশতে শক্তি ব্যতিরেকেণ ন কোপি প্রভুরিতি ভাবঃ॥ ২৩॥

ইতি রাধাতন্ত্র ব্যাখ্যানে ষষ্ঠ পটলঃ।

দেব্যুবাচ।

ব্রজং গত্বা মহাদেবা করোৎ কিং পদ্মিনী তদা।
কস্য বা ভবনে সাতু জাতা সা পদ্মিনী পরা ।১।
তৎ সর্ব্বং পরমেশান বিস্তরাদ্বদ শঙ্কর।
যদি নো কথ্যতে দেব বিমুঞ্চামি তদা তনুং। ২।

ঈশ্বর উবাচ।

পদ্মিনী পদ্ম গন্ধা সা বৃকভানু গৃহে প্রিয়ে।
আবিরাসী ত্তদাদেবী কৃষ্ণস্য প্রথমং প্রিয়া ।৩।

ভাষা।

পার্ব্বতী জিজ্ঞাসা করিতেছেন্ হে মহাদেব! পদ্মিনী ব্রজপুরে গমন করিয়া কি কার্য্য করিয়াছিলেন এবং কাহার ভবনে বা জন্ম গ্রহন করিয়াছিলেন ॥ ১ ॥

হে শঙ্কর! ঐ সকল পদ্মিনী বৃত্তান্ত আমার নিকট সবিস্তর বর্ণন কর; যদি এ বিষয়ে আমাকে বঞ্চনা কর তবে আমি নিশ্চয় তোমার সাক্ষাৎ দেহ ত্যাগ করিব ॥ ২ ॥

মহাদেব বলিতেছেন, হে প্রিয়ে! কৃষ্ণপ্রেমময়ী পদ্মগন্ধা পদ্মিনী বৃকভানু গৃহে আবির্ভূতা হইয়াছিলেন ॥ ৩ ॥

অস্যার্থঃ।

দেব্যুবাচেতি। হে মহাদেব পদ্মিনী ব্রজং গত্বা কিমর্থং কস্যবা ভবনে জাতা আবির্ভূতেত্যর্থঃ ॥ ১ ॥ তদিতি হে শঙ্কর! তৎপদ্মিনী বিবরণং বিস্তরাদ্বাহুল্যেন বদ যদিনো কথ্যতে তদা তনুং দেহং বিমুঞ্চামি ॥ ৩ ॥ ঈশ্বর উবাচেতি। পদ্মিনী বৃকভানু গৃহে আবিরাসীদুৎপন্নেত্যর্থঃ। কৃষ্ণস্য প্রথমং প্রিয়া আদি প্রেমময়ীত্যর্থঃ ॥ ৩ ॥ কদা

চৈত্রে মাসি সিতে পক্ষে নবম্যাং পুষ্য সংযুতে।
কালিন্দী জল কল্লোলে নানা পদ্ম গণাবৃতে।
আবিরাসী ত্তদা পদ্মা মায়াডিম্ব মুপাশ্রিতা ॥ ৪।
ডিম্বং ভূত্বা তদা পদ্মা স্থিতা কনকমধ্যতঃ।
কোটিচন্দ্র প্রতীকাশং ডিম্বং মায়াসমন্বিতং ।৫।
পুষ্যাযুক্ত নবম্যাং বৈ নিশ্যর্দ্ধে পদ্মমধ্যতঃ।
আবিরাসী ত্তদা পদ্মা রঙ্গিনী কুসুমপ্রভা।
তরুণাদিত্য সংকাশে পদ্মে পরম কামিনি ॥৬॥

ভাষা।

চৈত্রমাসে শুক্লপক্ষে পুষ্যানক্ষত্রযুক্ত নবমী তিথিতে কালিন্দী-জল তরঙ্গযুক্ত নানা পদ্ম গণান্বিত স্থানে মায়াডিম্ব আশ্রয় করিয়া আবির্ভূতা হইলেন ॥ ৪ ॥

পদ্মিনী কনক মধ্য হইতে ডিম্বরূপ ধারণ করিলেন; ঐ মায়াময় ডিম্ব প্রভা কোটি কোটি শশধরের ন্যায় সমুজ্জ্বল ॥৫॥

পুষ্যানক্ষত্রযুক্ত নবমী তিথিতে অর্দ্ধ রাত্রি সময়ে শতমূলী কুসুম প্রভা পদ্মিনী পদ্মমধ্য হইতে তরুণাদিত্য সঙ্কাশ অতি মনোহর পদ্ম বনে উদিত হইলেন ॥ ৬ ॥

অস্যার্থঃ।

আবিরাসীদিত্যাহ চৈত্রে ইত্যাদি পুষ্যসংযুতে পুষ্যানক্ষত্রে কালিন্দী জল কল্লোলে যমুনাতরঙ্গ বিশিষ্টে, মায়াডিম্ব মুপাশ্রিতা মায়াব্রহ্ম ডিম্বাধিষ্ঠিতা ॥ ৪ ॥ পদ্মিনী স্বয়মেবডিম্বং ভূত্বাস্থিতেত্যর্থঃ ডিম্বং বিশিনষ্টি কোটীতি মায়াসমন্বিতং মায়াময়মিত্যর্থঃ ॥ ৫ ॥ পুষ্যেতি পুষ্যানক্ষত্র যুক্ত নবম্যা অর্দ্ধরাত্রে পদ্মিনী আবিরাসীদিত্যর্থঃ ॥ অরুণেতি নবোদিত

বৃকভানু পুরং দেবি কালিন্দী পারমেরচ।
নাম্না পদ্মপুরং রম্যং চতুর্ব্বর্গ সমন্বিতং ॥ ৭ ॥
ডিম্ব জ্যোতির্ম্মহেশানি সহস্রাদিত্য সন্নিভং।
তৎক্ষণাৎ পরমেশানি গাঢ় ধ্বান্ত বিনাশকৃৎ।৮।
বৃকভানু র্ম্মহাত্মা স কালিন্দীতট মাস্থিতঃ।
মহাবিদ্যাং মহাকালীং সততং প্রজপেৎ সুধীঃ।
আবিরাসী ন্মহামায়া তদা কাত্যায়নী পরা। ৯।

ভাষা।

হে দেবি যমুনাতীরে বৃকভানু পুর অতি রমণীয় স্থান তাহার নাম পদ্মপুর চতুর্ব্বর্গ প্রদ ॥ ৭ ॥

হে মহেশানি! ঐ ডিম্ব জ্যোতিঃ সহস্রাদিত্যের ন্যায় উজ্জ্বল; তাহার প্রভায় তৎক্ষণাৎ গাঢ়ান্ধকার বিনাশ হইল।৮।

মহাত্মা বৃকভানু যমুনাতীরে আশ্রয় করিয়া সতত মহাবিদ্যা মহাকালীর আরাধনা করিতে লাগিলেন্। এবং মহামায়া কাত্যায়নী তাহারসাক্ষাৎ উপস্থিত হইলেন ॥ ৯ ॥

অস্যার্থঃ।

সূর্য্য সঙ্কাশে পদ্মবনে বৃকভানুপুরে জাতেত্যর্থঃ ॥ ৬ ॥ বৃকেতি। কালিন্দীপারং যমুনাতীরবর্ত্তি; নাম্না পদ্মপুরং পদ্মপুরাভিধং ॥ ৭ ॥ ডিম্বেতি মহেশানীতি পার্ব্বতী সম্বোধনং। ডিম্বং পুনঃ সহস্রসূর্য্যবৎ প্রকাশমানং গাঢ়ান্ধকার বিনাশনঞ্চ ॥ ৮ ॥ মহাত্মা বৃকভানুঃ কালিন্দীতট সন্নিধৌ সর্ব্বদা মহাকালীং প্রজপেদিতি ভাবঃ ॥ ৯ ॥

শৃণু পুত্র মহাবাহো বৃকভানো মহীধর।
সিদ্ধোঽসি পুরুষশ্রেষ্ঠ বরং বরয় সাম্প্রতং ।১০।

বৃকভানু রুবাচ।

সিদ্ধোহং সততং দেবি ত্বৎ প্রসাদাৎ-সুরেশ্বরি।
ত্বৎ প্রসাদা ন্মহামায়ে যথামুক্তো ভবাম্যহং ।১১।
ত্বৎ প্রসাদা ন্মহামায়ে অসাধ্যং নাস্তি ভূতলে।
আত্মনঃ সদৃশাকারাং কন্যামেকাং প্রয়চ্ছমে ১২

ভাষা।

কাত্যায়নী কহিতেছেন, হে মহাবাহু! যশস্মিন বৃকভানু তোমার কার্য্য সিদ্ধি হইয়াছে; এইক্ষণে অভিলষিত বর প্রার্থনা কর ॥ ১০ ॥

বৃকভানু বলিতেছেন, হে মহাদেবি! আমি তোমার অনুগ্রহে কৃত কার্য্য হইয়াছি। হে মহামায়ে! আমি তোমার প্রসাদতঃ মুক্ত হইয়াছি ॥ ১১ ॥

হে মহামায়ে! তোমার অনুগ্রহে এই ভূতলে কিছুই অসাধ্য নাই। এইক্ষণ প্রার্থনা এই যে তোমার সদৃশরূপা একটী কন্যা আমাকে প্রদান কর ॥ ১২ ॥

অস্যার্থঃ।

শৃণ্বিতি। পত্নিনী বৃকভানু মাহ; যশোধর যশস্মিন্ বরং বরয় অভিলষিত বরং প্রার্থয়েতি ॥ ১০ ॥ বৃকভানুরুবাচেতি। অহং সিদ্ধঃ কৃতকার্য্যঃ; ত্বৎপ্রসাদাৎ তবানুগ্রহাৎ ॥ ১১ ॥ ত্বদিতি। তবপ্রসাদাৎ অসাধ্যং নাস্তি আত্মনঃ সদৃশাকারাং ত্বত্তুল্যামেকাং কন্যাং

তচ্ছ্রুত্বা পরমেশানি তদা কাত্যায়নী পরা।
মেঘগম্ভীরয়া বাচা যদাহ বৃকভানবে ॥
তচ্ছৃণুষ্ব মহেশানি পীযূষ সদৃশং বচঃ ॥ ১৩ ॥
ভক্ত্যা ত্বদীয় পত্ন্যাস্তু তুষ্টাহং ত্বয়ি সুন্দর।
এতদ্ধি বচনং বৎস তব পত্ন্যা সুযুজ্যতে ॥১৪॥
ইত্যুক্ত্বা সহসা তত্র মহামায়া জগন্ময়ী।
প্রদদৌ পরমেশানি তস্মৈ ডিম্বং মনোহরং ।১৫।

ভাষা।

হে পার্ব্বতি! অনন্তর কাত্যায়নী বৃকভানুর সেই বাক্য শ্রবণ করিয়া মেঘ গম্ভীর স্বরে যাঁহা বলিয়া ছিলেন সেই পীযূষ তুল্য কথা শ্রবণ কর ॥ ১৩ ॥

হে বৃকভানো! তোমার ভক্তিতে আমি তোমার প্রতি এবং তোমার পত্নীর প্রতি সাতিশয় সন্তুষ্টা হইয়াছি। আমার এই বাক্য তোমার পত্নীতে শোভন ফল প্রদান করিবে ॥ ১৪ ॥

মহামায়া জগন্ময়ী সেই কাত্যায়নী দেবী বৃকভানুকে এই-রূপ বলিয়া তাহাকে অতি মনোহর একটী ডিম্ব প্রদান করি-লেন ॥ ১৫ ॥

অস্যার্থঃ।

প্রয়চ্ছ দেহীত্যর্থঃ ॥ ১২ ॥ তদিতি। পরমেশানীতি পার্ব্বতী সম্বো-ধনং মেঘগম্ভীরয়া মেঘধ্বনিবদতি গম্ভীরয়া। পীযূষ সদৃশং অমৃত বদতি সুশ্রাব্যং ॥ ১৩ ॥ ভক্ত্যেতি ত্বদীয় পত্ন্যাঃ ত্বয়ীব অহং তুষ্টা সুপ্রসন্না ॥ ১৪ ॥ ইতীতি। মহামায়া পদ্মিনী এবং কথয়িত্বা বৃক-ভানবে ডিম্বং দদাবিত্যর্থঃ ॥ ১৫ ॥ বৃকেতি বিশাল কটিঃ বিপুল

বৃকভানু র্ম্মহাত্মাস তৎক্ষণাদ্গৃহ মা যযৌ।
ভার্য্যা তস্য বিশালাক্ষী বিশাল কটি মোহিনী১৬
রত্ন প্রদীপ মাভাষ্য রত্নপর্য্যঙ্ক মাশ্রিতা।
তস্যা হস্তে তদা ভানুঃ প্রদদৌ ডিম্ব মোহনং।১৭
তং দৃষ্ট্বা পরমেশানি বিস্ময়ং পরমং গতা।
হস্তে কৃত্বাতু ডিম্বং বৈ নিরীক্ষ্য চ পুনঃ পুনঃ ১৮

ভাষা।

মহাত্মা বৃকভানু তৎক্ষণাৎ স্বগৃহে গমন করিলেন্ তাহার ভার্য্যা অতি বিপুল নিতম্ববতী ও বিশ্বমোহিনী ॥ ১৬ ॥

স্বীয় পত্নী রত্নদ্বীপ সমুজ্জ্বল করিয়া স্বর্ণপর্য্যঙ্কে উপবিষ্টা আছেন। বৃকভানু তাহার হস্তে মনোহর ডিম্ব প্রদান করিলেন ॥ ১৭ ॥

বৃকভানু গেহিণী সেই ডিম্ব অবলোকন করিয়া অতি বিস্মিতা হইলেন। এবং হস্তে করিয়া বারবার নিরীক্ষণ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

অস্যার্থঃ।

নিতম্ববতী মোহিনী চিত্তরঞ্জিনী ॥ ১৬ ॥ রত্নেতি; আভাষ্য দীপয়িত্বা রত্নপর্য্যঙ্কে স্বর্ণখট্টায়াং। ভানু র্বৃকভানুঃ স্বপত্ন্যা হস্তে ডিম্বং দদাবিত্যর্থঃ ॥ ১৭ ॥ তমিতি। পরমেশানীতি পার্ব্বতী সম্বোধনং। বিস্ময় মাশ্চর্য্যং ॥ ১৮ ॥ নানেতি। নানা গন্ধযুতং বহুসুরভী পূর্ণং। সর্ব্ব-

নানা গন্ধযুতং ডিম্বং সর্ব্বশক্তি সমন্বিতং।
নানা জ্যোতির্ম্ময়ং ডিম্বং তৎক্ষণাচ্চ দ্বিধা ভবৎ
॥ ১৯ ॥
তত্রাপশ্য মহা কন্যাং পদ্মিনীং কৃষ্ণমোহিনীং।
রক্ত বিদুল্লতা কারাং সর্ব্ব সৌভাগ্য বর্দ্ধিনীং।
তাং দৃষ্ট্বা পরমেশানি সহসা বিস্ময়ং গতা।২০॥

কীর্ত্তিদোবাচ।

হে মাতঃ পদ্মিনীরূপে রূপং সংহর সংহর।
ততস্তু পরমেশানি তদ্রূপং তৎক্ষণাৎ প্রিয়ে।
সংহৃত্য সহসা দেবী সামান্যং রূপ মাস্থিতা।২১

ভাষা।

নানা সুরভী পূর্ণ, সর্ব্বশক্তিময় অতি জ্যোতিষ্মান সেই ডিম্ব তৎক্ষণাৎ দ্বিখণ্ড হইল॥ ১৯ ॥

সেই ডিম্ব মধ্যে কৃষ্ণমনোমোহিনী পদ্মিনীরূপা কন্যা দেখিলেন। ঐ কন্যার আকৃতি বিদ্যুল্লতার ন্যায় অতি লোহিত ও সৌভাগ্য বর্দ্ধিনী। তাহাকে দেখিবা মাত্র বৃকভানু ভার্য্যা বিস্মিতা হইলেন॥ ২০ ॥

বৃকভানু গেহিনী কীর্ত্তিদা বলিতেছেন; হে মাতঃ! তুমি এই পদ্মিনীরূপ গোপন কর। তদনন্তর সেই কন্যা ঐ পদ্মিনী রূপ গোপন করিয়া তৎক্ষণাৎ সামান্য রূপ ধারণ করিলেন।২১।

অস্যার্থঃ।

শক্তি সমন্বিতং সর্ব্বশক্তি যুতং দ্বিধা অভবৎ। দ্বিখণ্ডো হভূদিত্যর্থঃ ডিম্বমিতি শেষঃ॥ ১৯ ॥ তত্রেতি। তত্র ডিম্বে কৃষ্ণমোহিনীং কন্যাং অপশ্যদিত্যর্থঃ। অতি লোহিতাং তাং কন্যাং দৃষ্ট্বা তৎক্ষণা দেব বিস্মিতো হভূদিতি ভাবঃ॥ ২০ ॥ কীর্ত্তিদোবাচ। কীর্ত্তিদা বৃকভানু

ততস্তু কীর্ত্তিদা দেবী রূপন্তস্যা ব্যলোকয়ৎ।
রঙ্গিনী কুসুমাকারা রক্ত বিদ্যুৎ সমপ্রভা ॥২২॥

কন্যোবাচ।

হে মাতঃ কীর্ত্তিদে ভদ্রে ক্ষীরং পায়য় সুন্দরি।
স্তনং দেহি স্তনং দেহি তব কন্যা ভবাম্যহং ।২৩
তৎ শ্রুত্বা বচনং তস্যাঃ পদ্মিন্যাঃ কমলেক্ষণে।
অপায়য়ৎ স্তনং তস্যৈ পদ্মিন্যৈ নগনন্দিনি ।২৪

ভাষা।

তৎপর কীর্ত্তিদা দেবী তাহার সেই রূপ অবলোকন করিতে লাগিলেন। তাহার রূপ শতমূলী কুসুমের ন্যায় এবং বিদ্যুতের ন্যায় আভাযুক্ত॥ ২২ ॥

অনন্তর কন্যা বলিতে লাগিলেন; হে কীর্ত্তিদে মাতঃ! আমাকে দুগ্ধ পান করাও। শীঘ্র আমাকে স্তন প্রদান কর আমি তোমার কন্যা হইলাম॥ ২৩ ॥

কীর্ত্তিদা কন্যার সেই বাক্য শ্রবণ করিয়া তাহাকে স্তন পান করাইলেন॥ ২৪ ॥

অন্বয়ার্থঃ।

ভার্য্যা। হে মাতঃ ইদং রূপং সংহর গোপয়। ততঃ কীর্ত্তিদা বচনাৎ সা দেবী তৎক্ষণাৎ স্বরূপং গোপয়িত্বা সামান্যং রূপং দধারেতি ভাবঃ ॥২১॥ তত ইত্যাদি। কীর্ত্তিদা তস্যা রূপ মপশ্যদিত্যর্থঃ। রঙ্গিণীকুসুমপ্রভা শতমূলী প্রসূনাভা॥ ২২ ॥ কন্যোবাচেতি। কন্যা অভিনবজাতা ডিম্বোৎপন্না। হে মাতঃ ক্ষীরং দুগ্ধং পায়য় মামিতিশেষঃ। মহ্যং স্তনং দেহি; অহং তব কন্যেতি ভাবঃ॥ ২৩ ॥ তদিতি। তস্যাঃ কন্যায়া বচনং শ্রুত্বা স্বীয় স্তনং পায়য়দিত্যর্থঃ। কমলেক্ষণে, নগনন্দিনীতি পা-

চকার নাম তস্যাস্তু ভানুঃ কীর্ত্তিদয়ান্বিতঃ।
রক্ত বিদ্যুৎপ্রভা দেবী ধত্তে যস্মাৎ শুচিস্মিতে।
তস্মাত্তু রাধিকা নাম সর্ব্বলোকেষু গীয়তে॥২৫॥

ঈশ্বর উবাচ।

দিনে দিনে বর্দ্ধমানা বৃকভানু গৃহে প্রিয়ে।
এবং হি মাথুরে পীঠে চকার ব্রজবাসিনী।
তস্মাদ্ভাদ্র পদে মাসি কৃষ্ণো হভূৎ কমলেক্ষণঃ।
॥ ২৬ ॥

ভাষা।

অনন্তর বৃকভানু কীর্ত্তিদা দেবীর সহিত তাহার নাম করিলেন। সেই কন্যা বিদ্যুল্লতার ন্যায় অতি লোহিত বলিয়া তাহার নাম রাধিকা রাখিলেন। এবং ঐ নামই জগদ্বিখ্যাত হইল॥ ২৫ ॥

মহাদেব বলিতেছেন! ঐ কন্যা বৃকভানু গৃহে দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। তৎপর ভাদ্রমাসে কৃষ্ণ অবতীর্ণ হইলেন॥ ২৬ ॥

অস্যার্থঃ।

র্ব্বতী সম্বোধনং॥ ২৪ ॥ চকারেতি কীর্ত্তিদয়ান্বিতঃ কীর্ত্তিদা সহিতঃ। ভানু র্বৃকভানুঃ তস্যাঃ কন্যায়া রাধিকেতি নাম চকার॥ ২৫ ॥ ঈশ্বর উবাচেতি। হে প্রিয়ে পার্ব্বতি! দিনে দিনে বর্দ্ধমানা প্রতিদিন মেব উপচিতবতী। তস্মাৎ রাধিকা জননাৎ পরং ভাদ্রপদেমাসি কৃষ্ণঃ অভূৎ-জাত ইত্যর্থঃ॥ ২৬ ॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃতে রাধাতন্ত্র ব্যাখানে
সপ্তম পটলঃ।

——

মহাদেব উবাচ।

শ্রূয়তাং পদ্মপত্রাক্ষি রহস্যং পদ্মিনী মতং।
সংপ্রাপ্তে পরমেশানি দ্বিতীয়ে বৎসরে তদা॥
কুর্য্যা দ্যত্নেন দেবেশি শিবলিঙ্গ প্রপূজনং॥১॥
প্রজপেৎ পরমাং বিদ্যাং কালীং ব্রহ্মাণ্ডরূপিণীং
পূজয়ে দ্বিবিধৈঃ পুষ্পৈ র্গন্ধৈশ্চ সুমনোহরৈঃ।
ফলৈ র্বহুবিধৈ র্ভদ্রে পুজয়েৎ পরমেশ্বরীং॥২॥

ভাষা।

মহাদেব বলিতেছেন! হে পদ্মপত্রাক্ষি অতি গোপনীয় পদ্মিনী চরিত শ্রবণ কর। দ্বিতীয়বর্ষ সময়ে পদ্মিনী যত্নপুর্ব্বক শিবলিঙ্গ অর্চ্চনা করিতে লাগিলেন॥ ১ ॥

অনন্তর গন্ধ পুষ্প ফল প্রভৃতি বিবিধ উপহারে জগন্ময়ী মহাবিদ্যা কালিকার আরাধনায় প্রবৃত্ত হইলেন॥ ২ ॥

অস্যার্থঃ।

মহাদেব উবাচেতি। দ্বিতীয়ে সংবৎসরে সংপ্রাপ্তে উপস্থিতে যৎ-পদ্মিনী মতং পদ্মিনী চরিতং তৎশ্রূয়তাং। হে দেবেশি শিবলিঙ্গ প্রপু-জনং কুর্য্যাৎ পদ্মিনীতিশেষঃ॥ ১॥ প্রজপেদিতি। ব্রহ্মাণ্ডরূপিণীং জগন্ময়ীং। গন্ধপুষ্প ফলোপহারাদিভিরিত্যর্থঃ। ভদ্রে ইতি পার্ব্বতী সম্বোধনং॥ ২॥ পদ্মিনী কাত্যায়নীং স্তৌতি পদ্মিন্যুবাচেতি। বিদ্যা

পদ্মিন্যুবাচ।

কাত্যায়নি মহামায়ে মহা যোগিন্য ধীশ্বরি।
দেহি দেহি মহামায়ে বিদ্যা সিদ্ধি মনুত্তমাং ।৩।
সিদ্ধিঞ্চ বাসুদেবস্য দেহি মাত র্নমোঽস্তুতে।
ত্বাং বিনা ব্রহ্ম নিঃশব্দং নিশ্চলং সততং সদা।৪
শরীরস্থং হি কৃষ্ণস্য কৃষ্ণ জ্যোতির্ম্ময়ং সদা।
বিনা দেহং পরং ব্রহ্ম শবরূপ বদীরিতং।
অতএব মহামায়ে ব্রহ্মণঃ কারণং পরা ॥ ৫ ॥

ভাষা।

তৎপর পদ্মিনী কাত্যায়নীকে স্তব করিতেছেন্। হে মহামায়ে হে যোগরূপে হে ঈশ্বরি হে কাত্যায়নি আমার স্বার্থসিদ্ধি সম্পন্ন কর ॥ ৩ ॥

হে মাতঃ! তোমাকে নমস্কার করি আমাকে বাসুদেব সাক্ষাৎকার প্রদান কর। তুমিই জগৎকর্ত্রী তুমি বিনা জগদীশ্বর ও সর্ব্বদা নিঃশব্দ ও নিশ্চল ॥ ৪ ॥

কৃষ্ণ শরীরস্থ যে কৃষ্ণ জ্যোতির্ম্ময় ভব দেহ তদ্ব্যতিরেকে ব্রহ্মও শববৎ অকর্ম্মণ্য; হে মহামায়ে! অতএব তুমিই জগতের আদি কারণ ॥ ৫ ॥

অস্যার্থঃ।

সিদ্ধিং স্বার্থসাধনং দেহি সম্পাদয়েত্যর্থঃ ॥ ৩ ॥ সিদ্ধিঞ্চেতি বাসুদেবস্য সিদ্ধিং বাসুদেব সাক্ষাৎকারং। নিশ্চলং ব্যাপার হীনমিত্যর্থঃ ॥ ৪ ॥ শরীরেতি কৃষ্ণস্য শরীরস্থং জ্যোতির্ম্ময়ং দেহং বিনা পরং ব্রহ্মাপি শববৎ নির্ব্ব্যাপারং। হে মহামায়ে কাত্যায়নি ব্রহ্মণঃ কারণং ত্বমেবেতি ॥ ৫ ॥

এবং প্রার্থ্য মহেশানি সততং পরমেশ্বরীং।
সংপূজ্য পরয়া ভক্ত্যা লক্ষং জপ্ত্বাতু মানসং॥
বরং প্রাপ্তা মহেশানি কাত্যায়ন্যাঃ সমীপতঃ।৬

কাত্যায়ন্যুবাচ।

পদ্মিনি শৃণু মদ্বাক্যং শীঘ্রং প্রাপ্স্যসি কেশবং৭
ইত্যুক্ত্বা পরমেশানি তত্রৈবান্তরধীয়ত।
কাত্যায়নী মহামায়া সদা বৃন্দাবনেশ্বরী॥ ৮॥

ভাষা।

পদ্মিনী এইরূপে কাত্যায়নীর আরাধনা করিয়া পরম ভক্তি পূর্ব্বক মানসে লক্ষ জপ করিয়া কাত্যায়নীর নিকটে বর প্রাপ্ত হইলেন॥ ৬॥

কাত্যায়নী বলিতেছেন, হে পদ্মিনি! আমার বাক্য শ্রবণ কর শীঘ্র তুমি বাসুদেবকে পাইবে॥ ৭॥

বৃন্দাবনেশ্বরী মহামায়া কাত্যায়নী এই মাত্র বলিয়া তথাতেই অন্তর্হিতা হইলেন॥ ৮॥

অস্যার্থঃ।

এবমিতি। পরমেশ্বরীং এবমুক্ত প্রকারেণ প্রার্থ্য আরাধ্য পরয়া অধিকয়া ভক্ত্যা লক্ষং জপ্ত্বা কাত্যায়নী মন্ত্রমিতি শেষঃ কাত্যায়নী সমীপতঃ বরং প্রাপ্তা। কাত্যায়নী তস্যৈ বরং দদাবিত্যর্থঃ॥ ৬॥ কাত্যায়ন্যুবাচেতি। শীঘ্রং কেশবং বাসুদেবং প্রাপ্স্যসি॥ ৭॥ ইতি কথয়িত্বা অন্তরধীয়ত অন্তর্দ্ধ্যানং প্রাপেত্যর্থঃ॥ ৮॥ বৃকেতি। রাধা চন্দ্রকলা

বৃকভানু সুতা রাধা সখীগণ কৃতা সদা।
বৰ্দ্ধমানা সদা রাধা যথা চন্দ্রকলা প্রিয়ে ॥ ৯ ॥
সর্ব্ব শৃঙ্গার বেশাঢ্যা স্ফুরচ্চকিত লোচনা।
সর্ব্বালঙ্কার সংযুক্তা সাক্ষাৎ শ্রীরিব পার্ব্বতি ।১০।
চচার গহনে ঘোরে পদ্মিনী পর সুন্দরী।
যা রাধা পরমেশানি পদ্মিনী পরমেশ্বরী ॥১১॥
পদ্মস্য বনমাশ্রিত্য সদা তিষ্ঠতি কামিনি।
অন্য মূর্ত্তিং মহেশানি দৃষ্ট্বা চৈবাত্মসন্নিভাং।
আত্মনঃ সদৃশাকারাং রাধামন্যাং সসর্জ্জসা ।১২

ভাষা।

রাধিকা সখীগণ সমভিব্যাহারে চন্দ্রকলার ন্যায় দিন দিন বৃকভানু গৃহে বৃদ্ধি পাইতে লাগিলেন ॥ ৯ ॥

তাহার বেশ ভুষায় কামানুরাগ প্রকটিত হইতে লাগিল। সচকিত নয়না রাধা সর্ব্বাভরণে ভূষিত হইয়া সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ১০ ॥

এবং পদ্মিনী গহনবনে পরিভ্রমণ আরম্ভ করিলেন রাধিকা সাক্ষাৎ পরমেশ্বরী পদ্মিনীরূপা ॥ ১১ ॥

সর্ব্বদা পদ্মবনে অবস্থান করিতে করিতে আপনার ন্যায় অন্য এক মুর্ত্তি দেখিয়া তাহাকে পরিত্যাগ করিলেন ॥ ১২ ॥

অস্যার্থঃ।

ইব বৰ্দ্ধমানা বৃদ্ধিং গচ্ছতীতি ভাবঃ ॥ ৯ ॥ রাধাং বিশিনষ্টি সর্ব্বেতি। সর্ব্বশৃঙ্গার বেশাঢ্যা সকল কামাভরণ ভূষিতা ; স্ফুরচ্চকিত লোচনা চঞ্চলাক্ষী ॥ ১০ ॥ চচারেতি গহনে অতি নিবিড়ে, চচার বভ্রাম। পরমেশানীতি পার্ব্বতী সম্বোধনং ॥ ১১ ॥ পদ্মস্যেতি হেকামিনি পদ্মস্য বনং আশ্রিত্য তিষ্ঠতি পদ্মিনীতি শেষঃ। আত্মসন্নিভাং স্বতুল্যাং সসর্জ্জ

যা সাতু কৃত্রিমা রাধা বৃকভানু গৃহে সদা।
অযোনি সম্ভবা যাত্ত পদ্মিনী সা পরাঙ্করা॥
কৃত্রিমা যা মহেশানি তস্যাস্তু চরিতং শৃণু ॥১৩॥
বৃকভানু র্মহাত্মা স তস্যা বৈবাহিকীং ক্রিয়াং।
কারয়ামাস যত্নেন পঞ্চবর্ষেত্ত সুন্দরি ॥ ১৪ ॥
তস্যাস্তুচোভয়ং বংশং সাবধানা বধারয়।
শ্বশুরস্য বৃকস্যাপি বংশং পরম সুন্দরং ॥১৫॥

ভাষা।

বৃকভানু গৃহস্থিতা রাধা কৃত্রিমা, পদ্মিনী অযোনি সম্ভবা। হে মহেশানি! কৃত্রিম রাধার চরিত্র শ্রবণ কর ॥ ১৩ ॥

মহাত্মা বৃকভানু পঞ্চমবর্ষ সময়ে যত্নপূর্ব্বক কৃত্রিম রাধার বিবাহ কার্য্য সম্পাদন করিলেন ॥ ১৪ ॥

কৃত্রিম রাধার পিতৃকুল ও শ্বশুর বংশ বলিতেছি সাবধানে শ্রবণ কর ॥ ১৫ ॥

অস্যার্থঃ।

ত্যাজ ॥ ১২ ॥ যেতি। বৃকভানুগৃহে যা রাধা সা কৃত্রিমা অযোনি সম্ভবা যাত্ত সা পদ্মিনী। হে মহেশানি কৃত্রিমায়া রাধায়া শ্চরিতং শৃণু ॥ ॥ ১৩ ॥ বৃকেতি মহাত্মা বৃকভানুঃ পঞ্চবর্ষেত্ত পঞ্চমবর্ষ সময়ে তস্যা রাধা-য়া বৈবাহিকীং ক্রিয়াং বিবাহ সংস্কারং কারয়ামাস ॥ ১৪ ॥ তস্যা ইতি তস্যা রাধায়াঃ শ্বশুরস্য বৃকস্য পিতুশ্চ উভয়ং বংশং সাবধানাবধারয় সাবধান মাকর্ণয় ॥ ১৫ ॥ ঈশ্বর উবাচেতি। অতিমন্যুকঃ অমর্ষপূর্ণঃ।

ঈশ্বর উবাচ।

শ্বশ্রূস্তু জটিলা খ্যাতা পতির্ম্মান্যো হতিমন্যুকঃ।
ননান্দা কুটিলা নাম্নী দেবরো দুর্ম্মদাভিধঃ ॥১৬॥
তিলকং স্মরমাদাখ্যং হরোহরি মনোহরঃ।
রোচনো রত্নতাড়ঙ্কো ঘৃণে যুক্তপ্রভা করী ॥১৭॥
ছত্রং দৃষ্ট্বা প্রতিচ্ছায়ং পদ্যঞ্চ মদনাভিধং।
স্যমন্তকান্য পর্য্যায়ঃ শঙ্খচূড় শিরোমণিঃ ॥১৮॥
পুষ্পবন্তো ক্ষিপলকা সৌভাগ্য মণি রুচ্যতে।
কাঞ্চী কাঞ্চন চিত্রাঙ্গি নূপুরে চিত্র গোপুরে ।১৯

ভাষা।

মহাদেব বলিতেছেন, জটিলা শাশুরী পতি অতি ক্রোধ পরতন্ত্রঃ। ননান্দা কুটিলা, দেবর দুর্ম্মদ ॥ ১৬ ॥

পদ্মিনী ভূষণ বিবরণ করিতেছেন, স্মরমাদাখ্য তিলক। হরি নামাভিধ মনোহরহারও রোচনাখ্য তাড়ঙ্কযুগল ॥ ১৭ ॥

প্রতি নামক ছত্র, মদনাভিধ পদ্ম স্যমন্তক মণি শোভিত শঙ্খচূড় নামে শিরোভূষণ মুকুট ॥ ১৮ ॥

অক্ষি পলকে যেন পুষ্প প্রকাশ পায় কাঞ্চন চিত্রিত কটীসূত্র এবং বিচিত্র নূপুর ॥ ১৯ ॥

অস্যার্থঃ।

ননান্দা পতিস্বসা। দেবরঃ পতিভ্রাতা। দুর্ম্মদাভিধঃ দুর্ম্মদনামা ॥ ১৬ ॥ রাধায়া ভূষণং বিবৃণোতি। স্মরমাদাখ্যং তিলকং নাসাভূষণং হরিনামকোহারঃ। রোচন নামক স্তাড়ঙ্কঃ ॥ ১৭ ॥ ছত্রমিতি স্যমন্তকো মণিবিশেষঃ ॥ ১৮ ॥ পুষ্পেতি। অক্ষি পলকা শ্চক্ষুঃ সঞ্চারাঃ কাঞ্চিঃ

মধুসূদন মাবদ্ধে যয়োঃ সিঞ্চিত মাধুরী।
বাসো মেঘাম্বরং নাম কুরুবিন্দ নিভং সদা ।২০।
আদ্যং সুপ্রিয় মভ্রাভং রক্তমন্ত্যং হরেঃ প্রিয়ং।
সুধাশো দর্পহরণো দর্পাণা মণি বান্ধবঃ ॥২১॥
শলাকা নর্ম্মদা হৈমী স্বস্তিকা নাম কঙ্কতিঃ।
কন্দর্প কুহরী নাম কটিকা পুষ্প ভুষিতা ॥২২॥

ভাষা।

যাহাদের রূপ মাধুরী মধুসূদনকেও মুগ্ধ করে। মাণিক্যবৎ অতি উজ্জ্বল বস্ত্র পরিধান করিয়াছেন ॥ ২০ ॥

যে আদ্যবস্ত্র মেঘাম্বর অর্থাৎ নীলাম্বরী অতি মনোহর। দ্বিতীয় বস্ত্র রক্তবর্ণ তাহা হরির অতিপ্রিয়। সুধাশ নামে দর্পণ তাহা অন্যের দর্পহারী ॥ ২১ ॥

স্বর্ণনির্ম্মিত অঞ্জন শলাকা হস্তে আছে এবং স্বস্তিক নাম কঙ্কন, কন্দর্প কুহরী নাম পুষ্পময় কটী ভূষণ ॥ ২২ ॥

অস্যার্থঃ।

কটীসূত্রং ॥ ১৯ ॥ মধুসূদনেতি। যয়ো রাধা পদ্মিন্যোঃ মাধুরী দেহ সৌন্দর্য্যং। কুরুবিন্দনিভং মানিক্য বদুজ্জ্বলং। মেঘাম্বরং নাম বাসো বসনং ॥ ২১ ॥ আদ্যমিতি। আদ্যং বাসঃ অভ্রাভং মেঘসদৃশং নীলাম্বরমিত্যর্থঃ। অন্ত্যং বসনং রক্তং। সুধাশোনাম দর্পণং মণি বান্ধবঃ মণিখচিতঃ ॥ ২১ ॥ শলাকেতি শলাকা অঞ্জন শলাকা হৈমী স্বর্ণময়ী। কঙ্কতিঃ কঙ্কনং কটিকা কটীভূষণং ॥ ২২ ॥ স্বর্ণেতি স্বর্ণমুখী তড়িদ্বল্লীতি

স্বর্ণমুখী তড়িদ্বল্লী কুণ্ডাখ্যাতা স্বনামতঃ।
নীপানদী তটে যস্য রহস্য কথন স্থলী ॥ ২৩ ॥
মন্দারশ্চ ধনুঃ স্ত্রীশ্চ রাগো হৃদয় মন্দগৌ।
ছানিক্যং দয়িতা নিত্যং বল্লভা রুদ্র ধন্বকী ।২৪।
সখ্যঃ খ্যাতাঃ সদা ভদ্র চারুচন্দ্রাবলী মুখাঃ।
গন্ধর্ব্বাস্তু কলাকণ্ঠী সুকণ্ঠী পিক কণ্ঠিকা ॥২৫॥

ভাষা।

স্বর্ণমুখী তড়িদ্বল্লী নামে কদম্ব বন শোভিত নদী তটে রহস্য কথোপকথন স্থল ॥ ২৩ ॥

পারিজাত কুসুম ধনুঃ। এবং শরীর কান্তি ও অনুরাগ উভয়ই হৃদয় শোভন বল্লভা রুদ্র ধন্বকী নামে দুইটী প্রিয় সখী ॥ ২৪ ॥

অতঃপর চন্দ্রাবলী প্রভৃতি সখীগণের বিবরণ বলিতেছি; গন্ধর্ব্বা, কলাকণ্ঠী, সুকণ্ঠী, পিককণ্ঠিকা ॥ ২৫ ॥

অন্বয়ার্থঃ।

স্বনামপ্রসিদ্ধা রহস্য কথনস্থলী গুপ্তভাষণ স্থলং। নীপানদীতটে কদম্ববন শোভিত নদীতীরে ॥ ২৩ ॥ মন্দারশ্চেতি। মন্দারঃ পারিজাতঃ ধনুঃ কার্ম্মুকং। শ্রীঃ কান্তিঃ রাগোঽনুরাগঃ উভৌ হৃদয়মন্দগৌ মনোলোভনীয়ৌ ॥ ২৪ ॥ সখীগণং বিবৃণোতি। চন্দ্রাবলী মুখাঃ চন্দ্রাবলী প্রভৃতয়ঃ। গন্ধর্ব্বা কলাবতীত্যাদি স্বনাম প্রসিদ্ধাঃ ॥ ২৫ ॥ কলাবতীতি।

কলাবতী রসোল্লাসা গুণবত্যাদয়ঃ স্মৃতাঃ।
যা বিশাখা কৃতাগীতি গায়ন্ত্যঃ সুখদা হরেঃ।২৬
বাদয়ন্ত্যদ্য শুষিরং তাললব্ধ ঘনন্ত্বপি।
মাণিক্যা নর্ম্মদা প্রেমবতী কুসুম পেষলাঃ॥২৭॥
দিবাকীর্ত্তি তনুহ্যেত্ত সুগন্ধা নলিনী ত্বুভে।
মঞ্জিষ্ঠা রঙ্গ বত্যাখ্যে রজকস্য কিশোরিকে।২৮

ভাষা।

কলাবতী, রসোল্লাসা ও গুণবতী, ইহারা রসকেলির সহকারিণী। বিশাখা নামে যে সখী সে সুসঙ্গীতদ্বারা কৃষ্ণের সুখ বর্দ্ধন করে॥ ২৬॥

নর্ম্মদা, প্রেমবতী, মাণিক্যাও কুসুম পেষলা প্রভৃতি সখীগণ গগণস্পর্শী বংশীবাদনে কৃষ্ণের প্রীতি সম্পাদন করে॥ ২৭॥

দিবা ও কীর্ত্তি দুই সখী সুগন্ধা নলিনী দুই সখী এবং মঞ্জিষ্ঠা রঙ্গবতী দুই সখী ইহা সমান বয়স্যা ও পৃথক্ পৃথক্ স্থানে সহচরীর কার্য্য করে॥ ২৮॥

অস্যার্থঃ।

রসোল্লাসা রসবতী। বিশাখাদিত্তি গানেন শ্রীকৃষ্ণোঽতিপ্রীত ইত্যর্থঃ।॥ ২৬॥ বাদেতি। শুষিরং বংশীবাদ্যং বাদয়ন্তী বাদন তৎপরা। তাললব্ধ ঘনং অত্যুচ্চনাদং। মাণিক্যেত্যাদি স্বনামখ্যাতাঃ সখী বিশেষাঃ॥ ২৭॥ দিবেতি। দিবাকীর্ত্তিতিদ্বয়ং সুগন্ধা নলীনীতিদ্বয়ং মঞ্জিষ্ঠা রঙ্গবতীতিদ্বয়ং পৃথক্ পৃথক সখীভূতং॥ ২৮॥ পালীতি। পালিকী

পালিন্ধি সম সৈরিন্ধ্রী বৃন্দা কন্দলতাদয়ঃ।
ধনিষ্ঠা গুণ বত্যাদ্যা ধন্ববেশ্বর গেহগাঃ ॥২৯॥
কামদা নামধা প্রেয়ি সখী ভাব বিশেষ ভাক্।
লবঙ্গমঞ্জরী রাগমঞ্জরী গুণমঞ্জরী ॥ ৩০ ॥
শুভানু মত্যনুপমা সুপ্রিয়া রতিমঞ্জরী।
রাগলেখা কলাকেলী ভুরিদাদ্যাশ্চ নায়িকাঃ৩১
নান্দীমুখী বিন্দুমুখী আদ্যাঃ সন্ধি বিধায়কাঃ।
সুহৃৎপদ্ম তয়াখ্যাতাঃ শ্যামলা মঙ্গলাদয়ঃ।৩২।

ভাষা।

পালিন্ধী, সৈরিন্ধ্রী, বৃন্দা, কন্দলতা ধনিষ্ঠা গুণবতী ॥ ২৯ ॥

কামদা লবঙ্গমঞ্জরী রাগমঞ্জরী ও গুণমঞ্জরী প্রভৃতি সখীগণ সবিশেষ অনুরাগ ভাজন ॥ ৩০ ॥

শুভা, অনুমতী, অনুপমা, সুপ্রিয়া, রতিমঞ্জরী, রাগলেখা, কলাকেলী ও ভুরিদাদ্যা প্রভৃতি নায়িকা ॥ ৩১ ॥

নান্দীমুখী বিন্দুমতী শ্যামা ও মঙ্গলা প্রভৃতি সখীগণ অতি প্রিয়তর ও মেলনকারিণী ॥ ৩২ ॥

অন্বয়ার্থঃ।

সৈরিন্ধ্রী প্রভৃতয়ঃ সখ্যঃ স্বনামখ্যাতাঃ সখীবিশেষাঃ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥ নান্দীতি। নান্দীমুখী বিন্দুমতী আদ্যাঃ সন্ধিবিধায়িকাঃ মেলন সম্পাদিকাঃ ॥ ৩২ ॥ প্রতীতি। প্রতিপক্ষতয়া পরস্পর বৈরভাবেন। উভে

প্রতিপক্ষ তয়া শ্রেষ্ঠা রাধা চন্দ্রাবলী ত্বুভে।
সমূহাস্তযয়োঃ সন্তি কোটি সংখ্যা মৃগী দৃশাং॥
॥ ৩৩ ॥
তয়ো রপ্যুভয়োর্ম্মধ্যে সর্ব্বমাধুর্য্যতো হধিকা।
শ্রীরাধা ত্রিপুরা দূতী পুরাণ পুরুষপ্রিয়া॥৩৪॥
অসমান গুণোদর্য্যা ধূর্য্যো গোপেন্দ্র নন্দনঃ।
যস্যাঃ প্রাণ পরার্দ্ধানাং পরার্দ্ধাদতি বল্লভঃ।৩৫।

ভাষা।

পরস্পর বৈরভাব হেতুক রাধা ও চন্দ্রাবলী এই দুই সখী প্রধানা; এবং তাহাদের কোটি সংখ্য নারী সহচরী ছিল॥৩৩॥

রাধা ও চন্দ্রাবলী এই দুই সখীর মধ্যে পুরাণ পুরুষ প্রিয়া ত্রিপুরা দূতী রাধা সৌন্দর্য্যাতিশয় হেতু শ্রেষ্ঠা॥ ৩৪॥

রাধিকা অসামান্য গুণগ্রামের একাধার, গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ তাঁহার অধিনায়ক। এবং তাহার অসংখ্য সখীগণ প্রাণাপেক্ষাও ভল্লভা ছিল॥ ৩৫॥

অন্বয়ার্থঃ।

রাধা চন্দ্রাবলীদ্বয়ং। যয়ো রাধা চন্দ্রাবল্যোঃ, মৃগীদৃশাং যুবতীনামিত্যর্থঃ॥ ৩৩॥ তয়োরিতি। তয়ো রাধা চন্দ্রাবল্যোর্ম্মধ্যে সর্ব্বমাধুর্য্যতঃ নিখিল সৌন্দর্য্যাৎ। শ্রীরাধা অধিকা শ্রেষ্ঠা॥ ৩৪॥ অসমানেতি। অসাধারণ গুণগ্রামবতী। ধূর্য্যঃ অধিনায়কঃ। গোপেন্দ্রনন্দনঃ। শ্রীনন্দ-

শ্রেষ্ঠা সা মাতৃকাদিভ্য স্তত্র গোপেন্দ্র গেহিনী।
বৃষভানুঃ পিতা যস্যা বৃষভানু বিধো মহান্ ।৩৬
রত্নগর্ভা ক্ষিতো খ্যাতা জননী কীর্ত্তিদা ক্ষয়া।
উপাস্যো জগতাং চক্ষু র্ভগবান্ পদ্মবান্ধবঃ ৩৭
জপ্যঃ স্বাভীষ্ট সংসর্গে কাত্যায়ন্যা মহামনুঃ।
পৌর্ণমাসী ভগবতী সর্ব্ব সৌভাগ্য বর্দ্ধিনী ।৩৮।

ভাষা।

নন্দ গোপগেহিনী যশোদা পঞ্চাশ ন্মাতৃকাগণ হইতে শ্রেষ্ঠা। রাধিকার পিতা বৃষভানু ॥ ৩৬ ॥

রত্নগর্ভা কীর্ত্তিদাদেবী তাহার মাতা তিনি জগচ্চক্ষু ভগবান পদ্ম বান্ধব সূর্য্যদেবের আরাধনা করিতেন ॥ ৩৭ ॥

এবং স্বাভীলাভের প্রত্যাশায় সর্ব্ব সৌভাগ্যদায়িনী ভগবতী কাত্যায়নীর মহামন্ত্র জপ করিতেন ॥ ৩৮ ॥

অন্বয়ার্থঃ।

সুতঃ ॥ ৩৫ ॥ শ্রেষ্ঠেতি। মাতৃকাদিভ্যঃ। পঞ্চাশ ন্মাতৃকাভ্যঃ। গোপেন্দ্র গেহিনী যশোদা। যস্যা রাধায়াঃ পিতা বৃষভানুঃ ॥ ৩৬ ॥ রত্নেতি। কীর্ত্তিদা কীর্ত্তিদা নাম্নী বৃষভানু গেহিনী। জগতাং চক্ষুঃ সূর্য্যঃ উপাস্যঃ আরাধ্যঃ ॥ ৩৭ ॥ জপ্যেতি। স্বাভীষ্ট সংসর্গে স্বাভিলষিত সিদ্ধি বিষয়ে মহামনুঃ মহামন্ত্রঃ জপ্যশ্চিন্তনীয়ঃ ॥ ৩৮ ॥ পিতেতি।

পিতামহো মহীভানু র্বিন্দু র্মাতামহোমতঃ।
মাতামহী পিতামহ্যৌ সুখদা মোক্ষদা ভিধে ৩৯
রত্নভানুঃ স্বভানুশ্চ ভানুশ্চ ভ্রাতরঃ পিতুঃ।
ভদ্রকীৰ্ত্তি র্মহাকীৰ্ত্তিঃ কীৰ্ত্তি চন্দ্রশ্চ মাতুলঃ।৪০
স্বসা কীৰ্ত্তিমতী মাতু র্ভানুমুদ্রা পিতৃস্বসা।
পিতৃস্বসৃপতিঃ কাশ্যো মাতৃস্বসৃপতিঃ কৃশঃ।৪১।

ভাষা।

তাহার পিতামহ মহীভানু; মাতামহ বিন্দু, সুখদা পিতামহী মোক্ষদা মাতামহী॥ ৩৯॥

ভানু, রত্নভানু ও স্বভানু ইহারা পিতৃব্য। ভদ্রকীৰ্ত্তি মহাকীৰ্ত্তি ও চন্দ্রকীৰ্ত্তি এই সকল মাতুল॥ ৪০॥

কীৰ্ত্তিমতী মাতৃস্বসা অর্থাৎ মাসী; ভানুমুদ্রা পিতৃস্বসা অর্থাৎ পিশী। কাশ্য পিতৃস্বসৃপতি এবং কৃশ মাতৃস্বসৃপতি॥ ৪১॥

অস্যার্থঃ।

পিতামহঃ পিতুঃ পিতা মাতামহঃ মাতুঃ পিতা সুখদা পিতুর্ম্মাতা মোক্ষদা মাতুর্ম্মাতা॥ ৩৯॥ রত্নেতি। রত্নভান্বাদয়ঃ পিতৃব্যাঃ ভদ্রকীৰ্ত্তি প্রভৃতয়ো মাতুলাঃ॥ ৪০॥ মাতুঃস্বসা মাতৃভগিনী মাসীতি ভাষা। পিতুঃস্বসা পিতৃভগিনী পিশীতি লৌকিকঃ॥ ১॥ মাতুলী মাতুল ভাৰ্য্যা

মাতুলী মেনকামেনা ষষ্ঠী ধাত্রীতু ধাতকী।
শ্রীদামা পূর্ব্বজো ভ্রাতা কনিষ্ঠা নঙ্গমঞ্জরী ॥৪২॥
পরম প্রেষ্ঠ সখ্যস্তু ললিতা চ বিশাখিকা।
বিচিত্রা চম্পক লতা রঙ্গদেবী সুদেবিকা ॥৪৩॥
তুঙ্গ বেদ্যাঙ্গ লেখাচ ইত্যষ্টৌচ গণামতাঃ।
প্রিয়সখ্যঃ কুরঙ্গাক্ষী মণ্ডলী মানকুণ্ডলা ॥৪৪॥
মালতী চন্দ্রলতিকা মাধবী মদনালসা।
মঞ্জুমেয়া শশিকলা সুমধ্যা মধুমেক্ষণা ॥ ৪৫ ॥

ভাষা।

মেনকা ও মেনা মাতুলানী, ষষ্ঠী ও ধাত্রী এই দুই উপমাতা। শ্রীদাম পূর্ব্বজভ্রাতা কনিষ্ঠাভগিনী অনঙ্গমঞ্জরী ॥ ৪২ ॥

ললিতা, বিশাখা, চিত্রা, চম্পকলতা, রঙ্গদেবী, সুদেবী।৪৩।

তুঙ্গবেদ্যা অঙ্গলেখা এই অষ্ট সখী রাধিকার পরম প্রেমাস্পদ। কুরঙ্গাক্ষী, মণ্ডলী ও মানকুণ্ডলা প্রভৃতি রাধিকার প্রিয়সখী ॥ ৪৪ ॥

মালতী, চন্দ্রলতিকা, মাধবী মদনা, অলসা, মঞ্জুমেয়া, শশিকলা, মধুমেক্ষণা ॥ ৪৫ ॥

অস্যার্থঃ।

মামী যস্যাঃ প্রসিদ্ধিঃ। ধাত্রী উপমাতা ॥ ৪২ ॥ পরম প্রেষ্ঠ সখ্যঃ পরম প্রেমাস্পদী ভূতাঃ সহচর্য্যঃ। কাস্তা ইত্যাহ ললিতেত্যাদি ॥ ৪৩ ॥

কমলা কামলতিকা কান্তচূড়া বরাঙ্গনা।
মধুরী চন্দ্রিকা প্রেম মঞ্জরী তনুমধ্যমা ॥ ৪৬ ॥
কন্দর্প সুন্দরী মঞ্জুকেশী চাদ্যাস্তু কোটিশঃ।
রক্তাজীবিত সাখ্যাতা কলিকা কেলিসুন্দরী ॥৪৭॥
কাদম্বরী শশিমুখী চন্দ্ররেখা প্রিয়ম্বদা।
মদোন্মাদা মধুমতী বাসন্তী কলভাষিণী ॥ ৪৮ ॥
রত্নবেণী মালবতী কর্পূর তিলকাদয়ঃ।
এতা বৃন্দাবনেশ্বর্য্যাঃ প্রায়ঃ সারূপ্য মাগতাঃ ৪৯

ভাষা।

কমলা, কামলতিকা, কান্তচূড়া, বরাঙ্গনা মধুরী, চন্দ্রিকা প্রেমমঞ্জরী তনুমধ্যমা ॥ ৪৬ ॥

কন্দর্পসুন্দরী ও মঞ্জুকেশী প্রভৃতি কোটি কোটি সখী ও কলিকা, কেলিসুন্দরী ॥ ৪৭ ॥

কাদম্বরী, শশিমুখী, চন্দ্ররেখা, প্রিয়ম্বদা, মদোন্মাদা, মধুমতী, বাসন্তী, কলভাষিণী ॥ ৪৮ ॥

রত্নবেণী, মালবতী, ও কর্পূরতিলকাপ্রভৃতি সখীগণ বৃন্দাবনেশ্বরী রাধিকার অংশরূপা ॥ ৪৯ ॥

অন্বয়ার্থঃ।

॥ ৪৪ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ কন্দর্পেতি। এতাঃ সখ্যঃ বৃন্দাবনেশ্বর্য্যা রাধায়াঃ সারূপ্য মাগতা স্বল্যেত্যর্থঃ ॥ ৪৭ ॥ ৪৮ ॥ ৪৯ ॥ মনোজ্ঞা

নিত্য সখ্যস্তু কস্তূরী মনোজ্ঞা মণিমঞ্জরী।
সিন্দূরা চন্দনবতী কৌমুদী মুদিতাদয়ঃ ॥ ৫০ ॥
কানানাদি গতা স্তস্যা বিহারার্থং কলাইব।
অথ তস্যাঃ প্রকীর্ত্তন্তে প্রেয়স্যঃ পরমাদ্ভুতাঃ ॥
॥ ৫১ ॥
বনাদিত্যোপ্যুরু প্রেম সৌন্দর্য্য ভবভূষিতাঃ।
চন্দ্রাবলীচ পদ্মাচ শ্যামা সৈকাচ ভদ্রিকা ॥৫২॥
তারা চিত্রাচ গন্ধর্ব্বী পালিকা চন্দ্রমালিকা।
মঙ্গলা বিমলা নীলা ভবনাক্ষী মনোরমা ॥৫৩॥

ভাষা।

কস্তূরী, মনোজ্ঞা, মণিমঞ্জরী, সিন্দূরা, চন্দনবতী, কৌমুদী ও মুদিতা এই সকল রাধিকার নিত্য সখী ॥ ৫০ ॥

অনন্তর যে যে সখী বনবিহারার্থ সঙ্গিনী হইত তাহাদের বিবরণ করা যাইতেছে ॥ ৫১ ॥

তাহারা সকলেই পরমা সুন্দরী, নানাভরণ ভূষিত ও রাধিকার প্রেমাশক্তা। যথা; চন্দ্রাবলী, পদ্মা, শ্যামা, সৌকা, ভদ্রিকা ॥ ৫২ ॥

তারা, চিত্রা, গন্ধর্ব্বী, পালিকা, চন্দ্রমালিকা, মঙ্গলা, বিমলা, নীলা, ভবনাক্ষী, মনোরমা ॥ ৫৩ ॥

অস্যার্থঃ।

প্রভৃতয়স্তু নিত্য সখ্যঃ ॥ ৫০ ॥ অথ বনবিহারার্থং যাঃ সখ্যঃ কলাইব তাঃ কথ্যন্তে ॥ ৫১ ॥ আসাং উক্তানাং সখীনাং শতশো যূথানি

কল্পলতা তথা মঞ্জুভাষিণী মঞ্জুমেখলা।
কুমুদা কৈরবী পারী সারদাক্ষী বিসারদা ।৫৪।।
শঙ্করী কুসুমা কৃষ্ণা সারাঙ্গী প্রবিনাশিনী।
তারাবলী গুণবতী সুমুখী কেলিমঞ্জরী ।। ৫৫ ।।
হারাবলী চকোরাক্ষী ভারতী কামিনীতিচ।
আসাং যূথানি শতশঃ খ্যাতান্যন্যানি সুভ্রুবাং।
।। ৫৬ ।।
লক্ষ সংখ্যাস্তু কথিতা যূথে যূথে বরাঙ্গনাঃ।
মুখ্যাস্তু তেষু যূথেষু কান্তাঃ সর্ব্ব গুণোত্তমাঃ ।৫৭

ভাষা।

কল্পলতা, মঞ্জুভাষিণী, মঞ্জুমেখলা, কুমুদা, কৌরবী, পারী, সারদাক্ষী, বিশারদা ।। ৫৪ ।।

শঙ্করী, কুসুমা, কৃষ্ণা, সারাঙ্গী, প্রবিনাশিনী, তারাবলী, গুণবতী, সুমুখী, কেলিমঞ্জরী ।। ৫৫ ।।

হারাবলী, চকোরাক্ষী, ভারতীও, কামিনী, ইত্যাদি শত শত সখীগণ এবং অন্যান্য অসংখ্য রমণী রাধিকার প্রিয়সখী ছিল ।। ৫৬ ।।

লক্ষ সংখ্যক বরাঙ্গনা রাধিকার প্রিয় সহচরী ছিল তন্মধ্যে নিম্নলিখিত সখীগণ প্রধানা ।। ৫৭ ।।

অস্যার্থঃ।

খ্যাতানীত্যর্থঃ ।। ৫২ ।। ৫৩ ।। ৫৪ ।। লক্ষ সংখ্যা বরাঙ্গনাঃ কথিতাঃ। তেষু সখী যূথেষু মধ্যে চন্দ্রাবল্যাদ্যা মুখ্যাঃ প্রধানাঃ। তাসাং জন্ম মধুদাস এব ।। ৫৫ ।। ৫৬ ।। পুষ্যানক্ষত্র যুক্তে নবম্যাং শুক্লপক্ষে স্বয়ং প্রকৃতিরূপা পদ্মিনী জাতা। মহেশানি শুচিস্মিতে ইতি স্বয়ং পার্ব্বতী

রাধা চন্দ্রাবলী ভদ্রা শ্যামলা পালিকাদয়ঃ।
জন্মনাম্নাথ সাখ্যাতা মধুমাসে বিশেষতঃ।৫৮॥
পুষ্যর্ক্ষেচ নবম্যাং বৈ শুক্লপক্ষে শুচিস্মিতে।
জাতা রাধা মহেশানি স্বয়ং প্রকৃতি পদ্মিনী।৫৯
তাসুরেমে মহেশানি স্বয়ং কৃষ্ণঃ শুচিস্মিতে।
রমণং বাসুদেবস্য মন্ত্র সিদ্ধেস্তু কারণং॥৬০॥

দেব্যুবাচ।

ভো দেবতাপসাং শ্রেষ্ঠ বিস্তারা দ্বদ ঈশ্বর।
কথং সা পদ্মিনী রাধা সদা পদ্মবনে স্থিতা॥
পিতরং মাতরং ত্যক্ত্বা আত্মতুল্যাং সসর্জসা ৬১

ভাষা।

যথা; রাধা, চন্দ্রাবলী, ভদ্রা, শ্যামলা ও পালিকা। ইহাদের সকলেই মধুমাসে জন্মগ্রহণ করিয়া ছিল॥ ৫৮॥

স্বয়ং প্রকৃতি পদ্মিনী রাধারূপে শুক্লপক্ষে পুষ্যানক্ষত্রে জন্মগ্রহণ করিয়াছেন॥ ৫৯॥

হে সুন্দরি! কৃষ্ণ স্বয়ং ঐ সকল স্ত্রীগণের সহিত ক্রীড়া করিয়াছেন। কিন্তু কেবল মন্ত্রসিদ্ধিই ক্রীড়া কারণ॥ ৬০॥

ভগবতী জিজ্ঞাসা করিতেছেন, হে দেবাদিদেব! তুমি আমার নিকট সবিস্তর বর্নন কর যে, কি কারণে সেই পদ্মিনী সদা পদ্মবনে অবস্থিতি করিয়া পিতা মাতাকে পরিত্যাগ করিয়া আত্মতুল্যা রাধাকে পরিত্যাগ করিলেন॥ ৬১॥

অস্যার্থঃ।

সম্বোধনং॥ ৫৭॥ তাসু সখীষু কৃষ্ণঃ স্বয়ং রেমে। তত্ররমণং মন্ত্রসিদ্ধি কারণ মিত্যর্থঃ॥ ৫৮॥ ৫৯॥ ৬০॥ দেব্যুবাচেতি। দেবতাপসাং সুরতপস্বিনাং। পদ্মিনী কথং পিতরং মাতরঞ্চ ত্যক্ত্বা আত্মতুল্যাং

পদ্ম মাশ্রিত্য দেবেশ বৃন্দাবন বিলাসিনী।
সদাধ্যাস্তে মহেশানি এতন্মাহাত্ম্যং বদপ্রভো।৬২

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে
অষ্টমঃ পটলঃ।

ভাষা।

বৃন্দাবন বিলাসিনী পদ্মিনী পদ্মবন আশ্রয় করিয়া সদা বাস করিতেন এই গুহ্য কথা আমার নিকট বল॥ ৬২॥

ইতি অষ্টম পটলঃ।

অস্যার্থঃ।

সসর্জ্জেত্যর্থঃ॥ ৬১॥ হে দেবেশ সা পদ্মিনী বৃন্দাবন বিলাসিনী সতী কথং সদা অধ্যাস্তে এতন্মাহাত্ম্যং বদেত্যর্থঃ॥ ৬২॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে
অষ্টমঃ পটলঃ।

ঈশ্বর উবাচ।

যা রাধা মৃগশাবাক্ষি পদ্মিনী বিষ্ণু বল্লভা।
মহামায়া জগদ্ধাত্রী ত্রিপুরা পরমেশ্বরী ॥ ১ ॥
তস্যা দূতী মহেশানি পদ্মিনী পদ্মগন্ধিনী।
কৃষ্ণস্য দৃঢ়ভক্তাত্ত পদ্মিনী তস্য বল্লভা ॥ ২ ॥
বৃকভানো র্ম্মহেশানি দৃঢ়ভক্তিঃ শুচিস্মিতে।
দুহিতৃত্বং গতা দেবী পদ্মিনী গন্ধমালিনী ॥৩॥

ভাষা।

মহাদেব বলিতেছেন, যে রাধা সেই বিষ্ণু বল্লভা পদ্মিনী। ত্রিপুরাদেবী মহামায়া জগৎকর্ত্রী ও পরমেশ্বরী ॥ ১ ॥

হে মহেশানি! পদ্মগন্ধিনী পদ্মিনী ত্রিপুরাদেবীর দূতী বাসুদেবে নিতান্ত অনুরক্তা ॥ ২ ॥

হে পার্ব্বতি! বৃকভানু অতি মহাত্মা ও কৃষ্ণভক্ত পদ্মিনী স্বয়ং যাহার দুহিতৃত্ব স্বীকার করিয়াছেন্ ॥ ৩ ॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। যা রাধা সা এব পদ্মিনী বিষ্ণুপ্রিয়েতি ভাবঃ।১॥ তস্যা ইতি। যা পরমেশ্বরী ত্রিপুরাদেবী তস্যা দূতী পদ্মিনী কৃষ্ণস্যাতি ভক্তা॥ ২ ॥ বৃকেতি পদ্মিনী যস্য দুহিতৃত্বং গতা স বৃকভানু রতিভক্ত

কৃত্বাতু স্তনপানং হি রাধামন্যাং সসর্জসা।
পদ্মষণ্ডং সমাশ্রিত্য যমুনা জলমধ্যতঃ ॥ ৪ ॥
মহাকাল্যা মহামন্ত্রং প্রজপে ন্নির্জনেবনে।
অন্যা চন্দ্রাবলী রাধা বৃকভানুগৃহে স্থিতা ॥৫॥
পূর্ব্বোক্তং যদ্গুণং দেবি পদ্মিনী কমলেক্ষণে।
তৎসর্ব্বং পদ্মিনী সৃষ্টং নান্যয়া পরমেশ্বরি।৬।

ভাষা।

রাধার স্তন পানের সময় অতীত হইলে পদ্মিনী পরিত্যাগ করিয়া যমুনা জলমধ্যে পদ্মবন আশ্রয় করিলেন ॥ ৪ ॥

এবং নির্জ্জন কাননে প্রবেশ করিয়া মহাকালীর মন্ত্র জপ করিতে লাগিলেন অন্যা পদ্মা বৃকভানু গৃহেই রহিলেন ॥ ৫ ॥

পূর্ব্ব পূর্ব্বে যে যে গুন কীর্ত্তন করা হইয়াছে তাহা সকলই পদ্মিনী গুণ অন্যের নহে ॥ ৬ ॥

অন্বয়ার্থঃ।

ইত্যর্থঃ ॥ ৩ ॥ কৃত্বেতি। পদ্মষণ্ডং পদ্মবনং ॥ ৪ ॥ মহতি নির্জ্জনে বনে মহাকাল্যা মন্ত্রং জপেদিত্যর্থঃ। অন্যা রাধা চন্দ্রাবলী রূপেণ বৃক-ভানু গৃহে স্থিতেতি ভাবঃ ॥ ৫ ॥ পূর্ব্বেতি। পূর্ব্বোক্তং যদ্গুণং তৎ পদ্মিনী সৃষ্টং পদ্মিন্যা সৃজ্যতে নান্যয়েত্যর্থঃ ॥ ৬ ॥ রাধিকেতি চন্দ্র

রাধিকা ত্রিবিধা প্রোক্তা চন্দ্রাতু পদ্মিনী তথা।
ন পশ্যেৎ পরমেশানি চন্দ্র সূর্য্যং শুচিস্মিতে॥৭
মানবানাং মহেশানি বরাকাণাংহি কা কথা।
আত্মনোপহ্নবং কৃত্বা পদ্মিনী পদ্মমাশ্রিতা।
ত্রিপুরায়া মহেশানি পদ্মিনী অনুচারিণী॥৮॥
ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে
নবম পটলঃ।

ভাষা।

একা রাধিকা ত্রিবিধাকারে আবির্ভূত হইলেন। রাধা পদ্মিনী তেজোময়ী। রাধা স্বয়ং কৃষ্ণ প্রিয়া, পদ্মিনী চন্দ্রাবলী রূপে রহিলেন। তেজোময়ী জিনি তাঁহাকে চন্দ্রসূর্য্যও দেখিতে পান না॥ ৭॥

ক্ষুদ্র মনুষ্যের সাধ্য কি যে তাঁহার রূপ দেখে। তিনি আত্মগোপন করিয়া পদ্মবন আশ্রয় পূর্ব্বক ত্রিপুরা দেবীর সহচারিণী হইলেন॥ ৮॥

ইতি নবম পটলঃ।

অস্যার্থঃ।

সূর্য্যং ন পশ্যেৎ অতি গোপনীয়েতিভাবঃ॥ ৭॥ মানবেতি। বরাকাণাং ক্ষুদ্রাণাং। মানবাঃ কদাপি নতাং পশ্যন্তীতিভাবঃ॥ ৮॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে
নবম পটলঃ।

ঈশ্বর উবাচ।

অতঃপরং মহেশানি চরিতং পরমাদ্ভুতং।
উত্তমং বাসুদেবস্য নরলোক রসায়নং॥ ১॥
নিগদামি বরারোহে সাবধানাবধারয়।
যৎশ্রুত্বা পরমেশানি শ্রব্যমন্যং নরোচ্যতে।২।

ঈশ্বর উবাচ।

ভারাবতারণং দেবি ছলং কৃত্বা শুচিস্মিতে।
যারিরাসীন্মহেশানি মথুরা ব্রজমণ্ডলে॥ ৩॥

ভাষা।

মহাদেব বলিতেছেন, হে মহেশানি! আমি অতঃপর পরমাশ্চর্য্য বাসুদেব চরিত বলিতেছি যাহাতে নরলোকের মঙ্গল সাধন হয়॥ ১॥

হে পরমেশ্বরি! আমি বলিতেছি তুমি সাবধানে শ্রবণ কর। যে কথা শুনিলে অন্য কথাতে রুচি হয়না॥ ২॥

পুনর্ব্বার মহাদেব বলিতেছেন হে দেবি! ভূভার হরণচ্ছলে রাধা মথুরা ব্রজমণ্ডলে আবির্ভূতা হইলেন॥ ৩॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। অতঃপরং বাসুদেবস্য অদ্ভুতং চরিতং নিগদামীতি পরেণান্বয়ঃ। নরলোক রসায়নং মানব হিতকরং॥ ১॥ নিগদামীতি। নিগদামি কথয়ামি। সাবধানাবধারয়। সাবধান মাকর্ণয়েত্যর্থঃ। যদ্বাসুদেব চরিতং শ্রুত্বা অন্যংশ্রাব্যং নরোচ্যতে অন্যস্মিন্ শ্রাব্যে ন রুচির্ভবতীতিভ,বঃ॥ ২॥ ঈশ্বর উবাচেতি। ভূভার হরণার্থং মথুরা ব্রজমণ্ডলে আবিরাসীৎ আবির্ভূতা ভবদিত্যর্থঃ॥ ৩॥ মথুরেতি।

মথুরা পরমেশানি মহামায়া জগন্ময়ী।
কেশপীঠং বরারোহে মথুরা ব্রজমণ্ডলং ॥৪॥
চন্দ্রাবলী মহামায়া রাধা পদ্মদলেক্ষণা।
যত্রাস্তে সততং দেবি মথুরা ব্রজমণ্ডলং ॥ ৫ ॥
অত্যন্ত মধুরং শান্তং সুস্নিগ্ধং সুমনোহরং।
আবিরাসীন্মহেশানি রাধা চন্দ্রাবলী প্রিয়ে।৬
যূথে যূথেবরা রোহে মথুরা ব্রজমণ্ডলে।
অন্যত্র বিরলাদেবী মথুরায়াং গৃহে গৃহে ॥৭॥

ভাষা।

হে মহেশানি! যেই মথুরা ব্রজমণ্ডলে মহামায়া আবির্ভূতা হইয়াছেন; সেই মথুরা ব্রজমণ্ডল কেশ পীঠ ৪ ॥

হে দেবি! যেখানে রাধা ও চন্দ্রাবলী সতত বিরাজমানা আছেন ॥ ৫ ॥

মথুরা ব্রজমণ্ডল অত্যন্ত মধুর, শান্ত, স্নিগ্ধ ও সুমনোহর; যেখানে রাধা ও চন্দ্রাবলী আবির্ভূত হইয়াছেন ॥ ৬ ॥

মথুরা ব্রজমণ্ডলে যূথে যূথে রাধিকা বিদ্যমান আছে; অন্যত্র অতি বিরল। কিন্তু মথুরাতে প্রতি গৃহে রাধিকা আছেন ॥ ৭ ॥

অস্যার্থঃ।

কেশপীঠং যত্র ভগবত্যাঃ কেশাঃ পতিতা স্তত্র যৎস্থান মুৎপন্ন মভূদিতি ॥ ৪ ॥ চন্দ্রেতি। যত্র চন্দ্রাবলী মহামায়া রাধাচাস্তে তদেব মথুরা ব্রজমণ্ডলমিতিভাবঃ ॥ ৫ ॥ অত্যন্তেতি। স্নিগ্ধং সুশীতলং আবিরাসীৎ আবির্ভূতা ॥ ৬ ॥ যূথেইতি। মথুরা ব্রজমণ্ডলে প্রতি গৃহমেবরাধা বিরাজমানা অন্যত্র সা বিরলা দুষ্প্রাপ্যা ॥ ৭ ॥ সর্ব্বেতি।

সর্ব্বশক্তিময়ে পীঠে মথুরায়াং শুচিস্মিতে।
যত্রাস্তে পরমেশানি সাক্ষাৎ কাত্যায়নীপরা। ৮
কিমসাধ্যং মহেশানি মথুরা ব্রজমণ্ডলে।
বসন্তাদ্যা মহেশানি ঋতবশ্চ গৃহে গৃহে ॥ ৯ ॥
নানাগন্ধ সুগন্ধেন মোদিতা মথুরা সদা।
কিমসাধ্যং মহেশানি মথুরা ব্রজমণ্ডলে ॥১০॥
যত্রাস্তে সা মহামায়া যশোদা গর্ভপঞ্জরে।
এতদ্বাহুল্য বৃত্তান্তং ভারতেষু প্রণীয়তে ॥ ১১॥

ভাষা।

মথুরা ব্রজমণ্ডল সর্ব্বশক্তিময় পীঠস্থান, যেখানে স্বয়ং কাত্যায়নী বাস করেন ॥ ৮ ॥

মথুরা ব্রজমণ্ডলে কিছুই অসাধ্য নাই। হে মহেশানি! এখানে সর্ব্বদা ছয় ঋতু বর্ত্তমান থাকে ॥ ৯ ॥

মথুরা স্থান সর্ব্বদা নানা সৌগন্ধ পরিপূর্ণ এবং এখানে কিছুই অসাধ্য নাই ॥ ১০ ॥

হে মহেশ্বরি! যেখানে সেই মহামায়া যশোদা গর্ভ মধ্যে অবস্থান করিতেন। এই সকল বাহুল্য বৃত্তান্ত ভারতে সবিশেষ বর্ণিত আছে ॥ ১১ ॥

অস্যার্থঃ।

মথুরা পীঠং সর্ব্বশক্তি ময়মিতি ॥ ৮ ॥ কিমিতি মথুরা ব্রজমণ্ডলে ন কিমপ্যসাধ্যং সর্ব্বমেব সাধ্যমিত্যর্থঃ। বসন্তাদ্যা ঋতবঃ সদৈব গৃহে গৃহে বিরাজন্তে ॥ ৯ ॥ নানেতি। মথুরা সদৈব নানা সুরভি পূর্ণেতি ভাবঃ ॥ ১০ ॥ যত্রেতি। যশোদা গর্ভপঞ্জরে যশোদায়া

ব্যাসোক্ত মেতৎ সর্ব্বংহি ব্যাসো মম তনুঃ সদা।
মম দেহধরো ব্যাসঃ সততৎ পরমেশ্বরি ॥ ১২॥
ভাদ্রে মাস্যসিতেপক্ষে অষ্টম্যাংবরবর্ণিনি।
নিশ্যর্দ্ধে রোহিণীযুক্তে হরিরাবিরভূৎপ্রিয়ে।১৩।
যথা বিষ্ণুস্তথা মায়া আবির্ভূতা বরাননে।
মহামায়াতু যা দেবী কৃষ্ণবক্ষো নিবাসিনী ॥ ১৪॥

ভাষা।

সমস্ত ভারত বেদব্যাস প্রণীত ; ব্যাসদেব আমার অংশ।১২

হে সুন্দরি! ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমীতে অর্দ্ধরাত্রি সময়ে হরি আবির্ভূত হইলেন ॥ ১৩ ॥

যেমন কৃষ্ণ অবতীর্ণ হইলেন তেমন মহামায়াও আবির্ভূতা হইলেন ॥ ১৪ ॥

অন্বয়ার্থঃ।

গর্ভান্তরে। ভারতেষু মহাভারতাদৌ প্রণীয়তে কীর্ত্ত্যতে ॥ ১১ ॥ ব্যাসেতি যন্মহাভারতং ব্যাসেন কথিতং স ব্যাসঃ মমাংশভূতঃ ॥ ১২ ॥ ভাদ্রইতি। ভাদ্রকৃষ্ণাষ্টম্যা নিশ্যর্দ্ধে হরির্জাতঃ ॥ ১৩ ॥ যথা হরির্জাত তথা মহামায়াপি জাতেত্যর্থঃ ॥ ১৪ ॥ ঈশ্বর উবাচেতি। হরি.

ঈশ্বর উবাচ।

হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ বরে বর হিতপ্রিয়ে।
শরীরংহি মহেশানি প্রকৃতিঃ পরমেশ্বরী ॥
নিবৃত্য বিগ্রহং মায়াং হরি র্জ্যোতির্ম্ময়ঃ সদা॥১৫
প্রফুল্ল পুণ্ডরীকাক্ষং চতুর্ব্বাহু সমন্বিতং।
শ্রবণে কুণ্ডলোপেতং মকরাকৃতি সুন্দরং।
শ্রীবৎস কৌস্তুভোদ্দীপ্তং হৃদয়ং বজ্রসন্নিভং।
পীতাম্বর ধরং দেবং দলিতাঞ্জন চিক্কণং ॥১৬॥

ভাষা।

মহাদেব পুনর্ব্বার বলিতেছেন, হেপ্রিয়ে পার্ব্বতি! বিষ্ণু ত্রিগুণাতীত তাঁহার শরীর প্রকৃতি রূপিণী। বাসুদেব জ্যোতির্ম্ময় শরীর পরিত্যাগ করিয়া মায়াময় শরীর ধারণ করিলেন ॥ ১৫ ॥

বাসুদেবের কিবা মনোহর মূর্ত্তি; বিকশিত শ্বেত কমলের ন্যায় নয়নদ্বয়, কর্ণে মকরাকৃতি অতি মনোহর কুণ্ডল। চারিহস্ত, শ্রীবৎস চিহ্নিত অতি বিস্তৃত বক্ষঃস্থলে কৌস্তুভমণি দীপ্তি পাইতেছে; পীতাম্বর পরিধান, দলিতঅঞ্জনের ন্যায় উজ্জ্বল শ্যামবর্ণ ॥ ১৬ ॥

অন্বয়ার্থঃ।

নির্গুণ স্ত্রিগুণাতীতঃ নিবৃত্য ত্যক্ত্বা বিগ্রহং শরীরং ॥ ১৫ ॥ প্রফুল্লেতি। প্রফুল্ল পুণ্ডরীকাক্ষং বিকশিত শ্বেতারবিন্দ নয়নং। মকরাকৃতি কুণ্ডলং মকর সদৃশ কর্ণভূষণং। শ্রীবৎসং চিহ্নবিশেষঃ কৌস্তুভোমণি বিশেষঃ তাভ্যা মুজ্জ্বল হৃদয়ং। চিক্কণং উদ্দীপ্তং ॥ ১৬ ॥ সারদেতি।

সারদেন্দু প্রসন্নাস্যং শঙ্খচক্রাদি ধারিণং।
মালয়া শোভিতং দেবং চতুর্ব্বাহু ধরং সদা।১৭।
কিঙ্কিণীং কটি মধ্যেতু ধারয়ন্তং মনোহরং।
কেয়ূরাঙ্গদবলয়ৈ রতীব সুন্দরং প্রিয়ে।
ত্রিপুরয়া মহেশানি দত্তমালা মনোহরং॥ ১৮॥
এবং মায়া বিগ্রহঞ্চ ধৃত্বা কৃষ্ণঃ পরাৎপরঃ।
বসুদেবগৃহে দেবি দেবকী গর্ভ সম্ভবঃ।
আবিরাসী ন্মহেশানি কৃষ্ণঃ পদ্ম দলেক্ষণঃ। ১৯।

ভাষা।

শরৎকালীন পূর্ণচন্দ্রের ন্যায় প্রসন্ন বদন ভুজ চতুষ্টয়ে শঙ্খচক্র গদাপদ্ম বিরাজমান আছে। বনমালা শোভিত কলেবর॥ ১৭॥

কটিদেশে কিঙ্কিণীযুক্ত মনোহর কাঞ্চীগুণ, হস্ত চতুষ্টয় কেয়ূর বলয়াদি ভূষিত; ত্রিপুরাদেবীর প্রদত্ত মাতৃকা মালা ধারণ করাতে অতি রমণীয়॥ ১৮॥

পরাৎপর কৃষ্ণ উক্ত রূপ মায়াময় বিগ্রহ ধারণ করিয়া বসুদেব গৃহে দেবকী গর্ত্ত হইতে আবির্ভূত হইলেন॥ ১৯॥

অস্যার্থঃ।

শরৎ পূর্ণ চন্দ্রবৎ প্রসন্নবদনং। মালয়া বন কুসুম স্রজা॥ ১৭॥ কিঙ্কিনী-মিতি কিঙ্কিনীং ক্ষুদ্র ঘন্টিকাং কটিমধ্যে ধারয়ন্তং। ত্রিপুরা প্রদত্ত মাতৃকা মালা ধারণেনাতি সুন্দরমিত্যর্থঃ॥ ১৮॥ এবমিতি এবং উক্ত রূপেণ মায়া বিগ্রহং মায়াময় শরীরং ধৃত্বা পরাৎপরঃ পদ্মলোচনঃ কৃষ্ণঃ বসুদেব গৃহে আবিরাসীৎ আবির্ভূতোঽভূদিত্যর্থঃ॥ ১৯॥ এবমিতি

এবং শব্দ ময়োভূত্বা কৃষ্ণস্তু পরমো২ব্যয়ঃ।
তএব মহেশানি শব্দ ব্রহ্ম হরিঃ সদা॥ ২০॥
কার্য্যকারণয়ো র্ম্মধ্যে মহামায়ান্বিতঃ সদা।
নকার্য্য কারণঞ্চাত্র ঈশ্বরঃ কমলেক্ষণঃ॥ ২১॥
কার্য্যঞ্চ কারণঞ্চৈব মহামায়া জগন্ময়ী।
মায়া বিগ্রহ মাশ্রিত্য হরি রাবিরভূৎ স্বয়ং। ২২।
ইদমাশ্চর্য্য রূপংহি দৃষ্ট্বা বিস্ময় মাগতঃ।
পিতা মাতা মহেশানি আশ্চর্য্যং বিস্ময়ং গতাঃ
॥ ২৩॥

ভাষা।

এবং শব্দ রূপী সনাতন বিষ্ণু জন্ম গ্রহন করিলেন বলিয়া হরি শব্দ ব্রহ্ম বাচ্য হইল॥ ২০॥

কার্য্য ও কারণ ও এই উভয়ের মধ্যে মহামায়ান্বিত হরিকেই কার্য্য কারণ বলা যায়। কিন্তু কেবল পদ্ম লোচন কৃষ্ণ কার্য্যও কারণ নয়। হরি মায়াময় বিগ্রহ ধারণ করিয়া স্বয়ং আবির্ভূত হইয়াছিলেন॥ ২১॥ ২২॥

পিতা মাতা প্রভৃতি সকলেই এই রূপ অদ্ভুত রূপ দর্শনে বিস্ময়ান্বিত হইলেন॥ ২৩॥

অস্যার্থঃ।

শব্দময়ঃ শব্দরূপী। অব্যয়ো নিত্যঃ। অতএব কৃষ্ণঃ কার্য্য কারণ রূপং জগদিত্যর্থঃ॥ ২০॥ কার্য্যেতি। কার্য্য কারণয়ো র্ম্মধ্যে নৈকমপি কৃষ্ণঃ অপিতু স্বয় মেব মহামায়েতি। তস্য বিগ্রহএব মায়াময় ইত্যর্থঃ॥ ২১॥ ২২॥ ইদমিতি ইদমুক্ত রূপং বিস্ময় মাগতো বিস্মিতো২ভূদিতি॥ ২৩॥

বসুদেব উবাচ।

নমস্তুভ্যং ভগবতে কৃষ্ণায় বৈকুণ্ঠ মেধসে।
এতদ্রূপং মহাবাহো সংহরাশু মহাবিভো ॥২৪॥
এতচ্ছ্রুত্বা বচস্তস্য বসুদেবস্য পার্ব্বতি।
বিধৃত্য প্রাকৃতং রূপং নরলোক বিড়ম্বনং ॥২৫॥
প্রাকৃতং হি মহেশানি বিগ্রহং যচ্চ সুন্দরি।
তদেব প্রাকৃতং মায়াং ব্রহ্মাণ্ড ব্যাপিনীং পরাং।
॥ ২৬ ॥

ভাষা।

বসুদেব উক্ত প্রকার অদ্ভুত রূপ ধারী কুমার দেখিয়া ঈশ্বর বোধে স্তব করিতেছেন। হে ভগবন! বৈকুণ্ঠ পতি কৃষ্ণ তোমাকে নমস্কার করি; হে বিভো! তুমি এই রূপ হরণকর।২৪।

ভগবান বসুদেবের এই বাক্য শ্রবণ করিয়া স্বীয় রূপ অপহরণ পূর্ব্বক লোক বিড়ম্বনার্থ প্রাকৃত রূপ ধারণ করিলেন।২৫॥

হে সুন্দরি! প্রাকৃত বিগ্রহে যাহা কিছু বিদ্যমান আছে তাহাই ব্রহ্মাণ্ড ব্যাপিনী মহামায়া॥ ২৬ ॥

অস্যার্থঃ।

বসুদেবঃ কুমার মদ্ভুত রূপং দৃষ্ট্বা ঈশ্বরোয়মিতি নিশ্চিত্য স্তৌতি বসুদেব উবাচেতি ॥ ২৪ ॥ এতদিতি বসুদেব বচন মাকর্ণ্য নরলোক মোহনীয়ং প্রাকৃতং রূপং দধৌ ॥ ২৫ ॥ প্রাকৃতমিতি হরের্যৎ প্রাকৃতং রূপং তৈনব ব্রহ্মাণ্ড ব্যাপিনী প্রকৃতিরূপিণী মায়েত্যর্থঃ ॥ ২৬ ॥ বিধৃত্যেতি হরিঃ

বিধৃত্য প্রাকৃতং রূপং কৃষ্ণঃ পদ্মদলেক্ষণঃ।
বাল্য কৈশোর পৌগণ্ড কর্ম্মাপি হরি মেধসঃ।২৭
দিবসে দিবসে দেবি যচ্চক্রে কমলেক্ষণঃ।
অত্যন্ত গোপনং দেবি সারাৎসারং পরাৎপরং।
তত্তেঽহং সংপ্রবক্ষ্যামি সাবধানা বধারয়।২৮।

দেব্যুবাচ।

কৃষ্ণস্য বিগ্রহং দেব পরমেশ পুরাতন।
নানালক্ষণ সংযুক্তং নানারূপ ধরং সদা।
তৎসর্ব্বং পরমেশান বিস্তরং বদ শঙ্কর ॥ ২৯ ॥

ভাষা।

পদ্ম লোচন কৃষ্ণ প্রাকৃত দেহ ধারণ করিয়া ক্রমতঃ বাল্য কৌসোর ও পৌগণ্ড কাল অতি বাহিত করিলেন ॥ ২৭ ॥

হে দেবি কৃষ্ণ প্রতিদিন যে যে ক্রীড়া করিয়াছেন তাহা অতি গোপনীয়, সেই সারতর গোপনীয় বিষয় আমি তোমার নিকট বলিতেছি সাবধানে শ্রবণ কর ॥ ২৮ ॥

পার্ব্বতী পুনর্ব্বার জিজ্ঞাসা করিতেছেন হে মহাদেব! নানা লক্ষণ সংযুক্ত বিবিধিকার কৃষ্ণদেহ আমার নিকট সবিশেষ বর্ণন কর ॥ ২৯ ॥

অস্যার্থঃ।

প্রাকৃতং রূপমাস্থায় বাল্যাদি পৌগণ্ডান্তং কাল মতিবাহয়তীত্যর্থঃ ॥২৭॥
দিবেতি। বাসুদেবস্য প্রতিদিন কৃত ব্যাপারং তব কথয়ামীতিভাবঃ।২৮।
দেব্যুবাচেতি বিগ্রহং শরীরং পরমেশ পুরাতন ইতি মহাদেব সম্বো-

ঈশ্বর উবাচ।

ঊর্দ্ধরেখা যবশ্চক্রং ছত্রং পদ্ম ধ্বজাঙ্কুশং।
বজ্রং তথাষ্ঠ কোণঞ্চ স্বস্তিকানাঞ্চতুষ্টয়ং ॥৩০॥
পঞ্চজম্বু ফলন্তত্র দক্ষিণে চরণে হরেঃ।
শঙ্খাম্বরং ধনুশ্চৈব গোষ্পদাখ্যং ত্রিকোণকং।
॥ ৩১ ॥
অর্দ্ধচন্দ্রত্রয়ঃ কুম্ভো জম্বুফল চতুষ্টয়ং।
পাদমূলে তদালীনং দ্বাত্রিংশ দুপলক্ষণং॥৩২॥

ভাষা।

মহাদেব বলিতেছেন, হে পার্ব্বতি! শ্রবণ কর আমি কৃষ্ণ-দেহে যে যে লক্ষণ আছে তাহা বলিতেছি। দক্ষিণ পাদে ঊর্দ্ধ রেখা, যব, চক্র, ছত্র, ধ্বজ, পদ্ম, অঙ্কু, অষ্টকোণ বজ্র, স্বস্তিক চতুষ্টয়, পঞ্চ জম্বূফল, শঙ্খ, অম্বর, ধনুঃ ও ত্রিকোণ গোষ্পদ ইত্যাদি বিবিধাকার চিহ্ন আছে॥ ৩০ ॥ ৩১ ॥

এবং বামপাদে অর্দ্ধচন্দ্রত্রয়, কুম্ভ জম্বূফল চতুষ্টয় ইত্যাদি দ্বাত্রিংশৎ চিহ্ন বিদ্যমান আছে॥ ৩২ ॥

অস্যার্থঃ।

ধনং। বিস্তরং বদ বাহুল্যেন কথয়॥ ২৯ ॥ ঈশ্বর উবাচেতি। হরির্দ্দক্ষিণ চরণং ঊর্দ্ধরেখাদি চিহ্নিতং। যবো যবাকার রেখা বিশেষঃ। চক্রাদয়োপ্যেবং তত্তদাকার চিহ্নলাঞ্ছিত মিত্যর্থঃ॥ ৩০ ॥ ৩১ ॥ অর্দ্ধেতি। পাদমূলে বামপাদতলে অর্দ্ধচন্দ্রাদি দ্বাত্রিংশৎ চিহ্নানি সূচিতানীত্যর্থঃ॥ ৩২ ॥ অন্যদিতি। হে চার্ব্বঙ্গি সুন্দরি অন্যৎ উক্ত

অন্যচ্চ শৃণু চার্ব্বঙ্গি ব্রহ্ম বিগ্রহ কারণং।
কৃষ্ণস্য রূপং দেবেশি সর্ব্বশক্তি সমন্বিতং ॥৩৩॥
যবশ্চক্রং পুষ্পমালা বলয়া কাঞ্চিরুত্তমা।
মালা মধ্যে অর্দ্ধচন্দ্রং কমলঞ্চ ধ্বজস্তথা ॥ ৩৪ ॥
ঊর্দ্ধরেখা চার্দ্ধপাদে অঙ্কুশ শ্চরণাম্বুজে।
দক্ষেশঙ্খং মহেশানি মীনঞ্চ পদমূলয়োঃ ॥ ৩৫॥

ভাষা।

হে সুন্দরি! ব্রহ্মদেহ সূচক আর যে যে চিহ্ন আছে তাহাও বলিতেছি শ্রবণ কর। হে দেবি! কৃষ্ণ রূপে সর্ব্ব শক্তি বিরাজ মান রহিয়াছেন ॥ ৩৩ ॥

কৃষ্ণ শরীরে যব, চক্র, পুষ্পমালা বলয় ও কাঞ্চীগুণে শোভিত; মালামধ্যে অর্দ্ধচন্দ্র, কমল ও ধ্বজ বর্ত্তমান আছে ॥ ৩৪ ॥

অর্দ্ধ পাদে ঊর্দ্ধ রেখা পাদ মূলে অঙ্কুশ চিহ্ন দক্ষিণ পাদে শঙ্খ উভয় পাদে মীন চিহ্ন ॥ ৩৫ ॥

অন্বয়ার্থ।

যব চিহ্নাদ্যধিকং ব্রহ্মশরীর নিরূপণং চিহ্নং শৃণু ॥ ৩৩ ॥ যবেতি পুষ্পমালা বনকুসুম শ্রক্। কাঞ্চী কটিভূষণং অর্দ্ধচন্দ্রং ধ্বজকমালা মধ্য এ বাস্তীতিভাবঃ ॥ ৩৪ ॥ ঊর্দ্ধেতি। পাদস্যার্দ্ধভাগে ঊর্দ্ধরেখা সমস্ত পাদে অঙ্কুশ চিহ্নমিত্যর্থঃ। দক্ষিণ চরণে শঙ্খং মীন চিহ্নঞ্চোভয় চরণয়ো রিত্যর্থঃ। ৩৫ ॥ গদামিতি। তত্রপাদে গদাকার চিহ্নমপি বিদ্যতে।

গদাঞ্চ শোভনান্তত্র এবং সপ্তদশ প্রিয়ে।
এবং নানাবিধং ভদ্রে লক্ষণং পরমাদ্ভুতং ।৩৬।
লক্ষণং পরমেশানি সর্ব্বশক্তি সমন্বিতং।
নানা জ্যোতির্ম্ময়ং দেহং প্রধানাৎ প্রকৃতিং পরাং
॥ ৩৭ ॥
জ্যোতিস্তু পরমেশানি নিত্য প্রকৃতিরূপিণী।
এবং নানাবিধং ভদ্রে শক্ত্যালক্ষণ লক্ষিতং ।৩৮

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে
দশমঃ পটলঃ।

ভাষা।

তাহাতে গদা চিহ্ন এবং সপ্তদশ প্রকার পরমাদ্ভুত বিবিধ প্রকার লক্ষণ দৃষ্ট হয় ॥ ৩৬ ॥

হে পরমেশ্বরি! কৃষ্ণদেহস্থিত চিহ্ন সকল সর্ব্ব শক্তিযুক্ত ও দেহ জ্যোতির্ম্ময় প্রকৃতি স্বরূপ ॥ ৩৭ ॥

হে ঈশ্বরি! কৃষ্ণদেহ জ্যোতিঃ সাক্ষাৎ নিত্য প্রকৃতি স্বরূপ। হে ভদ্রে! কৃষ্ণদেহ উক্ত বিবিধ লক্ষণে লক্ষিত ॥ ৩৮ ॥

ইতি দশম পটল।

অস্যার্থঃ।

এব মুক্ত প্রকার পরমাদ্ভুত নানাবিধ চিহ্নং হরিপাদে বিদ্যত ইত্যর্থ ।৩৬। লক্ষণমিতি হরের্দেহং নানা জ্যোতির্ম্ময়ং প্রধানাৎ প্রকৃতি ভূতা-মিত্যর্থঃ ॥ ৩৭ ॥ জ্যোতিরিতি। প্রকৃতি রেব হরি দেহে জ্যোতিরূপেণা-বির্ভতীতি ভাবঃ ॥ ৩৮ ॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃত রাধাতন্ত্র ব্যাখ্যানে
দশম পটলঃ।

ঈশ্বর উবাচ।

রহস্যং পরমং গুহ্যং জগন্মোহন সংজ্ঞকং।
যৎ শ্রুত্বা পরমেশানি সাধকস্য চ যদ্ভবেৎ ॥১॥
শ্রুত্বাতু সাধক শ্রেষ্ঠো ইষ্টৈশ্বর্য্য মবাপ্নুয়াৎ।
তৎসর্ব্বং শৃণু চার্ব্বঙ্গি কথয়ামি তবানঘে ॥ ২ ॥
গুহ্যাদ্ গুহ্যতমং হৃদ্যং পরমানন্দ কারণং।
অত্যদ্ভুতং রহস্যানাং রহস্যং পরমং শিবং ।৩।

ভাষা।

মহাদেব বলিতেছেন, এই পরম রহস্য অতি গোপনীয় বিষয় ইহার ভাব কেহই বুঝিতে পারে না। হে ঈশ্বরি! এই রহস্য কথা শ্রবণ করিলে সাধকের অভিলষিত ফললাভ হয়। হে সুন্দরি সেই সকল কথা আমি তোমার নিকট বলিতেছি শ্রবণ কর ॥ ১ ॥ ২ ॥

এই বাসুদেব রহস্য অতি গোপনীয়, হৃদয়ঙ্গম, পরমানন্দ-প্রদ, অতি আশ্চর্য্য জনক, ও পরম মঙ্গল কর ॥ ৩ ॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। যদ্বাসুদেব রহস্যং শ্রুত্বা সাধকোঽভিলষিত ফলং লভতে পরমং গুহ্যং তৎকথয়ামি শৃণু ত্বমিতি শেষঃ ॥ ১ ॥ ২ ॥ গুহ্যেতি। ইদং তত্ত্বমতি গুহ্যং। হৃদ্যং হৃদয়ঙ্গমং পরমানন্দ জনকমিত্যর্থঃ। শিবং শ্রেয়স্করং ॥ ৩ ॥ দুর্লভেতি। অতি দুষ্প্রাপ্যং কোপি নাস্য কারণং

দুর্ল্লভানাঞ্চ পরমং দুর্ল্লভং সর্ব্বমোহনং।
সর্ব্বশক্তিময়ং দেবি সর্ব্বতন্ত্রেষু গোপিতং ॥ ৪ ॥
নিত্যং বৃন্দাবনং নাম সতী কেশোপরি স্থিতং।
পুনর্ব্রহ্ম সুখৈশ্বর্য্যং নিত্যমানন্দ মব্যয়ং ॥ ৫ ॥
বৈকুণ্ঠ সদৃশাকারং স্বয়ং বৃন্দাবনং ভুবি।
যচ্চ বৈকুণ্ঠ মৈশ্বর্য্যং গোকুলে তৎপ্রতিষ্ঠিতং।৬
বৈকুণ্ঠ বৈভবং দেবি দ্বারকায়াং প্রকাশিতং।
যদ্ব্রহ্ম শক্তি সংযুক্তং নিত্যং বৃন্দাবনাশ্রয়ং ॥৭॥

ভাষা।

ত্রিভুবনের দুর্ল্লভ, সর্ব্বমোহনকারী, সর্ব্বশক্তিযুক্ত ও সকল তন্ত্রে গোপিত ॥ ৪ ॥

দক্ষসুতা সতী দেবীর কেশ পীঠোপরি বিনির্ম্মিত এই বৃন্দাবন স্থান নিত্য, নিত্যানন্দময় ও নিত্য সুখ সম্পৎ প্রদ ।৫।

এই বৃন্দাবন পৃথিবীতে বৈকুণ্ঠ তুল্য স্থান। বৈকুণ্ঠে যে যে সুখ সম্পৎ বিদ্যমান আছে গোকুলে ও তাহা প্রতিষ্ঠিত রহিয়াছে ॥ ৬ ॥

বৈকুণ্ঠ বিভব সকলই বৃন্দাবনে প্রকাশিত; এবং সর্ব্বশক্তিময় ব্রহ্ম ও বৃন্দাবনকে আশ্রয় করিয়াছেন ॥ ৭ ॥

অস্যার্থঃ।

বুধ্যতে সর্ব্বএব মোহয়ন্তীতিভাবঃ। এতন্ন কুত্রাপি তন্ত্রে প্রকাশিত মিত্যর্থঃ ॥ ৪ ॥ নিত্যমিতি সতী দক্ষকন্যা ভগবতী তস্যাঃ কেশ পীঠোপরি নির্ম্মিতং। ব্রহ্ম সুখৈশ্বর্য্যং নিত্যসুখ সম্পদ্‌যুক্তং ॥ ৫ ॥ বৈকুণ্ঠেতি.। বৃন্দাবন স্থানং বৈকুবৎ সুখ কারণমিত্যর্থঃ। বৈকুণ্ঠে যদৈশ্বর্য্যাদিকং গোকুলেপি তদস্তীতি ভাবঃ ॥ ৬ ॥ বৈকুণ্ঠেতি। বৈভবং সম্পৎ। শক্তিসংযুতং ব্রহ্ম বৃন্দাবন এবাস্তীতিভাবঃ ॥ ৭ ॥ তদিতি।

তৎকুলে মাথুরং বৃন্দাবন মধ্যে বিশেষতঃ।
জম্বুদ্বীপে মহেশানি ভারতং বিষ্ণুমোহনং ॥৮॥
নিগূঢ়ং বিদ্যতে বিষ্ণুঃ পর্য্যন্ত মবধিষ্ঠিতং।
সহস্রপত্র কমলাকারং মাথুর মণ্ডলং ॥ ৯ ॥
শক্তি চক্রোপরি শ্রীমদ্ধাম বৈষ্ণব মদ্ভুতং।
কর্ণিকা পত্র বিস্তারং রম্যং বৈ কথিতং প্রিয়ে॥
॥ ১০ ॥

ভাষা।

জম্বুদ্বীপ মধ্যে এই ভারতবর্ষ বিষ্ণুর অতি প্রিয়তম। বিশেষতঃ মথুরা মণ্ডল অতি প্রধান স্থান॥ ৮॥

মথুরা মণ্ডল সহস্রদল পদ্মাকার এই স্থানে বিষ্ণু সর্ব্বদা গূঢ়ভাবে বিদ্যমান আছেন॥ ৯॥

শক্তি চক্রোপরিস্থিত শ্রীমদ্বিষ্ণুধাম অতি অদ্ভুতাকার; ইহার কর্ণিকা বিস্তার অতি মনোরম॥ ১০॥

অস্যার্থঃ।

বৃন্দাবন মধ্যে মথুরামণ্ডলমেব প্রধান মিত্যর্থঃ। এবং জম্বুদ্বীপ মধ্যে ভারতবর্ষাখ্যং স্থান মেব বিষ্ণুপ্রিয়মিতি॥ ৮॥ নিগূঢ়মিতি। নিগূঢ়মতি গুপ্তং যথা তথেতি ভারতবর্ষ প্রান্তস্থিতং মথুরামণ্ডলং সহস্রদল পদ্মাকার মিত্যর্থঃ॥ ৯॥ শক্তীতি বিষ্ণুপ্রিয়ং শ্রীমদ্ধাম শক্তি চক্রোপরিস্থিত মিতি॥ ১০॥ ক্রমেতি। পরস্পারং দ্বাদশ কৃষ্ণকেলি স্থান দ্বাদশ

ক্রমশো দ্বাদশারণ্যং নামানি কথয়ামিতে।
ভদ্র শ্রীলৌহ ভাণ্ডীর মহাতাল খদীরকাঃ॥ ১১॥
বহুলা কুমুদং কাম্যং মধু বৃন্দাবন স্তথা।
বিশেষং শৃণু বক্ষ্যামি ক্রমং পরম সুন্দরি॥১২॥
ভদ্রঞ্চ তাপসী মূর্ত্তি স্তাপিনী শ্রীবন স্তথা।
ধূম্রা লৌহ বনং ভদ্রা ভাণ্ডীর মুত্তমং বনং।১৩।
মহাতাল বনং ভদ্রে জ্বালিনী পরমা কুলা।
রুচিস্তু খদিরং ভদ্রে বনং পরম শোভনং॥১৪॥

ভাষা।

ক্রমশ দ্বাদশ বনের নাম তোমার নিকট বলিতেছি। ভদ্র-বন, শ্রীবন, লৌহবন, ভাণ্ডীরবন, মহাবন, তালবন, খদিরবন, বহুবন, কুমুদবন, কাম্যবন, মধুবন ও বৃন্দাবন। হে সুন্দরি! এই দ্বাদশ বনের বিশেষ তোমার নিকট বলিব॥ ১১॥ ১২॥

রাধিকার এক এক মূর্ত্তি এক এক বন রূপে অবতীর্ণ হই-য়াছে তাহার বিশেষ এই। ভদ্রবন তাপসীমূর্ত্তি, শ্রীবন তাপিনী-মূর্ত্তি, ধুম্রামূর্ত্তি লৌহবন, ভদ্রামূর্ত্তি ভাণ্ডীরবন॥ ১৩॥

হে প্রিয়ে জ্বালিনীমূর্ত্তি মহাবন ও তালবন এবং রুচিমূর্ত্তি খদিরবন এই সকল বন অতি মনোহর॥ ১৪॥

অস্যার্থঃ।

বন নামানি কথামীত্যর্থঃ॥ ১১॥ বহুলেতি দ্বাদশবনমধ্যে বৃন্দাবনস্য বিশেষং শৃণ্বিত্যর্থঃ দ্বাদশবনানি যথা; ভদ্রবনং শ্রীবনং লৌহবনং ভাণ্ডীর বনং মহাবনং তালবনং খদিরবনং বহুবনং কাম্যবনং কুমুদবনং বৃন্দাবন-ঞ্চেতি॥ ১২॥ ভদ্রেতি। পদ্মিন্যা মূর্ত্তিবিশেষ এব বনরূপেণাবতীর্ণেতি।

সুসুম্না বহুনা ভদ্রে কুমুদং ভোগদা প্রিয়ে।
বিশ্বা মধুবনং প্রোক্তং বৃন্দাচ ধারিণী তথা ।১৫।
কাম্যঞ্চ মালিনী দেবি মহদ্বনং ক্ষমা তথা।
বন মুখ্যা দ্বাদশৈতাঃ কালিন্দ্যাঃ সপ্ত পশ্চিমে১৬
অন্যচ্চো পবনং ভদ্রে কৃষ্ণক্রীড়া রসস্থলং।
কদম্ব খণ্ডিকং নন্দবনং নন্দীশ্বরং প্রিয়ে। ১৭।
নন্দমানন্দ সুপ্তঞ্চ পলাশা শোক কেতকী।
সুগন্ধি মোদনং কৌল মমৃতং ভোজন স্থলং ১৮

ভাষা।

সুসুম্নামূর্ত্তি বহুবন ভোগদামূর্ত্তি কুমুদবন বিশ্বামূর্ত্তি মধুবন, ধারিণীমূর্ত্তি বৃন্দাবন ॥ ১৫ ॥

মালিনীমূর্ত্তি কাম্যবন ক্ষমামূর্ত্তি মহাবন। এই দ্বাদশবন সর্ব্ববন প্রধান; কালিন্দীর পশ্চিম ভাগে বিদ্যমান ॥ ১৬ ॥

কদম্ব খণ্ডিকা নন্দবন ও নন্দীশ্বর বন প্রভৃতি আর আর যে উপবন আছে তাহা কৃষ্ণের ক্রীড়া রসস্থান ॥ ১৭ ॥

নন্দন ও আনন্দ নামে দুই বন কৃষ্ণের শয়ন স্থান। পলাশ অশোক ও কেতকী বনে কৃষ্ণ গন্ধামোদ সুখ সেবা করেন। কৌলবন অমৃতাস্বাদন স্থান ॥ ১৮ ॥

অস্যার্থ।

পদ্মিন্যা যাতাপসী মূর্ত্তি স্তদেব ভদ্রবনং এব মন্যাত্রাপি। এতদ্বাদশবনমেব প্রধানং তত্র কালিন্দ্যাঃ পশ্চিমেভাগে সপ্তবনং বিদ্যতে ॥ ১৩ ॥ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ অন্যদিতি অন্যৎ কদম্ব খণ্ডিকাদি দ্বাত্রিংশদ্বনং পরম কৃষ্ণক্রীড়া রসস্থল মিত্যর্থঃ ॥ ১৭ ॥ নন্দেতি। নন্দনবনং সুপ্তং

সুখ প্রসাধনং বৎস হরণং শেষ শায়িকং।
শ্যামপূর্ব্যং দধিগ্রামং বৃষভানু পুরং তথা ।১৯।
সঙ্কেত দ্বিপদ ঞ্চৈব রাস ক্রীড়ন্ত ধূষরং।
কেমুদ্রুমং সরোবীনং নবমং মুকচন্দনং।২০।
সংখ্যা বনস্য দ্বাত্রিংশ দিথং সাধন সিদ্ধিদাঃ।
পূর্ব্বোক্তং দ্বাদশারণ্যং প্রধানং বন মুত্তমং ।২১।
তত্রোত্তরে চতুর্থঞ্চ বনঞ্চ সমুদা হৃতং।
নানাবিধ রসক্রীড়া নানা লীলাময়ং স্থলং ।২২।

ভাষা।

বন প্রদেশে বৎসহরণ প্রভৃতি নানাবিধ সুখ সেবায় কাল-বর্ত্তন করেন ॥ ১৯ ॥

সঙ্কেত, দ্বিপদ প্রভৃতি যে আর কতকগুলি বন আছে তা-হাতে কৃষ্ণ রাসক্রীড়া প্রভৃতি বিবিধ আমোদ করিতেন ॥ ২০ ॥

উক্ত দ্বাত্রিংশদ্বন সাধন সিদ্ধিপ্রদ কিন্তু পূর্ব্বোক্ত দ্বাদশবন সর্ব্ববন শ্রেষ্ঠ ও কৃষ্ণের প্রিয়তম ॥ ২১ ॥

এই সকল বনের উত্তরে চতুর্থ বন নামে এক বন আছে তাহা সর্ব্ববন শ্রেষ্ঠ ও নানাপ্রকার রসলীলা স্থল ॥ ২২ ॥

অস্যার্থঃ।

শয়নবনং। অমৃতবনং ভোজন স্থলং ॥ ১৮ ॥ সুখেতি সুখকর বৎস-হরণাদিক মিতিভাবঃ ॥ ১৯ ॥ সঙ্কেতেতি সঙ্কেতবনং রাসক্রীড়া স্থল-মিত্যর্থঃ ॥ ২০ ॥ সংখ্যেতি। ইত্থং দ্বাত্রিংশদ্বনং তত্র পূর্ব্বোক্তং দ্বাদশ-বনং প্রধানমিত্যর্থঃ ॥ ২১ ॥ তত্রেতি। দ্বাত্রিংশদ্বনস্যোত্তরে নানা-

দল কেশর বিস্তার রহস্য মীরিতং ক্রমাৎ।
সহস্রপত্র কমলং গোকুলাখ্যং শুচিস্মিতে॥
তৎকর্ণিকা মহদ্ধাম কৃষ্ণস্য স্থান মুত্তমং॥২৩॥

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে
একাদশঃ পটল।

ভাষা।

পদ্মেরদল কেশর বিস্তার রহস্য ক্রমত তোমার নিকট বলিয়াছি। গোকুল স্থান সহস্রদল কমল, তৎকর্ণিকা অতি প্রধান স্থান ও কৃষ্ণের অতিপ্রিয়॥ ২৩॥

ইতি একাদশ পটল।

অস্যার্থঃ।

ক্রীড়াস্থলং চতুর্ব্বনমিতি॥ ২২॥ দলেতি। পত্র কেশরাদীনাং রহস্যং ক্রমাৎ কথিতং। সহস্রদলং যৎকমলং তদেব গোকুলমিতি॥ ২৩॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃতে রাধাতন্ত্র ব্যাখানে
একাদশ পটলঃ।

ঈশ্বর উবাচ।

তত্রোপরি স্বর্ণপীঠে মণি মণ্ডপ মণ্ডিতে।
দক্ষিণাদি ক্রমাদ্দিক্ষু বিদিক্ষু দল মীরিতং।১।
যদ্দলং দক্ষিণে প্রোক্তং গুহ্যাদ্ গুহ্যতমং প্রিয়ে।
তত্রাবাসং মহাপীঠং নিগমাগম সুন্দরং ॥২॥
যোগীন্দ্রৈরপিদুষ্প্রাপ্যং সত্যং পুংসা মগোচরং
দলমাদৌ দ্বিতীয়ঞ্চ তদ্রহস্যং দ্বয়ং প্রিয়ে ॥৩॥

ভাষা।

মহাদেব বলিতেছেন, তদুপরি মণি মণ্ডপ ভূষিত স্বর্ণপীঠে দক্ষিণাদি চতুর্দ্দিকে ও অগ্ন্যাদি চতুষ্কোণে অষ্টদল বিদ্যমান আছে ॥ ১ ॥

হে প্রিয়ে! দক্ষিণদিকে যে দল আছে তাহা অতি গোপনীয়; সেই দলোপরি অতি সুন্দর মহাপীঠ আছে ॥ ২ ॥

ঐ মহাপীঠ যোগিগণেরও দুষ্প্রাপ্য ও সর্ব্ব পুরুষের অগোচর। হে প্রিয়ে আদ্যদল ও দ্বিতীয়দল উভয়ই অতি গোপনীয় ॥ ৩ ॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। স্বর্ণপীঠে সুবর্ণাসনে মণ্ডিতে শোভিতে। দিক্ষু দক্ষিণাদি চতুর্দ্দিক্ষু বিদিক্ষু অগ্ন্যাদি চতুষ্কোণেষু ॥ ১ ॥ যদ্দলমিতি। দক্ষিণদিগ্বর্ত্তিদলং অতি গোপনীয়ং ॥ ২ ॥ যোগীতি। প্রথমদলং দ্বিতীয়-দলঞ্চ অতি গোপনীয়ং মুনি প্রধানৈ রপি দুষ্প্রাপ্যমিত্যর্থঃ ॥ ৩ ॥ পূর্ব্বে-

পূর্বেদলং তৃতীয়ঞ্চ তত্র কেশী নিপাতিতা।
গঙ্গাদি সর্বতীর্থঞ্চ তদ্দলে সদ্গুণং সদা। ৪।
চতুর্থ দল মৈশান্যাং সিদ্ধ পীঠেপ্সিত প্রদং।
কাত্যায়ন্য র্চ্চনাদ্গোপী যত্র লেভে পতিং হরিং ৫
বস্ত্রালঙ্কার হরণং তদ্দলে সমুদাহৃতং।
উত্তরে পঞ্চমং প্রোক্তং দলং সর্ব দলোত্তমং।৬

ভাষা।

পূর্ব্বদিগ্বর্ত্তি তৃতীয়দলে কেশীনামে অসুর নিপতিত হইয়াছে। এবং গঙ্গাদি নিখিল তীর্থ ঐ দলে বিদ্যমান আছে ॥৪॥

ঈশানকোণে যে দল তাহা চতুর্থ এই দল সর্ব্বাভীষ্ট ফলপ্রদ। গোপীগণ এইদলে কাত্যায়নীর অর্চ্চনা করিয়া হরিকে পতি রূপে লাভ করিয়াছিল ॥ ৫ ॥

উত্তরে পঞ্চমদল ইহা সর্ব্বদল শ্রেষ্ঠ এই দলে কৃষ্ণ গোপীগণের বস্ত্রালঙ্কার হরণ করিয়াছেন ॥ ৬ ॥

অস্যার্থঃ।

তি। পূর্ব্বদিগ্বর্ত্তি তৃতীয়দলে গঙ্গাদি সর্ব্বতীর্থং সদা বিরাজত ইতিভাবঃ।৪ চতুর্থেতি ঐশান্যাং চতুর্থদলং সিদ্ধক্ষেত্র মভিলষিত প্রদকেতি। যত্রদলে গোপী কাত্যায়নী মর্চ্চয়িত্বা হরিং পতিং লেভে ॥ ৫ ॥ বস্ত্রেতি। চতুর্থদলএব কৃষ্ণঃ গোপীনাং বস্ত্রালঙ্কারাদি জহার। উত্তরে পঞ্চমং দলং সর্ব্বদল শ্রেষ্ঠমিত্যর্থঃ ॥ ৬ ॥ যত্রেতি যত্র পঞ্চমদলে দ্বাদশাদিত্যা স্তিষ্ঠ-

যত্রৈব দ্বাদশাদিত্যা দলঞ্চ কর্ণিকা সমং।
বায়ব্যান্তু দলং ষষ্ঠং ভদ্রকালী হ্রদঃ স্মৃতঃ॥৭॥
দলোত্তমোত্তমং দেবি প্রধানং দল মুচ্যতে।
সর্ব্বোত্তমং দলশ্রেষ্ঠং পশ্চিমে সপ্তমং দলং।৮।
যজ্ঞ পত্নীগণানাঞ্চ যদীপ্সিত বরপ্রদং।
অম্বাসুরোপি নির্ব্বাণং লেভে যত্র দলে প্রিয়ে।৯

ভাষা।

বায়ুকোণে যে দল তাহা ষষ্ঠ, সর্ব্বদল প্রধান এই দলে দ্বাদশাদিত্য বিদ্যমান আছেন, ইহা কর্ণিকা তুল্য এবং ইহাকে কালীহ্রদ বলে॥ ৭॥

পশ্চিমদিকে যে দল তাহা সপ্তমদল এই দল অতি প্রধান ও সর্ব্বদলোত্তম॥ ৮॥

এই দলে যজ্ঞ পত্নীগণ অভীষ্ট লাভ করিয়াছিল এবং অম্বাসুর মুক্তিপদ প্রাপ্ত হয়॥ ৯॥

অন্বয়ার্থ।

ত্তীতিশেষঃ। এতদ্দলং কর্ণিকা তুল্যং। বায়ব্যাং ষষ্ঠদলং তত্র ভদ্রকালী হ্রদঃ॥ ৭॥ দলেতি পশ্চিমে সর্ব্বদলশ্রেষ্ঠং সপ্তমং দলং তিষ্ঠতীশেষঃ। ॥ ৮॥ যজ্ঞেতি। তত্র সপ্তমদলে যজ্ঞপত্নীগণা ঈপ্সিতং বরং লেভিরে অম্বাসুরোপি নির্ব্বাণ মুক্তিং লেভে ইতিভাবঃ॥ ৯॥ ব্রক্ষেতি নৈঋত্যা

ব্রহ্মণো মোহনং তত্র দলং ব্রহ্ম হ্রদাবধি।
নৈঋত্যাস্ত দলং প্রোক্ত মষ্টমং ব্যোমঘাতনং ১০
শঙ্খচূড়বধ স্তত্র নানাকেলি রসস্থলং।
এতদষ্ট দলং ভদ্রে বৃন্দারণ্যান্তর স্থিতং ॥ ১১॥
শ্রীমদ্বৃন্দাবনং রম্যং যমুনায়াঃ প্রদক্ষিণং।
অধিষ্ঠাতা তত্র শম্ভু লিঙ্গং গোপীশ্বরাভিধং ১২

ভাষা।

নৈর্ঋতদিকে অষ্টমদল আছে ইহা ব্রহ্মমোহনকারী ও ব্রহ্ম হ্রদাবধি বিস্তৃত ॥ ১০ ॥

এই দলে শঙ্খচূড় বধ হইয়াছিল ও নানাপ্রকার রসকেলি সম্পাদিত হইত। বৃন্দাবন মধ্যে এই অষ্টদল বিদ্যমান আছে ॥ ১১ ॥

অতি রমণীয় শ্রীমদ্বৃন্দাবন ধাম যমুনার মধ্যগত। গোপীশ্বর নামে শিব লিঙ্গ ইহার অধীশ্বর ॥ ১২ ॥

অন্বয়ার্থঃ।

নৈঋত্যামষ্টমদলং তদ্ব্রহ্মমোহনং ব্রহ্মহ্রদাবধি বিস্তীর্ণমিত্যর্থঃ ॥ ১০ ॥ শঙ্খেতি। অত্রৈব দলে শঙ্খচূড়াসুরবধঃ। এতদ্দলং বৃন্দাবন মধ্যগতং নানারসস্থল মিত্যর্থঃ ॥ ১১ ॥ শ্রীমদিতি। শ্রীমদ্বৃন্দাবন মতি রমণীয়ং তস্যাধিষ্ঠাতা শম্ভু গোপীশ্বরাখ্য লিঙ্গরূপেণ বিরাজতে ॥ ১২ ॥ তদিতি। এত

তদ্বাহ্যে ষোড়শদলে মাহাত্ম্য ক্রম ঈর্য্যতে।
নৈঋত্যাদি ক্রমাৎ প্রোক্তং প্রাদক্ষিণ্যং যথাতথা।
॥ ১৩ ॥
মহৎপদং মহদ্ধাম প্রধানং তত্র ষোড়শ।
প্রথমঞ্চ দলং শ্রেষ্ঠং মাহাত্ম্যং কর্ণিকা সমং।১৪
তদ্দলে মধুবনং প্রোক্তং তত্র প্রাদুরভূদ্ধরিঃ।
আদ্যং কেশর মাপূজ্যং ত্রিগুণাতীত মীশ্বরং১৫

ভাষা।

এই অষ্টদলের বহির্ভাগে ষোড়শ দল আছে তাহার মায়া অতি আশ্চর্য্য। নৈর্ঋতাদি ক্রমে এই ষোড়শদল আছে। ১৩।

এই ষোড়শদলের প্রথমদল মহৎপদ ও মহদ্ধাম এবং কর্ণিকা সম॥ ১৪॥

এই দলে মধুবন আছে এবং এখানেই হরি আবির্ভূত হইয়া ছিলেন। আদ্য কেশর সকলের পূজ্য ও ত্রিগুণাতীত ঈশ্বর স্বরূপ॥ ১৫॥

অস্যার্থঃ।

দষ্টদল বাহ্যে ষোড়শদলস্য মাহাত্ম্যং কথ্যতে। এতৎ ষোড়শদলং নৈর্ঋত্যাদি ক্রমেণ যথাযথং স্থিতমিত্যর্থঃ॥ ১৩॥ মহদিতি এতৎ ষোড়শদলং মহৎস্থানং প্রধানং। প্রথমং দলং কর্ণিকা তুল্যং॥ ১৪॥ তদ্দিতি। প্রথমদল এব মধুবনং তত্র হরিঃ প্রাদুরভূৎ॥ ১৫॥ চতুর্ভুজ-

চতুর্ভুজং মহাবিষ্ণুং সর্ব্ব কারণ কারণং।
অধিষ্ঠিতং দেব দেবং সর্ব্বশ্রেষ্ঠ দলোত্তমে ।১৬।
যত্র ক্ষেত্রপতি র্দেবো ভূতেশ্বর উমাপতিঃ।
দলং দ্বিতীয় মাখ্যাতং কিঞ্চিল্লীলা রসস্থলং ।১৭।
খদিরঞ্চেতি তত্রৈব দলঞ্চ সমুদাহৃতং।
সর্ব্বশ্রেষ্ঠ দলং প্রোক্তং মাহাত্ম্যং কর্ণিকা সমং ১৮

ভাষা।

সর্ব্বপ্রধান দলোত্তমে সর্ব্বকারণ দেব দেব চতুর্ব্বাহু মহাবিষ্ণু অধিষ্ঠিত আছেন ॥ ১৬ ॥

যেই ক্ষেত্রের অধিপতি ভূতেশ্বর উমাপতি মহাদেব। বিখ্যাত দ্বিতীয় দল লীলা রসস্থল ॥ ১৭ ॥

এই দলেতে খদিরবনে শ্রীকৃষ্ণ নানাবিধ রসকেলি করিতেন। এই দল সর্ব্বপ্রধান ইহার মাহাত্ম্য কর্ণিকা সম ॥ ১৮ ॥

অস্যার্থঃ।

মিতি। সর্ব্বকারণং জগদ্বীজং। অধিষ্ঠিতং আসীনমিত্যর্থঃ। সর্ব্বশ্রেষ্ঠ দলোত্তমে প্রধানদলে ॥ ১৬ ॥ যত্রেতি। যত্রদলে উমাপতিঃ শিবঃ অধীশ্বরঃ লীলারসস্থলং ক্রীড়া কৌতুকাগার মিত্যর্থঃ ॥ ১৭ ॥ খদিরেতি। তত্রৈব দ্বিতীয়দলে খদির বনমাসীদিতিভাবঃ। কর্ণিকা সমং কর্ণিকা তুল্য মাহাত্ম্যং ॥ ১৮ ॥ তত্রেতি। দ্বিতীয়দলে গোবর্দ্ধন পর্ব্বতে

তত্র গোবৰ্দ্ধন গিরৌ নিত্যং রম্য ফলাদিকং ।
দলং তৃতীয়কং ভদ্রে সর্ব্বশ্রেষ্ঠোত্তমোত্তমং ।১৯
হরি র্যস্য পতিঃ সাক্ষাদ্ গোবৰ্দ্ধন মহীভৃতঃ ।
চতুর্থং দলমাখ্যাতং মহাদ্ভুত রসস্থলং ॥ ২০ ॥
কদম্ব ভাণ্ডী তত্রৈব পূর্ণানন্দ রসাশ্রয়ঃ ।
স্নিগ্ধং হৃদ্যং প্রিয়ং রম্যং দলঞ্চ সমুদাহৃতং ।২১

ভাষা।

এই দলমধ্যে গোবৰ্দ্ধন পর্ব্বতে হরি নিত্য রম্য ফলাদি ভোগ করেন। হে সুন্দরি তৃতীয়দল সর্ব্বপ্রধান ও সর্ব্বো-ত্তম ॥ ১৯ ॥

বিখ্যাত চতুর্থদল রহস্য রসকেলি স্থান। গোবৰ্দ্ধনধারী হরি যাহার সাক্ষাৎ অধিপতি ॥ ২০ ॥

পঞ্চমদলে কদম্ব ভাণ্ডীর প্রভৃতি পূর্ণানন্দ রসাশ্রয় বিবিধ কৃষ্ণকেলি বন বিদ্যমান আছে; এই স্থান অতি স্নিগ্ধ, মনো-

অস্যার্থঃ।

বহুতরং রম্যফল মস্তীতি। তৃতীয়ং সর্ব্বশ্রেষ্ঠং ॥ ১৯ ॥ হরিরিতি। গোবৰ্দ্ধনধারী হরি র্যস্যাধীশ্বরঃ। চতুর্থদল মাশ্চর্য্য রসস্থানং ॥ ২০ ॥ কদম্বেতি। তত্রৈব চতুর্থদলে কদম্ববনং ভাণ্ডীরবনঞ্চেতি। স্নিগ্ধং সুশী-তলং হৃদ্যং মনোরমং ॥ ২১ ॥ নন্দীশ্বরমিতি। নন্দীশ্বরাভিধ পঞ্চম-

নন্দীশ্বরং দলশ্রেষ্ঠং তত্র নন্দালয়ং প্রিয়ে।
কর্ণিকা সম মাহাত্ম্যং পঞ্চমং দলমুচ্যতে ॥২২॥
তদধিষ্ঠাতৃ গোপালো ধেনুপালন তৎপরঃ।
দলং ষষ্ঠং যদ ক্ষোভং তত্র বৃন্দাবনং স্মৃতং ২৩
সপ্তমং বহুনা রম্যং দলং রম্যং প্রকীর্ত্তিতং।
দলাষ্টমং তালবনং তত্র ধেনু বধঃ স্মৃতঃ ॥২৪॥

ভাষা।

হর ও প্রিয়তর; ইহার বিশেষ নাম নন্দীশ্বর দল এখানে নন্দরাজের ভবন ইহার মাহাত্ম্য কর্ণিকা তুল্য ॥ ২১ ॥ ২২ ॥

ষষ্ঠদল নির্ভয় স্থান তাহাতে বৃন্দাবন বিদ্যমান আছে; ইহার অধিপতি ধেনুপালন তৎপর গোপালরূপী স্বয়ং হরি ।২৩।

সপ্তমদল অতি রম্য ও সর্ব্বপ্রধান কীর্ত্তিত আছে। অষ্টমদল কৃষ্ণ ক্রীড়া রসস্থান এবং এখানে ধেনু নামক অসুরের বিনাশ হইয়াছিল ॥ ২৪ ॥

অস্যার্থঃ।

দলে নন্দালয় মাসীদিত্যর্থঃ। অস্যাপি মাহাত্ম্যং কর্ণিকা সমমিতি। ২২। তদিতি। ধেনুপালন তৎপরঃ গোচারণ নিরতঃ। গোপালরূপী হরিঃ ষষ্ঠদলস্যাধিপতি রিত্যর্থঃ। অত্রৈব দলে বৃন্দাবন মস্তীতি ভাবঃ ॥ ২৩ ॥ সপ্তমমিতি। সপ্তমদল মতি মনোহরং। অষ্টমদলে তালবন মাসী-

নবমং কুমুদারণ্যং দলং রম্যং শুচিস্মিতে।
কাম্যারণ্যং দলং হৃদ্যং প্রধানং সর্ব্বকারণং।২৫
ব্রহ্মস্থানং দলং তত্র বিষ্ণু বৃন্দ সমন্বিতং।
কৃষ্ণক্রীড়া রসস্থানং দশমং দলমুচ্যতে॥ ২৬ ॥
দলমেকাদশং প্রোক্তং ভক্তানুগ্রহ কারণং।
সেতুবন্ধস্য নির্ম্মাণং নানারত্ন রসস্থলং॥ ২৭ ॥

ভাষা।

নবমদলে কুমুদবন আছে ইহা অতি রমণীয় স্থান এবং এখানেই কাম্যবন বিদ্যমান রহিয়াছে। এই দল অতি মনোহর ও সর্ব্বকারণ॥ ২৫ ॥

দশমদল ব্রহ্মস্থান এই দলে বিষ্ণু বিবিধরূপে বিরাজ করিতেছেন। এবং ইহাকেই কৃষ্ণক্রীড়া রসস্থান বলে॥ ২৬ ॥

একাদশদল ভক্তবৃন্দের বাঞ্ছা পূর্ণ করে। এখানে সেতুবন্ধ নির্ম্মিত হইয়াছিল এবং কৃষ্ণ নানারূপ রসকেলি করিয়া থাকেন॥ ২৭ ॥

অস্যার্থঃ।

দিতি॥ ২৪ ॥ নবমমিতি। নবমদলে কুমুদবনং কাম্যবনঞ্চেতি। হৃদ্যং মনোহরং। সর্ব্বকারণং সর্ব্বহেতু ভূতমিতি॥ ২৫ ॥ ব্রহ্মেতি। দশমদলং ব্রহ্মস্থানং অত্রৈব দলে বিষ্ণু র্বহুবিধং রসক্রীড়াং চকারেতি। ২৬। দলমিতি। একাদশদলে হরির্ভক্ত মনোরথং পূরয়ামাস সেতুবন্ধাদিকং নানারসক্রীড়াং চকারেতি॥ ২৭ ॥ ভাণ্ডীরেতি। যত্রাভাণ্ডীরবনং তদেব

ভাণ্ডীরং দ্বাদশদলং বনং রম্যং মনোহরং।
কৃষ্ণঃ ক্রীড়ারস স্তত্র কুসুমাদি সহায়তঃ।২৮।
ত্রয়োদশ দলং শ্রেষ্ঠং তত্র ভদ্রবনং স্মৃতং।
চতুর্দ্দশ দলং প্রোক্তং সর্ব্ব সিদ্ধিপ্রদং স্থলং।২৯
শ্রীবনং তত্র রুচিরং সর্ব্বৈশ্বর্য্যস্য কারণং।
কৃষ্ণলীলাময় দলং শ্রীকান্তি কীর্ত্তিবর্দ্ধনং।৩০।

ভাষা।

দ্বাদশদলে ভাণ্ডীর বন আছে ইহা অতি রমণীয় স্থান এবং কৃষ্ণ এখানে নানাবিধ কুসুম সহায়ে রসকেলি করেন ॥ ২৮ ॥

ত্রয়োদশদল সর্ব্বশ্রেষ্ঠ তাহাতে ভদ্রবন আছে। চতুর্দ্দশদল সর্ব্ব সিদ্ধিপ্রদ বলিয়া বর্ণিত আছে ॥ ২৯ ॥

পঞ্চদশদলে অতি মনোহর সর্ব্ব সম্পৎপ্রদ শ্রীবন আছে। ইহা কৃষ্ণলীলা রসময় স্থান এবং শ্রী, কান্তি ও কীর্ত্তিবর্দ্ধনকারী।

অস্যার্থঃ।

দ্বাদশদলং। অত্র কৃষ্ণঃ কুসুমাদি সহায়েন নানারসক্রীড়া মকোরো-দিত্যর্থঃ ॥ ২৮ ॥ ত্রয়োদশমিতি। ত্রয়োদশদলং ভদ্রবনং। চতুর্দ্দশ-দলং সর্ব্বসিদ্ধিপ্রদং ॥ ২৯ ॥ শ্রীতি। তত্রৈব চতুর্দ্দশদলে শ্রীবন মতি মনোহরং। শ্রীকান্ত্যাদিবর্দ্ধনং। সর্ব্বসম্পৎ প্রদমিতি ॥ ৩০ ॥ দল-

দলং পঞ্চদশং শ্রেষ্ঠং তত্র নৌহরণং শুভং।
কথিতং ষোড়শ দলং মাহাত্ম্যং কর্ণিকা সমং৩১
মহাবনং দলং প্রোক্তং তত্রাস্তে গুহ্য মুত্তমং।
বাল্যক্রীড়া রসস্তত্র বৎসবালৈঃ সমাবৃতঃ।৩২।
পূতনাদি বধ স্তত্র যমলার্জুন ভঞ্জনং।
অধিষ্ঠাতা তত্রবালো গোপালঃ পঞ্চমাব্দিকঃ৩৩

ভাষা।

এই দলে কৃষ্ণ নৌকাহরণ কেলি করিয়াছেন। ষোড়শদল সর্ব্বপ্রধান ইহার মাহাত্ম্য কর্ণিকা তুল্য॥ ৩০॥ ৩১॥

এই দলেতে মহাবন নামে বন আছে, এখানে কৃষ্ণ গুহ্য-ক্রীড়া করিতেন। এবং বৎস বালকগণের সহিত বাল্যক্রীড়া এখানেই হইত॥ ৩২॥

গোপাল পঞ্চমবর্ষ পর্য্যন্ত এখানে থাকিয়া পূতনা ও যমলা-র্জুন নামে অসুর বিনাশ করেন॥ ৩৩॥

অস্যার্থঃ।

মিতি। পঞ্চদশদলং শ্রেষ্ঠং তত্র পঞ্চদশদলে নৌকাহরণাদি ক্রীড়ারসঃ। ষোদশদলং কর্ণিকা সম মাহাত্ম্যমিতি॥ ৩১॥ মহেতি। অত্র দলে কৃষ্ণঃ বৎসৈ র্ব্বালৈশ্চ মিলিতঃ সন্ অতি গুহ্যং বাল্যক্রীড়া রস মুপাগতঃ ইতিভাবঃ॥ ৩২॥ পূতনেতি। অত্রৈব দলে পঞ্চমাব্দিকো বাল গোপালঃ পূতনাবধং যমলার্জুন বধ মকরোদিতি ভাবঃ॥ ৩৩॥ নাম্নেতি নাম্না

নাম্নাদামোদরঃ প্রোক্তঃ প্রেমানন্দ রসার্ণবঃ।
প্রসিদ্ধ দলমাখ্যাতং সর্ব্বশ্রেষ্ঠ দলোত্তমং ॥৩৪॥
কৃষ্ণক্রীড়া রস স্তত্র বিহার দলমুচ্যতে।
সিদ্ধি প্রধান কিঞ্জল্কং বনঞ্চ সমুদাহৃতং ॥৩৫॥

শ্রীপার্ব্বত্যুবাচ।

বৃন্দাবনস্য মাহাত্ম্যং রহস্যং বা কিমদ্ভুতং।
রসং প্রেমতথানন্দং সর্ব্বংমে কথয় প্রভো ॥৩৬॥

ভাষা।

হরি দামোদর নামে প্রেমানন্দ রসাস্বাদে নিয়ত ছিলেন। এই বিখ্যাত দল সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বোত্তম ॥ ৩৪ ॥

এইদলে নিয়ত কৃষ্ণ ক্রীড়া হয় এই জন্য ইহাকে বিহার দল বলে। এইদল কেশর সর্ব্ব সিদ্ধিদাতা রূপে বর্ণিত ॥ ৩৫ ॥

পার্ব্বতী পুনর্ব্বার জিজ্ঞাসা করিতেছেন। বৃন্দাবনের আশ্চর্য্য মাহাত্ম্য ও প্রেমানন্দ রস আমার নিকট বাহুল্যরূপে বর্ণন কর ॥ ৩৬ ॥

অস্যার্থঃ।

দামোদরঃ দামোদরাখ্যঃ প্রেমানন্দরসার্ণবঃ প্রেমানন্দ পূর্ণঃ ॥ ৩৪ ॥ কৃষ্ণেতি। তত্রদলে কৃষ্ণক্রীড়া রসঃ কৃষ্ণঃ ক্রীড়া সুখ মুপভুক্ত ইত্যর্থঃ। কিঞ্জল্কঃ কেশরঃ ॥ ৩৫ ॥ শ্রীপার্ব্বত্যুবাচেতি। অদ্ভুতং বৃন্দাবন মাহাত্ম্যং প্রেমরস মানন্দ রসঞ্চ মে কথয়েতিভাবঃ ॥ ৩৬ ॥ যন্ত্রেতি।

যত্র বৃন্দাদি পূলকৈঃ প্রেমানন্দাশ্রু বর্ষিতং।
কিং পুনশ্চেতনা যুক্তৈর্বিষ্ণুভক্তিঃ কি মুচ্যতে। ৩৭
কথিতংতে প্রিয়তমং গুহ্যাদ্গুহ্যতমং প্রিয়ে।
রহস্যানাং রহস্যঞ্চ দুর্ল্লভানাঞ্চ দুর্ল্লভং ॥৩৮॥
ভারতে গোপিতং দেবি কেশপীঠং মনোহরং।
ব্রহ্মাদি বাঞ্ছিতং স্থানং দেবগন্ধর্ব্ব সেবিতং।৩৯

ভাষা।

যেখানে তরুলতা প্রভৃতি অচেতন পদার্থও প্রেমানন্দাশ্রু বর্ষণ করে; সেখানে চেতনাযুক্ত মানবাদির আর কথা কি? কৃষ্ণ ভক্তির কি অপার মহিমা ॥ ৩৭ ॥

মহাদেব বলিতেছেন হে প্রিয়ে পার্ব্বতি তোমার নিকট অতি দুর্ল্লভ রহস্য কথা বলিয়াছি ॥ ৩৮ ॥

হে দেবি কেশপীঠ ভারতে অতি গোপনীয় স্থান। ব্রহ্মাদি দেবগণ সর্ব্বদা ইহা বাঞ্ছা করেন, এবং দেবগণ ও গন্ধর্ব্বগণ সদা সেবা করে ॥ ৩৯ ॥

অস্যার্থঃ।

যত্র বৃন্দাবনে। প্রেমানন্দাশ্রু বর্ষিতং পাতিতং চেতনাবতাং যা বিষ্ণুভক্তি সা কিমুচ্যতে ॥ ৩৭ ॥ কথিতেতি। তেতব প্রিয়তমং গোপনীয়ং দুর্ল্লভং রহস্যং কথিত মিত্যর্থঃ ॥ ৩৮ ॥ ভারতেতি। ভারতে ভারতবর্ষে। এতৎ কেশপীঠং বৃন্দাবনং গোপনীয়ং। যৎ পীঠং ব্রহ্মাদয়োপি বাঞ্ছন্তি ॥ ৩৯ ॥

পঞ্চাশন্মাতৃকাযুক্তং নিত্যানন্দময়ং প্রিয়ে।
যত্র কাত্যায়নী মায়া মহামায়া জগন্ময়ী ॥ ৪০ ॥
কিমসাধ্যং মহেশানি পূজ্যা তত্র বরাননে।
লতাকন্দং মহেশানি বৃন্দেতি কথিতং প্রিয়ে ।৪১
লতাকন্দং মহেশানি স্বয়ং কাত্যায়নী পরা।
অতএব মহেশানি যোগেন্দ্রৈঃ পরিসংস্তুতং ।৪২

ভাষা।

এই স্থান পঞ্চাশ মাতৃকাযুক্ত ও নিত্যানন্দ ধাম। যেখানে মহামায়া জগন্ময়ী কাত্যায়নী বিরাজমানা আছেন ॥ ৪০ ॥

এই কাত্যায়নী দেবীর আরাধনা করিলে কিছুই অসাধ্য থাকেনা হে মহেশ্বরি বৃন্দা শব্দের অর্থ লতা ও কন্দ ॥ ৪১ ॥

হে মহেশানি বৃন্দাবনে কাত্যায়নী স্বয়ং লতাকন্দ রূপে অবতীর্ণা হইয়াছেন। অতএব যোগিগণ সদা স্তব করিয়া থাকে ॥ ৪২ ॥

অন্বয়ার্থ।

পঞ্চেতি। অকারাদি পঞ্চাশন্মাতৃকাবর্ণ যুক্তং কেশপাঠং নিত্যানন্দময়ং যত্র মহামায়া কাত্যায়নী বিরাজতে ॥ ৪০ ॥ কিমিতি। তত্র বৃন্দাবনে কাত্যায়নী পূজ্যাচেৎ ন কিমপ্য সাধ্যং স্যাদিতি। বৃন্দা শব্দেন লতাকন্দ মভিধীয়তে ॥ ৪১ ॥ লতেতি। বৃন্দাবনস্থিতং যৎ লতাকন্দং তদেব কাত্যায়নী অতএব বৃন্দাবনং যোগীন্দ্রৈঃ সেব্যতে ইতি ভাবঃ ॥ ৪২ ॥

অপ্‌সরোভিশ্চ গন্ধর্ব্বৈ নৃ্ত্য গীতং নিরন্তরং।
শ্রীমদ্বৃন্দাবনং রম্যং পূর্ণানন্দ রসাশ্রয়ং॥ ৪৩ ॥
ভুমি চিন্তামণিস্তোয়ং সততং রস পূরিতং ॥৪৪॥
বৃক্ষঃ সুরদ্রুম স্তত্র সুরভী বৃন্দ সেবিতং।
পূর্ণস্তু পরমেশানি পঞ্চাশৎ কলয়াযুতং ॥ ৪৫ ॥
আনন্দো যস্তু দেবেশি প্রকৃতিঃ পরমেশ্বরী।
যা ভুমিঃ পরমেশানি সাতু পৃথী বরাননে ।৪৬।

ভাষা।

শ্রীমদ্বৃন্দাবনধামে অপ্‌সরা ও গন্ধর্ব্বগণ সদা নৃত্য গীত করিয়া থাকে। এখানে প্রেমানন্দ সাক্ষাৎ বিরাজমান আছে। বৃন্দাবন ভুমি চিন্তামণি স্বরূপ, ও জল অমৃত রস পূর্ণ ॥৪৩॥৪৪॥

বৃন্দাবনের বৃক্ষ সকল কল্প বৃক্ষ তুল্য নানারূপ সৌগন্ধ পরিপূর্ণ। এবং বৃন্দাবন স্থান পঞ্চাশৎ কলাযুক্ত ও নিত্যানন্দ ধাম ॥ ৪৫ ॥

হে দেবেশি প্রকৃতি দেবী বৃন্দাবনের মূর্ত্তিমান আনন্দ; বৃন্দাবন ভুমি স্বয়ং ভূতধাত্রী পৃথিবী ॥ ৪৬ ॥

অস্যার্থঃ।

অপ্সর ইতি। অপ্সরো গন্ধর্ব্বাদিভি নৃ্ত্য গীত পূর্ণং বৃন্দাবনং নিত্য সুখাশ্রয় মিত্যর্থঃ॥ ৪৩ ॥ ভূমীতি। ভূমি বৃ্ন্দাবন ভূমিশ্চিন্তামণি রভিলষিত ফলপ্রদঃ। তোয়ং জলং রস পুরিতং সর্ব্বরস পূর্ণমিত্যর্থঃ ॥৪৪॥ বৃক্ষইতি। বৃক্ষঃ বৃন্দাবন বৃক্ষঃ সুরদ্রুমঃ কল্পবৃক্ষঃ। পঞ্চাশৎ কলয়া পঞ্চাশন্মাতৃকা বর্ণরূপয়া ॥ ৪৫ ॥ আনন্দ ইতি। যা পদ্মিনী সা এব আনন্দ ময়ীতি। যা ভুমিঃ সাএব পৃথিবী। বরাননে ইতি পার্ব্বতী সম্বোধনং ।৪৬

তোয়ং রসং বরারোহে স্বয়ং প্রকৃতিরুত্তমা।
দ্রুমস্তু প্রকৃতির্ম্মায়া তরুভিশ্চণ্ডিকা স্বয়ং ॥৪৭॥
স্ত্রীলক্ষ্মীঃ পুরুষোবিষ্ণুস্তদ্দশাংশ সমুদ্ভবঃ।
বিষ্ণুস্তু পরমেশানি জ্যেষ্ঠা শক্তি রিতীরিতা ॥৪৮॥
অংশাস্তু পরমেশানি কলা প্রকৃতিরূপিণী।
বয়ঃ কৈশোরকং তত্র নিত্যমানন্দ বিগ্রহং ॥৪৯॥

ভাষা।

হে সুন্দরি বৃন্দাবন জল অমৃত স্বরূপ। বৃন্দাবন বৃক্ষ সকল মায়াময় প্রকৃতিরূপা স্বয়ং চণ্ডিকা ॥ ৪৭ ॥

বৃন্দাবন স্ত্রীগণ স্বয়ং লক্ষ্মী। পুরুষগণ সকলই বিষ্ণুর অংশ। এবং ভগবান বিষ্ণু আদ্যাশক্তি ॥ ৪৮ ॥

হে ঈশানি বিষ্ণুর অংশ হইতে প্রকৃতির উদ্ভব হয়। কৃষ্ণের বাল্য কৈশোর প্রভৃতি বয়স মূর্ত্তিমান আনন্দ স্বরূপ ॥ ৪৯ ॥

অস্যার্থঃ।

তোয়মিতি। যদ্রসং তদেবতোয়ং প্রকৃতিরূপা মায়াময়ী চণ্ডিকা দ্রুমরূপেণাবতীর্ণা ॥ ৪৭ ॥ স্ত্রীতি। বৃন্দাবন স্ত্রিয়ো লক্ষ্মীরূপাঃ। বিষ্ণোরংশাঃ পুরুষাঃ। জ্যেষ্ঠাশক্তি রাদ্যাশক্তি রিত্যর্থঃ ॥ ৪৮ ॥ অংশাইতি। অংশা বিষ্ণোরংশা বাল্যকৈশোবাদিকং যদ্বয় স্তৎ সকলমেব নিত্যানন্দ বিগ্রহ মিত্যর্থঃ ॥ ৪৯ ॥ গতিরিতি। গতিঃ স্বাভাবিক গমনমেব নাট্যং নৃত্যং কথা আলাপএব গানং। নিরন্তরং সদৈব হাস্য

গতির্নাট্যং কথা গানং স্মিতবক্তুং নিরন্তরং।
শুদ্ধসারৈঃ প্রেমপূর্ণং মানবৈস্তদ্বনাশ্রয়ৈঃ ॥৫০॥
পুনর্ব্রহ্ম মুখে মগ্নং স্ফুর ন্মূর্ত্তিত তন্ময়ং।
গত্যাদি স্মিতবক্তান্তং শুদ্ধসত্তাদিকঞ্চ যৎ।
তৎসর্ব্বং কুরুতে রূপং সততং কমলেক্ষণে ॥৫১॥
যত্তু কোকিল ভৃঙ্গাদ্যাঃ কুজৎ কলং মনোহরং।
কপোত শুক সঙ্গীত মুন্মত্তানি সহস্রকং।
ভুজঙ্গ শক্র নৃত্যাঢ্যং সকান্তামোদ বিভ্রমং।৫২

ভাষা।

শ্রীকৃষ্ণের গমনে নৃত্য দর্শন হয় কথা শ্রবণে গান শ্রবন হইয়া থাকে। তাঁহার বক্তু সর্ব্বদাই মধুর হাস্য পূর্ণ। বৃন্দাবন বাসি মানবগণ তাহার বদন সদা প্রেমপূর্ণ অবলোকন করে।৫০।

শ্রীকৃষ্ণের মুখ কমলে সতত পূর্ণব্রহ্মের আভা স্ফুরিত হয়। তাহার গতি, কথা ও হাস্যবদন সর্ব্বদা শুদ্ধ সত্বসারময়। তাহার রূপ অনুপম ॥ ৫১ ॥

কোকিল, ভৃঙ্গ ও শুক প্রভৃতি যে মধুর সঙ্গীত করে তাহারাও কৃষ্ণ মুখ নির্গত বাক্যে উন্মত্ত হয়। এবং ভুজঙ্গ নক্র প্রভৃতি হিংস্র জন্তু ও কৃষ্ণ রূপে মোহিত হয় ॥ ৫২ ॥

অস্যার্থঃ।

পূর্ণং বদন নিত্যর্থঃ। তদ্বন বাসিনো মানবাঃ প্রেমপূর্ণাঃ ॥৫০॥ পুনরিতি। স্ফ ুরন্মূর্ত্তিত তন্ময়ং ব্রহ্মময় মূর্ত্তিঃ প্রকাশিতেত্যর্থঃ। গত্যাদি গমন কথনং স্মিত বক্তুং সহাস্যবদনং এতৎ সকলমেব ব্রহ্মণো রূপমিত্যর্থঃ।৫১ যত্ত্বিতি। কুজং পক্ষিনাদঃ কলং অব্যক্ত মধুরং অন্যৎ সুখ দুঃখাদিকঞ্চ

নানাবর্ণৈশ্চ কুসুমৈ স্তদ্বনং পরিপূরিতং।
সুখং দুঃখং মহেশানি প্রকৃতিঃ পরমেশ্বরী ॥৫৩॥
কোকিলাদ্যাশ্চ যা প্রোক্তা মধূনি কুসুমান্তকাঃ।
তাঃ সর্ব্বাঃ পরমেশানি প্রকৃতিঃ পরমেশ্বরী।
অতএব মহেশানি ব্রহ্মণঃ কারণং শিবা ॥ ৫৪ ॥
মন্দ মারুত সংযুক্তং বসন্তবাত সংযুতং।
পূর্ণেন্দু নিত্যাভ্যুদয়ং সূর্য্য মন্দাংশু সেবিতং ।৫৫

ভাষা।

নানাবিধ বর্ণ কুসুম সকল বৃন্দাবন পূর্ণ করিয়াছে। সুখ ও দুঃখ স্বয়ং প্রকৃতি ॥ ৫৩ ॥

বসন্তকালে কোকিল প্রভৃতি যে মত্ত হইয়া গান করে তাহাও প্রকৃতি। হে মহেশ্বরি! অতএব প্রকৃতি ব্রহ্মের ও কারণ ॥ ৫৪ ॥

বৃন্দাবনে সদা কাল মন্দ বসন্ত বায়ু বহিতেছে। পূর্ণচন্দ্র সর্ব্বদা উদিত আছেন এবং সূর্য্যদেব মন্দ কিরণে বৃন্দাবন সেবা করিতেছেন ॥ ৫৫ ॥

অস্যার্থঃ।

সকলমেব প্রকৃতি রিত্যর্থঃ ॥৫২॥ নানেতি। নানাবর্ণৈঃ কুসুমৈ স্তদ্বৃন্দাবনং পূরিত মিত্যর্থঃ ॥ ৫৩ ॥ কোকিলা ইতি। কোকিলাদ্যা বৃন্দাবন বিহঙ্গাঃ সমস্তাএব স্বয়ং প্রকৃতি রিত্যর্থঃ। প্রকৃতে র্জগৎস্বরূপত্বাৎ ব্রহ্মণঃ কারণ মিত্যর্থঃ ॥ ৫৪ ॥ মন্দেতি। ঈষৎ পবন হিল্লোলযুক্তং বসন্ত বাত পূর্ণঞ্চ। সদৈব পূর্ণেন্দুরুদেতি সূর্য্যোমন্দং যথা তপতি বৃন্দাবন মিত্যর্থঃ ৫৫

অদুঃখং লোক বিচ্ছেদ জরা মরণ বর্জ্জিতং।
অক্রোধং গত মাৎসর্য্য মভিন্নং নিরহঙ্কৃতং ॥৫৬
পূর্ণানন্দামৃত রসং পূর্ণ প্রেম সুধার্ণবং।
গুণাতীতং মহদ্ধাম পূরিতং পূর্ণশক্তিভিঃ।
গুহ্যাদ্ গুহ্যতমং গূঢ়ং মধ্য বৃন্দাবনস্থিতং ॥৫৭॥
গোবিন্দাঙ্ঘ্রি রজঃ স্পর্শান্নিত্যং বৃন্দাবনং ভুবি।
যস্য স্পর্শন মাত্রেণ পৃথ্বী ধন্যাচ ভারতে ॥৫৮॥

ভাষা।

বৃন্দাবনে কাহারও দুঃখ নাই বিচ্ছেদ নাই এবং জরা মরণও নাই। এবং ক্রোধ নাই মত্ততা নাই সকলেই অভিন্নহৃদয় ও অহঙ্কার শূন্য ॥ ৫৬ ॥

বৃন্দাবন পূর্ণানন্দ অমৃত রস স্থান ও পূর্ণ প্রেমার্ণব স্বরূপ ত্রিগুণাতীত মহদ্ধাম সর্ব্বশক্তি পূর্ণ। এই স্থান অতি গোপনীয় ॥ ৫৭ ॥

বৃন্দাবন ভূমি শ্রীকৃষ্ণ পদ রজ স্পর্শে সর্ব্বদা পবিত্র। যাহার স্পর্শে পৃথিবী মধ্যে ভারত বর্ষ ধন্য হইয়াছে ॥ ৫৮ ॥

অস্যার্থঃ।

বৃন্দাবনে দুঃখং জরামরণাদিকং নাস্তি ক্রোধ মাৎসর্য্যাদিক মপিতথা। অভিন্ন মপৃথগ্ভাবঃ নিরহঙ্কৃত মহঙ্কার শূন্যমিত্যর্থঃ ॥ ৫৬ ॥ পূর্ণেতি বৃন্দাবনং পূর্ণানন্দ রসাস্পদং প্রেমামৃত সাগরস্বরূপং সর্ব্ব শক্তিভিঃ পরিপূর্ণমতি গোপনীয় মিত্যর্থঃ ॥ ৫৭ ॥ গোবিন্দেতি যস্য পাদ রজঃস্পর্শাৎ পৃথিবী ধন্যাভবতি তদ্গোবিন্দ পাদরজঃ স্পর্শেনং বৃন্দাবনে সদৈব সম্ভব-

মহাকল্প তরু চ্ছায় গোবিন্দ স্থান মব্যয়ং।
মুক্তি স্তদ্বন সংস্পর্শা মাহাত্ম্যাদ্ধি বিমুতে।
তস্মাৎ সর্ব্বাত্মনা দেবি হৃদিস্থং কুরু তদ্বনং।৫৭।

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে দ্বাদশঃ
পটলঃ।

ভাষা।

বৃন্দাবন গোবিন্দের বসতি স্থান কল্পদ্রুম চ্ছায়ায় অতি মনোহর। বৃন্দাবন স্পর্শে মুক্তিলাভ হয় ইহার মাহাত্ম্যে লোক মায়া বিমুক্ত হইয়া থাকে। হে দেবি এই বৃন্দাবন স্থানকে সদা হৃদয়ে রাখ॥ ৫৭॥

ইতি দ্বাদশঃ পঠলঃ।

অন্বয়ার্থঃ।

তীতি ভাবঃ॥ ৫৮॥ মহেতি গোবিন্দ স্থানং বৃন্দাবনং মহাকল্পক্রম ছায়া শীতলং। বৃন্দাবন সংস্পর্শাদেব মুক্তির্ভবতি মাহাত্ম্যাদ্বৃন্দাবন মাহাত্ম্যাৎ বিমুচ্যতে মায়াবিচ্ছিন্নোভবতি॥ ৫৭॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে
দ্বাদশঃ পটলঃ।

শ্রীপার্ব্বত্যুবাচ।

যদি বৃন্দাবনং দেব জরা মরণং বর্জিতং।
অদুঃখ শোক বিচ্ছেদমক্রোধং যদি শূলভৃৎ।১।
তৎকথং পরমেশান পুতনা নিধনং গতা।
বৃষাসুরশ্চ কেশীচ শঙ্খ দূতাদয়ো পরে। ২।
তৎকথং পরমেশান কৃষ্ণঃ ক্রোধ মবাপ্তবান্।
যদ্যেবং পরমেশান সততং ব্রজ মণ্ডলং॥ ৩॥

ভাষা।

পার্ব্বতী জিজ্ঞাসা করিতেছেন হে মহাদেব! বৃন্দাবন স্থান যদি জরা মরণ বর্জ্জিত হয় ও তথাতে শোক দুঃখ, বিরহ ও ক্রোধাদি না থাকে। হে পরমেশ্বর! তবে কেন পূতনা, বৃষাসুর, কেশী, শঙ্খাসুরাদি দৈত্যগণ বৃন্দাবনে নিধন প্রাপ্ত হইল॥ ১॥ ২॥

হে ঈশ্বর ক্রোধহীন বৃন্দাবনে কৃষ্ণের কেন ক্রোধ হইল। ব্রজমণ্ডল ক্রোধ রহিত ও সর্ব্বশক্তিময়॥ ৩॥

অন্বয়ার্থঃ।

শ্রীপার্ব্বত্যুবাচেতি। পার্ব্বতী মহাদেবং পৃচ্ছতি। যদি বৃন্দাবনং জরামরণ শোকবিচ্ছেদাদি রহিত মিতি। শূল ভৃদিতি মহাদেব সম্বোধনং॥ ১॥ তদিতি। হে পরমেশান তৎকথং পূতনা বৃষাসুরাদি নিধনং বৃন্দাবনে সম্ভবতীতি ভাবঃ॥ ২॥ তদিতি। কৃষ্ণঃ কথং বা ক্রোধ পরো ভবতি। এবং উক্তরূপং জরামরণাদি রহিতং॥ ৩॥

সর্ব্বা বাধানি নির্ম্মুক্তং সর্ব্ব শক্তিময়ং সদা।
সর্ব্বানন্দময়ং দেব কেশ পীঠং মনোহরং ॥ ৪॥
তৎকথং পরমেশান উৎপাতং ব্রজ মণ্ডলে।
গোপীনাং পরমেশান কথং কামোদ্ভবঃ প্রভো।
কৃষ্ণো বা দেবকী পুত্রঃ সদাকাম যুতঃ কথং ॥৫॥
যমুনায়া মহাদেব জলঞ্চামৃত পূরিতং।
এতদ্ধি সংশয়ং ছিন্ধি মহাদেব দয়ানিধে ॥৬॥

ভাষা।

হে মহাদেব কেশ পীঠ ব্রজধাম সর্ব্ব শক্তিযুক্ত সর্ব্বানন্দময় ও মনোহর এখানে কোন রূপ বিঘ্ন সম্ভাবনা নাই ॥ ৪ ॥

হে পরমেশ্বর! তবে বৃন্দাবনে বিবিধ উৎপাত হইল কেন; কেনই বা গোপীদিগের কামোদ্ভব হইয়াছিল। এবং দেবকী পুত্র কৃষ্ণই বা কেন এত কামাতুর হইয়াছিলেন ॥ ৫ ॥

এবং যমুনার জল কেন অমৃত পূর্ণ হইয়াছিল হে দয়ানিধে! আমার এই সকল সংশয় ছেদ কর ॥ ৬ ॥

অস্যার্থ।

সর্ব্বেতি। সকল বিঘ্ন রহিতং সর্ব্ব শক্তি ময়ঞ্চ বৃন্দাবন মিত্যর্থঃ ॥ ৪ ॥ তদিতি। হে পরমেশান শম্ভো কথং ব্রজ মণ্ডলে উৎপাত মমঙ্গলং গোপীনাং কামোদ্ভবশ্চ কথমিতি ভাবঃ কৃষ্ণো বা কামাতুর ইত্যর্থঃ ॥৫॥ যমুনেতি। যমুনাজলং কথমমৃত পূর্ণ মিত্যাদি সংশয়ং ছিন্ধি খণ্ডয়। দয়ানিধে ইতি মহাদেব সম্বোধনং ॥ ৬ ॥ ঈশ্বর উবাচেতি। হে ভদ্রে

শ্রীঈশ্বর উবাচ।

সাধু প্রষ্টং ত্বয়াভদ্রে রহস্যং পরমাদ্ভুতং।
রহস্যং শৃণু দেবেশি গুহ্যাদ্ গুহ্যতমং পরং।৭।
কার্য্যঞ্চ কারণং দেবি জাগ্রদাদিষু বর্ত্ততে।
জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তিঞ্চ তুরীয়ং পরমং পদং।।৮।
তুরীয়ং ব্রহ্ম নির্ব্বাণং মহাবিষ্ণুঃ শুচিস্মিতে।
সদা জ্যোতির্ম্ময়ং শুদ্ধং কার্য্য কারণ বর্জ্জিতং।৯

ভাষা।

মহাদেব বলিতেছেন হে সুন্দরি! তুমি অতি আশ্চর্য্য রহস্য কথা জিজ্ঞাসা করিয়াছ। এই গুহ্যতম বিষয় আমি বলিতেছি শ্রবণ কর।। ৭।।

জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তি প্রভৃতি অবস্থা প্রভেদে জগতের কার্য্য কারণ হইয়া থাকে। উক্ত অবস্থা সকল অচৈতন্যের কার্য্য।। ৮।।

অচৈতন্য নাশ হইয়া বিশুদ্ধ জ্ঞানো হয় হইলেই লোক ব্রহ্ম নির্ব্বাণ প্রাপ্ত হয়। যিনি ঈশ্বর তিনি জ্যোতির্ম্ময় কার্য্য কারণ বর্জ্জিত।। ৯।।

অস্যার্থঃ।

সাধু শীলে ত্বয়া সাধু প্রষ্টং মহান্ প্রশ্নঃ কৃতঃ। অতি গুপ্ত মদ্ভুত রহস্যং শৃণ্বিত্যর্থঃ।। ৮।। কার্য্যেতি। কার্য্যং অবয়বী ভূতং কারণং হেতুঃ জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তিষু সদৈব বর্ত্ততে। তুরীয়ং উপস্থিত চৈতন্যস্যাধার ভূত মনুপস্থিত চৈতন্যং।। ৮।। তুরীয়মিতি ব্রহ্ম নির্ব্বাণং ব্রহ্ম সাক্ষাৎ কারঃ। জ্যোতির্ম্ময়ং যৎ তৎ কার্য্য কারণ বর্জ্জিতং নিত্য মিত্যর্থঃ।।৯।।

নিরীহং নিশ্চলং দেবি সততং বিষ্ণুরূপধৃক।
বসুদেবোঽপি দেবেশি বিষ্ণোরংশাত্মকঃ সদা।১০
ত্রিপুরায়াঃ প্রসাদেন পদ্মিনী সঙ্গমাগতঃ।
কৃষ্ণরূপং সমাশ্রিত্য বৃন্দাবন কুটীরকে ॥ ১১ ॥
কৃষির্ভূর্বাচকঃ শব্দোণশ্চ নির্বৃতি বাচকঃ।
তয়োরৈক্যং যদাযাতি শুদ্ধ সত্বাত্মকো হরিঃ।১২

ভাষা।

হে দেবি! ঈশ্বরের কোন চেষ্টা নাই গতি নাই। বিষ্ণু রূপধারী বসুদেব তনয় সত্ত্ব গুণান্বিত সাক্ষাৎ ঈশ্বর। ত্রিপুরা-দেবী প্রসাদে বৃন্দাবনে কৃষ্ণ রূপ আশ্রয় করিয়া পদ্মিনীর সহিত সঙ্গ করিয়াছেন ॥ ১০ ॥ ১১ ॥

কৃষ্ণ এই শব্দের বর্ণার্থ বলিতেছি। কৃষি শব্দে ভূমি বোধ হয় ও ণকার নিবৃত্তি বাচক এই উভয় যোগে কৃষ্ণ এই শব্দ হইয়াছে ॥ ১২ ॥

অস্যার্থঃ।

নিরীহেতি বিষ্ণুরূপধৃক যদ্ব্রহ্ম তন্নিশ্চলং। বাসুদেবো ব্রিষ্ণোরংশঃ ত্রিপুরা প্রসাদেন কৃষ্ণরূপ মাশ্রিত্য বৃন্দাবন কুটীরে পদ্মিনী সঙ্গং প্রাপ্ত ইত্যর্থঃ ॥ ১০ ॥ ১১ ॥ কৃষ্ণ শব্দস্যার্থমাহ কৃষিরিতি কৃষিশব্দো ভূবাচকঃ ণকারো নির্বৃতি বোধক স্তয়োঃ কৃষিণকারয়ো র্যদৈক্যং কৃষ্ণ ইতি পদং শুদ্ধ তত্ত্বগুণাত্মকঃ ॥ ১২ ॥ তত্রেতি। তত্র কৃষ্ণে ব্রহ্ম শব্দ বাচ্যং

তত্রৈব সহসা দেবি ব্রহ্ম শব্দ ময়ং স্মৃতং।
ব্রহ্ম শব্দস্তু দেবেশি কৃষ্ণঃ সত্ত্ব গুণাশ্রয়ঃ ॥১৩॥
তুরীয়ং যদি দেবেশি প্রকৃত্যা সহ সঙ্গতং।
পুরুষঃ কূট রূপস্তু কার্য্য কারণ বর্জ্জিতঃ ॥ ১৪ ॥
তস্মাত্তু পুরুষো বিষ্ণুঃ সচ্চিদানন্দ বিগ্রহঃ।
প্রকৃতিঃ পরমেশানি কার্য্য কারণ বিগ্রহঃ ॥১৫॥

ভাষা।

হে দেবি! সেই কৃষ্ণ পদাভিধ ব্যক্তিতেই ব্রহ্ম শব্দ প্রযুক্ত হয়। অতএব কৃষ্ণই স্বয়ং ব্রহ্ম॥ ১৩॥

হে দেবেশি! যখন ব্রহ্ম প্রকৃতি সহিত যুক্ত হন তখন তাহাকে কূটস্থ কার্য্য কারণ বিহীন পুরুষ বলা যায়॥ ১৪॥

অতএব সেই সচ্চিদানন্দ স্বরূপ পুরুষ বিষ্ণু স্বয়ং প্রকৃতি কার্য্য কারণ রূপ॥ ১৫॥

অস্যার্থঃ।

যৎ তদেব কৃষ্ণঃ ইত্যর্থঃ॥ ১৩॥ তুরীয়মিতি। যদা অনুহিহিত চৈতন্যং প্রকৃত্যাসহ মিলিতং তদা কার্য্য কারণ বর্জ্জিতঃ কূটস্থঃ পুরুষ উচ্যতে ইত্যর্থঃ॥ ১৪॥ তস্মাদিতি। বিষ্ণুর্নিত্য জ্ঞানানন্দ স্বরূপঃ প্রকৃতিঃ কার্য্য কারণ রূপেতি॥ ১৫॥ নেতি। ঈশ্বরঃ স্বয়ং কার্য্য কারণ রহিতঃ

ন কার্য্যং কারণং দেবি ঈশ্বরস্তু কদাচন।
প্রকৃত্যা সহযোগেন কার্য্য কারণ ঈশ্বরঃ ॥১৬॥
দুর্দ্ধেয়া পরমেশানি তব মায়া সনাতনী।
তব কেশোদ্ভবা দেবি নিত্য ব্রজ পুরী সদা ॥১৭॥
যদ্‌যদুক্তং মহেশানি কাম ক্রোধাদিকং প্রিয়ে।
তৎ সর্ব্বং পরমেশানি প্রকৃতিঃ পরমেশ্বরী ॥১৮॥

ভাষা।

হে দেবি! ঈশ্বর স্বয়ং কখনও কার্য্য কারণ নহেন কিন্তু প্রকৃতির সহযোগে কার্য্য ও কারণ উভয়ই তিনি ॥ ১৬ ॥

হে পরমেশানি! মায়ার মায়া কেহ বুঝিতে পারে না। হে দেবি! ব্রজপুরী তোমার কেশ পীঠ হইতে উৎপন্ন হইয়াছে ॥ ১৭ ॥

হে প্রিয়ে! বৃন্দাবনে কামক্রোধাদির বিষয় যাহা পূর্ব্বে জিজ্ঞাসা করিয়াছ তাহা কেবল মায়াময়ী প্রকৃতির কার্য্য ॥ ১৮ ॥

অস্যার্থঃ।

কিন্তু প্রকৃত্যা সহযোগেন কার্য্য কারণতা ভাগ্‌ভবতীতি ভাবঃ ॥ ১৬ ॥ দুর্দ্ধেয়েতি দুর্দ্ধেয়া দুজ্ঞেয়া জ্ঞাতুমশক্যেতি যাবৎ। সনাতনী নিত্যা। তবকেশোদ্ভবা বৃন্দাবনপুরী ব্রহ্ম নিকেতন মিত্যর্থঃ ॥ ১৭ ॥ যদিতি। বৃন্দাবন বাসিনাং কামক্রোধাদিকং যদ্‌যদুক্তং তৎ সর্ব্বং প্রকৃতের্মাহাত্ম্য মিত্যর্থঃ ॥ ১৮ ॥ বাসুদেবস্যেতি হে লোলেচপলে। অল্পমেধসি

বাসুদেবস্য যজ্জন্ম শৃণু লোলেহল্পমেধসি।
তৎ সর্ব্বং পরমেশানি বিদ্যা সিদ্ধেস্তু কারণং।১৯
যস্য যস্যচ দেবেশি বিদ্যা সিদ্ধিঃ প্রজায়তে।
তস্য তস্যচ দেবেশি দেবত্বং পরমেশ্বরি॥ ২০॥
ভূলোকে পরমেশানি কেশপীঠে বরাননে।
কুলাচারস্য সিদ্ধ্যর্থং পদ্মিনী সঙ্গমাগতঃ॥২১॥

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে ত্রয়োদশ পটলঃ।

ভাষা।

আর বাসুদেব যে জন্ম গ্রহণ করিয়াছেন কেবল বিদ্যা সিদ্ধই তাহার প্রধান উদ্দেশ্য॥ ১৯॥

হে দেবি! যাহার যাহার বিদ্যা সিদ্ধি হইয়াছে তাহারাই দেবত্ব লাভ করিতে পারিয়াছেন॥ ২০॥

হে দেবি! কেবল কুলাচার সিদ্ধি কামনাতেই বাসুদেব মর্ত্ত্যলোকে জন্ম গ্রহণ করিয়া পদ্মিনী সঙ্গ প্রাপ্ত হইয়াছেন॥২১॥

ইতি ত্রয়োদশ পটলঃ।

অস্যার্থঃ।

সম্যগনালোচিতবতি। বাসুদেবো বিদ্যাসিদ্ধ্যর্থমেব জন্ম লেভে ইতি ভাবঃ॥ ১৯॥ যস্যেতি যো যো বিদ্যাসিদ্ধঃ সএব দেব ইত্যর্থঃ।২০। নৃলোকে ইতি। নৃলোকে পৃথিব্যাং। কেশপীঠে বৃন্দাবনে। কুলাচার সিদ্ধিলাভায়ৈব বাসুদেবঃ পদ্মিনী সঙ্গং গত ইত্যর্থঃ॥ ২১॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে ত্রয়োদশঃ পটলঃ।

ঈশ্বর উবাচ।

সহস্র পত্রে পদ্মস্য বৃন্দারণ্যং বরাটকং।
অক্ষয়ং নিত্যমানন্দং গোবিন্দ স্থান মব্যয়ং।
সতীকেশাৎ সমুদ্ভূতং পূর্ণ প্রেম সুখাশ্রয়ং।১।
অন্যান্যেষুচ স্থানেষু বাল্য পৌগণ্ড যৌবনং।
বৃন্দারণ্য বিহারেষু কৃষ্ণ কৈশোর বিগ্রহং॥২॥
কালিন্দী তরণানন্দি ভঙ্গ সৌরভ মোহিতং।
পদ্মোৎ পলাদ্যৈঃ কুসুমৈ র্নানাবর্ণ সমুজ্জ্বলং।৩

ভাষা।

মহাদেব বলিতেছেন; সহস্রদল পদ্ম মধ্যে বৃন্দাবন অতি প্রসিদ্ধ স্থান। সতীর কেশ হইতে ইহার উৎপত্তি হইয়াছে এখানে সর্ব্বদা মূর্ত্তিমান আনন্দ ও পূর্ণ প্রেমরসসুখ বিদ্যমান আছে॥ ১॥

অন্যান্য স্থানে শ্রীহরির বাল্য পৌগণ্ডাদি কাল গত হইয়াছে বৃন্দাবনে হরি কৈশারাবস্থাতেই বিহার করিয়াছেন॥ ২॥

শ্রীকৃষ্ণ কালিন্দীতরণে অতি আনন্দ অনুভব করিতেন। যমুনা জল নানা সৌরভে আমোদিত ও পদ্ম উৎপল প্রভৃতি কুসুমে শোভমান ছিল॥ ৩॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। বৃন্দাবনং সহস্রদল পদ্মস্য বরাটকং ধ্বজং। আনন্দং আনন্দময়ং। সতী কেশাৎ পার্ব্বতী চিকুরাৎ সমুদ্ভূত মুৎপন্ন মিত্যর্থঃ॥১॥ অন্যেতি। বৃন্দাবন ভিন্নে স্থানে কৃষ্ণস্য বাল্যাদিক সময়ঃ বৃন্দাবন বিহারেতু কৈশোর সময়োঽতিবর্ত্ততে।, ২॥ কালিন্দীতি।

চক্র বাকাদি বিহগৈ র্নানা মঞ্জু কলস্বনৈঃ।
শোভমানং জলং রম্যং অতীব সুমনোহরং ।৪।
তস্যোভয় তটীরম্যা শুদ্ধ কাঞ্চন নির্ম্মিতা।
গঙ্গা কোটী গুণং পুণ্যং যত্রস্পর্শো বরাটকঃ ।৫
কর্ণিকা মহিমা কিন্তু যত্র ক্রীড়া রতো হরিঃ।
কালিন্দী কর্ণিকা কৃষ্ণমভিন্নমেক বিগ্রহং ॥
যোজানীয়াৎ সবৈ ধন্যো দেবিতে কথিতং ময়া।
॥ ৬ ॥

ভাষা।

চক্র বাকাদি বিহগগণের মঞ্জু কল স্বনে পরিপূর্ণ কালিন্দী জল অতি মনোহর ও সুশোভিত ॥ ৪ ॥

যমুনার উভয় তটস্থ কাঞ্চন নির্ম্মিত, ও তাহার জলস্পর্শ গঙ্গাজল স্পর্শ হইতে কোটীগুণ পুণ্য প্রদ ॥ ৫ ॥

কৃষ্ণ ক্রীড়া স্থান যমুনা কর্ণিকা সম মাহাত্ম্যবতী। কালিন্দী কর্ণিকা ও কৃষ্ণ দেহ যে এক বলিয়া জানে সে এই মহীতলে ধন্য এই বাক্য আমি তোমাকে বলিলাম ॥ ৬ ॥

অস্যার্থঃ।

কৃষ্ণবিগ্রহং বিশিনষ্টি। কালিন্দী তরণানন্দি যমুনাপার কৌত্তকবৎ ॥ ৩ ॥ চক্রেতি। কালিন্দী জলং মঞ্জু কলস্বনৈ রব্যক্ত মধুরনদদ্ভিশ্চক্র বাকাদিভি-র্ব্বিহগৈঃ শোভমানা মিত্যর্থঃ ॥ ৪ ॥ তস্যেতি। উভয় তটী উভয়তীরং। শুদ্ধ কাঞ্চননির্ম্মিতা সুবর্ণ গঠিতা কালিন্দী জলস্পর্শো গঙ্গাজলস্পর্শ কোটি-গুণ সুকৃতি কৃদিতি ভাবঃ ॥ ৫ ॥ কর্ণিকেতি। যত্র কৃষ্ণঃ ক্রীড়ারত স্তত্রৈব কর্ণিকা মাহাত্ম্যং। কালিন্দী কর্ণিকয়ো র্মাহাত্ম্যং যোজানীযাৎসধন্যঃ ॥

দেব্যুবাচ।

দেবদেব মহাদেব রহস্যং বদ শঙ্কর।
কঃ কৃষ্ণঃ পরমেশান কালিন্দীকা বৃষধ্বজ ॥৭॥
কর্ণিকাকা মহেশান বিস্তারাদ্বদ শঙ্কর।
এতত্তত্ত্বং মহাদেব কৃপয়া কথয় প্রভো ॥ ৮ ॥

ঈশ্বর উবাচ।

কালিন্দী কালিকা সাক্ষাৎ কৃষ্ণস্যানুগ্রহায়বৈ।
কুণ্ডলাকৃতি রূপেণ ব্রজং ব্যাপ্যহি তিষ্ঠতি ॥৯॥

ভাষা।

পার্ব্বতি জিজ্ঞাসা করিতেছেন হে দেবদেব! এই রহস্য কথা আমার নিকট বল যে, কেবা কৃষ্ণ এবং কেইবা কালিন্দী ॥৭॥

এবং কর্ণিকাকে এই রহস্য কথার যাথার্থ্য আমার নিকট সবিস্তর বর্ণন কর ॥ ৮ ॥

মহাদেব বলিতেছেন স্বয়ং কালিকা দেবী কৃষ্ণানুগ্রহার্থ কালিন্দীরূপ ধারণ করিয়া কুণ্ডলাকারে ব্রজধাম ব্যাপি আছেন ॥ ৯ ॥

অস্যার্থঃ।

॥৬॥ দেব্যুবাচেতি কৃষ্ণঃ কঃ কালিন্দীচকা ইতি রহস্যং বদেত্যর্থঃ ॥ ৭ ॥ কর্ণিকা কা হে মহেশান এতত্তত্ত্বং বিস্তরাদ্বাহুল্যেন কথয়েতি ভাবঃ ॥ ৮ ॥ ঈশ্বর উবাচেতি কালিকা কালিকা দেবী আদ্যাশক্তিরিত্যর্থঃ। কুণ্ডলাকৃতি রূপেণ মণ্ডলাকারস্থিত্যা ॥ ৯ ॥ কৃষ্ণ ইতি।

কৃষ্ণস্তু পরমেশানি প্রকৃতিঃ পুরুষঃ সদা।
কর্ণিকা জগতাং মাতা মহামায়া জগন্ময়ী ॥১০॥
অতএব মহেশানি বিষ্ণুঃ কৃষ্ণত্ব মাগতঃ।
তস্মাত্তু কালিকা দেবি কালিন্দী পরমেশ্বরী ॥১১॥
কর্ণিকা কুণ্ডলী নিত্যা কৃষ্ণঃ সত্য ময়ো হরিঃ।
কৃষ্ণ শব্দো মহেশানি নিবৃর্তেঃ সঙ্গ মাত্রতঃ ॥
একত্বং জায়তে দেবি তদা কৃষ্ণ ইতি স্মৃতঃ ॥১২॥

ভাষা।

হে ঈশ্বরি! কৃষ্ণ স্বয়ং প্রকৃতি পুরুষাত্মক ব্রহ্ম; জগন্মাতা মহামায়া কর্ণিকা রূপ ধারণ করিয়াছেন ॥ ১০ ॥

হে পরমেশ্বরি এই হেতু বিষ্ণু কৃষ্ণরূপে অবতীর্ণ হইয়াছেন। এবং কালিকা দেবী কালিন্দীরূপা হইয়াছেন ॥ ১১ ॥

কর্ণিকা কুলকুণ্ডলিনী শক্তি, কৃষ্ণ সত্য ময়, হে মহেশানি! সংসার সঙ্গ নিবৃত্তি হইয়া যখন ঐক্য বোধ হয় তখন কৃষ্ণ শব্দের ভাবার্থ জানা যায় ॥ ১২ ॥

অস্যার্থঃ।

হে মহেশানি কৃষ্ণঃ পুরুষঃ কালিকা প্রকৃতি রিত্যর্থঃ ॥ ১০ ॥ অত-, এবেতি। অতএব প্রকৃত্যনু রোধ তএব। কালিকা দেবী কালিন্দীরূপ মাস্থায় ব্রজে তিষ্ঠতীতিভাবঃ ॥ ১১ ॥ কর্ণিকেতি কালিকা পদ্ম কর্ণিকা কুণ্ডলী কুলকুণ্ডলিনীত্যর্থঃ ॥ ১২ ॥ দেব্যুবাচেতি। গোবিন্দস্য সৌন্দর্য্যং

দেব্যুবাচ।

গোবিন্দস্য কিমাশ্চর্য্যং সৌন্দর্য্যং বয়সাকৃতিঃ।
তৎ সর্ব্বং শ্রোতু মিচ্ছামি কথয়স্ব দয়ানিধে।১৩
মধ্যে বৃন্দাবনে রম্যে মঞ্জু মন্দার শোভিতে।
যোজনাবৃত তদ্বৃক্ষৈঃ শাখা পল্লব বিস্তৃতৈঃ।১৪।।
মহৎ পদং মহাদ্ধাম মহানন্দ রসাশ্রয়ং।
পুরাণ কুসুমৈ র্গন্ধৈ র্শ্মত্তানি বৃন্দ সেবিতে।।১৫।

ভাষা।

পুনর্ব্বার দেবী বলিতেছেন, গোবিন্দ রূপের কি আশ্চর্য্য মহিমা, সৌন্দর্য্য, বয়স ও আকৃতি এই সকল আমার শুনিতে ইচ্ছা হইয়াছে তাহা বল ॥ ১৩ ॥

বৃন্দাবন মধ্যে এক যোজন বিস্তৃত অতি মনোহর মন্দার পাদপ শোভিত স্থান আছে ॥ ১৪ ॥

ঐ স্থানে মুক্তিপদ লাভ হয় এবং ঐ মহদ্ধাম সর্ব্বানন্দ রসের একাধার বিবিধ সুগন্ধি কুসুম শোভিত পারিজাত বৃক্ষ শ্রেণী বিশিষ্ট ॥ ১৫ ॥

অস্যার্থ।

বয়ঃ আকৃতিঞ্চ শ্রোতু মিচ্ছামি তদ্বাহুল্যেন বদেত্যর্থঃ ॥ ১৩ ॥ মধ্য ইতি। মঞ্জুমন্দার শোভিতে মনোহর কল্পাদ্রুম ভূষিতে। তদ্বৃক্ষৈঃ কল্পবৃক্ষৈরিত্যর্থঃ ॥ ১৪ ॥ মহদিতি। মহৎপদং শুদ্ধস্থানং মহানন্দ রসাশ্রয়ং নিত্যানন্দময় মিত্যর্থঃ ॥ ১৫ ॥ তত্রেতি। তত্রবৃন্দাবনে

তত্রাধঃস্থে সিদ্ধপীঠে সতী কেশ বিনির্ম্মিতে।
সপ্তাবরণকং স্থানং শ্রুতি মৃগ্যং নিরন্তরং ॥১৬॥
তত্র শুদ্ধং হেম পীঠং মণি মণ্ডিত মণ্ডপং।
তন্মধ্যে মঞ্জু রত্নঞ্চ যোগ পীঠং সমুজ্জ্বলং ॥১৭॥
তদষ্টকোণ নির্ম্মাণং নানা দীপ্তি মনোহরং।
তত্রোপরিচ মাণিক্য স্বর্ণ সিংহাসন স্থিতং ॥১৮॥

ভাষা।

তাহার অধোদেশে সতীকেশ বিনির্ম্মিত সিদ্ধ পীঠ আছে, তাহা সপ্ত আবরণে আবৃত। ঐ স্থান বেদেরও অনু সন্ধনীয় ॥ ১৬ ॥

তদুপরি বিশুদ্ধ স্বর্ণ পীঠ ও মণিভূষিত মণ্ডপ আছে, তন্মধ্যে রত্ন নির্ম্মিত অতি সমুজ্জ্বল মনোহর যোগ পীঠ আছে ॥ ১৭ ॥

ঐ যোগ পীঠ অষ্টকোণ বিশিষ্ট নানা উজ্জ্বল পদার্থে দীপ্যমান। তদুপরি মাণিক্য সিংহাসন ॥ ১৮ ॥

অস্যার্থঃ।

অধঃস্থে অধোদেশে পার্ব্বতী কেশ রচিতে সিদ্ধ ক্ষেত্রে। শ্রুতি মৃগ্যং বেদবিবেচিতং ॥ ১৬ ॥ তত্রেতি। তত্র সিদ্ধপীঠে। মণিভূষিত মণ্ডপমস্তি তত্র হেম পীঠং স্বর্ণাসনং। তন্মধ্যে হেম পীঠোপরি যোগপীঠং যোগাসনমিত্যর্থঃ ॥ ১৭ ॥ তদিতি। তদ্ যোগাসনং অষ্টকোণ নির্ম্মাণং অষ্টকোণ বিশিষ্টং। তত্রোপরি যোগাসনোপরি ॥ ১৮ ॥ গোবিন্দেতি।

গোবিন্দস্য প্রিয়ং স্থানং কিমস্য মহিমোচ্যতে।
শ্রীগোবিন্দং তত্র সংস্থং বল্লরীবৃন্দ সেবিতং ।১৯
দিব্য ব্রজ বয়োরূপং বল্লরী প্রিয় বল্লভং।
ব্রজেন্দ্র নিয়তৈ শ্বর্য্যং ব্রজবালৈক বল্লভং ।২০
যৌবনে ভিন্ন কৈশোরং সুবেশাকৃতি বিগ্রহং।
শান্তানন্দং পরং জ্যোতি র্দলিতাঞ্জন চিক্কণং ।২১

ভাষা।

এই স্থান গোবিন্দের অতিশয় প্রিয়তর সুতরাং ঐ স্থানের মহিমা আর কি বর্ণন করিব। ঐ স্থানে গোবিন্দ লতাবৃন্দে পরিসেবিত হইয়া সদা বিরাজ করেন॥ ১৯॥

ঐ গোবিন্দ, দিব্য ব্রজ বয়োরূপধারী বৃন্দাবনের মহৈশ্বর্য্য ও ব্রজ বালকগণের অতি প্রিয়॥ ২০॥

ঐ মুর্ত্তির যৌবন সময়ে ও কৈশোর রূপ প্রকাশিত থাকে। উহা অতি সুন্দর শরীরধারী, শান্ত, মুর্ত্তিমান আনন্দ স্বরূপ, ও দলিত অঞ্জনের ন্যায় উজ্জ্বল শ্যামবর্ণ॥ ২১॥

অন্বয়ার্থঃ।

গোবিন্দ প্রিয়স্থানস্য মহিমা মাহাত্ম্যং কি মুচ্যতে। বল্লরীবৃন্দ সেবিতং বিবিধলতাকন্দ শোভিতং॥ ১৯॥ দিব্যেতি দিব্যরূপেণ বয়সাচ মনোহর মিত্যর্থঃ। ব্রজবালৈক বল্লভং ব্রজবালক প্রিয়ং॥ ২০॥ যৌবন ইতি। যৌবন সময়েপি কেশোরূপ মাবিষ্কৃত মিত্যর্থঃ। দলিতাঞ্জন চিক্কণং দলিত কজ্জলবৎ সমুজ্জ্বল মিত্যর্থঃ॥ ২১॥ অনাদিমিতি।

অনাদিমাদি প্রাণেশং নন্দ গোপ প্রিয়াত্মজং।
স্মৃতি মগ্র্যমজং নিত্যং গোপীকুল মনোহরং।২২
পরং ধাম পরং রূপং দ্বিভুজং গোপীকেশ্বরং।
বৃন্দাবনেশ্বরং ধ্যায়েৎ নির্গুণস্যৈককারণং।২৩
নবীন নীরদ শ্রেণি সুস্নিগ্ধং মঞ্জু মঞ্জুলং।
ফুল্লেন্দীবর সৎকান্তি সুখস্পর্শং সুখাশ্রয়ং।২৪
দলিতাঞ্জন পুঞ্জাভ চিক্কণং শ্যাম মোহনং।
সুস্নিগ্ধ নীল কুটিলাশেষ সৌরভ কুণ্ডলং॥২৫॥

ভাষা।

অনাদি জগদাদি প্রাণেশ্বর গোবিন্দ নন্দ রাজার অতি প্রিয় পুত্র গোপীজনের কুল মনোহারী॥ ২২॥

পরমধাম দ্বিভুজ গোপীকেশ্বর ত্রিগুণাতীত বৃন্দাবনেশ্বর॥ ২৩॥

নবীন নীরদ শ্রেণীর ন্যায় অতি মনোহর সুস্নিগ্ধ প্রফুল্ল কমলের ন্যায় মুখ কমল, শরীর স্পর্শ অতি সুখ কর॥ ২৪॥

শ্যামের মোহন মূর্ত্তি দলিত অঞ্জনের ন্যায় সমুজ্জ্বল ও স্নিগ্ধ এবং নীল বক্র কুন্তলে অতি শোভমান॥ ২৫॥

অস্যার্থঃ।

আদি রহিতং সর্ব্বাদ্যং প্রাণেশং পরমাত্মানং॥ ২২॥ পরমিতি। পরধাম ব্রহ্মরূপং ত্রিগুণস্যৈক কারণং সত্ত্বরজস্তমো গুণাতীতং॥ ২৩॥ নবীনেতি। নবীন জলধর শ্যামং প্রফুল্ল পদ্মবৎ কান্তিযুতং সুখস্পর্শং কোমলাঙ্গং সুখাশ্রয়ং। সর্ব্বসুখনিকেতনমিত্যর্থঃ॥ ২৪॥ দলিতেতি। দলিতাঞ্জন পুঞ্জবৎ শ্যাম কলেবর মিত্যর্থঃ। কুটিলালক শোভিত কুণ্ডলেনাতি মনোহরং॥ ২৫॥ তদিতি। কুণ্ডলস্যোর্দ্ধে দক্ষিণভাগেবক্রীকৃতা

তদূর্দ্ধে দক্ষিণে ভাগে তির্য্যক্ চূড়া মনোহরা।
নানারত্নোজ্জ্বলং রাজচ্ছিখণ্ডদল মণ্ডিতং ॥২৬॥
ময়ূর পুচ্ছ গুচ্ছাঢ্যং চূড়া চারু বিভূষিতং।
ক্বচিদ্বর্হ দল শ্রেণী মনোজ্ঞ মুকুটান্বিতং ॥ ২৭ ॥
নানাভরণ মাণিক্য কিরীট ভূষিতং কটিং।
লোলালকাবৃতং রাজৎ কোটীন্দু সদৃশাননং।
॥ ২৮ ॥

ভাষা।

মস্তকোপরি দক্ষিণভাগে মনোহর চূড়া বক্রভাবে রহিয়াছে। ঐ চারু চূড়া নানা রত্নে সমুজ্জ্বল ও শিখণ্ডি পুচ্ছে ভূষিত ॥ ২৬ ॥

কখন বা ময়ূর পুচ্ছ শোভিত চূড়াধারী, কখনও বর্হি পুচ্ছ ভূষিত মুকট ধারী ॥ ২৭ ॥

ঐ কিরীট নানাবিধ মাণিক্য সজ্জিত; চঞ্চল অলকাবৃত মুখ, কোটি শশি সদৃশ ॥ ২৮ ॥

অস্যার্থঃ।

চূড়া বিদ্যতে ইতিশেষঃ। নানারত্নেন সমুজ্জলং শিখিপুচ্ছ শোভিতঞ্চেত্যর্থঃ ॥ ২৬ ॥ মঞ্জীরেতি। মঞ্জীরং নূপুরং। কচিন্ময়ূর পুচ্ছান্বিত মনোহর মুকুট শোভিতং ॥ ২৭ ॥ নানেতি কটিদেশস্থ নানাভরণন্বিত মাণিক্যেন ভূষিতমিতি। চঞ্চলালক শোভিত বদনমিত্যর্থঃ ॥ ২৮ ॥ কস্তুরীতি মৃগনাভিকৃত নানারাগং। গোরোচনা লিপ্ত

কস্তূরী তিলকং ভ্রাজম্মঞ্জু গোরোচনাচিতং।
নীলেন্দীবর সুস্নিগ্ধ সুদীর্ঘ দল লোচনং ॥ ২৯॥
উন্নত ভ্রূলতাশেষ স্মিতসাচী নিরীক্ষণং।
সুচারুন্নত সৌন্দর্য্য নানারূপ নিরূপণং।
নাসাগ্র গজমুক্তাংশু মুগ্ধীকৃত জগত্‌ত্রয়ং।৩০।
সিন্দূরারুণ সুস্নিগ্ধ ওষ্ঠাধর মনোহরং।
নানারত্নোল্লসৎস্বর্ণ মকরাকৃতি কুণ্ডলং ॥ ৩১ ॥

ভাষা।

ললাটে কস্তূরীতিলক, সর্ব্বাঙ্গ গোরোচনালিপ্ত। সুস্নিগ্ধ নীলেন্দীবর সদৃশ সুদীর্ঘ নয়ন ॥ ২৯ ॥

ঈষদ্বক্র উন্নত ভ্রূযুগল; কিবা ভঙ্গিপূর্ণ দৃষ্টি, দেহ সৌন্দর্য্য বচনাতীত। নাসাগ্রস্থিত গজমুক্তা ত্রিজগৎ স্নিগ্ধ করিয়াছে।৩০।

মনোহর ওষ্ঠাধর বিশুদ্ধ সিন্দূরের ন্যায় অরুণ বর্ণ। কর্ণ যুগলে নানারত্ন খচিত মকরাকৃতি স্বর্বণ কুণ্ডল ॥ ৩১ ॥

অস্যার্থঃ।

বিগ্রহ মিত্যর্থঃ। নীলেন্দীবরবৎ সুস্নিগ্ধায়ত নয়নং ॥ ২৯ ॥ উন্নতেতি। উন্নত ভ্রূলতয়াতির্য্যগীক্ষণং। নানারূপ নিরূপণং বিবিধরূপ ধারিণং। নাসাগ্রস্থয়া গজমুক্তয়া ত্রিভুবনং সুস্নিগ্ধীকৃত মিত্যর্থঃ ॥ ৩০ ॥ সিন্দূরেতি। ওষ্ঠাধরং সিন্দূরবদতি লোহিতং। নানারত্নেন উল্লসৎস্বর্ণ নির্ম্মিত মকরাকার কুণ্ডল যুত মিত্যর্থঃ ॥ ৩১ ॥ কর্ণেতি কর্ণস্থিত উৎপল

কর্ণোৎপল সুমন্দার কুসুমোত্তম ভূষিতং।
ত্রৈলোক্যাদ্ভুত সৌন্দর্য্যং তির্য্যগ্‌গ্রীবা মনোহরং
॥ ৩২ ॥
প্রস্ফুরন্মঞ্জুমাণিক্য কম্বুকণ্ঠ বিভূষিতং।
শ্রীবৎসকৌস্তুভোরস্কং মুক্তাহারলসৎশ্রিয়ং।
॥ ৩৩ ॥

ভাষা।

এবং কুসুমশ্রেষ্ঠ পারিজাত কর্ণোৎপল রূপে শোভমান হইতেছে। ত্রিভুবনে এরূপ সৌন্দর্য্য অসম্ভব; বক্র গ্রীবায় অতি মনোহর শোভা হইয়াছে॥ ৩২ ॥

গলদেশে মাণিক্য দীপ্তি পাইতেছে এবং রেখাত্রয় অতি মনোহর। বক্ষঃস্থলে শ্রীবৎস চিহ্ন ও কৌস্তভ মণি শোভিত হইতেছে এবং লম্বমান মুক্তাদাম শোভা পাইতেছে॥ ৩৩ ॥

অস্যার্থঃ।

মন্দারাভ্যামতি ভূষিত মিত্যর্থঃ। ত্রিভুবনে ঈদৃশাদ্ভুত সৌন্দর্য্য মন্যৎ নাস্তীতিভাবঃ। তির্য্যক্‌গ্রীবয়া অতি মনোরমং॥ ৩২ ॥ প্রেতি। উদ্যন্মনোহর মাণিক্য শোভিত ত্রিরেখান্বিত কণ্ঠং। বক্ষঃ স্থলে শ্রীবৎ চিহ্নং কৌস্তুভ মণিশ্চাস্তীতি॥ ৩৩ ॥ বদম্বেতি। সুমনঃ কুসুমং। কদম্বাদিভিঃ পুষ্পৈর্ভূষিত মিতি যাবৎ। করে কঙ্কন কেয়ূরং কট্যাং

কদম্ব মঞ্জু মন্দার সুমনোদার ভূষিতং।
করে কঙ্কন কেয়ূর কিঙ্কিনী কটি শোভিতং ॥৩৪
মঞ্জু মঞ্জীর সৌন্দর্য্য শ্রীমদঙ্ঘ্রি বিরাজিতং।
কর্পূরাগুরু কস্তূরী বিলসৎ চন্দনাঙ্কিতং ॥৩৫॥
গোরোচনাদি সংমিশ্র দিব্যাঙ্গ রাগ চিত্রিতং।
গম্ভীর নাভী কমলং লোমরাজিলতাসুজং ॥৩৬॥

ভাষা।

কদম্ব মন্দার প্রভৃতি মনোহর কুসুম সকল সর্ব্বাঙ্গে বিন্যস্ত রহিয়াছে। হস্তদ্বয় কেয়ূর ও কঙ্কন ভূষিত, কটিদেশে কিঙ্কিনী যুক্ত কাঞ্চীগুণ ॥ ৩৪ ॥

মনোহর নূপুর সৌন্দর্য্যে পাদদ্বয় শোভিত হইয়াছে এবং সর্ব্বাঙ্গে কর্পূর, অগুরু, চন্দন ও কস্তূরী প্রলেপন ॥ ৩৫ ॥

গোরোচনা মিশ্রিত বিবিধ রঞ্জনদ্রব্যে অঙ্গ চিত্রিত। গম্ভীর নাভিদেশ; তথা হইতে মালার ন্যায় লোমরাজী উত্থিত হইয়া শোভা পাইতেছে ॥ ৩৬ ॥

অস্যার্থঃ।

কিঙ্কিনী ভূষণ মিত্যর্থঃ ॥ ৩৪ ॥ মঞ্জু ইতি মনোহর নূপুরেণ শোভিত চরণং কর্পূরাদি রাগলিপ্তগাত্র মিত্যর্থঃ ॥ ৩৫ ॥ গোরোচনেতি। গোরোচনয়া কৃতদিব্যাঙ্গ রাগং। গম্ভীরং নিম্নং লোমশ্রেণি লতয়াধৃত মালঃ ॥ ৩৬ ॥ সুবৃত্তেতি। জানুদ্বয়ং সুবলিতং। পাদপদ্মং ধ্বজ

সুবৃত্ত জানু যুগলং পাদ পদ্ম মনোহরং।
ধ্বজবজ্রাঙ্কুশাম্ভোজ করাঙ্ঘ্রি তল শোভিতং।৩৭
নখেন্দু কিরণ শ্রেণি পূর্ণ ব্রহ্মৈক কারণং।
যোগীন্দ্রৈঃ সনকাদ্যৈশ্চ তদেবাকৃতি চিন্ত্যতে।
॥ ৩৮ ॥
ত্রিভঙ্গ ললিতাশেষ লাবণ্য সারনির্ম্মিতং।
তির্য্যগ্‌গ্রীব জিতানন্ত কোটি কন্দর্প সুন্দরং।৩৯

ভাষা।

জানু যুগল সুবলিত, বৃত্তবৎ ও পাদপদ্ম অতি মনোহর তাহাতে ধ্বজ বজ্রাঙ্কুশ চিহ্ন আছে ॥ ৩৭ ॥

নখ চন্দ্রের কিরণ রাজীতে বোধ হয় এই দেহ পূর্ণ ব্রহ্মেরও কারণ। এই আকৃতি যোগীন্দ্র দেবেন্দ্রগণ সদা চিন্তা করেন।৩৮।

ত্রিভঙ্গ দেহ যেন জগতের লাবণ্যসারে নির্ম্মিত। এবং বক্র গ্রীবাদেশের শোভা কোটি কন্দর্প শোভাকে জয় করিয়াছে ॥ ৩৯ ॥

অস্যার্থঃ।

বজ্রাদি চিহ্নযুত মিত্যর্থঃ ॥ ৩৭ ॥ নখেতি। নখেন্দু কিরণ শ্রেণ্যা-পূর্ণ ব্রহ্মোঽয়মিতি প্রতীয়তে ॥ ৩৮ ॥ ত্রিভঙ্গেতি। ত্রিভঙ্গাকারেণ নিখিল লাবণ্য নির্ম্মিতমিতি জ্ঞায়তে। সৌন্দর্য্যেণ কোটি কন্দর্প জিত মিত্যর্থঃ ॥ ৩৯ ॥ বামেতি। বামগণ্ডার্পিত স্ফুরৎস্বর্ণ কুণ্ডলং। অপা-

বামাংশার্পিত সদগণ্ডস্ফুরৎ কাঞ্চন কুণ্ডলং ।
অপাঙ্গেনতু সম্মের কোটি মন্মথ মন্মথং ।। ৪০ ।।
কুঞ্চিতাধর বিন্যস্ত বংশী মঞ্জু কলস্বনৈঃ ।
জগত্ত্রয়ং মোহয়ন্তং মগ্নং প্রেম সুখার্ণবে ।।৪১।

দেব্যুবাচ ।

দেব দেব মহাদেব সংসারার্ণব তারক ।
ধ্যানং পরম গোপ্যং হি বিষ্ণোরমিত তেজসঃ ।
।। ৪২ ।।

ভাষা ।

বাম গণ্ডস্থলে কাঞ্চন কুণ্ডল শোভাপাইতেছে । অপাঙ্গ বীক্ষণে কোটি কোটি কামদেবেরও মনোলোভ হয় ।। ৪০ ।।

কুঞ্চিত অধরে মনোহর বংশী রহিয়াছে ; তাহার মধুর কলস্বনে ত্রিজগৎ মোহিত হইয়া সুখার্ণবে মগ্ন হয় ।। ৪১ ।।

দেবি বলিতেছেন । হে সংসারার্ণব তারক ! দেবাদিদেব মহাদেব । অমিততেজা বিষ্ণুর ধ্যান অতি গোপনীয় ।। ৪২ ।।

অস্যার্থঃ ।

ঙ্গেন নেত্রপ্রান্তবীক্ষণেন । কোটি মন্মথ মন্মথং কোটিকন্দর্পাদপি সুন্দরং ।। ৪০ ।। কুঞ্চিতেতি । অধর বিন্যস্ত বংশীবাদনৈঃ সুখার্ণবে মগ্নং ত্রিভুবনং মোহয়ন্তমিত্যর্থঃ ।। ৪১ ।। দেব্যুবাচেতি । গোপ্যং গোপনীয়ং । অমিত তেজসঃ অসীম মাহাত্মস্য ।। ৪২ ।। এতদিতি এতৎ সর্ব্বং

এতৎ সর্ব্বং মহাদেব বিস্তারাদ্বদ শঙ্কর।
কৃপয়া কথয়েশান কুলাচারস্য সাধনং॥ ৪৩॥

ঈশ্বর উবাচ।

নিগদামিশৃণু প্রৌঢ়ে বাসুদেবস্য নির্ণয়ং।
সাঙ্গোপাঙ্গেন সহিতং নিগদামি শৃণু প্রিয়ে॥৪৪॥
ত্বাং বিনা পরমেশানি জগজ্জ্জ ময়ং যথা।
তথৈব পরমেশানি কৃষ্ণস্য বর বর্ণিনি।
কুলাচার নিমিত্তং হি এতৎ সর্ব্বং বরাননে॥৪৫॥
ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে চতুর্দ্দশঃ পটলঃ।

ভাষা।

হে মহাদেব! এই সকল আমার নিকট বিস্তার রূপ বল এবং কৃপা করিয়া কুলাচার সাধন আমাকে জানাও॥ ৪৩॥

মহাদেব বলিতেছেন হে সুন্দরি! সাঙ্গোপাঙ্গ বাসুদেব নির্ণয় আমি তোমার নিকট সমস্ত বলিব তুমি শ্রবণ কর॥ ৪৪॥

হে সুন্দরি! যেমন মায়াময়ী তুমি বিনা এই জগৎ সংসার মালাবৎ নিশ্চেষ্ট তেমন কৃষ্ণের কুলাচার ব্যতিরেকে জগতে সকলই নিষ্ফল॥ ৪৫॥ ইতি চতুর্দ্দশঃ পটলঃ।

অস্যার্থঃ।

ধ্যানং কুলাচার সাধনঞ্চেতি॥ ৪৩॥ ঈশ্বর উবাচেতি। প্রৌঢ়ে প্রাজ্ঞে সাঙ্গোপাঙ্গেন সহিতং সকলাবয়বান্বিতং॥ ৪৪॥ ত্বামিতি। স্রজময়ং মালাবৎ। কুলাচার নিমিত্তং কৃষ্ণস্যেতদিতি॥ ৪৫॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে চতুর্দ্দশ পটলঃ।

ঈশ্বর উবাচ।

ধ্যান তত্ত্বং মহেশানি সাবধানাবধারয়।
শরীরং হি বিনাদেবি নহি ধ্যানং প্রজায়তে ॥১॥
শরীরং প্রকৃতে রূপং পূর্ণ ব্রহ্মৈক কারণং।
বৃন্দালতা সমাখ্যাতা তবকেশ সমুদ্ভবা ॥ ২ ॥
মন্দারং পরমেশানি কল্প বৃক্ষং মনোহরং।
সুরভিঃ প্রকৃতির্যাত্ত কল্প বৃক্ষময়ং প্রিয়ে ॥৩॥

ভাষা।

মহাদেব বলিতেছেন হে দেবি! আমি ধ্যান তত্ত্ব বলিতেছি সাবধানে শ্রবণ কর। শরীর ব্যতিরেকে ধ্যান হইতে পারে না ॥ ১ ॥

শরীর প্রকৃতির রূপ পূর্ণ ব্রহ্মের প্রধান কারণ। তোমার কেশেই প্রসিদ্ধ বৃন্দালতার উৎপত্তি হইয়াছে ॥ ২ ॥

মন্দার মনোহর কল্পবৃক্ষ। কল্পবৃক্ষময় যে সুরভি তাহা প্রকৃতি স্বরূপ ॥ ৩ ॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। ধ্যান তত্ত্বং ধ্যান যাথার্থ্যং। শরীরং বিনা-ধ্যানং ন সম্ভবতীতি ভাবঃ ॥ ১ ॥ শরীরমিতি। ব্রহ্মময়স্য প্রকৃতিরূপ মেব শরীর মিত্যর্থঃ ॥ ২ ॥ মন্দারমিতি। কল্প বৃক্ষং মন্দার শব্দ বাচ্যং। সুরভিঃ সুগন্ধঃ ॥ ৩ ॥ তত্রেতি। বৃন্দাবন শাখাপল্লবানি

তত্রশাখা পল্লবানি মাতৃকান্যক্ষরাণি চ।
তত্র মত্তানি পুঞ্জানি প্রকৃতিংবিদ্ধি সুন্দরি ॥ ৪ ॥
সিদ্ধ পীঠং বরারোহে সর্ব্বশক্তিময়ং সদা।
সপ্তাবরণকং তত্তু সাক্ষাৎ প্রকৃতি মুত্তমাং ॥৫॥
যোগ পীঠং মহেশানি উজ্জ্বলং বা বরাননে।
যদুক্ত মষ্টকোণঞ্চ যোনি রূপা সনাতনী ॥ ৬ ॥

ভাষা।

মাতৃকার অক্ষর সকল তাহার শাখা পল্লব। হে সুন্দরি! এই সকলই প্রকৃতি ॥ ৪ ॥

হে দেবি সর্ব্ব শক্তিময় যে সিদ্ধ পীঠ তাহা সপ্তাবরণ সংযুক্ত স্বয়ং প্রকৃতি ॥ ৫ ॥

হে মহেশানি! যোগ পীঠ অতি সমুজ্জ্বল। পূর্ব্বে যে অষ্টকোণ যোগপীঠ বলিয়াছি তাহা নিত্য যোনি রূপ ॥ ৬ ॥

অন্যার্থঃ।

মাতৃকা বর্ণানীত্যর্থঃ। বিদ্ধি জানীহি ॥ ৪ ॥ সিদ্ধেতি। সিদ্ধ পীঠং সিদ্ধক্ষেত্রং সর্ব্বশক্তিময়ং সর্ব্বশক্ত্যাত্মকমিত্যর্থঃ। সপ্তাবরণকং সপ্তাচ্ছাদন পরিবৃতং ॥ ৫ ॥ যোগেতি। যোগপীঠং যোগাসনং। উজ্জ্বলং তেজস্বি। সাক্ষাৎ প্রকৃতিং স্বয়ং প্রকৃতি রূপ মিত্যর্থঃ ॥ ৬ ॥ মানিং-

মাণিক্য রচিতং দেবি সিংহাসন মনুত্তমং।
দলমষ্টং মহেশানি তবৈব অষ্ট নায়িকা ॥ ৭ ॥
গোবিন্দস্য প্রিয়ং যত্তু সুখ মত্যন্ত মদ্ভুতং।
প্রিয়ং প্রীতির্ম্মহেশানি সততং শক্তি রূপিণী ।৮
বল্লরী গোপিকা বৃন্দং কৃষ্ণ কার্য্যকরী সদা।
কলারূপা মহেশানি গোপিকা শক্তি রূপিণী ।৯।

ভাষা।

হে দেবি! অতি উত্তম সিংহাসন মাণিক্য রচিত তাহার যে অষ্টদল আছে তাহা তোমার অষ্ট নায়িকা ॥ ৭ ॥

গোবিন্দের প্রিয় যে সুখ তাহা অতি অদ্ভুত। হে মহেশানি শক্তি রূপিণী প্রকৃতিতে গোবিন্দের সমধিক প্রীতি আছে ॥ ৮ ॥

বল্লরীবৃন্দ সদা কৃষ্ণের কার্য্য সাধনী শক্তি রূপিণী গোপিকাগণ প্রকৃতির অংশ ॥ ৯ ॥

অস্যার্থঃ।

ক্যেতি। মাণিক্য রচিত সিংহাসনে যদষ্টকোণং দলং সৈবাষ্ট নায়িকা শক্তিঃ সহচারিণী ॥ ৭ ॥ গোবিন্দস্যেতি। গোবিন্দস্য যৎপ্রিয়ং প্রীতি ভাজনং প্রীতিঃ সন্তোষঃ সকলমেব শক্তিরিত্যর্থঃ ॥ ৮ ॥ বল্লরীতি। বৃন্দা গোপীগণোপি কৃষ্ণ কার্য্যং সাধয়তীত্যর্থঃ। শক্তিঃ কলারূপেণ গোপিকা রূপা ॥ ৯ ॥ বয় ইতি। কৃষ্ণস্য বয়োলাবণ্যা-

বয়োলাবণ্য রূপঞ্চ সর্ব্বং প্রকৃতি রুচ্যতে।
বাল পৌগণ্ড কৈশোরং সর্ব্বং প্রকৃতি ময়ং স্মৃতং।
॥ ১০ ॥
এতত্তু পরমেশানি স্বয়ং শক্তি রভূৎ প্রিয়ে।
যদুক্তং পরমেশানি দলিতাঞ্জন চিক্কণং ॥ ১১ ॥
মহাকালী মহামায়া স্বয়ং বর্ণ স্বরূপিণী।
অনাদি প্রকৃতিং বিদ্ধি আদিশ্চ প্রকৃতিঃ স্বয়ং।
॥ ১২ ॥

ভাষা।

গোবিন্দের বয়োলাবণ্য প্রভৃতি সকলই প্রকতি এবং বাল গৌগণ্ড প্রভৃতি অবস্থাও প্রকৃতি ভিন্ন আর কিছুই নহে॥ ১০ ॥

হে প্রিয়ে! এই সকলই স্বয়ং শক্তি স্বরূপ। হে পরমেশানি! দলিতাঞ্জন চিক্কণ যে কৃষ্ণের রূপ বলিয়াছি তাহা বর্ণ রূপিণী মহামায়া মহাকালী। এবং আদি ও অনাদি সকলই প্রকৃতি॥ ১১ ॥ ১২ ॥

অস্যার্থঃ।

দিকং বাল্য পৌগণ্ডাদিকং সর্ব্বমেব প্রকৃতিরিত্যর্থঃ॥ ১০ ॥ এতদিতি। এতদ্বয়োরূপাদিকং শক্তিরূপ মিত্যর্থঃ॥ ১১ ॥ মহেতি। স্বয়ং মহাকালী এব গোবিন্দস্য শরীরং বর্ণঞ্চ অতএব দলিতাঞ্জন চিক্কণং গোবিন্দ শরীরমিতি॥ ১২ ॥ নন্দেতি। কৃষ্ণঃ সদৈব নন্দ গোপ,প্রিয়ঃ। আত্মনা

নন্দ গোপস্য দেবেশি কৃষ্ণস্তু সর্ব্বদা প্রিয়ঃ।
আত্মনা জায়তে যস্তু আত্মজঃ স উদাহৃতঃ।১৩
পুষ্ট পুত্র ইতি খ্যাতো নন্দস্য বর বর্ণিনি।
এতৎ সর্ব্বং বরারোহে শক্তিরূপং মনোহরং।১৪
মনশ্চ পরমেশানি স্বয়ং শক্তি রভূৎ প্রিয়ে।
নবীন নীরদোযস্তু সএব কালিকা তনুঃ॥ ১৫॥

ভাষা।

হে দেবেশি! কৃষ্ণ সর্ব্বদা নন্দগোপের অতি প্রিয়। আত্মা হইতে যে জন্মে তাহাকেই আত্মজ বলে॥ ১৩॥

গোবিন্দ নন্দগোপের পালকপুত্র। হে দেবি! মনোহর শক্তি রূপই সকলের কারণ॥ ১৪॥

হে প্রিয়ে পার্ব্বতি! গোবিন্দের মন স্বয়ং শক্তি রূপ, আর নবীন নীরদের ন্যায় যে গোবিন্দের শরীর তাহা কালিকা তনু॥ ১৫॥

অন্বয়ার্থঃ।

স্বদেহেন আত্মজঃ পুত্রঃ॥ ১৩॥ পুষ্ট ইতি। পুষ্ট পুত্রঃ পালিত পুত্র ইতি। এতৎ সকল মেব প্রকৃতি রূপ মিত্যর্থঃ॥ ১৪॥ মম ইতি। মনঃ শক্তিরভূৎ যো নবীন নীরদঃ নূতন মেঘঃ সএব কালীকাতনুঃ কালী শরীর মিত্যর্থঃ॥ ১৫॥ স ইতি। স নবীন নীরদ দেহঃ। হে দেবি!

সাতকান্তি কলাজ্ঞেয়া প্রকৃতিঃ পরমা পরা।
দলিতাঞ্জন পুঞ্জাভং যদুক্তং পরমেশ্বরি ॥ ১৬॥
শক্তিরূপা বরারোহে সততং মোহিনী কলা।
মোহিনী প্রকৃতির্ম্মায়া কলারূপা শুচিস্মিতে ।১৭॥
সএব পরমেশানি কলা মায়া স্বরূপিণী।
তির্য্যক্ চূড়ং মহেশানি যদুক্তং বর বর্ণিনি ।১৮

ভাষা।

পরম প্রধানা যে শক্তি তাহা তোমার কান্তি, তাহাতেই গোবিন্দের দেহদলিত অঞ্জনের অতি উজ্জ্বল হইয়াছে ॥ ১৬ ॥

হে দেবি! মোহিনীকলা সর্ব্বদা শক্তি রূপা প্রকৃতি তাহাতেই জগত মোহিত হইয়া আছে ॥ ১৭ ॥

আর সেই কলারূপা মহামায়াই গোবিন্দের শিরোপরি তির্য্যক্ ভাবে চূড়া হইয়া রহিয়াছে ॥ ১৮ ॥

অন্বয়ার্থঃ।

তে তব কান্তিকলা। দলিতাঞ্জনাদিকং যৎশ্যাম রূপ মুক্তং সা মোহিনী শক্তিঃ। মোহিনী শক্তিরূপিণী তব কলারূপা মহামায়া প্রকৃতিরিত্যর্থঃ ॥ ॥ ১৬ ॥ ১৭ ॥ সএবেতি। হে মহেশানি! তির্য্যক্ চূড়াদিকং যদুক্তং সা মায়ারূপিণী তব কলা ॥ ১৮ ॥ সেতি। সা মায়াময়ীকলা বিশ্বমোহন

সা দূতী প্রকৃতির্ম্মায়া সততং বিশ্ব মোহিনী।
কুণ্ডলী শক্তি সংযুক্তা যোনি মুদ্রা সমন্বিতা॥১৯॥
যদুক্তং মালতী মালা সা সদা মালতী কলা।
চূড়ায়া বন্ধনী যাতু কুণ্ডলী সা প্রকীর্ত্তিতা॥২০॥
নীলকণ্ঠস্য পুচ্ছন্তু যোনি মুদ্রা বরাননে।
মুকুটং পরমেশানি সাক্ষাৎ শক্তিস্বরূপিণী॥২১॥

ভাষা।

সেই মায়াময়ী প্রকৃতি দেবী গোবিন্দের দূতী হইয়া বিশ্ব সংসার মোহিত করিয়াছে। ঐ কুল কুণ্ডলিনী শক্তি যোনি মুদ্রাযুক্ত॥ ১৯॥

মালতী মালা যে বলিয়াছি তাহা মালতী কলা। আর চূড়া বন্ধনী শক্তি ও স্বয়ং কুল কুণ্ডলিনী॥ ২০॥

গোবিন্দ বেশ সম্পাদক যে ময়ূর পুচ্ছ ও মুকুট তাহাও স্বয়ং যোনি মুদ্রারূপ শক্তি॥ ২১॥

অস্যার্থঃ।

কারিণী প্রকৃতিঃ কুণ্ডলী শক্তিযুক্তা যোনি মুদ্রারূপা তব দূতী স্বরূপে-ত্যর্থঃ॥ ১৯॥ যদিতি। মালতীমালা যদুক্তা সা মালতীকলা। যা চূড়ায়া বন্ধিনী সা কুণ্ডলিনীত্যর্থঃ॥ ২০॥ নীলেতি। নীলকণ্ঠস্য ময়ূরস্য। কৃষ্ণ ভূষণং যন্ময়ূর পুচ্ছ মুকুটাদিকং তদপি শক্তি স্বরূপমিত্যর্থঃ॥ ২১॥

লোলালকা বৃতং যত্তৎ কোটীন্দু সদৃশাননং ॥
সাক্ষাৎ শক্তির্মহেশানি চন্দ্রস্য পরমা কলা ॥২২॥
কলা ষোড়শ সংযুক্তা চন্দ্রমা বরবর্ণিনি।
অতএব মহেশানি চন্দ্রমা শক্তি রূপিণী ॥ ২৩ ॥
কস্তূরীতিলকং যত্তু রোচনাতিলকং প্রিয়ে।
দীপ্তি শক্তিং মহেশানি প্রকৃতিং পরমেশ্বরীং ॥
॥ ২৪ ॥

ভাষা।

চঞ্চল অলকাবৃত কোটি চন্দ্র সদৃশ যে আনন তাহা চন্দ্রের পরমা কালারূপ শক্তি ॥ ২২ ॥

হে সুন্দরি! ষোড়শ কলাপূর্ণ যে চন্দ্র তাহাও চন্দ্রমারূপী তোমার শক্তি ॥ ২৩ ॥

হে মহেশানি! গোবিন্দ ললাটে যে কস্তূরী তিলক ও গোরোচনা প্রলেপ তাহাও তোমার দীপ্তি শক্তি প্রকৃতি ॥ ২৪ ॥

অস্যার্থঃ।

লোলেতি। কোটীন্দু সদৃশং লোলালক ভূষিতং যৎকৃষ্ণাননং সৈব চন্দ্রস্য কলারূপা শক্তিরিতি।। ২২ ।। কলেতি। ষোড়শকলা সংযুক্তশ্চন্দ্রমাঃ শক্তিরূপিণী স্বয়ং শক্তিরিতি।। ২৩ ।। কস্তূরীতি। কস্তূরী তিলকং গোরোচনাদিকঞ্চ দীপ্তিশক্তিঃ তেজঃ শক্তিরূপা প্রকৃতিরিত্যর্থঃ ।। ২৪ ।।

পরমানন্দ সন্দোহ বিগ্রহঃ প্রকৃতি স্তনুঃ।
অতএব মহেশানি বিষ্ণুঃ পদ্ম দলেক্ষণঃ।
গুণাতীতং সদা দেবি নহি প্রাকৃত মর্হতি ॥৩১॥

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে পঞ্চদশ পটলঃ।

ভাষা।

গোবিন্দের প্রকৃতিময় তনু পরমানন্দ প্রবাহ স্বরূপ অতএব পদ্ম লোচন গুণাতীত বিষ্ণু প্রাকৃত রূপ গ্রহণ করেন না ॥ ৩১ ॥

ইতি পঞ্চদশ পটলঃ।

অস্যার্থঃ।

ময়ং ব্রহ্ম শরীরং পরমানন্দজনকং গুণাতীতং নির্গুণং ব্রহ্ম প্রাকৃতং প্রকৃতি সংসর্গং নহি ভজতে ॥ ৩১ ॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে পঞ্চদশ পটলঃ।

দেব্যুবাচ।

পরমং কারণং কৃষ্ণো গোবিন্দেতি পরাৎপরং।
বৃন্দাবনেশ্বরং নিত্যং নির্গুণস্যৈক কারণং ॥১॥
তস্যাদ্ভুতস্য মাহাত্ম্যং সৌন্দর্য্যাশ্চর্য্য মেবচ।
তদ্বহি দেব দেবেশ শ্রোতু মিচ্ছাম্যহং প্রভো ।২

ঈশ্বর উবাচ।

যদঙ্ঘ্রি নখচন্দ্রাংশু মহিমানেহ বিদ্যতে।
তন্মাহাত্ম্যং কিয়দ্দেবি প্রোচ্যতে ত্বং সদা শৃণু ।৩

ভাষা।

দেবি বলিতেছেন, পরাৎপর পরম কারণ কৃষ্ণ বৃন্দাবনেশ্বর নির্গুণ ব্রহ্মের অদ্বিতীয় কারণ ॥ ১ ॥

সেই অদ্ভুত মাহাত্ম্যশালী গোবিন্দের আশ্চর্য্য সৌন্দর্য্য শুনিতে ইচ্ছা হইয়াছে। হে দেবেশ শঙ্কর! তাহা আমার নিকট বল ॥ ২ ॥

মহাদেব বলিতেছেন, হে দেবি! যাহার চরণ নখ চন্দ্র কিরণ মাহাত্ম্য ও অন্য কাহার নাই তাহার মাহাত্ম্য আর কি বলিব তবে যথামতি কিঞ্চিৎ বলিতেছি শ্রবণ কর ॥ ৩ ॥

অস্যার্থঃ।

দেব্যুবাচেতি। বৃন্দাবনেশ্বরং কৃষ্ণরূপি ব্রহ্ম সর্ব্ব কারণ মিত্যর্থঃ ॥১॥ তস্যেতি। তস্য বৃন্দাবনেশ্বরস্য অদ্ভুত মাহাত্ম্যং আশ্চর্য্য সৌন্দর্য্যা. দিকমহং শ্রোতুমিচ্ছামি তদ্বদেত্যর্থঃ ॥ ২ ॥ ঈশ্বর উবাচেতি। যদিতি। যস্য নখচন্দ্র মাহাত্ম্যমপি নবিদ্যতে জ্ঞায়তে। তস্য মাহাত্ম্যং কিয়ৎ যথাশক্তি উচ্যতে শৃণু ॥ ৩ ॥ তদিতি। তস্য কলাকোট্যং শা এব ব্রহ্ম

তৎকলা কোটি কোট্যংশা ব্রহ্ম বিষ্ণু মহেশ্বরাঃ
সৃষ্টি স্থিত্যাদিনা যুক্তা স্তিষ্ঠন্তি তস্য বৈভবাৎ ॥৪
তদ্দেহ বিলসৎকান্তি কোটি কোট্যংশ চন্দ্রমাঃ।
তৎশ্যাম দেহ কিরণঃ পরানন্দ রসামৃতঃ ॥৫॥
পরমাত্মা ক্বচিদ্রূপী নির্গুণস্যৈক কারণং।
তদঙ্ঘ্রি পঙ্কজ শ্রীমন্মথ চন্দ্র সম প্রভং।
আহুঃ পূর্ণং ব্রহ্মণোপি কারণং দেব দুর্লভং।
॥ ৬ ॥

ভাষা।

সেই গোবিন্দের কলার কোটী কোটী অংশ, ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর, সৃষ্টিস্থিতি প্রলয় কার্য্যে নিযুক্ত হইয়া রহিয়াছেন ॥৪॥

তাহার দেহ শোভাকর কান্তির কোটী কোটী অংশ শশধর ও সেই শ্যাম দেহ কিরণ পরমানন্দ রসামৃত স্বরূপ ॥ ৫ ॥

গোবিন্দ কদাচিৎ পরমাত্মা রূপী হন। ত্রিগুণাতীত গোবিন্দের অঙ্ঘ্রিপদ্ম মোহন চন্দ্র। অতএব তাঁহাকেই দেব দুর্লভ পূর্ণ ব্রহ্ম কারণ বলে ॥ ৬ ॥

অন্বয়ার্থঃ।

বিষ্ণু মহেশ্বরাঃ সৃষ্ট্যাদি কর্ত্তারঃ সন্তি তিষ্ঠন্তীতি ভাবঃ ॥ ৪ ॥ তদ্দেহ ইতি। তদ্দেহ কান্তি কোট্যংশএব চন্দ্রমাঃ পূর্ণচন্দ্রঃ। তস্য শ্যামদেহ কিরণঃ পরমানন্দ রসামৃত স্বরূপঃ ॥ ৫ ॥ পরমেতি। পরমাত্মা কদাচিৎরূপী রূপবান্। নির্গুণস্য গুণাতীতস্য ব্রহ্মণঃ কারণং তস্যাঙ্ঘ্রি পদ্মশ্রিয়ং ব্রহ্মণঃকারণ মাহুঃ ॥ ৬ ॥ তদিতি। যস্য স্পর্শমাত্রৎএব

তৎস্পর্শ পুষ্প গন্ধাদি নানা সৌরভ সম্ভবঃ।
তৎপ্রিয়া পদ্মিনী দূতী রাধিকা কৃষ্ণ বল্লভা।
তৎকলা কোটি কোট্যংশা ললিতাদ্যা বরাননে।
॥ ৭॥

দেব্যুবাচ।

দেব দেব মহাদেব শূলপাণে পিনাক ধৃক।
এতদ্রহস্যং পূর্ব্বোক্তং বিস্তার্য্য কথয় প্রভো।৮।

ভাষা।

তাঁহার স্পর্শেতেই পুষ্পগণ সৌরভ প্রাপ্ত হইয়াছে। তাহার প্রিয়া পদ্মিনী দূতী, কৃষ্ণ বল্লভা রাধিকা। ও সেই পদ্মিনীর কলা কোটী কোটী অংশ ললিতাদি সখীগণ॥ ৭॥

দেবী বলিতেছেন, হে দেবাদিদেব! পিণাকধারী শূলপানি মহাদেব পূর্ব্বোক্ত এই রহস্য বিস্তার রূপে আমার নিকট বল॥৮॥

অন্বয়ার্থঃ।

পুষ্পাদীনাং নানা সুগন্ধ সম্ভবঃ। তস্য প্রিয়া দূতী পদ্মিনী কৃষ্ণপ্রিয়া রাধিকেত্যর্থঃ। তস্যাঃ পদ্মিন্যাঃ কোটিকোট্যংশাঃ কলাএব ললিতাদ্যাঃ সখ্য ইত্যর্থঃ॥ ৭॥ দেব্যুবাচেতি। হে মহাদেব! এতৎ কৃষ্ণ রহস্যং প্রপঞ্চেন কথয়েতি ভাবঃ॥ ৮॥ ঈশ্বর উবাচেতি। মাতৃকাদেব্যা

ঈশ্বর উবাচ।

কলাবতী যাতু দেবী মাতৃকা যা বরাননে।
সর্ব্বশ্রেষ্ঠা মহামায়া ত্রিপুরা কণ্ঠ সংস্থিতা ॥৯॥
ত্রিপুরা কণ্ঠ সংস্থা যা মালা সৌভাগ্য বর্দ্ধিনী।
পদ্মিনী চিত্রিণীচৈব হস্তিনী কামিনী পরা ॥ ১০॥
পদ্মিনী পরমাশ্চার্য্য রূপ লাবণ্য শালিনী।
পদ্মিনী তু মহেশানি স্বয়ং ব্রহ্ম প্রকাশিনী ॥১১॥

ভাষা।

মহাদেব বলিতেছেন হে সুন্দরি! কলাবতী যে মাতৃকা দেবী তিনি সর্ব্বশ্রেষ্ঠা মহামায়া ও ত্রিপুরা কণ্ঠ সংস্থিতা ॥ ৯ ॥

হে দেবি! ত্রিপুরা কণ্ঠ সংস্থিতা সৌভাগ্য বর্দ্ধিনী, পদ্মিনী, চিত্রিণী, হস্তিনী ও কামিনী এই চতুর্ব্বিধ মালা আছে ॥ ১০ ॥

পদ্মিনী মালা পরমাশ্চার্য্য রূপ লাবণ্যবতী। হে মহেশানি! পদ্মিনী মালা স্বয়ং ব্রহ্ম প্রকাশিনী শক্তি ॥ ১১ ॥

অস্যার্থঃ।

যা কলাবতী শক্তিঃ সাএব সর্ব্বশ্রেষ্ঠা মহামায়া ত্রিপুরা কণ্ঠ বাসিনীত্যর্থঃ ।৯। ত্রিপুরেতি। ত্রিপুরাকণ্ঠ সংস্থিতা যা মাতৃকা মালা সা সৌভাগ্য বর্দ্ধিনী। পদ্মিনী চিত্রিণ্যাদি পঞ্চবিধা মালা পূর্ব্ব মুক্তেতিভাবঃ ॥ ১০ ॥ পদ্মিনীতি। পদ্মিনী নাম্নী যা মালা সা পরমাশ্চর্য্য রূপলাবণ্যবতী ব্রহ্ম প্রকাশিনী মায়া শক্তিঃ ॥ ১১ ॥ ব্রহ্মণ ইতি। ব্রহ্মণঃ পরমাকলা যা পদ্মিনী

ব্রহ্মণঃ পরমেশানি পদ্মিনী পরমা কলা।
তস্যা দেব্যাশ্চ পদ্মিন্যা ব্রহ্মাণ্ডাঃ কোটিকোটিশঃ
॥ ১২ ॥
প্রসাদাৎ পরমেশানি রুদ্র বিষ্ণু পিতামহাঃ।
সৃষ্টিস্থিত্যাদি সংহারৈ স্তিষ্ঠন্তি সততং প্রিয়ে ১৩
তদ্দেহ বিলসৎকান্তিঃ পরা প্রকৃতি রূপিণী।
তস্যাস্তু কোটি কোট্যংশ শ্চন্দ্রমা প্রকৃতিঃ পরা।
॥ ১৪ ॥

ভাষা।

ব্রহ্মের পরমকলা যে পদ্মিনী তাহা হইতে কোটী কোটী ব্রহ্মাণ্ড উৎপন্ন হয়॥ ১২ ॥

এবং তাঁহার প্রসাদতই রুদ্র, বিষ্ণু, ও ব্রহ্মা সংহার পালন ও সৃষ্টি কার্য্যে নিয়ত আছেন॥ ১৩ ॥

পদ্মিনীর দেহ কান্তিই প্রকৃতি এবং তাহার কোটী কোটী অংশ চন্দ্রমা॥ ১৪ ॥

অস্যার্থঃ।

তস্যাঃ কোটি কোটি ব্রহ্মাণ্ডা আসন্নিত্যর্থঃ॥ ১২ ॥ প্রসাদাদিতি। রুদ্র বিষ্ণু পিতামহাঃ শিববিষ্ণু বিরিঞ্চয়ঃ সৃষ্ট্যাদি কর্ত্তারঃ সন্তঃ তস্যাঃ পদ্মিন্যাঃ প্রত্যন্তে তিষ্ঠন্তীতি ভাবঃ॥ ১৩ ॥ তদিতি। পদ্মিনী দেহ কান্তিরেব প্রকৃতিঃ। তস্যাঃ কোটি কোট্যংশএব চন্দ্রমা ইত্যর্থঃ।১৪।

কৃষ্ণস্য শ্যাম দেহস্তু স্বয়ং কালী জগন্ময়ী।
তদ্দেহ কিরণৈর্দ্দেবি পরানন্দ রসামৃতৈঃ।১৫।
আহুঃ পূর্ণং ব্রহ্মণোঽপি কারণং দেব দুর্গমং।
কৃষ্ণস্যাঙ্গে মহেশানি সৌরভং যদুদাহৃতং।
কলা সৌরভ বিজ্ঞেয়া সাক্ষাৎ প্রকৃতি রূপিণী।
॥ ১৬ ॥

পার্ব্বত্যুবাচ।

আহুঃ পুন ব্র্হ্মণোপি কারণত্বংহি দুর্গমং।
তৎকথং পরমেশান কৃষ্ণঃ পূর্ণঃ পরাৎপরঃ।১৭।

ভাষা।

কৃষ্ণের যে শ্যামদেহ তাহা স্বয়ং জগন্ময়ী কালিকা দেবী। হে দেবি! তাহার দেহ কিরণ পরমানন্দ রস স্বরূপ ॥ ১৫ ॥

হে দেবি! কৃষ্ণের যে অঙ্গসৌরভ বলিয়াছি তাহাদেবের দুর্গম পূর্ণব্রহ্মের কারণ সৌরভ কলা প্রকৃতি ॥ ১৬ ॥

পার্ব্বতী বলিতেছেন। হে মহাদেব! পূর্ণব্রহ্মের কারণ যদি এতই দুর্ব্বোধ হইল তবে কি রূপে কৃষ্ণ পরাৎপর ব্রহ্ম হইলেন ॥ ১৭ ॥

অস্যার্থঃ।

কৃষ্ণস্যেতি। কৃষ্ণস্যয়ঃ শ্যামদেহঃ সা স্বয়ং কালীত্যর্থঃ। তদ্দেহ কিরণৈঃ পদ্মিনী দেহ জ্যোতির্ভিঃ। পরমানন্দ রসামৃতৈ পরমানন্দ জনকৈঃ ॥১৫॥ আহুরিতি। আহুঃ কথয়ন্তি। দেব দুর্গমং দেবাদীনামপি দুর্জ্ঞেয়ং। কৃষ্ণস্যাঙ্গ সৌরভং প্রকৃতি রিত্যর্থং ॥ ১৬ ॥ পার্ব্বত্যুবাচেতি। ব্রহ্মণঃ কারণত্বং যদি দুর্গমং দুর্জ্ঞেয়ং তৎকথং কৃষ্ণঃ পূর্ণ ব্রহ্মেতি ॥ ১৭ ॥ বেদ-

বেদ গম্যং মহেশান যদি নস্যাৎ পিনাক ধৃক।
পরং ব্রহ্মণি বেদেচ ভেদো নাস্তি কদাচন ॥১৮॥
যো বেদঃ স পরং ব্রহ্ম তদেব বেদ রূপ ধৃক।
বেদে ব্রহ্মণি চৈকত্বং পূর্ণব্রহ্ম ইদং স্মৃতং ॥১৯॥
নিরীহো নিশ্চলো বেদঃ পূর্ণব্রহ্ম সনাতনঃ।
বেদস্তু প্রকৃতির্ম্মায়া ব্রহ্মণঃ কারণং পরা ॥ ২০ ॥

ভাষা।

হে পিনাকধারিন্! যদি ব্রহ্ম বেদগম্য না হয় তবে পরং ব্রহ্ম ও বেদেতে কি প্রভেদ আছে ॥ ১৮ ॥

যে বেদ সেই পরং ব্রহ্ম ও যেই পরং ব্রহ্ম সেই বেদ রূপধারী অতএব বেদ ব্রহ্মের যে ঐক্য তাহাকে পূর্ণ ব্রহ্ম বলে। ১৯।

বেদ নিশ্চেষ্ট নিশ্চল সনাতন পূর্ণব্রহ্ম। এবং বেদই মায়াময় প্রকৃতি ও ব্রহ্মের কারণ ॥ ২০ ॥

অস্যার্থঃ।

গম্যমিতি। যদি পমং ব্রহ্ম বেদগম্যং বেদবোধ্যং নস্যাত্তদাবেদে ব্রহ্মণি ভেদোনাস্তীতি ভাবঃ ॥ ১৮ ॥ য ইতি। যো বেদ স্তদেব পরং ব্রহ্ম যৎপরং ব্রহ্ম সএব বেদঃ অতএব বেদ ব্রহ্মণো র্ভেদো নাস্তি ॥ ১৯ ॥ নিরীহ ইতি। নিরীহঃ নিশ্চেষ্টঃ নিশ্চলঃ স্পন্দ রহিতঃ। বেদঃ ব্রহ্মণঃ কারণ মায়াময়ী প্রকৃতি রিত্যর্থঃ ॥ ২০ ॥ তদিতি। বেদগম্যং বেদ-

তৎকথং পরমেশান বেদগম্যং পুরাতনং।
এতদ্ধি হৃদয়ে দেব সংশয়ং শল্য মুদ্ধর ॥ ২১ ॥

ঈশ্বর উবাচ।

অক্ষরং নির্গুণং ব্রহ্ম পরং ব্রহ্মেতি গীয়তে।
সগুণং স্যাৎ সদা ব্রহ্ম শব্দ ব্রহ্ম তদুচ্যতে ॥২২॥
গুণস্তু প্রকৃতির্ম্মায়া নির্গুণা যদি জায়তে।
তদাস্যাৎ সগুণং ব্রহ্ম অন্যথা নিশ্চলং সদা ।২৩

ভাষা।

হে দেব ঈশ্বর! তবে কি প্রকারে সনাতন ব্রহ্ম বেদ বলিয়া প্রাচীন প্রবাদ হইয়াছে। আমার মনে এই সংশয় হইয়াছে তাহা তুমি সমূলে উদ্ধার কর ॥ ২১ ॥

মহাদেব বলিতেছেন যিনি নির্গুণ ব্রহ্ম তাহাকে অক্ষর বলা যায়। আর যিনি সগুণ ব্রহ্ম তাঁহাকে শব্দ ব্রহ্ম বলে ॥ ২২ ॥

মায়াময়ী প্রকৃতি ব্রহ্মের গুণ; যখন ব্রহ্ম সপ্রকৃতি হন তখন তিনি সগুণ অন্যথা নিশ্চল ॥ ২৩ ॥

অস্যার্থঃ।

বোধ্যং। এতৎ সংশয়রূপং হৃদয় শৈল্যং উদ্ধর সবিস্তর কথনেন সংশয়ং ছিন্ধি ॥ ২১ ॥ ঈশ্বর উবাচেতি। য ন্নির্গুণ মক্ষরং ব্রহ্ম তদেব পরং ব্রহ্ম যৎসগুণং ব্রহ্ম তৎশব্দ ব্রহ্ম উচ্যতে ॥ ২২ ॥ গুণ ইতি। ব্রহ্মণো গুণ এব প্রকৃতিঃ। যদা ব্রহ্ম মায়াময়ং তদৈব সগুণং অন্যথা নিশ্চল মিত্যর্থঃ ॥ ২৩ ॥ নিশ্চল মিতি। নিশ্চলং ব্রহ্ম কস্য জ্ঞেয়ং ভবেৎ

নিশ্চলং হি মহেশানি কস্য গম্যং কদা ভবেৎ ।
গম্যেন পরমেশানি তেন কিং ভবতি প্রিয়ে ॥২৪॥
বেদগম্যং যদা ব্রহ্ম নির্গুণং সগুণং সদা ।
বেদাগম্যং হি যদ্ব্রহ্ম তদেব নিশ্চলং সদা ॥ ২৫॥
শব্দ ব্রহ্ম পরং ব্রহ্ম ব্রহ্মদ্বয় মিহোচ্যতে ।
শব্দ ব্রহ্ম বিনা দেবি পরন্তু শব রূপবৎ ॥ ২৬ ॥

ভাষা ।

হে মহেশ্বরি ! নির্গুণ ব্রহ্ম কাহার ও বোধ গম্য হইতে পারে না। সুতরাং অগম্য নির্গুণ ব্রহ্মের আরাধনা হইতে পারে না ॥ ২৪ ॥

বেদ গম্য ব্রহ্ম নির্গুণ এবং সগুণ ঐ ব্রহ্ম নিশ্চল নিরীহ জ্ঞানময় ॥ ২৫ ॥

শব্দ ব্রহ্ম ও পরং ব্রহ্ম এই দ্বিবিধ ব্রহ্ম যে বর্ণিত হইল তন্মধ্যে শব্দ ব্রহ্ম ব্যতিরেকে কেবল পরং ব্রহ্ম যিনি তিনি শববৎ নিশ্চল ॥ ২৬ ॥

অস্যার্থঃ ।

অপিত্ত নেত্যর্থঃ । গম্যেন বোধ্যেন তেন ব্রহ্মণা কিং ভবতি । ব্রহ্মজ্ঞানেন কিন্তুবেদিত্যর্থঃ ॥ ২৪ ॥ বেদেতি । সগুণং ব্রহ্মবেদগম্যং নির্গুণং ব্রহ্মবেদাগম্যং নিশ্চলং ॥ ২৫ ॥ শব্দেতি । শব্দ ব্রহ্মপরং ব্রহ্মেতি দ্বিতয়ং ব্রহ্মোচ্যতে । শব্দ ব্রহ্ম বিনাপরং ব্রহ্মাপি শববৎ নিশ্চেষ্ট মিত্যর্থঃ ॥ ২৬ ॥ তস্মাদিতি । তস্মাৎ পরংব্রহ্ম মাতৃকাব্

তস্মাৎ শব্দং মহেশানি মাতৃকাক্ষর সংযুতং।
মাতৃকা পরমারাধ্যা কৃষ্ণস্য জননী পরা ॥ ২৭ ॥

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে ষোড়শঃ পটলঃ।

ভাষা।

হে মহেশ্বরি! অতএব মাতৃকাক্ষর সংযুক্ত ব্রহ্মই শব্দব্রহ্ম মাতৃকা দেবী পরমারাধ্যা ও কৃষ্ণ জননী ॥ ২৭ ॥

ইতি ষোড়শ পটল।

অস্যার্থঃ।

সংযুতং। পরমারাধ্যা মাতৃকাদেবী কৃষ্ণস্য জননী ॥ ২৭ ॥

ইতি শ্রীচকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে ষোড়শ পটলঃ।

ঈশ্বর উবাচ।

পদ্মিন্যঙ্ঘ্রি রজঃ স্পর্শাৎ কোটিডিম্বং প্রজায়তে
পদ্মিনী ত্রিপুরাদূতী কৃষ্ণকার্য্য করীসদা ॥ ১ ॥

পার্ব্বত্যু বাচ।

গোবিন্দাবরণং দেব তথা পারিসদঃ প্রভো।
তৎসর্ব্বং বদ দেবেশ কৃপয়া পরমেশ্বর ॥ ২ ॥

ঈশ্বর উবাচ।

রাধয়া সহ গোবিন্দং রত্নসিংহাসন স্থিতং।
পূর্ব্বোক্ত রূপলাবণ্যং দিব্যস্রগম্বরং প্রিয়ে ॥৩॥

ভাষা।

মহাদেব বলিতেছেন ত্রিপুরা দূতী কৃষ্ণ কার্য্য সাধিনী পদ্মিনীর চরণ রেণু স্পর্শে কোটী কোটী ব্রহ্মাণ্ড উৎপন্ন হয়। ১।

পার্ব্বতী বলিতেছেন হে পরমেশ্বর! গোবিন্দ চরণ মাহাত্ম্য ও তাঁহার সমস্ত পরিবার আমার নিকট বল ॥ ২ ॥

মহাদেব বলিতেছেন হে প্রিয়ে পার্ব্বতি! পূর্ব্বোক্ত রূপলাবণ্য শালী গোবিন্দ দিব্য মাল্য ও বসন পরিধান করিয়া রাধার সহিত রত্নসিংহাসনে উপবিষ্ট আছেন ॥ ৩ ॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। কৃষ্ণ কার্য্য সাধিন্যাঃ পদ্মিন্যাশ্চরণ রজঃস্পর্শাৎ কোটি ব্রহ্মাণ্ড মুৎপদ্যতেইত্যর্থঃ ॥ ১ ॥ পার্ব্বত্যুবাচেতি। হে প্রভো! গোবিন্দাবরণং গোবিন্দস্য সংসর্গিগণং পারিসদঃ পারিসদগণান্ বদ কথয়েত্যর্থঃ ॥ ২ ॥ ঈশ্বর উবাচেতি। রাধা সহিতং রত্ন সিংহাসন স্থিতং পূর্ব্বোক্ত রূপলাবণ্যাদিযুতং গোবিন্দং ॥ ৩ ॥ ত্রিভঙ্গেতি।

ত্রিভঙ্গ রূপ সুস্নিগ্ধং গোপীলোচন চাতকং।
তদ্বাহ্যে যোগ পীঠেচ রত্নসিংহাসনাবৃতে ॥৪॥
প্রত্যঙ্গ রভসাবেশাঃ প্রধানাঃ কুঞ্জ বল্লভাঃ।
ললিতাদ্যাঃ প্রকৃত্যষ্টৌ পদ্মিনী রাধিকাদ্বয়ং॥৫॥
সংমুখে ললিতা দেবী শ্যামাচ তস্য চোত্তরে।
উত্তরে শ্রীমতী ধন্যা ঈশানেচ হরিপ্রিয়া ॥ ৬ ॥

ভাষা।

তাঁহার ত্রিভঙ্গ সুস্নিগ্ধ রূপে গোপীগণের লোচন চকোর পরিতৃপ্ত হয়। তদ্বহির্ভাগে যোগ পীঠোপরি রত্নসিংহাসনে সর্ব্বাঙ্গে ক্রীড়া বেশ ভূষিত কুঞ্জবয়স্যগণ ও ললিতাদি অষ্টসখী এবং পদ্মিনী ও রাধা উপবিষ্ট আছেন ॥ ৪ ॥ ৫ ॥

সংমুখে ললিতা সখী বসিয়া আছে তদুত্তরে শ্যামা সখী। উত্তরদিকে শ্রীমতী, ঈশানকোণে হরিপ্রিয়া ॥ ৬ ॥

অস্যার্থঃ।

ত্রিভঙ্গরূপং ত্রিধা বক্রবিগ্রহং। রাধিকালোচন চাতকং রাধিকালোচন প্রিয়ং। তদ্বাহ্যে গোবিন্দস্য পার্শ্বাদি বহির্ভাগে ॥ ৪ ॥ প্রত্যঙ্গেতি। সর্ব্বাবয়বাবচ্ছেদেন ক্রীড়াবেশ ধারিণ্যঃ ললিতাদ্যাঃ অষ্টৌ প্রকৃতয়ঃ রাধিকা পদ্মিনীদ্বয়মপি বিশন্তীতি ভাবঃ ॥ ৫ ॥ সংমুখে ইতি। কৃষ্ণস্য সংমুখে ললিতা সখী। তস্য ললিতা শক্তিরূপস্য। ঈশানে ঈশান্ দিগ্বিভাগে ॥ ৬ ॥ বিশেতি। বিশাখা বিশাখা নাম্নীসখীনৈঋতি

বিশাখাচ তথা পূর্ব্বে কৃষ্ণস্য প্রিয় দূতিকা।
পদ্মাচ দক্ষিণে ভদ্রা নৈঋতি ক্রমশঃ স্থিতা।
এতাস্তু পরমেশানি পদ্মিন্যা অষ্টনায়িকা ॥ ৭ ॥
অপরং শৃণু চার্ব্বঙ্গি কুলাচারস্য সাধনং।
যোগ পীঠস্য কোণাগ্রে চারু চন্দ্রাবলী প্রিয়া।
প্রধানাঃ প্রকৃতিশ্চাষ্টৌ কৃষ্ণস্য কার্য্য সিদ্ধিদাঃ॥৮

ভাষা।

বিশাখা সখী পূর্ব্বদিকে যিনি কৃষ্ণের দৌত্যকার্য্য করিয়া থাকেন দক্ষিণদিকে পদ্মা সখী নৈর্ঋতিকোণে ভদ্রা সখী আছে। এই রূপ পর্য্যায় ক্রমে পদ্মিনীর অষ্টনায়িকা অষ্টদিকে আছে ॥ ৭ ॥

হে সুন্দরি! তোমার নিকট আর কুলাচার সাধন বলিতেছি শ্রবণ কর। যোগপীঠের কোণাগ্রে পরম রূপবতী চন্দ্রাবলী বসিয়া আছে। চন্দ্রাবলী প্রধানা সখী কৃষ্ণের কার্য্য সিদ্ধি প্রদা ॥ ৮ ॥

অস্যার্থঃ।

ক্রমশঃ নৈঋত্যাদি ক্রমতঃ অষ্টসখ্যঃ সমুপবিষ্টাইত্যর্থঃ ॥ ৭ ॥ অপরমিতি। হে চার্ব্বঙ্গি সুন্দরি! অপরং অন্যৎপ্রোক্তাধিকং কুলাচার সাধনং শৃণু। যোগপীঠস্য অগ্রে চন্দ্রাবলী আসীদিত্যর্থঃ কৃষ্ণকার্য্যসাধিন্যঃ

পদ্মিনী ত্রিপুরা দূতী সা রাধা কৃষ্ণমোহিনী।
চন্দ্রাবলী চন্দ্ররেখা চিত্রা মদন মঞ্জরী।
প্রিয়াচরী মধুমতী শশিরেখা হরিপ্রিয়া ॥ ৯ ॥
সম্মুখাদি ক্রমাদ্দিক্ষু বিদিক্ষুচ যথাস্থিতাঃ।
ষোড়শ প্রকৃতি শ্রেষ্ঠাঃ প্রধানাঃ কৃষ্ণ বল্লভাঃ।১০।
বৃন্দাবনেশ্বরী রাধা কৃষ্ণস্যা ভয়দায়িনী।
অভিন্ন গুণ লাবণ্যা সৌন্দর্য্যাতীব বল্লভা ॥ ১১ ॥

ভাষা।

যে রাধিকা স্বীয়রূপে কৃষ্ণের মনোমোহন করেন তিনি ত্রিপুরা দূতী পদ্মিনী। চন্দ্রাবলী, চন্দ্ররেখা, চিত্রা, মদন-মঞ্জরী, মধুমতী, শশিরেখা, ও হরিপ্রিয়া ॥ ৯ ॥

এই সকল কৃষ্ণের প্রিয়সখী সম্মুখাদি ক্রমে বিদিদিকে যথা স্থানে স্থিত আছে এতন্মধ্যে ষোড়শ প্রকতি প্রধানা কৃষ্ণের অতি প্রিয়া ॥ ১০ ॥

কৃষ্ণের অভয়দাত্রী বৃন্দাবনেশ্বরী রাধা কৃষ্ণের অভিন্ন রূপ লাবণ্যবতী ও স্বীয় দেহ সৌন্দর্য্যে অতি প্রিয়তমা ॥ ১১ ॥

অস্যার্থঃ।

প্রধানা অষ্টৌসখ্যঃ ॥ ৮ ॥ পদ্মিনীতি যা ত্রিপুরাদুতী পদ্মিনীসৈব রাধা কৃষ্ণমনোমোহিনীত্যর্থঃ ॥ ৯ । সংমুখেতি চন্দ্রাবলী চন্দ্ররেখা প্রভৃ-তয়ঃ সখ্যঃ কৃষ্ণস্য সম্মুখাদিক্রমেণ দিক্ষু বিদিক্ষুচস্থিতা ইত্যর্থঃ ॥ ১০ ॥ বৃন্দেতি। বৃন্দাবনেশ্বরী রাধা কৃষ্ণস্যাভিন্নগুণ লাবণ্যবতী। সৌন্দর্য্যেণ দেহ শোভয়া বল্লভা প্রিয়তমা ॥ ১১ ॥ মনোহরেতি। স্নিগ্ধবেশা

মনোহরা স্নিগ্ধ বেশা কিশোরী বয়সোজ্জ্বলা।
নানাবর্ণ বিচিত্রাভাঃ কৌষেয় বসনোজ্জ্বলাঃ।
এতাস্তু পরমেশানি ষোড়শ স্বর মূর্ত্তয়ঃ।
যা পূর্ব্বোক্তা ষোড়শৈকা মহামায়া জগন্ময়ী।১২।
তদ্বাহ্যে গৃহমধ্যস্থে যোগ পীঠাবৃতে শুভে।
সংমুখে তত্র সাধন্যো গোপকন্যাঃ সহস্রশঃ।১৩

ভাষা।

রাধিকা কৃষ্ণের মনোহারিণী সিগ্ধবেশা ও নবযৌবন সম্পন্না, সখীগণ নানাবর্ণ চিত্রিত বসন পরিধান করিয়া সমুজ্জ্বল শোভাধারণ করিয়াছে। হে পরমেশ্বরি! এই ষোড়শ সখী প্রধানা বলিয়া কীর্ত্তিত হইল ইহারা স্বরমূর্ত্তি; যাহা পূর্ব্বে জগন্ময়ী মহামায়া বলিয়া উক্ত হইয়াছে॥ ১২॥

তদ্বহির্দ্দেশে গৃহমধ্যে যোগ পীঠোপরি শুভাসনে সহস্র সহস্র গোপকন্যা সংমুখে রহিয়াছে॥ ১৩॥

অস্যার্থঃ।

রমণীয়বেশা কিশোরীবয়সা যৌবন পূর্ব্ববয়সা। কৌষেয় বসনোজ্জ্বলা পট্টবস্ত্র পরিধানাঃ। ষোড়শ স্বরমূর্ত্তয়ঃ মাতৃকান্তর্গত ষোড়শ স্বরা এব সহচারিত্বেনাবির্ভূতাঃ॥ ১২॥ তদ্বাহ্য ইতি। তদ্বহির্ভাগে যোগ পীঠাসনে শ্রীকৃষ্ণ সংমুখে সহস্রশো গোপকন্যা আসন্নিত্যর্থঃ॥ ১৩॥

শুদ্ধ কাঞ্চন বর্ণাভাঃ সুপ্রসন্নাঃ সুলোচনাঃ।
কোটি কন্দর্প লাবণ্যাঃ কিশোর বয়সান্বিতাঃ। ১৪
দিব্যালঙ্কার ভুষাভি র্নাসাগ্র গজ মৌক্তিকাঃ।
বিচিত্র কেশাভরণা শ্চারু চঞ্চল কুন্তলাঃ॥ ১৫॥
কৃষ্ণমুগ্ধী কৃতাকারাঃ সদ্বৃত্তি কৃষ্ণলালসাঃ।
কৃষ্ণ গূঢ় রহস্যানি গায়ন্ত্যঃ প্রেমবিহ্বলাঃ॥১৬॥

ভাষা।

তাহারা সকলেই শুদ্ধ কাঞ্চনের ন্যায় বর্ণ বিশিষ্ট প্রসন্নমূর্ত্তি ও সুলোচনা। তাহাদের যৌবন রূপ লাবণ্যে কোটী কন্দর্প পরাজিত হয়॥ ১৪॥

ঐ সকল সখীগণ সকলেই দিব্য অলঙ্কার ভূষিত। নাসাগ্রে গজমুক্তা শোভিত এবং বিবিধ ভূষণে কবরী শোভা পাইতেছে ও চঞ্চল মনোহর কেশ শোভা অতি অতুল॥ ১৫॥

তাহাদের আকারে কৃষ্ণ মোহিত হন। তাহাদের চিত্ত বৃত্তি অতি উত্তম কেবল কৃষ্ণ প্রাপ্তিই তাহাদের অভিলাষ। সর্ব্বদা কৃষ্ণের গুপ্তলীলা গান করিতে করিতে বিহ্বল হয়॥ ১৬॥

অস্যার্থঃ।

শুদ্ধেতি। শুদ্ধকাঞ্চন বদতুজ্জ্বলাঃ। কোটি কন্দর্পাদধিক লাবণ্যবত্যঃ। সর্ব্বাএব কিশোরবয়সঃ॥ ১৪॥ দিব্যেতি। বিবিধ ভূষাভির্ভূষিতাঃ। নাসাগ্রে গজমৌক্তিক ধারিণ্যঃ॥ ১৫॥ কৃষ্ণেতি। তাসামাকারেণৈব কৃষ্ণো মুগ্ধো ভবতীতিভাবঃ। সদ্বৃত্ত্যা সদনুষ্ঠানেন কৃষ্ণে লালসা অতিশয়োযাসাং তাস্তথোক্তাঃ। প্রেমবিহ্বলাঃ কৃষ্ণপ্রেমমুগ্ধাঃ॥ ১৬॥

নানা বৈদগ্ধি নিপুণা দিব্যবেশ ধরান্বিতাঃ।
সৌন্দর্য্য সূর্য্যলাবণ্যাঃ কটাক্ষাতি মনোহরাঃ॥১৭॥
একান্তা শক্তা গোবিন্দে তদঙ্গ স্পর্শনোৎ শুকাঃ।
লাবণ্য ললিতা দীপ্তা কৃষ্ণধ্যান পরায়ণাঃ॥ ১৮।
তাসান্তু সংমুখে ধন্যা গোপকন্যাঃ সহস্রশঃ।
শ্রুতি কন্যা মহেশানি সহস্রাযুত সংযুতাঃ॥১৯॥

ভাষা।

তাহারা নানা প্রকার চাতুর্য্যে অতি শিক্ষিত এবং দিব্য বেশধারী। সৌন্দর্য্য ও লাবণ্যে জগত মোহিত হয় কটাক্ষ অতি মনোহর॥ ১৭॥

গোবিন্দে নিতান্ত আসক্তা ও গোবিন্দাঙ্গ স্পর্শনে সমুৎসুকা। মনোহর শরীর লাবণ্যে দীপ্তি বিশিষ্টা। সদা কৃষ্ণ চিন্তায় রত॥ ১৮॥

তাহাদের সংমুখে সহস্র সহস্র গোপকন্যা ও কোটী কোটী শ্রুতি কন্যা রহিয়াছে॥ ১৯॥

অস্যার্থঃ।

নানেতি। বৈদগ্ধিনিপুনাঃ নানা চাতুর্য্য কুশলাঃ। সৌন্দর্য্যেণ শরীর কান্ত্যা সূর্য্যবল্লাবণ্যবত্যঃ। কটাক্ষেণ দৃষ্টিভঙ্গ্যা অতি মনোহারিণ্যঃ॥ ১৭॥ একান্তেতি। গোবিন্দে নিতান্তানুরক্তাঃ। গোবিন্দাঙ্গ স্পর্শন সমুৎসুকাঃ। লাবণ্য ললিতাঃ কান্তি মনোহরাঃ। কৃষ্ণচিন্তন তৎ পরাঃ॥ ১৮॥ তাসামিতি। তাসাং সংমুখেপি সহস্রশো গোপ কন্যাঃ সন্তীতিভাবঃ। সহস্রাযুত সংযুতাঃ কোটি কন্যা সহিতাঃ॥ ১৯॥

তৎপৃষ্ঠে মুনিকন্যাশ্চ সৌম্য রূপা মনোহরাঃ।
রাধায়াং মগ্ন মনসঃ স্মিত সাচী নিরীক্ষণাঃ॥ ২০॥
মন্দিরস্য ততো বাহ্যে প্রিয় পারিষদাবৃতে।
তৎ সমান বয়োবেশাঃ সমান বল পৌরুষাঃ ॥২১
সমান রূপ সম্পন্নাঃ সমানা গুণ কর্ম্মভিঃ।
সমান স্বর সংগীত বেণুবাদন তৎপরাঃ।
স্বর্ণ বেদ্যন্তরস্থে চ স্বর্ণাভরণ ভূষিতাঃ ॥ ২২ ॥

ভাষা।

তৎ পশ্চাদ্ভাগে মুনিকন্যা; তাহাদের অতি মনোহর সৌম্য মূর্ত্তি। নিরন্তর রাধার প্রতি মন নিবেশিত করিয়া স্মিতমুখে সরল দৃষ্টি করিতেছে॥ ২০॥

তৎপরে মন্দিরের বহির্ভাগে কৃষ্ণের সমান বর্ণ বিক্রমশালী পারিষদগণ রহিয়াছে॥ ২১॥

তাহারা সকলেই কৃষ্ণের সমান রূপলাবণ্য সম্পন্ন ও সমান গুণ কর্ম্ম শীল এবং সমান স্বরসংযোগে বংশীবাদন করিয়া স্বর্ণবেদী মধ্যে নানা আভরণে ভূষিত হইয়াছে॥ ২২॥

অস্যার্থঃ।

তদিতি। শ্রুতিকন্যা পশ্চাদ্ভাগে মুনিকন্যাঃ শান্তরূপাঃ। রাধায়াং নিয়তচিত্তাঃ॥ ২০॥ মন্দিরেতি। ততো মন্দিরবাহ্যে বহির্ভাগে। সমান বেশাঃ তুল্যবেশাঃ। সমান বল বিক্রমাঃ॥ ২১॥ সমানেতি। সমান রূপ লাবণ্য বত্যঃ সমান গুণ কর্ম্মশালিণ্যঃ। সমান স্বর সংযোগেন কৃত সংগীতাঃ। স্বর্ন বেদ্যন্তরস্থে স্বর্নবেদি মধ্যস্থিতে॥ ২২॥

স্তোকং কৃষ্ণ সুভদ্রাদ্যৈ র্গোপালৈরমৃতামৃতৈঃ।
শৃঙ্গ বেত্র বেণু বীণা বয়োবেশাকৃতি স্বনৈঃ।
তদ্গুণ ধ্যান সংযুক্তৈ র্গীয়তে রসবিহ্বলৈঃ।২৩
তদ্বাহ্যে সুরভী বৃন্দৈঃ সবৎস রসবিহ্বলৈঃ।
চিত্রার্পিতৈশ্চ তদ্রূপৈঃ সদা নন্দাশ্রু বর্ষিভিঃ॥
২৪॥

ভাষা।

কৃষ্ণ সুভদ্র প্রভৃতি গোপালগণ শৃঙ্গ, বংশী প্রভৃতি বাদ্য-বাদন করিয়া নানা বেশ ভুষায় শোভিত হইয়া স্বর সংযোগে কৃষ্ণ গুণানুবাদ গান করে। তদ্বহির্ভাগে সুরভী প্রভৃতি গাভীগণ স্ব স্ব বৎসগণে পরিবৃত হইয়া চিত্রার্পিতের ন্যায় তদ্রূপ দেখিতে দেখিতে ও আনন্দাশ্রু বর্ষণ করিতেছে॥ ২৩॥ ২৪॥

অস্যার্থঃ।

স্তোক মিতি। স্তোক মলপ মলপং যথাতথেতি কৃষ্ণসুভদ্রাদ্যৈ র্গোপালৈঃ শৃঙ্গ বেণু প্রভৃতি বাদনেন তদগুণ সংকীর্ত্তনং ক্রিয়ত ইতি ভাবঃ॥ ২৩॥ তদ্বাহ্যে ইতি। সুরভী বৃন্দে র্গাভী সমূহৈঃ বৎস সহ রসমুগ্ধৈঃ চিত্রার্পিতৈঃ চিত্র পুত্তলিকা বন্নিশ্চলৈঃ আনন্দাশ্রু বর্ষিভিঃ কৃষ্ণ প্রেমানন্দ বাষ্প মবসৃজদ্ভিঃ॥ ২৪॥ পুলকেতি। পুলকেন প্রেমানন্দেন আকুলাঙ্গৈঃ

পুলকাকুল সর্ব্বাঙ্গৈ র্যোগীন্দ্রৈ রিববিস্মিতাঃ।
ক্ষরৎ পয়োভি র্গোবিন্দৈ র্লক্ষলক্ষৈ রূপান্বিতঃ
॥ ২৫ ॥
তদ্বাহ্যে প্রাচীরে দেবি কোটি সূর্য্য সমুজ্জ্বলে।
চতুর্দ্দিক্ষু মহোদ্যান নানা সৌরভ মোহিতে ।২৬।
পশ্চিমে সংমুখে শ্রীমৎ পারিজাত দ্রুমালয়ে।
তত্রাধঃস্থে স্বর্ণপীঠে স্বর্ণ মন্দির মণ্ডিতে ॥ ২৭ ॥

ভাষা।

ঐ গাভী সকলের সর্ব্বাঙ্গ পুলকিত হইয়া যোগীন্দ্রগণের ন্যায় বিস্মিত চিত্তে দণ্ডায়মান রহিয়াছে। তাহাদের দুগ্ধধারা পড়িতেছে ॥ ২৫ ॥

তদ্বহির্ভাগে চতুর্দ্দিকে মনোহর সৌরভ পূর্ণ পুষ্পোদ্যান তদ্বাহ্যে কোটী সূর্য্যের ন্যায় সমুজ্জ্বল স্বর্বণ প্রাচীর আছে ॥২৬॥

পশ্চিমদিকে অতি উজ্জ্বল পারিজাত দ্রুমালয়, তাহার অধোদেশে স্বর্বণ মন্দিরে যোগপীঠ আছে ॥ ২৭ ॥

অস্যার্থঃ।

বিবশ শরীরৈঃ। ক্ষরৎ পয়োভিঃ মুঞ্চৎ ক্ষীরৈঃ ॥ ২৫ ॥ তদ্বাহ্যে ইতি। সূর্য্য সমুজ্জ্বলে সূর্য্য বদতি তেজস্বিনি। নানাসৌরভ মোহিতে নানাসুগন্ধি মোদিতে ॥২৬॥ পশ্চিমে ইতি। পারিজাতদ্রুমালয়ে কলপ-বৃক্ষ নিকেতনে। তত্রাধঃস্থে পারিজাত তরুমূলে ॥ ২৭ ॥ তন্মধ্য ইতি।

তন্মধ্যে মণি মাণিক্য রত্নসিংহাসনোজ্জ্বলং।
তত্রোপরি পরানন্দং বাসুদেবং জগদ্গুরুং ।২৮।
ত্রিগুণাতীত চিদ্রূপং সর্ব্বকারণ কারণম্।
ইন্দ্রনীল মণি শ্যাম নীল কুঞ্চিত কুন্তলং ॥ ২৯॥
পদ্মপত্র বিশালাক্ষং মকরাকৃতি কুণ্ডলং।
চতুর্ভুজং মহদ্ধাম জ্যোতীরূপং সনাতনং ॥৩০।

ভাষা।

ঐ যোগ পীঠোপরি সমুজ্জ্বল মাণিক্য খচিত রত্ন সিংহাসন; তদুপরি পরমানন্দ স্বরূপ ত্রিগুণাতীত জগদ্গুরু সর্ব্বকারণ জ্ঞানময় বাসুদেব আছেন। তাহার সমুজ্জ্বল দেহ ইন্দ্র নীলমণির ন্যায় শ্যামবর্ণ ও নীল কুটিল কেশ ॥ ২৮ ॥ ২৯ ॥

পদ্মপত্রের ন্যায় বিশাললোচন, কর্ণে মকরাকৃতি সুবর্ণ কুণ্ডল ঐ বাসুদেব মূর্ত্তি চতুর্ব্বাহু জ্যোতির্ম্ময়। যিনি মহদ্ধাম সনাতন ॥ ৩০ ॥

অস্যার্থঃ।

স্বর্ণ মন্দিরমধ্যে মাণিক্য নির্ম্মিত রত্নখচিতাসনে। পরানন্দং পরমানন্দ স্বরূপং ॥ ২৮ ॥ ত্রিগুণাতীত মিত্যাদি শ্লোক ত্রয়েণ রত্নসিংহাসনস্থং বাসুদেবং বিশিনষ্টি তদপি সুবোধং ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥ রুক্মিণীতি।

আদ্যন্তরহিতং নিত্যং প্রধানং পুরুষেশ্বরং।
শঙ্খচক্র গদাপদ্ম ধারিণং বনমালিনং।
পীতাম্বর মতি স্নিগ্ধং দিব্যভূষণ ভূষিতং ॥ ৩১॥
রুক্মিণী সত্যভামাচ নাগ্রজিত্যাচ লক্ষণা ॥৩২॥
মিত্র বিন্দা সুনন্দাচ তথা জাম্বুবতী প্রিয়া।
সুশীলাচাষ্ট মহিষী বাসুদেবা বৃতাস্ততঃ ॥ ৩৩॥
উদ্ধবাদ্যাঃ পরিষদাবৃতা স্তুভক্তি তৎপরাঃ।
উত্তরে দিব্য উদ্যানে হরিচন্দন সঙ্গিতে ॥ ৩৪ ॥

ভাষা।

আদ্যন্তরহিত,নিত্য,প্রধান পুরুষেশ্বর, শঙ্খচক্র গদাপদ্মধারী, বনমালা বিভূষিতগাত্র, পীতাম্বর পরিধান ও দিব্যভূষণে ভূষিত ॥ ৩১ ॥

রুক্মিণী সত্যভামা, নাগ্রজিত্যা, লক্ষণা মিত্রবিন্ধ্যা, সুনন্দা, জাম্বুবতী, ও সুশীলা প্রভৃতি অষ্ট মহিষী বাসুদেবকে পরিবেষ্টন করিয়া রহিয়াছে ॥ ৩২ ॥ ৩৩ ॥

উত্তরদিকে হরিচন্দন চর্চ্চিত দিব্য উদ্যানে উদ্ধবাদি কৃষ্ণ পারিষদগণ ভক্তিযুক্ত হইয়া স্তব করিতেছে ॥ ৩৪ ॥

অস্যার্থঃ।

রুক্মিণী সত্যভামাদ্যাঃ সখ্যঃ কৃষ্ণ মহিষ্যঃ। তাত্রব বাসুদেবং পরিবৃত্য স্থিতাঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥ উদ্ধবেতি। উদ্ধবাদয় স্তুভক্তি পরায়ণাঃ। পরিষদঃ পরিবারত্বেন সহচরাঃ। হরিচন্দন সঙ্গতে কস্তুরী সুগন্ধ পূর্ণে।

তত্রাধস্তু স্বর্ণ পীতে মণি মণ্ডপ মণ্ডিতে।
তস্য মধ্যেতু মাণিক্য দিব্য সিংহাসনোজ্জ্বলে ॥
॥ ৩৫ ॥
তত্রোপরিচ রেবত্যা সহিতঞ্চ হলায়ুধং।
ঈশ্বরস্য প্রিয়ানন্ত মভিন্ন গুণ রূপিণং ॥ ৩৬ ॥

ভাষা।

তাহার অধঃ স্থলে মণি মণ্ডপ ভূষিত স্থবর্ণ পীঠ মধ্যে মাণিক্য ভূষিত সমুজ্জ্বল দিব্য সিংহাসন ॥ ৩৫ ॥

তদুপরি রেবতী সহিত হলায়ুধ ঈশ্বর প্রিয়, অভিন্ন রূপী অনন্ত দেব বলরাম ॥ ৩৬ ॥

অস্যার্থঃ।

॥ ৩৪ ॥ তত্রেতি। পীতে পীতবর্ণে। মণি মণ্ডপ মণ্ডিতে মণি নির্ম্মিত মণ্ডপ ভূষিতে। মাণিক্য রচিত দিব্য সিংহাসনে ॥ ৩৫ ॥ তত্রেতি। তদুপরি রেবত্যা সহিতং বলরামং। অনন্তং হলায়ুধং ঈশ্বরাভিন্ন রূপ শালিনং ॥ ৩৬ ॥ শুদ্ধেতি হলায়ুধং বিশিনষ্টি। শুদ্ধ স্ফটিক বদতি

শুদ্ধ স্ফটিক সঙ্কাসং রক্তাম্বুজ দলেক্ষণং।
নীল পদ্মাম্বর ধরং দিব্য গন্ধানু লেপনং।
কুণ্ডলাযুক্ত সদগণ্ডং দিব্য ভূষাস্রগম্বরং॥ ৩৭॥
মধুপান সদাসক্তং সদা ঘূর্ণিত লোচনং।
জগন্মোহন সৌন্দর্য্যং সাধক শ্রেণি বেষ্টিতং।
॥ ৩৮॥

ভাষা।

শুদ্ধ স্ফটিকের ন্যায় শুভ্র দেহ রক্ত পদ্ম দলের ন্যায় লোহিত লোচন, নীলপদ্ম ও নীলাম্বর ধারী ; দিব্য গন্ধানুলেপনে সর্ব্বাঙ্গ প্রলিপ্ত গণ্ড স্থলে কুণ্ডল দিব্য ভূষণ ও বনমালা পরিধান করিয়াছেন॥ ৩৭॥

সদা মধুপানে আসক্ত চিত্ত হওয়াতে লোচন ঘূর্ণিত হইতেছে, দেহ সৌন্দর্য্যে ত্রিজগত মোহিত হয় চতুর্দ্দিকে সাধক শ্রেণী বেষ্টিত আছে॥ ৩৮॥

অস্যার্থঃ।

শুভ্রং রক্তনেত্রং। নীলপদ্ম বস্ত্রং পরিদধানং। দিব্য চন্দন লিপ্তাঙ্গং গণ্ডস্থলে দিব্য কুণ্ডলং॥ ৩৭॥ মদ্বিতি মধুপানেন সদা ঘূর্ণিত লোচনং। দেহ শোভয়া বিশ্বমোহনং। ভক্ত বৃন্দ পরিবেষ্টিতং॥ ৩৮॥ অদিত্যেতি।

অসিতাম্বুজ পূর্ণাভ মরবিন্দদলেক্ষণং।
দিব্যালঙ্কার ভূষাঢ্যং দিব্য মাল্যানু লেপনং॥৩৯
জগন্মুগ্ধী কৃতাশেষ সৌন্দর্য্যাশ্চর্য্য বিগ্রহং।
পূর্ব্বোদ্যানে মহারম্যে সুরদ্রুম সমাশ্রয়ে॥ ৪০॥
তস্য মধ্যে স্থিতে রাজ দিব্য সিংহাসনোজ্জ্বলে।
শ্রীমত্যা উষয়া শ্রীমদনিরুদ্ধং জগৎপতিং॥৪১॥

ভাষা।

অসিত পদ্মের ন্যায় দেহ আভা অরবিন্দ দলের ন্যায় দিব্য লোচন দিব্য অলঙ্কারে শোভিত সর্ব্ব গাত্রে অনুলেপন প্রলেপ॥ ৩৯॥

মহারম্য সুরদ্রুম শোভিত পূর্ব্বোদ্যান মধ্যে সমুজ্জ্বল দিব্য সিংহাসনোপরি শ্রীমতী ঊষার সহিত জগৎপতি অনিরুদ্ধ আছেন তাহার দেহ শোভায় ত্রিজগত মুগ্ধ হয়॥ ৪০॥ ৪১॥

অস্যার্থঃ।

নীলপদ্ম বদ্দেহ সৌভাগ্যং পদ্মদলেক্ষণং দিব্যালঙ্কার শোভিতং দিব্য মালাধারিণং। অনু লেপেন লিপ্ত শরীরং॥ ৩৯॥ জগদিতি। অশেষ দেহ শোভয়া জগন্মোহয়তীত্যর্থঃ। অতি মনোহর পুর্ব্বোদ্যানা ধিষ্ঠিতমিত্যর্থঃ॥৪০॥ তস্যেতি দিব্য সিংহাসনোপরি উষয়া সার্দ্ধং জগৎ-পতি মনিরুদ্ধং॥ ৪১। সান্দ্রেতি। অনিরুদ্ধং বিশিনষ্টি। ঘনশ্যামং

সান্দ্রানন্দং ঘনশ্যামং সুস্নিগ্ধং নীল কুন্তলং।
নীলোৎপল দল স্নিগ্ধং চারু চঞ্চল লোচনং ॥৪২
সুভ্রূমতা লতাভঙ্গু সুকপোলং সুনাসিকং।
সুগ্রীবং সুন্দরং বক্ষঃ সুস্বরং সুমনোহরং।
কিরীটিনং কুণ্ডলিনং কণ্ঠ ভূষাদি ভূষণং ॥৪৩॥
মঞ্জু মঞ্জীর মাধুর্য্য মাশ্চর্য্য রূপ শোভিতং।
পূর্ণব্রহ্ম সদানন্দং শুদ্ধং সত্ত্বাত্মকং প্রভুং ॥৪৪॥

ভাষা।

ঐ অনিরুদ্ধ মূর্ত্তিমান আনন্দ স্বরূপ ঘন নীলবৎ শ্যাম দেহ কান্তি; কর্ণে সুস্নিগ্ধ কুণ্ডল নীলোৎপল দলের ন্যায় সুসিগ্ধ চারু চঞ্চল লোচন ॥ ৪২ ॥

উন্নত ভঙ্গুর ভ্রূযুগল, মনোহর নাসিকা ও গণ্ডস্থল গ্রীবাদেশ অতি সুন্দর, বক্ষঃস্থল অতি বিস্তৃত। অতি মনোহর স্বর; কিরীট, কুণ্ডল ও বিবিধ কণ্ঠ ভূষায় সুশোভিত ॥ ৪৩ ॥

মনোহর নূপুর শোভায় শোভিত হইয়া পূর্ণ ব্রহ্ম সদানন্দ শুদ্ধ সত্ত গুণোপেত প্রভু অধিষ্ঠিত আছেন ॥ ৪৪ ॥

অস্যার্থঃ।

ঘনবৎশ্যাম কলেবরং নীলকুন্তল ধারিণং চঞ্চল লোচনং ॥ ৪২ ॥ সুভ্রূ ইতি ভ্রূযুগলং ভঙ্গুর প্রায়মিত্যর্থঃ। সুগ্রীবং গ্রীবাদেশমতি সুন্দরং সুস্বরং মধুর স্বরেণ গীয়মানং ॥ ৪৩ ॥ মঞ্জু ইতি। মনোহর নূপুর শোভয়া অদ্ভুত রূপ ধারিণমিত্যর্থঃ। শুদ্ধ সত্ত্বাত্মকং বিশুদ্ধ সত্ত গুণো-

তস্যোর্দ্ধে চান্তরীক্ষেচ বিষ্ণুং সর্ব্বেশ্বরেশ্বরং।
অনাদি মাদি চিদ্রূপং চিদানন্দং পরং বিভুং।
॥ ৪৫ ॥

ত্রিগুণাতীত মব্যক্তং অক্ষরং নিত্য মব্যয়ং।
সস্মের পুঞ্জ মাধুর্য্যং সৌন্দর্য্যং শ্যাম বিগ্রহং।
॥ ৪৬॥

ভাষা।

তদূর্দ্ধভাগে নভোমণ্ডলে অনাদি চিদ্রূপ চিদানন্দ স্বরূপ জগদাদিভূত হরি রহিয়াছেন ॥ ৪৫ ॥

ইনি ত্রিগুণাতীত অব্যক্ত সনাতন অব্যয় ও নিশ্চল পুরুষ। সস্মিত মুখ পদ্মের শোভা অতি মনোহর। সৌন্দর্য্যের তুলনা-হীন শ্যাম রূপী স্বয়ং নারায়ণ ॥ ৪৬ ॥

অস্যার্থঃ।

পেতং। প্রভুমীশ্বরং ॥ ৪৪ ॥ তস্যেতি। অন্তরীক্ষে আকাশ মণ্ডলে। অনাদিং আদ্যহীনং আদিং জগদাদিভূতং। চিদ্রূপং জ্ঞানময়ং ॥৪৫॥ ত্রিগুণেতি। সত্ত্ব রজ স্তমোগুণত্রিতয় হীনং। অক্ষরং নিশ্চলং অব্যয়ং নিত্যং অব্যক্তং অপ্রকাশিতমিতি। সস্মিত বদনং শোভাপূর্ণং। শ্যাম বিগ্রহং নীল কলেবরং ॥ ৪৬ ॥ অরবিন্দেতি। পদ্মদলবৎ সুদীর্ঘ

অরবিন্দ দলস্নিগ্ধ সুদীর্ঘ লোল লোচনং।
কিরীট কুণ্ডলোদ্ভাসি জগত্রয় মনোহরং ॥৪৭॥
চতুর্ভুজং শঙ্খচক্র গদাপদ্মোপ শোভিতং।
কঙ্কণাঙ্গদ কেয়ূর কিঙ্কিনী কটিশোভিতং ॥৪৮॥
শ্রীবৎস কৌস্তুভং রাজদ্বনমালা বিভূষিতং।
মঞ্জু মুক্তা ফলোদার হারদ্যোতিত বক্ষসং।
হেমাম্বুজ ধরং শ্রীমদ্বিনতা সুত বাহনং ॥ ৪৯ ॥

ভাষা।

অরবিন্দ দলের ন্যায় সুদীর্ঘ চঞ্চল লোচন। শিরোপরি মুকুট, গণ্ডস্থলে মনোহর কুণ্ডল দেহ কান্তিতে ত্রিজগৎ সমুজ্জ্বল হইয়াছে ॥ ৪৭ ॥

চতুর্ভুজে শঙ্খচক্র গদা ও পদ্ম বিদ্যমান রহিয়াছে। কঙ্কন ও অঙ্গদ শোভিত হস্ত, কটীদেশে কিঙ্কিনীযুক্ত কাঞ্চীগুণ ॥৪৮॥

শ্রীবৎস ও কৌস্তুভ চিহ্নিত বক্ষঃস্থলে বনমালা শোভা পাইতেছে। তাহাতে মনোহর মুক্তাহার লম্বমান রহিয়াছে। হেম পদ্মধারী সনাতন বিষ্ণু বিনতানন্দন গরুড়োপরি অধিষ্ঠিত ॥৪৯॥

অস্যার্থঃ।

স্নিগ্ধনেত্রং কিরীটেন মুকুটেন কুণ্ডলেন কর্ণ ভূষয়াচ উদ্ভাসি সমুজ্জ্বলং ।৪৭। চতুরিতি। শঙ্খচক্র গদাপদ্ম শোভিতং চতুর্হস্তং কঙ্কণ বলয়াদি ভূষিতঞ্চ। কট্যাং ক্ষুদ্র ঘণ্টিকা শোভিত কাঞ্চীগুণং ॥ ৪৮ ॥ শ্রীতি শ্রীবৎসঃচিহ্ন বিশেষঃ কৌস্তুভোমণি বিশেষঃ। লম্বমান মনোহর মুক্তাহারেণ শোভিত বক্ষঃস্থলং। বিনতাসুতো গরুড় স্তদুপরি স্থিতমিত্যর্থঃ ॥ ৪৯ ॥ উভয়

লক্ষ্মী সরস্বতীভ্যাঞ্চ সংশ্রিতো ভয় পার্শ্বকং।
পূর্ণব্রহ্ম সুখৈশ্বর্য্যং পূর্ণানন্দ রসাশ্রয়ং॥ ৫০॥
মুনীন্দ্রাদ্যৈঃ স্তূয়মানং দেব পার্শ্বদ বেষ্টিতং।
সর্ব্ব কারণ কার্য্যেশং স্মরেদ্যোগেশ্বরেশ্বরং।
॥ ৫১॥
তত্রাধো দেবি পাতালে আধার শক্তি সংযুতে।
মণি মণ্ডপ মধ্যেত্ত মণি সিংহাসনোজ্জ্বলে। ৫২।

ভাষা।

উভয় পার্শ্বে লক্ষ্মী ও সরস্বতী বিরাজিত আছেন, নিত্য সুখ সম্পদ উপভোগে পূর্ণব্রহ্ম নারায়ণ পূর্ণানন্দ রসের আশ্রয়॥৫০॥

নারদাদি মুনিগণ সদা স্তব করিতেছেন। দেবগণ পারিষদ-রূপে চতুর্দ্দিগে বসিয়া আছেন। সেই সর্ব্ব কারণ সর্ব্ব কার্য্যে-শ্বর নারায়ণকে সকলে স্মরণ করে॥ ৫১॥

হে দেবি পার্ব্বতি! তদধোভাগে পাতালে আধার শক্তি আছে তদুপরি মণি মণ্ডপ মধ্যে সমুজ্জ্বল রত্ন সিংহাসন আছে॥ ৫২॥

অস্যার্থঃ।

পার্শ্বে লক্ষ্মীঃ সরস্বতীচ সমুপবিষ্টেত্যর্থঃ॥ ৫০॥ মুনীতি। মুনিন্দ্রাদ্যৈঃ দেবর্ষিভী রাজর্ষিভিশ্চ। দেব পারিষদগণ বেষ্টিতং নিখিল কার্য্যকারণ কর্ত্তার মিত্যর্থঃ॥ ৫১॥ তত্রেতি। তস্যাধোভাগে পাতালে আধার শক্তি সহিতে উজ্জ্বলে মণি নির্ম্মিত সিংহাসন ইত্যর্থঃ॥ ৫২॥ তন্মাহ্ন

তদ্বাহ্যে স্ফটিকাদ্যুচ্চৈঃ প্রাচীরাদি মনোহরৈঃ।
চতুর্দ্দিক্ষু বৃতে দিব্যে প্রতিবিম্ব সমুজ্জ্বলে ॥৫৩॥
উদ্যানে পুষ্প সৌরভ্য মুগ্ধীকৃত জগত্রয়ে।
আস্তে সুরাসুরগণৈঃ সিদ্ধ চারণ সেবিতো॥৫৪॥
দিব্যাঙ্গ মঞ্জু সৌন্দর্য্য যথা ভূষণ বাহনৈঃ।
যথেপ্সিত বর প্রার্থৈস্তদঙ্ঘ্রি ভজনোৎসুকৈঃ।
॥ ৫৫ ॥

ভাষা।

তাহার বহির্ভাগে চতুর্দ্দিগে অতি উচ্চ মনোহর স্ফটিক প্রাচীর তাহাতে সমস্ত বস্তুর প্রতিবিম্ব পতিত হওয়াতে মনোহর শোভা হইয়াছে ॥ ৫৩ ॥

তাহার মনোহর উদ্যানপুষ্প সৌগন্ধে জগত্রয় মোহিত হইতেছে। সুর, অসুর, সিদ্ধ ও চারণ গণ নিয়ত সেবা করিতেছে ॥ ৫৪ ॥

মনোহর সৌন্দর্য্যশালী দিব্যাঙ্গধারী দেবগণ বর প্রার্থী হইয়া তাহার পাদপদ্ম ভজন লালসায় স্ব স্ব ভূষণ বাহনে শোভিত হইয়া আগমন করিতেছে ॥ ৫৫ ॥

অস্যার্থঃ।

ইতি। স্ফটিকাদি নির্ম্মিত উচ্চ মনোহর প্রাচীরৈ শ্চতুর্দ্দিক্ষু আবৃতে ।৫৩। উদ্যান ইতি। পুষ্প সৌগন্ধেন জগত্রয় মুগ্ধীকৃতে উদ্যানে। সিদ্ধগণৈশ্চারণগণৈশ্চ সেবিতে ॥ ৫৪ ॥ দিব্যেতি। স্বস্বাভিলষিত বরেচ্ছুভি স্তৎপাদ ভজনাভিলাষৈ রিত্যর্থঃ ॥ ৫৫ ॥ তদিতি। এতেষাং দক্ষিণে

তদ্দক্ষিণে মুনিগণৈঃ শুদ্ধ সত্ত্বান্বিতাত্মভিঃ।
তদ্ভক্তি সাধনাধর্ম্মৈ র্বাঞ্ছ্যতে ভক্তি তৎপরৈঃ।
॥ ৫৬ ॥
তৎপৃষ্ঠে যোগিমুখ্যৈশ্চ সনকাদ্যৈর্ম্মহাত্মভিঃ।
আত্মারামৈশ্চ চিদ্রূপৈ স্তস্য মূর্ত্তিস্ফূর্ত্তি তৎপরৈঃ
॥ ৫৭ ॥

ভাষা।

তাহার দক্ষিণ ভাগে শুদ্ধ সত্ব গুণান্বিত মুনিগণ ভজনা সাধনার্থ ভক্তি তৎপর হইয়া স্ব স্ব ভক্তির পরাকাষ্ঠা প্রদর্শন করিতেছেন ॥ ৫৬ ॥

তৎ পৃষ্ঠ দেশে সনকাদি মহাত্মা যোগিগণ চিদ্রূপী আত্ম-চিন্তা করিতেছে ও তাঁহাদের জ্ঞান নেত্রে সেই চিদ্রূপ মূর্ত্তি প্রতিবিম্বিত হইতেছে ॥ ৫৭ ॥

অস্যার্থঃ।

শুদ্ধসত্ত্ব গুণযুক্তৈ স্তদ্ভজন পরায়ণৈঃ। বাঞ্ছ্যতে প্রার্থ্যতে হরিভজন মিতি শেষঃ ॥ ৫৬ ॥ তদিতি। তৎপৃষ্ঠে তেষাং মুনিগণানাং পশ্চাদ্ভাগে। আত্মারামৈঃ আত্মতত্ত্ব বিচারয়দ্ভি রিত্যর্থঃ ॥ ৫৭ ॥ হৃদয়েতি।

হৃদয়ারূঢ় তদ্ধ্যানৈ র্নাসাগ্র ন্যস্ত লোচনৈঃ।
সসাধ্য সিদ্ধ গন্ধর্ব্বৈঃ স বিদ্যা ধর কিন্নরৈঃ॥
তদঙ্ঘ্রি ভজনা কামৈ র্বাঞ্ছ্যতে হৃষ্ট মানসৈঃ।
॥ ৫৮ ॥

তদগ্রে বৈষ্ণবাঃ সর্ব্বৈচান্তরীক্ষে সুখাসনে।
পদ্মাদলা বদাদ্যাশ্চ কুমার শুক উদ্ধবাঃ॥৫৯॥

ভাষা।

সাধ্য, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধর ও কিন্নরগণ নাসাগে লোচনন্যস্ত করিয়া তদ্ধ্যানে একাগ্র চিত্ত হইয়া হৃষ্টমনে ঐ পাদ পদ্ম ভজনা বাঞ্ছা করিতেছেন॥ ৫৮॥

তাহার অগ্র ভাগে পদ্মাদল, অবদ, কুমার, শুক ও উদ্ধব প্রভৃতি বৈষ্ণবগণ আকাশ প্রদেশে সুখাসনে আসীন আছে॥ ৫৯॥

অস্যার্থঃ।

হৃদয়ে মনসি আরূঢ়ং জনিতং তস্যেশ্বরস্যধ্যানং যেষাং তথোক্তৈঃ র্নাসাগ্রে ন্যস্তানি অর্পিতানি লোচনানি যেষাং তৈঃ এতেন তেষাং মনঃ স্থিরত্ব মায়াতং। সাধ্য সিদ্ধগন্ধর্ব্ব বিদ্যাধর কিন্নরগণৈশ্চ সহিতৈ রিত্যর্থঃ। বাঞ্ছ্যতে প্রার্থ্যতে। হৃষ্টমানসৈঃ সন্তুষ্টৈ রিত্যর্থঃ॥ ৫৮॥ তদিতি। তেষাং সিদ্ধগণানামগ্রে অন্তরীক্ষে আকাশে পদ্মাদলাবদাদ্যাঃ বৈষ্ণবা বৈষ্ণবগণাঃ॥ ৬৯॥ পুলকোতি। পুলকিত সর্ব্বগাত্রৈঃ প্রকাশিত

পুলকাঙ্কুর সর্ব্বাঙ্গৈঃ স্ফুরৎ প্রেম সমাকুলৈঃ।
রহস্য প্রেম সংযুক্তৈ বর্ণ যুগ্মাক্ষরো মনুঃ॥ ৬০॥
মন্ত্রচূড়ামণিঃ প্রোক্তঃ সর্ব্ব মন্ত্রৈক কারণং।
সর্ব্ব দেবস্য মন্ত্রাণাং কৃষ্ণ মন্ত্রস্তু জীবনং॥ ৬১॥
শ্রীকৃষ্ণঃ সর্ব্ব মন্ত্রাণাং কৃষ্ণ মন্ত্রস্তু কারণং।
সর্ব্বেষাং কৃষ্ণ মন্ত্রাণাং কৈশোরমতি হেতুকং।
কৈশোরং সর্ব্ব মন্ত্রাণাং হেতু চূড়ামণিং মনুঃ।
॥ ৬২॥

ভাষা।

তাহারা কৃষ্ণ প্রেম রসে সমাকুল হওয়াতে সর্ব্বাঙ্গ পুলকাঙ্কুরিত হইয়াছে এবং ঐ বৈষ্ণবগণ পূর্ণ বর্ণ দ্বয়াত্মক অতি গোপনীয় মন্ত্র মানসে উচ্চারণ করিতেছে॥ ৬০॥

ঐ দ্ব্যক্ষর মন্ত্র সর্ব্ব মন্ত্রের চূড়ামণি স্বরূপ ও সর্ব্ব মন্ত্রের কারণ। যেহেতু কৃষ্ণমন্ত্র অন্যান্য দেব মন্ত্রের জীবন বলিয়া বর্ণিত আছে॥ ৬১॥

যেমন শ্রীকৃষ্ণ সর্ব্ব দেবের কারণ তদ্রূপ কৃষ্ণ মন্ত্র ও সর্ব্ব মন্ত্রের কারণ স্বরূপ। বিশেষতঃ সর্ব্ব প্রকার কৃষ্ণ মন্ত্রের মধ্যে এই দ্ব্যক্ষর কৌশোর মন্ত্র সমাধিক মাহাত্ম্য যুক্ত এবং এই কৈশোর মন্ত্রকেই সমস্ত কৃষ্ণ মন্ত্রের কারণ বলা যায়॥ ৬২॥

অন্বয়ার্থঃ।

প্রেমোন্মূর্ত্তৈ রিত্যর্থঃ। বর্ণ যুগ্মাক্ষরঃ বর্ণদ্বয়াত্মকঃ মনুর্ম্মন্ত্রঃ॥ ৬০॥ মন্ত্রেতি। মন্ত্রচূড়ামণির্ম্মন্ত্ররাজঃ। কৃষ্ণমন্ত্রঃ সর্ব্ব মন্ত্রস্য জীবনং কারণমিত্যর্থঃ॥ ৬১॥ শ্রীকৃষ্ণইতি। শ্রীকৃষ্ণঃ সর্ব্ব মন্ত্রাধিপতিঃ কৃষ্ণস্য

মনসৈব প্রকুর্ব্বন্তি পূর্ণ প্রেম সুখাত্মনঃ।
বাঞ্ছন্তি তৎপদাম্ভোজং নিশ্চলং প্রেম সাধনং
॥ ৬৩ ॥
তদ্বাহ্যে স্ফটিকাদ্যুচ্চৈঃ প্রাচীরে সুমনোহরে।
পুষ্পৈশ্চ শ্বেত রক্তাদ্যৈ শ্চতুর্দ্দিক্ষু সমুজ্জ্বলে।
॥ ৬৪ ॥

ভাষা।

ঐ বৈষ্ণবগণ পূর্ণ প্রেম সুখাভিলাষী হইয়া মানসে চিন্তা করিতেছে। এবং প্রেম ভক্তি সাধন কৃষ্ণ পাদ পদ্ম বাঞ্ছা করিতেছে॥ ৬৩॥

তাহার বহির্ভাগে স্ফটিক নির্ম্মিত অতি উচ্চ মনোহর প্রাচীর; তাহার চতুর্দ্দিকে শ্বেত, রক্তাদি মনোহর কুসুমরাশি প্রস্ফুটিত হইয়া সমুজ্জ্বল শোভাধারণ করিতেছে॥ ৬৪॥

অস্যার্থঃ।

কৈশোরং মঙ্গলং সর্ব্ব মঙ্গলকারণ মিত্যর্থঃ॥ ৬২ ॥ মনসেতি। প্রেম-সুখাত্মানো বৈষ্ণবা মনসা কৃষ্ণ পাদাম্ভোজং বাঞ্ছন্তি। প্রেম সাধনং প্রেমভক্তি কারণং॥ ৬৩॥ তদ্বাহ্যে ইতি। তেষাং বহির্ভাগে স্ফটিক নির্ম্মিত প্রাচীর বেষ্টিত বিবিধ কুসুম শোভিত ইত্যর্থঃ॥ ৬৪ ॥ শুক্ল-

শুক্লং চতুর্ভুজং বিষ্ণুং পশ্চিম দ্বারপালকং।
শঙ্খচক্র গদাপদ্ম কিরীটাদিভিরাবৃতং॥ ৬৫॥
রক্তং চতুর্ভুজং বিষ্ণুং শঙ্খচক্র গদাধরং।
কিরীট কুণ্ডলো দ্দীপ্তং দ্বারপালক মুত্তরে॥৬৬।
গৌরং চতুর্ভুজং বিষ্ণুং শঙ্খচক্র গদাযুধং।
কিরীট কুণ্ডলাদ্যৈশ্চ শোভিতং বনমালিনং।
পূর্ব্বদ্বারে প্রতীহারং নানাভরণ ভূষিতং॥ ৬৭॥

ভাষা।

ঐ সিদ্ধ ক্ষেত্রে শঙ্খচক্র গদাপদ্মধারী, কিরীটাদি ভূষিত চতুর্ভুজ বিষ্ণু পশ্চিমদ্বারে দ্বৌবারিকরূপে অধিষ্ঠিত আছেন।৬৫

শঙ্খচক্র গদাপদ্মধারী কিরীট কুণ্ডলাদি ভূষিত রক্তবর্ণ চতুর্ভুজ বিষ্ণু উত্তরদ্বারে দ্বারপাল রহিয়াছেন॥ ৬৬॥

কিরীট কুণ্ডলাদি ভূষণে শোভমান শঙ্খচক্র গদাপদ্মধারী বনমালাদি নানাভরণ ভূষিত গৌরবর্ণ বিষ্ণু পূর্ব্বদ্বারে প্রতিহারী রূপে বিরাজিত আছেন॥ ৬৭॥

অন্বয়ার্থঃ।

মিতি। পশ্চিমদ্বারপালং পশ্চিমদ্বারস্থিতং কিরীটাদিভিস্মুকুটাদিভি-রিতি॥ ৬৫॥ উত্তরদ্বারপালং রক্তবর্ণং চতুর্ভুজং শঙ্খচক্র. গদাপদ্ম ধারিণমিত্যর্থঃ॥ ৬৬॥ গৌরমিতি। পূর্ব্বদ্বারপালং গৌরবর্ণং বিষ্ণুং। বনমালিনং বনমালাধারিণং॥ ৬৭। কৃষ্ণমিতি। দক্ষিণ

কৃষ্ণবর্ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রাদি ভূষিতং।
দক্ষিণ দ্বারপালস্তু শ্রীবিষ্ণুং চিন্তয়েদ্ধরিং॥৬৮॥
ইত্যে তৎ পরমেশানি সপ্তাবরণ মুত্তমং।
সপ্তাবরণ সংযুক্তাং রাধিকাং পদ্মিনীং পরাং।
এতদাবরণং ভদ্রে সপ্তশক্তিঃ স্বয়ং প্রিয়ে॥৬৯॥

ইতি বাসুদেবরহস্যে রাধাতন্ত্রে সপ্তদশ পটলঃ।

ভাষা।

কৃষ্ণবর্ণ চতুর্ব্বাহু শঙ্খচক্র গদাপদ্মধারী বিষ্ণু দক্ষিণদ্বারে দ্বারপাল রূপে আছেন এই রূপে ভগবান বিষ্ণুকে চিন্তা করিতেছে॥ ৬৮॥

হে পরমেশানি! এই উত্তম সপ্তাবরণ সংযুক্ত বৃন্দাবন স্থান কেশপীঠ। ঐরূপ সপ্তাবরণ যুক্তা রাধিকা পদ্মিনী। আর এই সপ্তাবরণ যাহা বলিলাম; হে সুন্দরি! তাহা স্বয়ং শক্তি স্বরূপ॥ ৬৯॥

ইতি সপ্তদশ পটলঃ।

অস্যার্থঃ।

দ্বারপালং কৃষ্ণবর্ণং বিষ্ণুং। চক্রাদিধারিণং চিন্তয়েদিতি সর্ব্বেষামন্বয়ঃ॥ ৬৮॥ সপ্তেতি। রাধিকা সপ্তাবরণ সংযুতা সপ্তাবরণং প্রকৃতি শক্তিরিত্যর্থঃ॥ ৬৯॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্রে ব্যাখ্যানে সপ্তদশঃ পটলঃ।

দেব্যুবাচ।

অপরৈকং মহা প্রেম্না পৃচ্ছামি বৃষভধ্বজ।
একোবিষ্ণুর্ব্বাসুদেব একা প্রকৃতিরীশ্বরী।
তৎকথং তস্য নানাত্বং দৃশ্যতে পরমেশ্বর ॥১॥

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি রহস্য মতি গোপনং।
একোবিষ্ণুর্ম্মহেশানি নানাত্বং গতবান্ যথা ॥২॥

ভাষা।

পার্ব্বতি বলিতেছেন; হে বৃষবাহন! আমার প্রতি তোমার সাতিশয় কৃপা প্রদর্শন দেখিয়া পুনর্ব্বার জিজ্ঞাসা করিতেছি, হে পরমেশ্বর! মহাবিষ্ণু বাসুদেব এক এবং প্রকৃতি ঈশ্বরী ও একা তবে কেন তাহাদের নানারূপ দেখিতেছি; আমার এই সন্দেহ ভঞ্জন করিয়া বল ॥ ১ ॥

মহাদেব বলিতেছেন, হে দেবি! এক বিষ্ণু ও এক প্রকৃতি কি প্রকারে নানারূপী হইয়াছেন এই গোপনীয় রহস্য কথা বলিতেছি শ্রবণ কর ॥ ২ ॥

অস্যার্থঃ।

দেব্যুবাচেতি। মহাপ্রেম্না ত্বয়ি মম নিরতিশয় প্রেমত্বাৎ। অপরং একং প্রশ্নং করোমীত্যর্থঃ। বাসুদেবস্য প্রকৃতেরেকত্বাৎ নানাত্বং অনেক রূপত্বং কথং দৃশ্যতে বদেতিশেষঃ ॥ ১ ॥ ঈশ্বর উবাচেতি। হে দেবি বিষ্ণুর্যথা নানাত্বং গতবান্ এতদ্রহস্যং বদামি শৃণ্বিত্যর্থঃ ॥ ২ ॥

ব্রাহ্মাণ্ড ব্যাপিনী যস্মাৎ প্রকৃতিঃ পরমেশ্বরী।
স্ত্রীপুং ভাবেন দেবেশি সর্ব্বং ব্যাপ্য জগন্ময়ী।
॥ ৩ ॥
সা স্ত্রী পুরুষরূপেণ সর্ব্বং ব্যাপ্য বিজৃম্ভতে।
বাসুদেবো মহাবিষ্ণু গুর্ণাতীতঃ পরেশ্বরঃ ॥৪॥
যদ্রূপং বাসুদেবস্য তৎ সত্যং কমলেক্ষণে।
যদুক্তং কৃষ্ণরূপং হি বিদ্যাসিদ্ধের্হি কারণং ॥৫॥

ভাষা।

হে ঈশ্বরি! ব্রহ্মাণ্ড ব্যাপিনী প্রকৃতি দেবী স্ত্রী পুরুষ ভাবে সমস্ত জগৎ ব্যাপিয়া রহিয়াছেন ॥ ৩ ॥

সেই স্ত্রীরূপা প্রকৃতি দেবী পুরুষ রূপে. সর্ব্বত্র প্রকাশিত হইতেছেন্। মহাবিষ্ণু বাসুদেব ত্রিগুণাতীত পরমেশ্বর ॥ ৪ ॥

হে কমলাক্ষি! বাসুদেবের যে রূপ দেখিতেছ তাহা কেবল বিদ্যা সিদ্ধির নিমিত্ত অন্যথা তাহার কোন অকৃত্রিমরূপ নাই ।৫।

অস্যার্থঃ।

ব্রহ্মাণ্ডেতি। প্রকৃতির্যতো ব্রহ্মাণ্ড ব্যাপিনী অতঃ স্ত্রীপুং ভাবেন জগদ্ব্যাপ্য তিষ্টতীতিভাবঃ ॥ ৩ ॥ সেতি। সাস্ত্রীপ্রকৃতিঃ পুরুষ রূপেণ সর্ব্বং জগদ্ব্যাপ্য বিজৃম্ভতে প্রকাশতে। বিষ্ণুস্তুগুণাতীতঃ পরমেশ্বরঃ প্রকৃতিরেব সর্ব্বমিতিভাবঃ ॥ ৪ ॥ যদ্রূপমিতি। বাসুদেবস্য রূপধারণং তদ্বিদ্যাসিদ্ধ্যর্থমেবেতি। কমলেক্ষণে ইতি পার্ব্বতী সম্বোধনং ॥ ৫ ॥

সা রাধা পদ্মিনীজ্ঞেয়া ত্রিপুরারাঃ শুচিস্মিতে।
অন্যাশ্চ নায়িকা যাস্তু তাজ্ঞেয়া অষ্টনায়িকাঃ।৬
বাসুদেবো মহাবিষ্ণুস্ত্রিপুরায়াঃ প্রসাদতঃ।
নানাদেহ ধরোভূত্বা নানা কর্ম্ম সমাচরন্ ॥ ৭ ॥
কৃষ্ণ মূর্ত্তিং সমাশ্রিত্য পদ্মিন্যা সহ সুন্দরি।
জপেদ্বিদ্যাং মহেশানি মহাকালীং সুরেশ্বরীং।
॥ ৮ ॥

ভাষা।

যে রাধিকাকে দেখিয়াছ তিনি ত্রিপুরাদূতী পদ্মিনী। আর তাহার যে অন্য নায়িকাগণ তাহারাও ত্রিপুরাদেবীর অষ্ট-নায়িকা ॥ ৬ ॥

মহাবিষ্ণু বাসুদেব ত্রিপুরাদেবীর অনুগ্রহে নানাদেহধারী হইয়া নানা কার্য্য সাধন করিতেছেন ॥ ৭ ॥

বাসুদেব কৃষ্ণমূর্ত্তি আশ্রয় করিয়া পদ্মিনীর সহযোগে মহা-কালী মহাবিদ্যার আরাধনা করেন ॥ ৮ ॥

অস্যার্থঃ।

সেতি। যা রাধা সা ত্রিপুরায়াদূতী পদ্মিনী অন্যা যা রাধাসখ্যস্তা স্ত্রিপুরায়া অষ্টনায়িকা ইত্যর্থঃ ॥ ৬ ॥ বাসুদেব ইতি। বাসুদেব স্ত্রিপুরায়া অনুগ্রহেণৈব নানা দেহধারীভূত্বা নানা কার্য্যমাচরন্ কৃষ্ণ-মূর্ত্তিমাশ্রিত্য পদ্মিন্যাসহ মহাকালীং বিদ্যাং জপেদিত্যর্থঃ ॥ ৭ ॥ ৮ ॥

এবং বৃন্দাবনং ভদ্রে আশ্রিত্য সততং হরিঃ।
বাসুদেবো হরিঃ সাক্ষাৎ কৃষ্ণোঽভুৎ কমলেক্ষণঃ
॥ ৯ ॥
আবির্ভূয় মহাবিষ্ণু র্মথুরায়াং বরাননে।
চতুর্বাহু যুতো বিষ্ণু রাবিরাসীৎ স্বয়ং হরিঃ।১০।
দ্বারে দ্বারে তথা ঊর্দ্ধে অধোভাগে চ পার্ব্বতি।
দ্বারকায়াং বসন্ কৃষ্ণ স্তনূত্যাগং যদাচরৎ।
বাসুদেব মহাবিষ্ণৌ কৃষ্ণতেজোঽবিষত্তদা ॥১১॥

ভাষা।

হে সুন্দরি! এই রূপে হরি বৃন্দাবন আশ্রয় করিয়া বসুদেব গৃহে কৃষ্ণরূপে স্বয়ং অবতীর্ণ হইয়াছেন ॥ ৯ ॥

চতুর্ব্বাহুধারী মহাবিষ্ণু মথুরাতে আবির্ভূত হইয়া স্বয়ং প্রকাশিত হইলেন ॥ ১০ ॥

হে পার্ব্বতি! কৃষ্ণ বৃন্দাবনে ও মথুরাতে দ্বারে দ্বারে, ঊর্দ্ধে ও অধোভাগে বিহার করিয়া দ্বারকাপুরে বসতি পূর্ব্বক যখন দেহত্যাগ করেন তৎসময়ে কৃষ্ণতেজ মহাবিষ্ণুতে লীন হয়।১১।

অস্যার্থঃ।

এবমিতি। উক্ত প্রকারেণ হরির্ব্বৃন্দাবন মাশ্রিত্য স্বয়ং হরিঃ কৃষ্ণরূপো ভূদিত্যর্থঃ॥ ৯ ॥ আবিরিতি। মহাবিষ্ণুঃ স্বয়ং হরিঃ আবির্ভূয় মথুরায়া মাবিরাসীৎ উৎপন্ন ইত্যর্থঃ॥ ১০ ॥ দ্বার ইতি মথুরায়াং প্রতিদ্বারে ঊর্দ্ধে অধোভাগে চ বসন্ বসতিং কুর্ব্বন্ হরির্যদা তনুত্যাগম-চরৎ দেহং জহাবিত্যর্থঃ। তদাদেহত্যাগ সময়এব মহাবিষ্ণৌ মহাবিষ্ণু

অতএব মহেশানি বাসুদেবং বিনাপ্রিয়ে।
ব্রহ্মত্ব মন্যদেবেষু নহি যাতি কদাচন ॥ ১২ ॥
নানাত্বং ভজতে দেবি বাসুদেবঃ সদাব্যয়ঃ।
যদ্রূপং দৃশ্যতে তস্য বাসুদেবস্য সুন্দরি।
তদ্রূপঞ্চ সগত্বাবৈ নানাত্বং ভজতে হরিঃ ॥১৩॥
কায়ব্যূহং মহেশানি ধৃত্বা সত্বর মচ্যুতঃ।
গুহ্য দেহং সমাশ্রিত্য ত্রিপুরাপদ পূজনাৎ। ১৪।

ভাষা।

হে মহেশানি! এই কারণেই বাসুদেব ভিন্ন অন্যদেবে কদাচ ব্রহ্মত্ব নাই কেবল বাসুদেবই পরং ব্রহ্ম ॥ ১২ ॥

হে দেবি! এক নিত্যানন্দরূপী বাসুদেব নানারূপী হইয়াছেন্। হে সুন্দরি! তাহার যে নানা রূপ দেখিতে পাও তাহার আর কোন কারণ নাই। কেবল বাসুদেব কৃষ্ণই নানা কারণে নানা রূপী হইয়া থাকেন ॥ ১৩ ॥

হরি ত্রিপুরা পদার্চ্চন প্রভাবে অতি গুহ্যতর বিবিধদেহ ধারণ করিয়া নানা রূপী হইয়াছেন ॥ ১৪ ॥

অস্যার্থঃ।

তেজসি কৃষ্ণতেজঃ অবিষৎ মহাবিষ্ণুতেজঃ কৃষ্ণতেজসোরৈক্যমভবদিত্যর্থঃ ॥ ১২ ॥ নানেতি। অব্যয়ো নিত্যঃ বাসুদেবঃ সদা নানাত্বং ভজতে বহুরূপ মাশ্রয়েদিত্যর্থঃ। হে সুন্দরি! বাসুদেবস্য যদ্রূপং দৃশ্যতে সহরি স্তদ্বাসুদেবরূপং গত্বা প্রাপ্য নানাত্বং ভজতে আশ্রয়তীত র্থঃ। কায়েতি। অচ্যুতঃ কায়ব্যূহং দেহসমূহং ধৃত্বা আশ্রিত্য ত্রিপুরাপদার্চ্চনাদেব নানারূপোঽভবদিতিভাবঃ ॥ ১৪ ॥ যদিতি।

যদ্‌যদুক্তা মহেশানি সনকাদ্যা বরাননে।
যদ্‌যদুক্তা মহেশানি বিষ্ণু সংহা স্তথা পরে।
তে সর্ব্বে কুল শাস্ত্রজ্ঞা মন্ত্রসাধন তৎপরাঃ ॥১৫॥
যা যা উক্তা নায়িকাস্তা কুলশাস্ত্র প্রকাশিকাঃ।
যদ্‌যদুক্তং বরারোহে কুল শাস্ত্র প্রকাশকং।
গৌরং কৃষ্ণং তথারক্তং শুক্লঞ্চ নগনন্দিনি।
তে সর্ব্বে বাসুদেবস্য গৌরাদ্যা অংশরূপিণঃ ।১৬

ভাষা।

হে মহেশানি ! সনকাদি মুনিগণও নানা প্রকার বিষ্ণু যাহা বলা হইয়াছে ইহারা মন্ত্র সাধনের জন্য কুলাচার তৎপর হইয়াছেন ॥ ১৫ ॥

আর কুলশাস্ত্র প্রকাশিকা যে যে নায়িকা বর্ণিত হইয়াছে এবং কুলশাস্ত্র প্রকাশক গৌর, শুক্ল, রক্ত ও কৃষ্ণ প্রভৃতি যে সকল বর্ণ কথিত হইয়াছে তাহা সমস্তই কৃষ্ণের অংশ ॥ ১৬ ॥

অস্যার্থঃ।

সনকাদ্যাঃ সনকাদয়ো বিষ্ণুসংহা বিষ্ণু সমুহা যদুক্তাস্তেএব কুলশাস্ত্রজ্ঞা মন্ত্রসাধন নিরতাঃ। মন্ত্রসিদ্ধ্যর্থমেব বিষ্ণু র্নানারূপধরোঽভবাদতিভাবঃ। ১৫ ॥ যা যা ইতি। যা অষ্টনায়িকা উক্তা স্তাএব কুলাচার প্রকাশ কারিণ্যঃ। কৃষ্ণস্য গৌররক্তাদিকং যদ্বদ্রূপমুক্ত তদপি কুলাচার সাধন হেতু ভূতং। তে গৌরাদ্যা গৌররূপাদয়োঽপি বাসুদেবস্যাংশা। ॥ ১৬ ॥ বাসুদেব ইতি। কৃষ্ণ স্ত্রিপুরাপদমর্চ্চয়িত্বা বাসুদেবোঽভু-

বাসুদেবঃ স্বয়ং কৃষ্ণ স্ত্রিপুরাপদ পূজনাৎ।
রেবত্যাদ্যাস্তয়াঃ প্রোক্তা রুক্মিণ্যাদ্যষ্টকং প্রিয়ে
উষয়া সহদেবেশি অনিরুদ্ধ উযোচ্যতে ॥ ১৭ ॥
বলরামো যস্ত দেবো দেবি শক্তিধরঃ স্বয়ং।
যদ্‌যদুক্তং মহেশানি যাশ্চান্যাবর বর্ণিনি।
তৎ সর্ব্বং পরমেশানি মাতৃকা বিশ্বমোহিনী ॥ ১৮
বাসুদেবো মহাবিষ্ণু র্নির্গুণঃ সততং প্রিয়ে।
সাধয়ে দ্বিবিধাং বিদ্যাং পূর্ণ ব্রহ্ম স্বরূপিণীং।
॥ ১৯ ॥

ভাষা।

ত্রিপুরা পদ পূজন প্রভাবে কৃষ্ণ স্বয়ং বাসুদেব হইয়াছেন। রেবতী রুক্মিণী প্রভৃতি, স্বয়ং প্রকৃতি ॥ ১৭ ॥

হে দেবেশি! বলরান স্বয়ং শক্তিধর আর অন্যান্য যে সকল নায়িকা বলা হইয়াছে ইহারা সকলেই বিশ্বমোহিনী মাতৃকার মাহাত্ম্য ॥ ১৮ ॥

ত্রিগুণাতীত বাসুদেব মহাবিষ্ণু সর্ব্বদা পূর্ণ ব্রহ্ম স্বরূপিণী মহাবিদ্যা সাধনা করেন ॥ ১৯ ॥

অস্যার্থঃ।

দিত্যর্থঃ। রেবত্যাদ্যা যা উক্তা রুক্মিণ্যাদয়ো যা অষ্টনায়িকা উক্তা উষয়াসহ অনিরুদ্ধোয় উচ্যতে। বলরামো য উক্তঃ অন্যানিয়ানি উক্তানি তানি সর্ব্বাণি বিশ্বমোহন মাতৃকাক্ষরাণীত্যর্থঃ ॥ ১৭ ॥ ১৮ ॥ বাসুদেব ইতি। মহাবিষ্ণুর্ব্বাসুদেবঃ সদৈব নির্গুণঃ। পূর্ণব্রহ্মরূপিণীং

নির্গুণং সততং বিষ্ণুর্গুণস্তু প্রকৃতিঃ পরা।
ততস্তু সগুণো বিষ্ণুঃ প্রকৃত্যাঃ সঙ্গমাশ্রিতঃ ।২০।
বাসুদেবো মহাবিষ্ণুঃ শঙ্খচক্র গদাধরঃ।
এতদ্ধি ভূষণং দেবি বিগ্রঃ প্রকৃতেঃ সদা।
নিরিন্দ্রিয়ো মহাবিষ্ণুস্তস্যাং শঃ কৃষ্ণ এব চ।
॥ ২১ ॥

ভাষা।

বিষ্ণু সর্ব্বদা নির্গুণ পরমা প্রকৃতি গুণ স্বরূপ। যখন বাসুদেব প্রকৃতির সহিত সুসঙ্গত হন তখন তিনি সগুণ হইয়া থাকেন ॥ ২০ ॥

মহাবিষ্ণু বাসুদেব যে শঙ্খচক্র গদাপদ্ম ধারণ করিয়াছেন তাহাও প্রকৃতির বিগ্রহ। তিনি স্বয়ং নিরিন্দ্রিয় তাহার অংশ কৃষ্ণ ॥ ২১ ॥

অস্যার্থঃ।

বিবিধাং বিদ্যাং সাধয়েদিত্যর্থঃ ॥ ১৯ ॥ নির্গুণ ইতি। বাসুদেবঃ সদৈব নির্গুণঃ প্রকৃতিরেব গুণস্বরূপঃ যদা প্রকৃত্যা সহিতোবিষ্ণু স্তদৈব সগুণঃ অন্যথা নির্গুণঃ ॥ ২০ ॥ বাসুদেব ইতি। মহাবিষ্ণোর্ব্বাসুদেবস্য শঙ্খচক্রাদি যদ্ভূষণং তৎসকলমেব প্রকৃতের্নতু বাসুদেবস্য। মহাবিষ্ণু র্নিরিন্দ্রিয়ঃ নিরবয়বঃ স্তস্যাংশঃ কৃষ্ণোপি নিরিন্দ্রিয় ইত্যর্থঃ ॥ ২১ ॥

দেব্যুবাচ।

বৃন্দাবনেশ্বরং নিত্যং নির্গুণস্যৈক কারণং।
ভো দেব তাপস শ্রেষ্ঠ কথমেবং ব্রবীষিমে ।২২।

ঈশ্বর উবাচ।

নিগদামি শৃণু প্রৌঢ়ে সন্দেহং তব সুন্দরি।
বৃন্দাবনেশ্বরো যস্তু বিষ্ণোরংশঃ প্রকীর্ত্তিতঃ।২৩
শরীরং হি মহেশানি মূল প্রকৃতিরীশ্বরী।
তত্রাত্মাচ মহাবিষ্ণুর্ম্মনোরুদ্রো বরাননে ॥ ২৪ ॥

ভাষা।

দেবি বলিতেছেন, হে দেবতাপস শ্রেষ্ঠ! যদি বৃন্দাবনধাম নিত্য ও নির্গুণের এক কারণ তবে কেন তুমি আমার নিকট এই রূপ বলিতেছ ॥ ২২ ॥

মহাদেব বলিতেছেন, হে যুবতি! শ্রবণ কর আমি তোমার সন্দেহ ভঞ্জন করিতেছি। যিনি বৃন্দাবনেশ্বর তিনি বিষ্ণুর অংশ ॥ ২৩॥

তাঁহার শরীর মূলপ্রকৃতি, আত্মা মহাবিষ্ণু, মন স্বয়ং রুদ্র, হে সুন্দরি! এই রূপে বিষ্ণু বিগ্রহধারী হইয়াছেন ॥ ২৪ ॥

অস্যার্থঃ।

দেব্যুবাচেতি। দেবতাপসশ্রেষ্ঠে দেবতপস্বি প্রধান। বৃন্দাবনেশ্বরস্য নির্গুণস্যৈক কারণস্য এবং বৃন্দাবন ক্রীড়াদিকং কথং কিম্প্রকারং ব্রবীষি কথয়সি ॥ ২২ ॥ ঈশ্বর উবাচেতি। প্রৌঢ়ে যুবতি। যো বৃন্দাবনেশ্বরঃ সঃ বিষ্ণোরংশঃ। প্রকীর্ত্তিতঃ প্রসিদ্ধঃ ॥ ২৩ ॥ শরীরমি। কৃষ্ণ শরীরং প্রকৃতিঃ। আত্মা কৃষ্ণাত্মা মহাবিষ্ণুঃমনঃ কৃষ্ণ মনঃ রুদ্রঃ

কৃষ্ণদেহ মিদং ভদ্রে স্বয়ং কালী স্বরূপিণী।
রাধাতু পরমেশানি পদ্মিনী পরমা কলা।
দ্বয়োঃ সংযোগ মাত্রেণ কৃষ্ণঃ পূর্ণঃ প্রকীর্ত্তিতঃ।
॥ ২৫ ॥
কেশ পীঠে মহেশানি ব্রজেমধ বনে প্রিয়ে।
অতএব মহেশানি বাসুদেবস্য পার্ব্বতি ॥ ২৬ ॥

ভাষা।

আর এই যে কৃষ্ণ দেহ দেখিতেছ ইহা স্বয়ং কালীস্বরূপিণী রাধা পদ্মিনীর কলাস্বরূপ, এই উভয়ের সংযোগ মাত্রে কৃষ্ণ পূর্ণ ব্রহ্ম হইয়াছেন ॥ ২৫ ॥

হে মহেশানি! সেই পূর্ণব্রহ্ম শ্রীকৃষ্ণ কেশপীঠ ব্রজধাম ও মথুরাতে বাস করেন বলিয়া ঐ উভয় স্থান তাঁহার অতিশয় প্রিয়তর ॥ ২৬ ॥

অন্বয়ার্থঃ।

ঈশ্বরঃ ! ২৪ ॥ কৃষ্ণ ইতি। হে ভদ্রে! সাধুশীলে। কৃষ্ণদেহঃ স্বয়ং কালী পদ্মিনী পরমাকলারাধা। দ্বয়োর্মহাকালী পদ্মিন্যোঃ সংযোগ মাত্রেণৈব কৃষ্ণঃ পূর্ণত্বং গতবানিত্যর্থঃ ॥ ২৫ ॥ কেশ ইতি। কেশপীঠে পার্ব্বতী কেশপতিত স্থানে। ব্রজে বৃন্দাবনে মধুবনে মথুরায়াং বাসুদেবস্যাংশঃ কৃষ্ণঃ স্বয়ং ভগবান অভূৎ আবির্ব্বভৌ। ব্রহ্মসৃষ্টৌ ব্রহ্মণঃ সৃষ্টে জগতি ভগং বিনা নবিদ্যতে। ভগব্যতিরেকেণ ব্রহ্ম সৃষ্টির্ন ভব-

অংশোঽভূৎ পরমেশানি কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।
ভগং বিনা মহেশানি ব্রহ্ম সৃষ্টৌ নবিদ্যতে ।২৭
তবকেশ নিমিত্তং হি এতৎ সর্ব্বং বিড়ম্বনং।
তবকেশং মহেশানি বর্ণিতুং নৈব শক্যতে ।২৮।
সদা ব্রহ্মাণি দেবেশি তবকেশ বিড়ম্বনং।
তবকেশ সুগন্ধেন নিশ্চলং সচলং ভবেৎ ।২৯।

ভাষা।

হে পরমেশানি! শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবানের অংশস্বরূপ। হে মহেশানি! ব্রহ্ম সৃষ্টি ভগ বিনা সম্ভবিতে পারে না ॥ ২৭ ॥

হে দেবি! তোমার কেশ নিমিত্ত এই সমস্ত জগৎ হইয়াছে। তোমার কেশ কেহ বর্ণনা করিতে সমর্থ হয় না ॥ ২৮ ॥

হে দেবেশি! তোমার কেশে এই সমস্ত ব্রহ্মাণ্ড মোহিত হইয়াছে এবং তোমার কেশ-সুগন্ধেই সকল ভুবন নিশ্চল হইয়াছে ॥ ২৯ ॥

অস্যার্থঃ।

তীত্যর্থঃ ॥ ২৬ ॥ ২৭ ॥ তবেতি। তব কেশং বর্ণিতুং ন শক্যতে। তব কেশ মাহাত্ম্য মদ্ভুত মিত্যর্থঃ ॥ ২৮ ॥ সদেতি। তবকেশ সুগন্ধেনৈব নিশ্চলমপি সচলং ভবেদিত্যর্থঃ ॥ ২৯ ॥ এতদিতি। এতদ্রাধাতন্ত্রং ভাগবতং ভগবতোবিষ্ণোঃ সম্বন্ধীয়ং। বাসুদেবস্য রহস্যং

এত ভাগবতং তন্ত্রং রাধাতন্ত্র মিদং স্মৃতং।
বাসুদেবস্য দেবেশি রহস্য মতি গোপনং।৩০।
বাসুদেবো মহাবিষ্ণুর্ভগবান্ প্রকৃতিঃ স্বয়ং।
প্রকৃতে র্বাসুদেবস্য কৃষ্ণোংশ ইতি কীর্ত্তিতঃ।৩১

ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে অষ্টাদশ পটলঃ।

ভাষা।

হে দেবেশি! এই ভাগবত তন্ত্রই রাধাতন্ত্র নামে প্রসিদ্ধ। বাসুদেব রহস্য অতি গোপনীয় ও অতি দুর্লভ ॥ ৩০ ॥

বাসুদেব, মহাবিষ্ণু ও প্রকৃতির মিলনে কৃষ্ণরূপে অবতীর্ণ হইয়াছেন। কৃষ্ণ, বাসুদেব ও প্রকৃতির অংশ ॥ ৩১ ॥

ইতি অষ্টাদশ পটল।

অস্যার্থঃ।

অতি গোপনং ॥ ৩০ ॥ বাসুদেব ইতি। ভগবান্ বাসুদেবঃ স্বয়ং প্রকৃতি-রিত্যর্থঃ। কৃষ্ণঃ প্রকৃতে র্বাসুদেবস্যচাংশ ইত্যর্থঃ ॥ ৩১ ॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে অষ্টাদশঃ পটলঃ।

ঈশ্বর উবাচ।

কৃষ্ণাহি পরমেশানি বাসুদেবাংশ সংজ্ঞকাঃ।
কৃষ্ণং বৃন্দাবনাধীশং গৌরং বিষ্ণুং তথাপ্রিয়ে।
শুক্লং রক্তং তথাদেবি শ্রীবিষ্ণুঞ্চ শুচিস্মিতে।।১।।
বাসুদেবস্য যঃ শঙ্খঃ শুক্লোবিষ্ণুঃ স উচ্যতে।
চক্রঞ্চ বাসুদেবস্য গৌরং তৎপরি কীর্ত্তিতং।২।

ভাষা।

মহাদেব বলিতেছেন, হে পরমেশানি! বাসুদেবের অংশ-সম্ভূত অনেকপ্রকার কৃষ্ণ আছে, এই জন্যই বৃন্দাবনেশ্বর শ্রীকৃষ্ণ শুক্লবর্ণ, গৌরবর্ণ ও কখন বা রক্তবর্ণ এই প্রকারে বিবিধ রূপ ধারণ করিয়া এক বিষ্ণু অনেকরূপ হইয়াছেন।। ১ ।।

বাসুদেবের যে শঙ্খ তাহাই শুক্লবর্ণ বিষ্ণু, বাসুদেবের যে চক্র তাহাই গৌরবর্ণ বিষ্ণু বলিয়া প্রসিদ্ধ।। ২ ।।

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। কৃষ্ণা অনেক কৃষ্ণরূপিনঃ বাসুদেবস্য অংশাঃ। কৃষ্ণস্যানেকত্বমাহ। বৃন্দাবনেশ্বরং কৃষ্ণং গৌরং গৌরাঙ্গং শুক্লং শুক্লবর্ণং রক্তং রক্তবর্ণ মিত্যাদি।। ১ ।। শুক্ল রক্তাদিকং কৃষ্ণং বিবৃণোতি। বাসুদেবস্য যঃ শঙ্খঃ সএব শুক্ল কৃষ্ণঃ। বাসুদেবস্য যচ্চক্রং তদেব গৌর

যৎপদ্মং পরমেশানি রক্তো বিষ্ণুঃ সএব হি।
সা গদা পরমেশানি বিষ্ণোরমিত তেজসঃ।
সাচৈব পরমেশানি শ্রীবিষ্ণুর্ব্বিশ্বমোহনঃ॥৩॥
কৃষ্ণশ্চ দ্বিভুজো বিষ্ণুঃ সততং পদ্মিনী প্রিয়ঃ।
বাসুদেবো মহাবিষ্ণুঃ শক্তিদ্বয়ঃ সমন্বিতঃ॥ ৪॥
লক্ষ্মী সরস্বতীভ্যাঞ্চ সংযুতঃ সর্ব্বদা হরিঃ।
পূর্ণব্রহ্ম বাসুদেব অতএব বরাননে॥ ৫॥

ভাষা।

বাসুদেবের করকমলস্থিত যে পদ্ম তাহাই রক্তবর্ণ বিষ্ণু। আর বাসুদেবের যে গদা তাহাই পীতবর্ণ কৃষ্ণ ও বিশ্বমোহন॥৩॥

যিনি দ্বিভুজ কৃষ্ণ তিনি পদ্মিনীর অতি প্রিয়। মহাবিষ্ণু বাসুদেব শক্তিদ্বয়যুক্ত॥ ৪॥

হরি সর্ব্বদা লক্ষ্মী ও সরস্বতীর সহিত মিলিত থাকেন, অতএব বাসুদেব পূর্ণব্রহ্ম॥ ৫॥

অস্যার্থঃ।

কৃষ্ণং॥ ২॥ যদিতি। বাসুদেবস্য যৎপদ্মং স রক্তোবিষ্ণুরুচ্যতে। অতুলতেজসো বিষ্ণোর্যাগদা সাএব কৃষ্ণ ইত্যর্থঃ॥ ৩॥ কৃষ্ণস্যেতি। কৃষ্ণস্য যো দ্বিভুজঃ সএব পদ্মিনীপ্রিয়ো বিষ্ণুরিত্যর্থঃ। বাসুদেবঃ শক্তিদ্বয় যুক্তঃ॥ ৪॥ বাসুদেব শক্তিদ্বয়ং বিবৃণোতি লক্ষ্মীতি। হরিঃ লক্ষ্মী সরস্বতীভ্যাং শক্তিদ্বয়াভ্যাং যুক্ত ইত্যর্থঃ। অতএব শক্তি যোগাদেব।৫।

বাসুদেবো মহেশানি স্বয়ং প্রকৃতিরীশ্বরী।
জ্যেষ্ঠাতু প্রকৃতির্ম্মায়া বাসুদেবঃ স্বয়ং হরিঃ।৬।

দেব্যুবাচ।

দেব দেব মহাদেব শূলপাণে পিণাকধৃক।
যৎসূচিতং মহাদেব রাধাপদ্ম বনাশ্রিতা।
চন্দ্রাবলীতু যা রাধা বৃকভানু গৃহেস্থিতা।
তৎসর্ব্বং পরমেশান বিস্তার্য্য কথয় প্রভো ॥৭॥

ভাষা।

হে মহেশানি! বাসুদেব স্বয়ং ঈশ্বরী প্রকৃতি শ্রেষ্ঠা শক্তি, বাসুদেব স্বয়ং হরি ॥ ৬ ॥

দেবী বলিতেছেন, হে দেবদেব শূলপাণে! তুমি যে পূর্ব্বে বলিয়াছ, রাধা পদ্মবন আশ্রয় করিয়াছেন এবং চন্দ্রাবলী ও বৃন্দাবনে বিহার করিতেছেন ও রাধিকা বৃকভানু আলয়ে জন্মগ্রহন করিয়াছেন এই সকল বিষয় বিস্তাররূপে আমার নিকট বল ॥ ৭ ॥

অস্যার্থঃ।

বাসুদেব ইতি। বাসুদেবঃ স্বয়ং প্রকৃতিঃ। জ্যেষ্ঠা বৃদ্ধতমা। মায়া সর্ব্বস্যামতিক্রমণীয়া ॥ ৬ ॥ দেব্যুবাচেতি। হে শূলপাণে। পূর্ব্বং সূচিতং অঙ্গীকৃতং তদ্বিস্তার্য্য কথযেত্যন্বয়ঃ। তৎসূচন মেব কিমিত্যাহ

কৃষ্ণেন সহদেবেশ রাধা সংসর্গ মাশ্রিতা।
ইমং হি সংশয়ং দেব ছিন্ধি ছিন্ধি কৃপানিধো৮

ঈশ্বর উবাচ।

এত ভাগবতং তন্ত্রং রাধাতন্ত্রং মনোহরং।
অতীব সুন্দরং শুদ্ধং নির্ম্মলং পরমং পদং।৯।

ভাষা।

আর রাধিকা যে কৃষ্ণের সংসর্গ লাভ করিয়াছিলেন, আমার এই সকল বিষয়ে অনেক সংশয় আছে, হে কৃপাকর! তুমি অনুগ্রহ পূর্ব্বক তাহা ছেদ্দ কর॥ ৮॥

মহাদেব বলিতেছেন, মনোহর রাধাতন্ত্র অতি বিশুদ্ধ ও নির্ম্মল এই পরমপদ রাধাতন্ত্রে ভগবত্তত্ত্ব সবিশেষ বর্ণিত আছে॥ ৯॥

অস্যার্থঃ।

রাধেতি॥ ৭ ॥ কৃষ্ণেনেতি। রাধাচন্দ্রাবলী কেন প্রকারেণ কৃষ্ণেন সহ সংসর্গমাগতা প্রাপ্তা এতৎ সংশয়ং ছিন্ধি সদুত্তরদানেন সংশয় নিরাসং কুর্ব্বিত্যর্থঃ॥ ৮ ॥ ঈশ্বর উবাচেতি। এতদিতি। ভাগবতং ভগবচ্চরিত প্রকাশকং। নির্ম্মলং বিশুদ্ধং পরমং পদং অতিপবিত্রং॥ ৯ ॥

যচ্ছ্রুত্বা পরমেশানি সাধকাঃ সুরবিগ্রহাঃ।
হৃদয়ে সংপুটে কৃত্বা নবাঞ্ছন্ত্যন্য দেবহি॥
এতত্তন্ত্রং মহেশানি সুশ্রাব্যং সুখ বর্দ্ধনং।
এতদ্ধি পরমং গুহ্যং সারাৎ সারতরং প্রিয়ে।
এতদ্ধি পদ্মিনী তন্ত্রং শ্রীমদ্ভাগবতং স্মৃতং॥১১॥
যেষু যেষুচ শাস্ত্রেষু গায়ত্রী বর্ত্ততে প্রিয়ে।
পঞ্চবিষ্ণোরুপাখ্যানং যত্রতন্ত্রেষু দৃশ্যতে।
পদ্মিন্যাশ্চ গুণাখ্যানং তদ্ধিভাগবতং স্মৃতং।১২

ভাষা।

হে পরমেশানি! যাহা শুনিবামাত্র সুরাসুর সাধকগণহৃদয়ে ধারণ করিয়া অন্য বাঞ্ছা পরিত্যাগ করে॥ ১০॥

হে পরমেশানি! এই রাধাতন্ত্র সুশ্রাব্য ও সুখবর্দ্ধন। হে প্রিয়ে! অতিগুহ্য পরমপদ সারাৎসারতর এই রাধাতন্ত্র পদ্মিনী তন্ত্র বলিয়া প্রসিদ্ধ॥ ১১॥

হে প্রিয়ে পার্ব্বতি! যে যে তন্ত্রেতে গায়ত্রী বিদ্যমান আছে, পঞ্চ বিষ্ণুর উপাখ্যান দৃষ্ট হয় এবং পদ্মিনী গুণাখ্যান বর্ণিত আছে সেই সেই তন্ত্রকে ভাগবত বলা যায়॥ ১২॥

অস্যার্থঃ।

যদিতি। যৎরাধাতন্ত্রং হৃদয়সংপুটে হৃদিমধ্যে কৃত্বা সাধকাঃ কিঞ্চিদন্যং নবাঞ্ছন্তি অভিলষন্তীত্যর্থঃ॥ ১০॥ এতদিতি। সুশ্রাব্যং শ্রবণেন্দ্রিয় সুখ সাধকং। গুহ্যং গোপনীয়ং সারাৎসারং অতিশ্রেষ্ঠং। পদ্মিনী তন্ত্রং পদ্মিন্যুপাখ্যান বিশিষ্টং॥ ১১॥ ভাগবতলক্ষণং কথয়তি যেষ্বিতি। যেষু যেষু শাস্ত্রে গায়ত্রী বিদ্যতে। পঞ্চ বিষ্ণোরুপাখ্যানং দৃশ্যতে পদ্মিন্যা গুণাখ্যানঞ্চ যত্র দৃশ্যতে ইতি শেষঃ তদেব ভাগবত মিত্যর্থঃ॥ ১২॥

যেষু যেষু পুরাণেষু তন্ত্রেষু বর বর্ণিনি।
নাস্তিচেৎ পূর্ণ গায়ত্রী তথাচ প্রকৃতেগুর্ণঃ।
পঞ্চবিষ্ণোরুপাখ্যানং যেষু তন্ত্রেষু দৃশ্যতে।
তদ্বৈভাগবত শ্রেষ্ঠ মন্যচ্চৈব বিড়ম্বনং ॥ ১৩ ॥
বাসুদেবো মহাবিষ্ণু র্ম্মথুরায়াং বরাননে।
আবিরাসীন্মহাবিষ্ণু স্ত্রিপুরা পদ পূজনাৎ ॥১৪॥
আবির্ভূতা মহামায়া প্রথমং পরমেশ্বরী।
ভাদ্রে মাস্যসিতে পক্ষে হরিরাবিরভূৎ স্বয়ং।
॥ ১৫ ॥

ভাষা।

হে সুন্দরি! যে যে পুরানে কি তন্ত্রে পূর্ণ গায়ত্রী ও প্রকৃতির গুণ বর্ণিত নাই সেই সেই তন্ত্র ও পুরাণ বিড়ম্বনা মাত্র। যে তন্ত্রেতে পঞ্চবিষ্ণুর উপাখ্যান আছে সেই তন্ত্র শ্রেষ্ঠ বলিয়া জানিবে ॥ ১৩ ॥

মহাবিষ্ণু বাসুদেব ত্রিপুরা পদার্চ্চন প্রভাবে মথুরাতে আবির্ভূত হইয়াছেন ॥ ১৪ ॥

প্রথমতঃ মহামায়া প্রকৃতি দেবী আবির্ভূত হইলেন তৎপরে ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী তিথিতে হরি আবির্ভূত হইলেন।১৫

অস্যার্থঃ।

যেম্বিতি। যেষু যেষু তন্ত্রেষু পূর্ণগায়ত্রী প্রকৃতেগুর্ণঃ পঞ্চ বিষ্ণোরুপাখ্যানঞ্চ ন দৃশ্যতে তন্ন ভাগবতং তৎশাস্ত্রং লোকবিডম্বনং লোকমোহ কারণমিত্যর্থঃ ॥ ১৩ ॥ বাসুদেব ইতি। মহাবিষ্ণু র্বাসুদেব স্ত্রিপুরাপদং পূজয়িত্বা মথুরায়ামাবিরাসীদিত্যর্থঃ ॥ ১৪ ॥ আবিরিতি। প্রথমং পূর্ব্বমেব মহামায়া আবির্ভূতা ততো ভাদ্রেমাসি হরিঃ স্বয়মাবির্ভূত ইত্যর্থঃ ॥ ১৫ ॥ তথেতি। চৈত্রে চৈত্রেমাসি পদ্মগন্ধিনী পদ্মসৌগন্ধ-

তথাচৈত্র পদেমাসি শুক্লে পক্ষে চ পদ্মিনী।
আবির্ভূতা মহেশানি পদ্মিনী পদ্মগন্ধিনী।
বৃকভানু গৃহে দেবি তথাচন্দ্রাবলী প্রিয়ে ॥১৬॥
কালিন্দী গহ্বরে দেবী নানা পদ্ম সমাবৃতে।
শুক্লৈ রক্তৈস্তথাপীতৈঃ কৃষ্ণবর্ণৈঃ সুশোভনৈঃ।
অন্যৈশ্চ বিবিধৈঃ পুষ্পৈ নানাবর্ণৈঃ সুবাসিতৈঃ
হংস কারণ্ডবাকীর্ণৈঃ শুক পক্ষৈশ্চ শোভিতৈঃ
গন্ধর্ব্বামর সংঘৈশ্চ বেষ্টিতে কমলাননে ॥১৭॥

ভাষা।

তৎপরে চৈত্র মাসে শুক্ল পক্ষে পদ্মগন্ধিনী পদ্মিনী বৃকভানু গৃহে চন্দ্রাবলী রূপে আবির্ভূতা হইলেন ॥ ১৬ ॥

হে কমলাননে! কালিন্দী গহ্বর মধ্যে নানা পদ্ম সমাবৃত শুক্ল রক্ত পীত কৃষ্ণপ্রভৃতি অন্যান্য নানাবিধ সুশোভন পুষ্প শোভিত, হংস কারণ্ডব প্রভৃতি বিহঙ্গমগণে অলঙ্কৃত ও দেব গন্ধর্ব্বগণে সেবিত স্থানে পদ্মিনী আবির্ভূতা হইলেন ॥ ১৭ ॥

অন্বয়ার্থঃ।

বতী বৃকভানু গৃহে চন্দ্রাবলীরূপেণাবির্ভূতা ॥ ১৬ ॥ কুত্র পদ্মিনী আবির্ভূতা ইত্যাহ কালিন্দীতি। রক্ত পীতাদি বিবিধ পদ্মসমাকুলে। অন্যৈঃ কৃষ্ণরক্তাদি বিবিধ সুগন্ধ কুসুমৈশ্চ শোভমানে। হংস কারণ্ডবাদি নানাবিহগ শোভিতে গন্ধর্ব্বদেবগণৈশ্চ বেষ্টিতে কালিন্দী গহ্বরে পদ্মিনী আবির্ভূতেত্যর্থঃ ॥১৭॥ মৃদঙ্গেতি। শঙ্খবীণাদি বিবিধবাদ্য বাদন

মৃদঙ্গ শঙ্খবীণাভি র্নাদেন পরিপূরিতে।
তন্মধ্যে রত্ন পর্য্যঙ্কে নানারত্ন বিচিত্রিতে॥ ১৮॥
ধর্ম্মার্থ কামমোক্ষাণাং সাক্ষাদ্দাতরি চিন্ময়ে।
তন্মধ্যে পরমেশানি রত্নসিংহাসনং মহৎ।
পঞ্চাশ ন্মাতৃকা যুক্তং চতুর্ব্বেদ যুতং সদা।
নারদাদ্যৈ র্ম্মুনিশ্রেষ্ঠৈর্বেষ্টিতং পরমেশ্বরি।১৯।

ভাষা।

তৎক্ষণাৎ ঐ স্থান মৃদঙ্গ ভেরী শঙ্খপ্রভৃতি বাদ্য শব্দে পূরিত হইল। নানারত্ন বিচিত্রিত স্বর্ণ খট্টাতে পদ্মিনী উপবেশন করিলেন॥ ১৮॥

ঐ স্থানে ধর্ম্মার্থ কামমোক্ষাত্মক চতুর্ব্বর্গপ্রদ অতিমহৎরত্ন সিংহাসন ছিল॥ ১৯॥

ঐ রত্ন সিংহাসন পঞ্চাশন্মাতৃকাযুক্ত চতুর্ব্বেদ সমন্বিত। নারদাদি মুনিগণ স্তব করত ঐ সিংহাসনকে চতুর্দ্দিকে বেষ্টিত করিয়াছেন॥ ১৯॥

অস্যার্থঃ।

পূরিতে। রত্ন পর্য্যঙ্কে স্বর্ণখট্টায়াং॥ ১৮॥ ধর্ম্মেতি। ধর্ম্মার্থকাম মোক্ষাত্মক চতুর্ব্বর্গপ্রদে। চিন্ময়ে অভৌতিকে। রত্নসিংহাসনং রত্ননির্ম্মিত মাসনং পঞ্চাশন্মাতৃকা বর্ণযুতং চতুর্ব্বেদ যুতঞ্চেত্যর্থঃ। নারদাদিভির্ম্মুনিগণৈ র্ব্বেষ্টিতং॥ ১৯॥ তত্রেতি। তত্র রত্নাসনে কাত্যা-

তত্রাস্তে পরমেশানি নিত্যা কাত্যায়নী শিবা।
কাত্যায়ন্যা বামভাগে সিংহমাশ্রিত্য পদ্মিনী।
তদধ্যাস্তে মহেশানি যাবৎ কৃষ্ণ সমাগমঃ ॥ ২০॥
সংপূজ্য বিধিবল্লিঙ্গং পার্থিবং পরমেশ্বরং।
পূজয়েদ্বিবিধৈঃ পুষ্পৈরুপচারৈর্ম্মনোহরৈঃ।
সংপূজ্য বিধিবদ্ভক্ত্যা প্রজপেন্মন্ত্র মুত্তমং। ২১।
কাত্যায়ন্যা মহামন্ত্রং শৃণুষ্ব নগনন্দিনি।
ওঁ হ্রীঁ কাত্যায়নী মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি
নন্দগোপসুতং কৃষ্ণং পতিং মে কুরুতে নমঃ।
॥ ২২ ॥

ভাষা।

সেই সিংহাসনে সনাতনী কাত্যায়নী দেবী অধিষ্ঠিত আছেন কাত্যায়নীর বামভাগে পদ্মিনী সিংহ আশ্রয় করিয়া কৃষ্ণসমাগম পর্য্যন্ত বিদ্যমান ছিলেন ॥ ২০ ॥

পদ্মিনী বিধানক্রমে পার্থিব শিবলিঙ্গ বিবিধ মনোহর পুষ্পোপচারাদি দ্বারা অর্চ্চনা করিয়া প্রগাঢ় ভক্তি পূর্ব্বক কাত্যায়নী মন্ত্র জপ করিয়াছিলেন ॥ ২১ ॥

হে নগনন্দিনি! কাত্যায়নী মহামন্ত্র বলিতেছি শ্রবণ কর। এই বলিয়া পার্ব্বতীর নিকট কাত্যায়নী মন্ত্র বলিলেন ॥ ২২ ॥

অস্যার্থঃ।

য়নী আস্তেবিদ্যতে। কাত্যায়ন্যা বামভাগে পদ্মিনী সিংহমধিষ্ঠায় কৃষ্ণা গমন কালপর্য্যন্ত মধিতিষ্ঠতীত্যর্থঃ ॥ ২০ ॥ সংপূজ্যেতি। পার্থিবং মৃণ্ময়ং শিবলিঙ্গং বিবিধৈঃ পুষ্পাদ্যুপহারৈঃ পূজয়েৎ। বিধিবৎ পূজয়িত্বা উত্তমং মন্ত্রং প্রজপেদিত্যর্থঃ ॥ ২১ ॥ কাত্যায়ন্যাইত্যাদি। শৃণুষ্ব আকর্ণয় ওঁ হ্রীমিত্যাদি কুরুতে নম ইত্যন্ত এব কাত্যায়নী মন্ত্রঃ ॥ ২২ ॥

হ্রী ওঁ এতদ্ভাগবতীং বিদ্যাং কাত্যায়ন্যাঃ
প্রতিষ্ঠিতাং।
প্রজপেৎসততংবিদ্যাংপদ্মিনীপদ্মমালিনী।২৩।
কতিচিদ্দিবসে দেবি আবিরাসীজ্জগন্ময়ী।
কাত্যায়নী মহাবিদ্যা স্বয়ং মহিষমর্দ্দিনী।।২৪।।

কাত্যায়ন্যুবাচ।

কাত্বং কুঞ্জ পলাশাক্ষি কথমেকাকিনীপ্রিয়ে।
কিমথ মাগতাভদ্রে সাম্প্রতং কথয় প্রিয়ে।২৫।

ভাষা।

পদ্মিনী এই মন্ত্র এবং অন্য আর এক মন্ত্র এই উভয় মন্ত্রই জপ করিতে লাগিলেন।। ২৩।।

কতিপয় দিবস মধ্যেই মহিষ মর্দ্দিনী জগন্ময়ী মহাবিদ্যা কাত্যায়নী দেবী স্বয়ং আবির্ভূতা হইলেন।। ২৪।।

কাত্যায়নী বলিতেছেন। হে কুঞ্জপলাশাক্ষি তুমি কে? কি নিমিত্ত একাকিনী এখানে আসিয়াছ।। ২৫।।

অন্বয়ার্থঃ।

হ্রীমিতি। হ্রীং ওঁ ইতি মন্ত্রান্তরং। এতন্মন্ত্রেণ ভাগবতীং বিদ্যাং কাত্যায়নীং জপেৎ পদ্মিনীতিশেষঃ।। ২৩।। কতিচিদিতি। কতিচিৎ কতিপয় দিনাভ্যন্তর এব কাত্যায়নী স্বযং তস্যাবির্বভূবেত্যর্থঃ মহিষমর্দ্দিনী মহিষাসুর বিঘাতিনী।। ২৪।। কাত্যায়ন্যুবাচেতি। কাত্যায়নী সাক্ষাভূত্বৈব পদ্মিনীমাহ কাত্বমিতি একাকিনী কাত্বং কিমর্থমাগতা তৎকথয়েত্যর্থঃ। ২৫।। পদ্মিন্যুবাচেতি। হে মহামায়ে! কাত্যায়নি ভূয়ো-

পদ্মিন্যুবাচ।

কাত্যায়নি মহামায়ে নমস্তে হর বল্লভে।
কৃষ্ণমাত নমস্তুভ্যং ভুয়ো ভুয়ো নমাম্যহং ।২৬।
কঃ পিতা মম দেবেশি কস্যাহং পরমেশ্বরি।
ত্রিপুরা জগতাং মাতাহং তস্যাঃ পরিচারিকা।২৭
মম নাম মহেশানি পদ্মিনী পরমেশ্বরি।
বাসুদেবস্য চার্ব্বঙ্গি কদামে দর্শনং ভবেৎ ।২৮।

কাত্যায়ন্যুবাচ।

মা ভয়ং কুরুষেপুত্রি কৃষ্ণংপ্রাপস্যসি সাম্প্রতং।

ভাষা।

পদ্মিনী বলিতেছেন। হে মহামায়ে! হে হর বল্লভে! হে কৃষ্ণ জননি! হে কাত্যায়নী! তোমাকো ভুয়োভুয়ঃ নমস্কার করি॥ ২৬॥

কে পিতা কে মাতা আমি কাহার; এ সকল কিছুই জানি না। আমি জগন্মাতা ত্রিপুরাদেবীর পরিচারিকা॥ ২৭॥

হে পরমেশানি! আমার নাম পদ্মগন্ধিনী পদ্মিনী। কত দিনে আমার কৃষ্ণ দর্শন হইবে॥ ২৮॥

কাত্যায়নী বলিতেছেন। হে পুত্রি! তুমি ভয় করিও না

অস্যার্থঃ।

ভুয়ঃ পুনঃ পুনস্ত্বাং নমামীত্যর্থঃ॥ ২৬॥ ক ইতি। হে দেবি! মম পিতা কঃ মাতাপি কেতি নজানে অহং ত্রিপুরা পরিচারিকা পদ্মিনী ইত্যেব জানামি॥ ২৭॥ মমেতি হে দেবি! মম নাম পদ্মিনী কদা বাসুদেবস্য দর্শনং ভবেত্তৎ কথয়েত্যর্থঃ॥ ২৮॥ কাত্যায়ন্যুবাচেতি। হে পুত্রি

হেমন্তে চ শিতে পক্ষে পৌর্ণমাস্যাং শুচিস্মিতে।
বাসুদেবেন দেবেশি তব সঙ্গো ভবিষ্যতি ।২৯।
অকার্য্যং বাসুদেবস্য তবসঙ্গং বিনা প্রিয়ে।
তব সঙ্গাদ্ধি চার্ব্বঙ্গি কৈবল্যং পরমং পদং ।৩০।
ভাদ্রে মাস্যাসিতে পক্ষে রোহিণ্যামষ্টমীতিথৌ।
আবিরাসীন্মহাবিষ্ণু র্নান্যথা গদিতং মম।
ইত্যুক্ত্বা সা মহামায়া তত্রৈবান্তর ধীয়ত। ৩১।

ভাষা।

শীঘ্রই কৃষ্ণলাভ হইবে। হেমন্তকালে শুক্লপক্ষে পৌর্ণমাসীতে তোমার কৃষ্ণ সঙ্গ হইবে॥ ২৯॥

তোমার সঙ্গ বিনা কৃষ্ণের কোন কার্য্য নাই। হে সুন্দরি! তোমার সঙ্গেতে কৈবল্য পদ লাভ হয়॥ ৩০॥

ভাদ্র মাসে কৃষ্ণ পক্ষে রোহিণী নক্ষত্রযুত অষ্টমী তিথিতে মহাবিষ্ণু আবির্ভূত হইবেন মহামায়া কাত্যায়নী এই রূপ বলিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন। ৩১।

অস্যার্থঃ।

ত্বং ভয়ং মা কুরুষে। শীঘ্রমেব কৃষ্ণং প্রাপ্স্যসীতি। হেমন্তে হেমন্তকালে। শুচিস্মিতে ইতি পার্ব্বতী সম্বোধনং॥ ২৯॥ অকার্য্যমিতি। বাসু-দেবেন তব সঙ্গোবিনা কিমপি ন কর্ত্তব্যমিতিভাবঃ। তব সঙ্গাদেব মুক্তি-লাভো ভবেদিত্যর্থঃ॥ ৩০॥ ভাদ্র ইতি। ভাদ্রেমাসি কৃষ্ণপক্ষে রোহিণীনক্ষত্রে কৃষ্ণ আবির্ভবিষ্যতীতি ভাবঃ। কাত্যায়নী ইতি উক্ত্বা অন্তর্হিতাভূদিতি॥ ৩১॥ তত ইতি। ততঃ কাত্যায়নী বচনাদেব।

তেতোহৃষ্টমনাভূত্বা পদ্মিনী কমলেক্ষণা।
সিংহাসনং সমাশ্রিত্য কাত্যায়ন্যাঃ শুচিস্মিতে।
সংস্থিতাপদ্মিনীরাধাযাবৎকৃষ্ণসমাগমঃ ॥ ৩২ ॥
অন্যাভি র্গোপকন্যাভি র্বর্দ্ধমানা গৃহে গৃহে।
তাঃ সর্ব্বাঃপরমেশানিদেবকন্যাঃসহস্রশঃ ॥৩৩॥
কৃষ্ণস্তু দেবকীপুত্রো নন্দগেহেচ সুন্দরি।

ভাষা।

তদনন্তর পদ্মিনী হৃষ্টমনা হইয়া কাত্যায়নীর সিংহাসন আশ্রয় করিয়া কৃষ্ণ সমাগম পর্য্যন্ত রহিলেন ॥ ৩২ ॥

অন্যান্য গোপকন্যাগণের সঙ্গে পদ্মিনী নিজ গৃহে বৃদ্ধি পাইতে লাগিলেন। পদ্মিনীর সহচরীকন্যাগণ সকলই দেবকন্যা ॥ ৩৩ ॥

অস্যার্থঃ।

হৃষ্টমনা সানন্দচেতাঃ কাত্যায়ন্যাঃ সিংহাসন মাশ্রিত্য কৃষ্ণসমাগমং যাবৎ তস্থৌ ইতি ভাবঃ ॥ ৩২ ॥ অন্যাভিরিতি। অন্যাভি র্গোপকন্যাভিঃ সহেত্যর্থঃ। বর্দ্ধমানা বর্দ্ধতে। তাঃ সর্ব্বাগোপাকন্যাঃ সর্ব্বাএব দেবকন্যাঃ ॥ ৩৩ ॥ কৃষ্ণইতি। দেবকীপুত্রঃ কৃষ্ণঃ নন্দগোপ-

দিনে দিনে মহেশানি বর্দ্ধতে কমলেক্ষণে।
বালপৌগণ্ড কৈশর বয়সা কমলেক্ষণে ॥৩৪॥

ইতি রাধাতন্ত্রে ঊনবিংশতি পটলঃ।

ভাষা।

হে সুন্দরি! দেবকীপুত্র কৃষ্ণ নন্দ গৃহে দিনে দিনে বর্দ্ধন শীল হইয়া বাল্য পৌগণ্ড ও কৌশোর সময় অতিবাহিত করিলেন ॥ ৩৪ ॥

ইতি ঊনবিংশ পটলঃ।

অস্যার্থঃ।

গেহে বাল্যপৌগণ্ড কৌশোর বয়সা দিনে দিনেবর্দ্ধতে বর্দ্ধিতো ভবতীত্যর্থঃ ॥ ৩৪ ॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্রে ব্যাখ্যানে ঊনবিংশ পটলঃ।

ঈশ্বর উবাচ।

রহস্যং পরমং গুহ্যং সুন্দরং সুমনোহরং।
নিগদামি বরারোহে সাবধানাব ধারয় ॥ ১ ॥
কৃষ্ণস্য পরমেশানি পরীবারান্ শৃণু প্রিয়ে।
মান্যোভ্রাতা ভুবোদাস্যো বয়স্যাঃ সেবকাদয়ঃ
গোষ্ঠে সহচরাশ্চৈব প্রেয়স্যশ্চ পুরঃ ক্রমাৎ ।২।
বরিষ্ঠো ব্রজগোষ্ঠানাং সকৃষ্ণস্য পিতামহঃ।
বরীয়সীতি বিখ্যাতা মহীমান্যা পিতামহী ॥ ৩ ॥

ভাষা।

মহাদেব বলিতেছেন, হে পার্ব্বতি! অতি মনোহর পরম গোপনীয় বাসুদেব রহস্য তোমাকে বলিতেছি, সাবধানে শ্রবণ কর ॥ ১ ॥

হে প্রিয়ে পার্ব্বতি। ভ্রাতা বয়স্য সেবক ও গোষ্ঠ সহচর প্রভৃতি কৃষ্ণের পরিবারগণ বলিতেছি শ্রবণ কর ॥ ২ ॥

যিনি ব্রজবাসি গণের বৃদ্ধ তিনি কৃষ্ণদেবের পিতামহ ও ব্রজমান্যা মহীনামী ব্রজবৃদ্ধা কৃষ্ণের পিতামহী ॥ ৩ ॥

অস্যার্থঃ।

ঈশ্বর উবাচেতি। হে সুন্দরি! পরমং রহস্যং নিগদামি ব্রবীমি সাবধানাবধারয় সাবধানং শৃণু ॥ ১ ॥ কৃষ্ণস্য ইতি। কৃষ্ণস্য পরীবারান্ পিত্রাদি পরিবার বর্গান্ শৃণু। কৃষ্ণপরিবারান্ বক্ষ্যামি ইতি ॥ ২ ॥ বরিষ্ঠ ইতি। যঃ কৃষ্ণস্য পিতামহঃ পিতৃপিতা স ব্রজগোষ্ঠানাং বরিষ্টঃ প্রধানঃ। যা পিতামহী সা বরীয়সী মান্যা ॥ ৩ ॥

মাতামহো মহোৎসাহঃ স্যাদস্য সুমুখীভিধঃ।
খ্যাতা মাতামহী গোষ্ঠপাটলানাম ধেয়তঃ ॥ ৪ ॥
পিতা ব্রজার্পিতানন্দো নন্দোভুবন বন্দিতঃ।
মাতাগোপ যশোদাত্রী যশোদা মোদ মেদুরা ॥৫॥
উপনন্দোঽভিনন্দশ্চ পিতৃব্যৌ পূর্ব্বজৌ পিতুঃ।
পিতৃব্যৌত্ত কনীয়াংসৌস্যাতাংনন্দসনন্দনৌ॥৬
পিতৃষ্বসৃ পতির্নীলো নন্দিনীতু পিতৃষ্বসা।।
মাতৃষ্বসৃ পতির্নন্দঃ ষ্বসামাতু র্যশস্বিনী ॥ ৭ ॥

ভাষা।

মহোৎসাহ মাতামহ; যিনি মাতামহী তিনি সুমুখী নামে বৃন্দাবনে বিখ্যাত ॥ ৪ ॥

ব্রজবাসীগণের আনন্দ বর্দ্ধন ত্রিভুবন মান্য নন্দরাজ তাঁহার পিতা ও গোপ বৃন্দের যশোদাত্রী যশোদা কৃষ্ণের মাতা ॥ ৫ ॥

উপনন্দ ও অভিনন্দ দুই ব্যক্তি কৃষ্ণের জ্যেষ্ঠ তাত ও নন্দ সনন্দ নামা দুই জন কনিষ্ঠ পিতব্য ॥ ৬ ॥

নন্দিনী পিতৃস্বসা অর্থাৎ পিসী, নীল পিতৃস্বসৃ পতি। মাতৃস্বসৃ পতিনন্দ ও যশস্বিনী মাতৃস্বসা অর্থাৎ মাসী ॥ ৭ ॥

অস্যার্থঃ।

মাতামহ ইতি। মহোৎসাহঃ কৃষ্ণস্য মাতামহঃ মাতুঃ পিতা পাটলা-নাম্নী মাতামহী ॥ ৪ ॥ পিতেতি। নন্দঃ পিতা যশোদা মাতা। ব্রজার্পিতানন্দঃ ব্রজে বৃন্দাবনে অর্পিতোনান্ত আনন্দোয়েন সঃ। যশো-দাত্রী যশস্বিনী ॥ ৫ ॥ উপইতি। উপনন্দাভিনন্দৌ পিতৃব্যৌ পিতৃ-ভ্রাতরৌ। কনিষ্ঠ পিতৃব্যৌত্ত নন্দসনন্দনৌ তন্নামানৌ ॥ ৬ ॥ পিতৃ ইতি। পিতুর্ভগিনীপতির্নীলঃ পিতুর্ভগিনী নন্দিনী। মাতুর্ভগিনী পতির্নন্দঃ মাতৃষ্বসা যশস্বিনী ॥ ৭ ॥ তারুণ্যেতি। তারুণ্যা জটিলা

তারুণ্ডা জটিলা ভেলা করালা কর বালিকা।
ঘর্ঘরা মুখরাঘোরা ঘণ্টা মাতামহীসমাঃ ॥ ৮ ॥
পিঙ্গলঃ কপিলঃ পিঙ্গোমাঠরঃ পীঠপট্টিশৌ।
শঙ্করঃসঙ্গবোভৃঙ্গো বিঙ্গাদ্যাজনকোপমাঃ ॥৯॥
তরঙ্গাক্ষী তরণিকা শুভদা মালিকাঙ্গদা।
বৎসলা কুশলাতালী মেদুরাদ্যাঃ প্রসূপমাঃ ॥১০॥
অম্বাথ অম্বিকাচৈব ধাতৃকা স্তন্যদায়িনী।
সুলতা গোমতীযামী চণ্ডিকাদ্যা দ্বিজস্ত্রিয়ঃ ॥১১॥

ভাষা।

তারুণ্ডা, জটিলা, ভেলা, করালা, করবালিকা, ঘর্ঘরা, মুখরা, ঘোরা ও ঘণ্টা এই বৃদ্ধা রমণীগণ কৃষ্ণের মাতামহী তুল্য ॥ ৮ ॥

পিঙ্গল, কপিল, পিঙ্গ, মাঠর, শঙ্কর, শঙ্গব, ও ভৃঙ্গ তাহারা কৃষ্ণের পিতৃতুল্য ॥ ৯ ॥

তরাঙ্গাক্ষী, তরনিকা, শুভদা, মালিকা, অঙ্গদা, বৎসলা, কুশলা, তালী ও মেদুরা ইহারা কৃষ্ণের মাতৃতুল্য ॥ ১০ ॥

অম্বা, অম্বিকা, ধাতৃকা, সুলতা, গোতমী, যামী ও চণ্ডিকা প্রভৃতি দ্বিজ স্ত্রীগণ কৃষ্ণের স্তনদায়িনী ॥ ১১ ॥

অস্যার্থঃ।

প্রভৃতয়ো মাতামহীসমা মাতামহীতুল্যাইত্যর্থঃ ॥ ৮ ॥ পিঙ্গল ইতি। পিঙ্গলকপি লাদয়ঃ জনকোপমাঃ পিতৃতুল্যাঃ ॥ ৯ ॥ তরঙ্গাক্ষীতি। তরঙ্গাক্ষীতরণিকাদয়ঃ প্রসূপমাঃ মাতৃতুল্যাঃ ॥ ১০ ॥ অম্বেতি। অম্বা অম্বিকাদয়ঃ স্তন্যদায়িনী। সুলতা গোতমী প্রভৃতয়ঃ দ্বিজস্ত্রিয়ঃ প্রতিবাসি দ্বিজভার্য্যাঃ ॥ ১১ ॥ অথেতি। বয়স্যানাং সমবয়স্ক

অগ্রগামী বয়স্যানাং প্রলম্ব স্তস্যচাগ্রজঃ।
সমুদ্রঃ কুণ্ডলোদণ্ডী মণ্ডলোমী পিতৃব্যজাঃ।১২।
বয়স্যাঃ কৃষ্ণচন্দ্রস্য স্ফূটমত্র চতুর্ব্বিধা।
সুহৃৎসখা প্রিয়সখা প্রিয়নর্ম্মসখা স্তথা ॥ ১৩ ॥
সুহৃদো মণ্ডলী ভদ্রভদ্র বৰ্দ্ধন গোভটাঃ।
কুলবীরো মহাভীমো দিব্যশক্তিঃ সুরপ্রভঃ ॥।১৪।
বনস্থিরাদয়ো জ্যেষ্ঠকল্পাঃ সংরক্ষণায়বৈ।
বিশাল বৃষভো জম্বি দেবপ্রস্থবরূথপাঃ।
মন্দার কুসুমাপীড় মণিবন্ধকরাঃ সমা ॥ ১৫ ॥

ভাষা।

কৃষ্ণচন্দ্রের বয়স্যগণ চারিভাগে বিভক্ত। যথা সুহৃদ, সখা, প্রিয়সখা ও প্রিয়নর্ম্মসখা ॥ ১৩ ॥

প্রলম্ব জ্যেষ্ঠ ভ্রাতা কৃষ্ণের বয়স্যবর্গের প্রধান। সমুদ্র, কুণ্ডল, দণ্ডী ও মণ্ডলোমী ইহারা পিতৃব্য পুত্র ॥ ১২ ॥

মণ্ডলী, ভদ্র, ভদ্রবৰ্দ্ধন, গোভট, কুলীর, মহাভীম, দীব্যশক্তি ও সুরপ্রভঃ ইহারা কৃষ্ণের সুহৃদ্ ॥ ১৪ ॥

বিশাল, বৃষভ, জম্বী, দেবপ্রস্থ ও বরূথপ ইহারা অগ্রজের ন্যায় বনে বনে রক্ষা কার্য্যে নিযুক্ত ছিলেন। মন্দার কুসুমাপীড় হইয়া হস্তে মণি বন্ধন করেন ॥ ১৫ ॥

অস্যার্থঃ।

বন্ধুনাং অগ্রগামী প্রধানঃ প্রলম্বঃ প্রলম্বনামা। পিতৃব্যজাঃ পিতৃব্য-পুত্রাঃ ॥ ১২ ॥ বয়স্যা ইতি। কৃষ্ণস্য চতুর্ব্বিধা বয়স্যাঃ আসন্নিত্যর্থঃ। প্রিয়নর্ম্মসখা কেলিব্যাপার বন্ধুঃ ॥ ১৩ ॥ সুহৃদ ইতি। মণ্ডলী-ভদ্র প্রভৃতয়ঃ সুহৃদঃ বান্ধবাঃ ॥ ১৪ ॥ বনস্থিরা ইতি। জ্যেষ্ঠতুল্য-বান্ধবাঃ সংরক্ষণায় রক্ষণার্থং বনে বনে ভ্রমন্তীতি। বিশালেতি সর্ব্বএব

মন্দারশ্চনন্দঃ কুন্দঃ কলিন্দ কুলিকাদয়ঃ।
কনিষ্ঠকল্পাঃ সেবায়াংসখায়োরিপুনিগ্রহাঃ।১৬
অথ প্রিয়সখা দাম সুদাম বসুদামকাঃ।
শ্রীদামাদ্যাঃ সদাযত্র শ্রীদামানন্দবর্দ্ধকঃ।
সমস্ত মিত্রসেনানাং ভদ্রসে নশ্চভূপতিঃ ॥ ১৭ ॥
রময়ন্তি প্রিয়সখাঃ কেলিভিঃ র্বিবিধৈরমী।
নিযুদ্ধ দণ্ডযুদ্ধাদি কৌতুকৈরপি কেশবং ॥ ১৮ ॥

ভাষা।

মন্দার চন্দন, কুন্দ কলিন্দ ও কুলিক ইহারা কনিষ্ঠের ন্যায় সেবা কার্য্যে রত আছে এবং শত্রু বিনাশে পরম সুহৃদ ॥১৬॥

দাম, সুদাম, বসুদাম, ও শ্রীদাম ইহারা আনন্দ বর্দ্ধনকারী প্রিয়সখা এবং ভদ্রসেন সমস্ত মিত্রসেনাদিগের অধীশ্বর ॥ ১৭ ॥

প্রিয় সুহৃদগণ সদা বিবিধকেলি ও যুদ্ধাদি কৌতুক দ্বারা কৃষ্ণের সহিত ক্রীড়া করিত ॥ ১৮ ॥

অস্যার্থঃ।

মন্দার কুসুমেন ধৃত মনিবন্ধাঃ ॥ ১৫ ॥ মন্দার ইতি। মন্দার প্রভৃতয়ঃ কনিষ্ঠা বান্ধবাঃ সেবায়াং সেবাকার্য্যে নিরতা ইত্যর্থঃ। রিপুনিগ্রহাঃ শত্রুনিগ্রহকারিণঃ ॥ ১৬ ॥ অথেতি। দামসুদামাদয়ঃ প্রিয়সখায়ঃ। সমস্তমিত্রসেনানাং অধিপতি রধিনায়কঃ মিত্রসেনঃ ॥ ১৭ ॥ রময়ন্তীতি। অমী শ্রীদামাদ্যাঃ প্রিয়সখাঃ বিবিধৈ র্বহুপ্রকারৈঃ কেলিভিঃ ক্রীড়াভিঃ নিযুদ্ধ দণ্ডযুদ্ধাদি কৌতুকৈশ্চ কেশবং কৃষ্ণং রময়ন্তি ক্রীড়য়ন্তে ॥ ১৮ ॥ সুবলেতি। সুবলার্জ্জুনপ্রভৃতয়ঃ স নন্দন বিদগ্ধাভ্যাং সহ প্রিয়নর্ম্মসখাঃ

সুবলার্জুন গন্ধর্ব্ব বসন্তোজ্জ্বল কোকিলাঃ।
সনন্দন বিদগ্ধাভ্যাং প্রিয়নর্ম্মসখাঃ স্মৃতাঃ।১৯।
তদ্রস্যস্তু নাস্ত্যেব যদমীষাং ন গোচরঃ।
শ্রীদাম নন্দনস্তত্র সৌহৃদানন্দ সুন্দরঃ।
বিলাসি শেখরো যস্য বিলাসন বশীকৃতঃ॥ ২০॥
মধুমঙ্গল পুষ্পাদ্যা পরিহাস বিদূষকাঃ।
বিবিধাঃ সেবকাস্তস্যচৈক সখ্য পরায়ণাঃ॥২১॥
রক্তকঃ পত্রকঃ পাত্রী মধুকাণ্ঠো মধুব্রতঃ।
তদ্বেণুশৃঙ্গ মুরলী যষ্টি পাশাদি ধারিণঃ॥ ২২॥

ভাষা।

সুবল, অর্জুন, গন্ধর্ব্ব ও বসন্তোজ্জ্বল কোকিলগণ ইহারা আমোদ কার্য্য কৌশলে কৃষ্ণের নর্ম্ম সখা॥ ১৯॥

শ্রীকৃষ্ণের এমন কোন রহস্য কার্য্যছিল না যে শ্রীদাম প্রভৃতি বয়স্যগণ না জানিত। উক্ত প্রিয় সুহৃদগণ সর্ব্বদা কৃষ্ণের আনন্দ বর্দ্ধন করিত এবং কৃষ্ণ ইহাদের বিলাসে বশ্য ছিলেন॥ ২০॥

মধু মঙ্গল প্রভৃতি কতিপয় বয়স্য কৃষ্ণের বিদূষক এবং শ্রীকৃষ্ণের অনেক বয়স্য ভৃত্য কার্য্য সাধনে নিযুক্ত ছিল॥ ২১॥

রক্তক, পত্রক, পাত্রী, মধুকণ্ঠ ও মধুব্রত ইহারা কৃষ্ণদেবের মুরলী, শৃঙ্গ, যষ্টি ও পাশাদি বহন করিত॥ ২২॥

অস্যার্থঃ।

প্রিয়া নর্ম্মসখাশ্চ॥ ১৯॥ তদ্রহস্যেতি। শ্রীকৃষ্ণস্য এতদ্ভূতং রহস্যং নাস্তি যদ্রহস্যং অমীষাং শ্রীদামাদীনাং নগোচরঃ অজ্ঞাতঃ॥ ২০॥ মধু-মঙ্গলেতি। মধুমঙ্গলাদ্যাঃ বিদূষকাঃ পরিহাস কৌতুক কারিণঃ। তস্য কৃষ্ণস্য বিবিধাঃ সেবকা আসন্নিত্যর্থঃ॥ ২১॥ রক্তকইতি। রক্তক পাত্র প্রভৃতয়ঃ সদৈব বেণুশৃঙ্গ মুরলী পাশান্ ধারয়ন্তীতি ভাবঃ॥২২।

পৃথুকাঃ পার্শ্বণাঃ কেলি কলালাপ কলাঙ্কুরাঃ।
পল্লবো মঙ্গলঃ ফুল্লঃ কোমলঃ কপিলাদয়ঃ।
সুবিলাক্ষ বিশালাক্ষ রসাল রস শালিনঃ ॥২৩॥
জম্বুনদ্যাশ্চ তাম্বূল পরিষ্কার বিচক্ষণাঃ।
পয়োদ বারিদাদ্যাস্তু নীর সংস্কার কারিণঃ।
বস্ত্রোপস্কার নিপুনাঃ সারঙ্গ কুবলাদয়ঃ ॥ ২৪ ॥
প্রেমকন্দ মহাগন্ধ সৈরিন্ধ্রি মধু কন্দলাঃ।
মকরন্দা দয়শ্চামী শৃঙ্গার রস কারিণঃ ॥ ২৫ ॥

ভাষা।

পৃথুক ও পার্শ্বণ ইহারা কেলি সম্পাদক। পল্লব, মঙ্গল, ফুল্ল, কোমল, কপিল, সুবিলাক্ষ ও বিশালাক্ষ ইহা কৃষ্ণের বিবিধ রস সম্পাদক ছিল ॥ ২৩ ॥

জম্বুনদ্য প্রভৃতি ভৃত্যগণ তাম্বূল সংস্কারে বিলক্ষণ অভিজ্ঞ ও পয়োদাদি ভৃত্যবর্গ জলসংস্কার চতুর এবং সারঙ্গ কুবলাদি ইহারা বস্ত্রসংস্কারে নিযুক্ত ছিল ॥ ২৪ ॥

প্রেমকন্দ, মহাগন্ধ, সৌরিন্ধ্রি, মধুকন্দল, ও মকরন্দ ইহারা শৃঙ্গাররস বর্দ্ধক ছিল ॥ ২৫ ॥

অস্যার্থঃ।

পৃথুকা ইতি। পৃথুক পার্শ্বকাদয়ো রসপূর্ণালাপ কারিণ ইত্যর্থঃ ॥ ২৩ ॥ জম্বুনদ্যা ইতি। জম্বুনদ্যাদয় স্তাম্বূল পরিচারকাঃ তাম্বুলাদি ধৌত কর্ম্মণি বিচক্ষণাঃ নিপুণাঃ। পয়োদ বারিদাদ্যাদয়ো জলসংস্কার কারিণঃ জলশুদ্ধি বিধায়িনঃ। সারঙ্গ কুরঙ্গাদয়ঃ বস্ত্রসংস্কার সাধিনঃ ইত্যর্থঃ ॥ ২৪ ॥ প্রেমেতি। প্রেমকন্দাদয়স্তু শৃঙ্গাররস সম্পাদকাঃ; অমীশৃঙ্গার রসানু কুলতাং সম্পাদয়ন্তীতি ভাবঃ ॥ ২৫ ॥ সুমন ইতি। সুমনঃ

সুমনঃ কুসুমোল্লাস-পুষ্পহাস হরাদয়ঃ।
গন্ধাঙ্গ রাগ মাল্যাদি পুষ্পালঙ্কৃতি কারিণঃ।২৬।
দক্ষাঃ সুরঙ্গ ভদ্রাঙ্গ কর্পূর কুসুমাদয়ঃ।
নাপিতাঃ কেশ সংস্কারে মর্দ্দনে দর্পণার্পণে।২৭।
কোষাধি কারিণঃ স্বচ্ছ সুশীতল গুণাদয়ঃ।
বিমলঃ কমলাদ্যাশ্চ স্থালী পীঠাধি কারিণঃ।২৮
ধনিষ্ঠা চন্দন কলা গুণ মালা রতি প্রভা।

ভাষা।

সুমন, কুসুমোল্লাস ও পুষ্পহার ইহারা গন্ধমাল্য ও পুষ্পাদি দ্বারা কৃষ্ণের অঙ্গরাগ ও অলঙ্কৃতি কার্য্য সম্পাদন করিত॥২৬॥

সুরঙ্গ, ভদ্রাঙ্গ প্রভৃতি নাপিতগণ কেশসংস্কার, অঙ্গমর্দ্দন ও দর্পণ প্রদানে বিশেষ চতুর ছিল॥ ২৭॥

অন্যান্য কতিপয় সদ্‌গুণশালী বয়স্যগণ কৃষ্ণের কোষাধিকারে নিযুক্ত ও কমল বিমল প্রভৃতি পাকাদিপাত্রে এবং পীঠাদি আসনাদিকারে নিযুক্ত ছিল॥ ২৮॥

অস্যার্থঃ।

কুসুমোল্লাসাদয়ঃ গন্ধাঙ্গরাগঃ গন্ধেন চন্দনাদিনা অঙ্গরাগঃ অঙ্গানুলেপণং মাল্যাদি পুষ্পালঙ্কৃতিকারিণঃ মাল্যাদিনা পুষ্পেণচ অলঙ্কৃতি রঙ্গালঙ্করণং এতানি কর্ত্তুং শীলমেষাং তথোক্তাঃ॥ ২৬ ॥ দক্ষা ইতি। সুরঙ্গাদয়ো নাপিতাঃক্ষৌর কারিণঃ। কেশসংস্কারে কুন্তলপরিষ্কারে মর্দ্দনে সম্বাহনে দর্পণার্পণে আদর্শদানে দক্ষাঃ পারগাঃ। ২৭॥ কোষেত্যাদি। স্বচ্ছসুশীতল গুণাদয়ঃ কোষাধি কারিণঃ ধনাগার রক্ষকাঃ। বিমল কমলাদয়ঃ স্থালী পীঠাধিকারিণঃ পাত্রাসনাদি রক্ষকাঃ॥ ২৮॥ ধনিষ্ঠেত্যাদি। ধনিষ্ঠা প্রভৃতয়ো নার্য্যঃ গৃহ-

ভবানীন্দু প্রভা শোভা রম্ভাদ্যাঃ পরিচারিকাঃ।
গৃহ সংমার্জ্জনে দক্ষাঃ সর্ব্ব কার্য্যেষু কোবিদাঃ।
চেট্যঃ কুরঙ্গী ভৃঙ্গারী সুলম্বা লম্বিকাদয়ঃ ॥২৯॥
চতুরশ্চারণো ধীমান্ পেশলাদ্যাশ্চরোত্তমাঃ।
চরন্তি গোপ গোপীষু নানাবেশেন যে সদা ৩০।
বৃন্দাবৃন্দারিকমেনা সুবলাদ্যাশ্চ দূতিকাঃ।
কুঞ্জাদি সংস্ক্রিয়াভিজ্ঞা বৃন্দা তাসু বরীয়সী ।৩১।

ভাষা।

ধনিষ্ঠা, চন্দনকলা, গুণ মালা, রতিপ্রভা, ভবানী, ইন্দুপ্রভা শোভা, ও রম্ভাদি পরিচারিকাগণ গৃহসংমার্জ্জন প্রভৃতি কার্য্যে অতি সুচতুরা ছিল। কুরঙ্গী ও ভৃঙ্গারী দুই সখী কৃষ্ণেরদাস্য কার্য্য করিত ॥ ২৯ ॥

চতুর চারণ ও পেশল প্রভৃতি কৃষ্ণের উৎকৃষ্টচর ইহারা সর্ব্বদা নানারূপ বেশধারণ করিয়া গোপ গোপীগণের নিকট বিচরণ করে ॥ ৩০ ॥

বৃন্দা, বৃন্দারিকা, ও সুবলা ইহারা কৃষ্ণের দূতি। যাহারা কুঞ্জাদি সংস্কার করে। ইহাদের মধ্যে বৃন্দা প্রধানা ॥ ৩১ ॥

অস্যার্থঃ।

সংমার্জ্জনে গৃহশুদ্ধি কর্ম্মণি সর্ব্বকার্য্যেষু অন্যান্য বিবিধ ব্যাপারেষু কোবিদাঃ নিপুণাঃ কুরঙ্গীভৃঙ্গী প্রভৃতয়শ্চেট্যঃ দাস্য ইত্যর্থঃ ॥ ২৯ ॥ চত্তর ইতি। ধীমান্ তদাখ্যো গোপঃ চারণঃ দুতঃ। পেশলাদ্যা শ্চত্তারশ্চর প্রধানাঃ সদা নানাবেশেন গোপগোপীষু চরন্তি স্বচ্ছন্দং ব্রজন্তি ॥ ৩০ ॥ বৃন্দেতি বৃন্দা বৃন্দারিকাদ্যাঃ দূতিকাঃ কুঞ্জাদি সংস্কার কর্ম্মণি দক্ষা। তাসু দূতি কাসু মধ্যে বৃন্দাবরীয়সী পূর্ণ যুবতী। ৩১ ॥

নর্ত্তকাশ্চন্দ্র হাসেন্দু হাসচন্দ্র সুখাদয়ঃ।
সুধাকর সুধাদান সারঙ্গাদ্যা মৃদঙ্গিনঃ॥ ৩২॥
কালান্তরস্থো দেবেশি বাদ্য সৌগুণ সাগরাঃ।
কালকণ্ঠঃ সুধাকণ্ঠঃ শূককণ্ঠা দয়োপ্যমী॥৩৩॥
সর্ব্ব প্রবন্ধ নিপুণা রসজ্ঞা স্তানকারিণঃ।
নির্লেজকস্তু সুমুখো দুর্লভো রঞ্জনাদয়ঃ॥ ৩৪॥
পুণ্যঃ পুঞ্জ স্তথা ভাজ্য বাসিনদ্যাশ্চ ডিণ্ডিমঃ।
বর্দ্ধকি র্ব্বর্দ্ধমানাখ্যাঃ খট্বাদি কটকারকাঃ॥৩৫॥

ভাষা।

চন্দ্রহাস, ইন্দুহাস ও চন্দ্র সুখ ইহারা কৃষ্ণদেবের নর্ত্তক এবং সুধাকর, সুধাদান ও সারঙ্গ ইহারা মৃদঙ্গাদি বাদ্যধারণ করে॥৩৪॥

কালকণ্ঠ সুধাকণ্ঠ ও শূককণ্ঠ ইহারা সময়ানুযায়ী বাদ্য বাদন করে॥ ৩৩॥

নির্লেজ, সুমুখ, দুর্লোভ ও রঞ্জনপ্রভৃতি ভৃত্যগণ নানা-প্রকার প্রবন্ধ রচনা করিত ও সংগীতকালে তান ধারণ করে।৩৪।

পুণ্য, পুঞ্জ, ভাগ্যরাশি; ডিণ্ডিম, বর্দ্ধকি ও বর্দ্ধমান ইহারা খট্টাদি রচনা কার্য্যে ব্যাপৃত ছিল॥ ৩৫॥

অস্যার্থঃ।

নর্ত্তকা ইতি। চন্দ্রহাসাদ্যা নর্ত্তকা নৃত্যকার্য্য সম্পাদকাঃ। সুধাকরাদ্যা মৃদঙ্গিণঃ মৃদঙ্গ বাদন তৎপরাঃ॥ ৩২॥ কালান্তরেতি। অমী কালকণ্ঠাদয়ঃ কালান্তরস্থাঃ কালপর্য্যায় মবলম্ব্য স্থায়িনঃ। বাদ্যসৌগুণসাগরাঃ বাদ্যকর্ম্ম কুশলাঃ॥ ৩৩॥ সর্ব্ব ইতি। নির্লেজ কাদয়ঃ সর্ব্ব প্রবন্ধ নিপুণাঃ সর্ব্বস্মিন্ প্রবন্ধে কাব্যাদৌ নিপুণা দক্ষাঃ॥ ৩৪॥ পুণ্য ইতি। পুণ্যাদ্যাঃ ডিণ্ডিমাঃ বাদ্য বিশেষ বাদকাঃ। বর্দ্ধক্যাদয়ঃ খট্টাদৌ তৎপারিধায়িনঃ॥ ৩৫॥ সুচিত্রেতি। সুচিত্র বিচিত্রৌ

সুচিত্রশ্চ বিচিত্রশ্চ চিত্র কর্ম্মকরা বুভৌ।
সর্ব্বকর্ম্মকরাঃ কুণ্ডকণ্ডোলকটুনাদয়ঃ ॥ ৩৬ ॥
ধূমলা পিঙ্গলা গঙ্গা পিশাঙ্গী মানকস্তনী।
হংসী বংশী ত্রিরেখাদ্যা বৈচিক্যস্তস্য সুপ্রিয়াঃ।
পদ্মগন্ধ পিশঙ্গাক্ষ্যৌ বলীবন্ধারতিপ্রিয়া ॥৩৭॥
সুরঙ্গাস্যঃ কুরঙ্গাস্য দধিকো নাভিধঃ কপিঃ।
ব্যাঘ্র ভ্রমরকাশ্চালো রাজহংসঃ কলস্বনঃ।৩৮।
বৃন্দাবনং মহোদ্যানং শ্রেয়োসিঃ শ্রেয়সায়চ।
ক্রীড়াগিরির্যথার্থাখ্যঃশ্রীমান্‌গোবর্দ্ধনোযতঃ।৩৯

ভাষা।

সুচিত্র ও বিচিত্র এই দুই জন চিত্র কর্ম্মকারক। কুণ্ড, কণ্ডোল ও করণ্ডক ইহারা সর্ব্ব কর্ম্ম কারক ॥ ৩৬ ॥

ধুমলা, পিঙ্গলা, গঙ্গা, পিশাঙ্গী, মানকস্তনী, হংসী, বংশী, ত্রিরেখা ও বৈচিকী এই সকল দাসীগণ কৃষ্ণের অতি প্রিয়।৩৭॥

কুরঙ্গাস্য, সুরঙ্গাস্য, দধিকোন, ও কপিপ্রভৃতি প্রিয় ভৃত্য। এবং বৃন্দাবনে ভ্রমর কোকিল ও রাজহংসসর্ব্বদাকলস্বন করিত।৩৮।

মহোদ্যান বৃন্দাবন মুক্তির প্রধান কারণ যেখানে শ্রীমান গোবর্দ্ধন গিরি ক্রীড়া স্থান ॥ ৩৯ ॥

অস্যার্থঃ।

দ্বৌ চিত্রকর্ম্মকারকৌ। কুণ্ডকাদয়ঃ সর্ব্বকর্ম্ম কারিণঃ॥ ৩৬ ॥ ধূমলাতি। ধূমলা প্রভৃতয়ঃ কৃষ্ণস্য সুপ্রিযাঃ প্রীতি সম্পাদিকাঃ॥ ৩৭ ॥ সুরঙ্গাস্য ইতি। সুরঙ্গাস্যাদয়ঃ কৃষ্ণস্য প্রিয়তরাঃ সেবকা ইতি শেষঃ॥ ৩৮॥ বৃন্দাবন মিতি। মহোদ্যানং বৃন্দাবনং নিঃশ্রেয়সায় মোক্ষায় শ্রীমঙ্গল প্রদঃ। যতো অস্মিন্ বৃন্দাবমে গোবর্দ্ধনঃ ক্রীড়াগিরিঃ ক্রীড়াপর্ব্বতঃ॥ ৩৯ ॥ ঘাট ইতি। মানস গঙ্গায়া পবঙ্গোনাম ঘাটঃ

ঘাটোমানস গঙ্গায়াঃ পবঙ্গোনাম বিশ্রুতঃ।
সুবিকাশ তরানাম তরির্যত্র বিরাজতে।
নাম্নানন্দীশ্বরং দেবি মন্দিরং স্ফুরদিন্দিরং ॥৪০।
আস্থালী মণ্ডপস্তত্র গণ্ডশৈলা মনোজ্জ্বলঃ।
আমোদ বর্দ্ধনোনাম পবনোমোদ বাসিতঃ ॥৪১॥
কুঞ্জাঃ কাম মহাভীম মন্দারমনিলাদয়ঃ।
ন্যগ্রোধ রাজভাণ্ডীর কদম্ব কদলীগণাঃ ॥ ৪২।

ভাষা।

বৃন্দাবনে মানস নামে গঙ্গার ঘাট বিদ্যমান আছে। ঐ ঘাটে সুবিকাশ নামে তরণী ও ঘাটোরি নন্দিকেশ্বর নামে মন্দির নির্ম্মিত রহিয়াছে ॥ ৪০ ॥

বৃন্দাবনে আস্থালী নামে মণ্ডপ সমুজ্জ্বল গণ্ডশৈল সকল আছে। আমোদ বর্দ্ধন নামে পবন সদা সুগন্ধ বহন করিতেছে ॥ ৪১ ॥

কদম্ববন, মহাবন, বৃন্দাবন, ন্যগ্রোধবন ও ভাণ্ডীরবনপ্রভৃতি কুঞ্জ সকল কৃষ্ণ বিহার স্থল ॥ ৪২ ॥

অস্যার্থঃ।

অবতরণ স্থানং। যত্র মানস গঙ্গায়া সুবিকাশ তরানাম তরি নৌকা বিরাজতে। নন্দীশ্বরং নাম মন্দির মিত্যর্থঃ ॥ ৪০ ॥ আস্থালীতি। আস্থালীনাম মণ্ডপঃ বিশ্রাম গৃহঃ। গণ্ডশৈলঃ উজ্জ্বলাসনং। মোদবাসিতঃ সৌগন্ধপূর্ণঃ আমোদ বর্দ্ধনোনাম পবনঃ ॥ ৪১ ॥ কুঞ্জা ইতি। কাম মহাভীমাদয়ঃ কুঞ্জাঃ কৌতুক স্থানানি ॥ ৪২ ॥ যমুনেতি। মহাতীর্থং মহাতীর্থ ভূতায়া যমুনা সাখেলাতীর্থং। যত্র যমুনায়াং

যমুনাখ্যা মহাতীর্থং খেলাতীর্থমিহোচ্যতে।
পরম প্রেষ্ঠয়াসার্দ্ধং সদাযত্র সুখেরতিঃ॥ ৪৩॥
লীলাপদ্ম সদাস্মেরং গেণ্ডুকশ্চিত্র কারকঃ।
শিঞ্জিনী মঞ্জুলশরং মানবদ্ধাটনীযুগং।
বিলাস কর্ম্মিকং নাম কার্ম্মুকং স্বর্ণচিত্রিতং॥৪৪॥
মন্ত্রঘোষো বিষাণোঽস্য বংশী ভুবনমোহনঃ।
রাধাক্রম্মীন বড়িশী মহানন্দাভি ধাপিচ।
ষড়ুন্ধ্রু বন্ধনো বেণুখ্যাতো মদনবর্দ্ধনঃ॥ ৪৫॥

ভাষা।

মহাতীর্থ যে যমুনা তাহা কৃষ্ণের জল ক্রীড়া স্থান। যেখানে কৃষ্ণচন্দ্র সদা পরম প্রেয়সী সখীগণ সঙ্গে নানাবিধ রতি করেন॥ ৪৩॥

লীলাপদ্ম কৃষ্ণের বিলাস কর্ম্মিক নামক বিচিত্র ধনুকের শর। ধনুকের কোটিদ্বয় সিঞ্জিনী গুণে আবদ্ধ॥ ৪৪॥

মন্ত্রঘোষ নামে কৃষ্ণের শৃঙ্গ, বংশী ভুবন মোহনকারী তাহার রাধা রাধা এই শব্দে বড়িশের ন্যায় জগতকে আকর্ষণ করে। এবং ঐ বংশী যে ছয়টী চন্দ্র আছে তাহার শব্দে ত্রিভুবনের মদন বর্দ্ধন হয়॥ ৪৫॥

অস্যার্থঃ।

পরম প্রেষ্ঠয়া পরম প্রেয়স্যাসহ সুখেরতিঃ সুখরমণ মিতিভাবঃ॥ ৪৩॥ লীলেতি। লীলাপদ্মং ক্রীড়াকমলং সদাস্মেরং সদৈব প্রস্ফুটিতং। শিঞ্জিনী ধনুর্গুণঃ। অটনীযুগং কোটিদ্বয়ং। কার্ম্মুকং ধনুঃ। স্বর্ণচিত্রিতং সুবর্ণ ভূষিতং॥ ৪৪॥ মন্ত্র ইতি। বিষাণঃ শৃঙ্গঃ ভুবনমোহন ত্রিজগন্মুগ্ধকারী বংশীতস্য সপ্তরন্ধ্রাণি রাধারূপ মীনস্য মদন বর্দ্ধন বড়িশী ভূতানীত্যর্থঃ॥ ৪৫॥ পাণাবিতি। পাণৌহস্তে পশুবশীকারো দোহনী

পাণৌপশু বশীকারৌ দোহন্য মৃতদোহনী।
অৰ্দ্ধাপাতি সহোরস্কা নবরত্নাঙ্কিতাভুজে।
অঙ্গদৈরঙ্গদাভিক্ষে চিক্কণেনাম কঙ্কণে ॥ ৪৬ ॥
কিঙ্কিণীরুণ ঝঞ্ঝার মঞ্জীরৌ হংসগঞ্জনৌ।
কুরঙ্গনয়নাচিত্ত কুরঙ্গহর শিঞ্জিতৌ ॥ ৪৭ ॥
হারস্তারা বলীনাম মনিমালা তড়িৎপ্রভঃ।
বদ্ধরাধা প্রতিক্বতি নিষ্কোহৃদয় মোদনঃ।
কৌস্তুভাখ্যোমনির্যেনপ্রবিষ্টৈহৃদিশোভনঃ ।৪৮।

ভাষা।

কৃষ্ণের হস্তে যে দোহন পাত্র আছে তাহা পশুবর্গের বশী-করণ করে। রত্ন নির্ম্মিত নব কঙ্কনে অতি মনোহর শোভা বর্দ্ধন করিতেছে ॥ ৪৬ ॥

কিঙ্কিনী ও নুপুরের রুণু ঝুনু শব্দে হংস তিরস্কৃত হয় এবং কুরঙ্গ নয়নাদিগের চিত্ত আকর্ষণ করে ॥ ৪৭ ॥

তারাবলী নামে যে হার কৃষ্ণের গলদেশে লম্বমান আছে তাহা বিদ্যুতের ন্যায় সমুজ্জ্বল। কৃষ্ণের হৃদয়ে রাধা নামাঙ্কিত এক নিষ্ক আছে এবং বক্ষঃস্থলে কৌস্তুভ নামে মণি রহি-য়াছে ॥ ৪৮ ॥

অস্যার্থঃ।

অমৃতদোহন্যৌ দোহনপাত্রৌ। ভুজেবাহৌ চিক্কণে সমুজ্জ্বলে কঙ্কণে হস্ত ভূষণে ইত্যর্থঃ ॥ ৪৬ ॥ কিঙ্কিণীতি। হংসগঞ্জন্যৌ হংসরব বিনিন্দকৌ মঞ্জীরৌ নূপুরৌ। কুরঙ্গনয়নানাং চিত্তকুরঙ্গাণি শিঞ্জি-তানি যয়োস্তৌ ॥ ৪৭ ॥ হারেতি। তারা বলীনাম হারঃ কণ্ঠভূষণং তড়িৎ প্রভঃ বিদ্যুৎ সমুজ্জ্বলঃ মালা মনিগ্রথিত হারঃ ॥ ৪৮ ॥

কুণ্ডলে মকরা কারে রতিরাগাদি বর্দ্ধনে।
কিরীটং রত্নবন্ধপাখ্যং চূড়াচামর ডামরং।
নানারত্ন বিচিত্রাখ্যং মুকুটং শ্রীহরের্বিদুঃ। ৪৯।
পত্রপুষ্পময়ী মালা বনমালা পদাবধি।
বৈজয়ন্তীত্ত কুসুমৈঃ পঞ্চবর্ণৈ র্বিনির্ম্মিতা ॥৫০॥
কাশ্চিৎ কৃষ্ণগণাশ্চান্যাঃ পরিবার তয়াযুতাঃ।
গাঙ্গীমুখ্যশ্চব্রহ্মণ্যশ্চেচট্যোভৃঙ্গারিকাদিকাঃ॥৫১॥

ভাষা।

কর্ণে মকরাকৃতি কুণ্ডল তাহাতে সকলের রতিরাগ বর্দ্ধন হয়। চূড়া শোভিত মুকুট মস্তকে শোভা পাইতেছে ॥ ৪৯ ॥

কৃষ্ণচন্দ্রের গললম্বিত পত্র পুষ্প রচিত মালা পদাবধি দোলিতেছে এবং পঞ্চবর্ণে চিত্রিত কুসুম পতকা উড্ডীন হইতেছে ॥ ৫০ ॥

সাঙ্গী, ব্রহ্মাণীও ভৃঙ্গারিকা প্রভৃতি কতিপয় স্ত্রী কৃষ্ণের পোষ্য বর্গ বলিয়া পরিগণিত ॥ ৫১ ॥

অস্যার্থঃ।

কুণ্ডল ইতি। মকরাকারে মকরবদতি ভঙ্গিমতী। কুণ্ডলে কর্ণভূষণে। রতি রাগাদি বর্দ্ধনে রত্যনুরাগোদ্দীপকে। কিরীটং মুকুটং ॥ ৪৯ ॥ পত্রেতি পদাবধি আপাদলম্বি বনপত্র পুষ্পময়ী মালালম্বতে ইত্যর্থঃ। পঞ্চবর্ণৈঃ কুসুমৈঃ বিনির্ম্মিতা রচিতা বৈজয়ন্তী পতাকা ইত্যর্থঃ ॥ ৫০ ॥ কাশ্চিদিতি। অন্যাঃ কাশ্চিৎ কৃষ্ণগণা অপর পরিবারযুতাঃ তেষামপি পরিবারো বিদ্যতে ॥ ৫১ ॥ পূর্ণেতি পূর্ণা বৎসতরী প্রভৃতয়ঃ অন্যাঃ

পূর্ণাবৎসতরী তুঙ্গী কক্‌খটীনাম কর্কটী।
কুরঙ্গী রঙ্গিনীখ্যাতা চকোরী চারুচন্দ্রিকা ॥৫২।
অহোরাত্রং চরিত্রাণি ললিতা বিশ্বনাথয়োঃ।
পঠন্তী চিত্রয়াবাচা যাচিত্রং কুরুতে সখী।
নিবহন্তি নিজেকুঞ্জে মৃদঙ্গ বেণুরাধিকা ॥ ৫৩।

ইতি রাধাতন্ত্রে বিংশতি পটলঃ।

ভাষা।

পূর্ণা, বৎসতরী, তুঙ্গী, কক্‌খটী, কর্কটী, কুরঙ্গী, রঙ্গিণী চকোরী ও চন্দ্রিকা প্রভৃতি সখীগণ অহোরাত্র সুললিত বাক্যে রাধাকৃষ্ণের চরিত গান করে এবং ললিতা সখী চিত্র পটে প্রতি-মূর্ত্তি চিত্রিত করিয়া উভয়ের প্রীতি বর্দ্ধন করে ও রাধিকাকে কুঞ্জে লইয়া যায় ॥ ৫২ ॥ ৫৩ ॥

ইতি বিংশতি পটলঃ।

অস্যার্থঃ।

সখ্য ইত্যর্থঃ ॥ ৫২ ॥ অহো রাত্রমিতি। ললিতাসখী তহোরাত্রং দিবানিশি বিশ্বনাথয়োঃ রাধাকৃষ্ণয়োঃ শ্চরিতানি পঠন্তী চিত্রং রাধাকৃষ্ণ মূর্ত্তি লেখনং কুরুতে ॥ ৫৩ ॥

ইতি শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্যকৃতে রাধাতন্ত্র ব্যাখ্যানে
বিংশতিপটলঃ।

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি পরং তত্ত্বং বাসুদেবস্য যোগিনি।
অত্যন্ত মধুরং শান্তং সর্ব্বজ্ঞানোত্তমোত্তমং ॥১॥
মোহস্তত্ত্বাজ্ঞতা রৌক্ষং বশতা কামতন্মনঃ।
লোলতা মদমাৎসর্য্যং হিংসাখেদ পরিশ্রমাঃ।
অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা আশঙ্কা চিত্তবিভ্রমঃ।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশ স্মৃতাঃ ॥২॥
অষ্টাদশ মহাদোষ রহিতাভগবত্তনুঃ।
সর্ব্বৈশ্বর্য্যময়ী সত্যা বিজ্ঞানানন্দ রূপিণী ॥ ৩ ॥

ভাষা।

মহাদেব বলিতেছেন, হে দেবি! পরমতত্ত্ব বাসুদেব রহস্য বলিতেছি শ্রবণ কর। ইহা অতি মনোহর ও সর্ব্ব জ্ঞানের কারণ ॥ ১ ॥

মোহ, তত্ত্বাজ্ঞতা, রৌক্ষ, বশতা, কাম, লোলতা, মদ, মাৎসর্য্য, হিংসা, খেদ, পরিশ্রম, অসত্য, ক্রোধ, আকাঙ্ক্ষা, আশঙ্কা, চিত্তবিভ্রম, বিষমতা ও পরাপোক্ষা এই অষ্টাদশ প্রকার দোষ কথিত আছে ॥ ২ ॥

ভগবান কৃষ্ণ শরীর এই অষ্টাদশ দোষ রহিত সর্ব্বৈশ্বর্য্যময়, নিত্য ও নিত্য জ্ঞানা নন্দ রূপী ॥ ৩ ॥

অস্যার্থঃ।

ঈশ্বরউবাচেতি। হেযোগিনি বাসুদেবস্যসর্ব্বজ্ঞানোত্তমংতত্ত্বং শৃণু ।।১।। মোহ ইতি। মোহাদয়ো অষ্টাদশ প্রকারা দোষা দোষত্বেন গ্রাহ্যা ।।২।। অষ্টাদশ ইতি। ভগবত্তনুঃ ভগবচ্ছরীরং উক্তাষ্টাদশদোষহীনা। সর্ব্বৈশ্বর্য্যময়ী অনিমাদ্যষ্ট শক্তি যুক্তা ।।৩।। নেতি তস্যভগবতো মাংস মেদঃ

নসত্যপ্রকৃতা মূর্ত্তি র্ম্মাংস মেদোস্থি সম্ভবা।
যোগাচ্চৈব মহেশানি সর্ব্বাত্মা নিত্য বিগ্রহঃ ॥৪॥
যোবেত্তি ভৌত্তিকং দেহং বাসুদেবস্য পার্ব্বতি।
তংদৃষ্ট্বা প্যথবা স্পৃষ্ট্বা ব্রহ্মহত্যামবাপ্নুয়াৎ ॥৫॥

ঈশ্বর উবাচ।

ত্রিবিস্তীর্ণং ত্রিগম্ভীরং ত্রিখর্ব্বং সুমনোহরং।
পঞ্চদীর্ঘং পঞ্চ সূক্ষ্মং ষট্‌তুঙ্গং সপ্ত রক্তিমা ॥৬॥
বিগ্রহে লক্ষণং জ্ঞেয়ং বাসুদেবস্য পার্ব্বতি।

ভাষা।

কৃষ্ণ শরীর মাংস শোণিত মেদ ও অস্থি নির্ম্মিত প্রাকৃত নহে। তিনি যোগ বলে নিত্য বিগ্রহ ধারণ করিয়াছেন ॥ ৪ ॥

যে ব্যক্তি ভগবান কৃষ্ণ দেহকে ভৌতিক বোধ করে তাহাকে দর্শন কিম্বা স্পর্শ করিলে ব্রহ্মহত্যা পাপ ভাগী হয় ॥ ৫ ॥

মহাদেব বলিতেছেন কৃষ্ণ শরীরে তিনটী স্থান বিস্তীর্ণ, তিনটী গম্ভীর, তিনটী খর্ব্ব, পঞ্চ দীর্ঘ, পঞ্চ সূক্ষ্ম, ছয়টী উচ্চ এবং সপ্তস্থান রক্তিম আছে ॥ ৬ ॥

কৃষ্ণ শরীরের এই লক্ষণ বলিলাম হে পার্ব্বতি! বিস্তীর্ণ গম্ভীরাদি যাহা বলিয়াছি তাহার বিশেষ বলিতেছি শ্রবণ কর।

অস্যার্থঃ।

সম্ভবা তনুর্নাস্তি স সর্ব্বাত্মা সর্ব্বময়ঃ যোগাৎ নিত্য বিগ্রহঃ নিত্যশরীরঃ ॥ ৪ ॥ যইতি। যোজনঃ বাসুদেবস্য ভৌতিকং পঞ্চভূতাত্মকং দেহং বেত্তি জানাতি। তং ঈশ্বরস্য পঞ্চভূতাত্মকদেহ স্বীকর্ত্তারং দৃষ্টা স্পৃষ্টা বা ব্রহ্মহত্যাং ব্রহ্ম বধজনিত পাপং অবাপ্নুয়াৎ ॥৫॥ ঈশ্বর-উবাচেতি। বাসুদেবশরীরে ত্রীণিস্থানানি বিস্তীর্ণানি প্রপঞ্চানি। ত্রিণি গম্ভীরাণি ত্রীণি খর্ব্বাণি পঞ্চদীর্ঘাণি পঞ্চ সূক্ষ্মাণি তুঙ্গং উচ্চং সপ্তরক্তমিত্যর্থঃ ॥ ৬ ॥ বিগ্রহে ইতি। বিগ্রহে শরীরে। কপোলৌ

নাভিকণ্ঠং কপোলৌচ তথাবক্ষঃ স্থলং হরেঃ।
ত্রিবিস্তীর্ণং ত্রিগম্ভীরং ত্রিখর্ব্ব ত্বং হরের্ব্বিদুঃ ॥৭॥
খর্ব্বতা ত্রিষু বিজ্ঞেয়া নখ কেশাধরেষুচ।
নাভৌ হস্তেচ নেত্রেচ গাম্ভীর্য্যং কবয়ো বিদুঃ ।৮
পাণিপাদৌচ হস্তেচ নেত্রয়োর্স্তয়োস্তথা।
দীর্ঘতাপঞ্চ বিজ্ঞেয়া বাসুদেবস্য পার্ব্বতি ॥ ৯ ॥
গ্রীবায়াং মধ্যদেশেতু জঙ্ঘায়াং দন্ত কুন্তলে।
সূক্ষ্মতা পঞ্চ বিজ্ঞেয়া বাসুদেবস্যকামিনি ॥ ১০ ।

ভাষা।

নাভি, কণ্ঠ কপোল ও বক্ষঃ স্থলাদি স্থান বিশেষের কোন কোন স্থানত্রয় বিস্তীর্ণ কোন স্থান বা গম্ভীর এই রূপ খর্ব্ব দীর্ঘ ইত্যাদি ॥ ৭ ॥

পণ্ডিত গণ কৃষ্ণের নখে, কেশে ও অধরে খর্ব্বতা, নাভি হস্ত ও নেত্রে গাম্ভীর্য্য বর্ণন করিয়া থাকেন ॥ ৮ ॥

হে পার্ব্বতি! হস্ত পাদ ও নেত্র প্রভৃতি পঞ্চ স্থান দীর্ঘ বাসুদেব শরীরের এই লক্ষণ জানিবে॥ ৯ ॥

গ্রীবা, কাটী দেশ, জঙ্ঘা ও কেশ বাসুদেবের এই পঞ্চস্থান সূক্ষ্ম ॥ ১০ ॥

অস্যার্থঃ।

গণ্ডৌ। বিদুর্জ্জানন্তি ॥ ৭ ॥ খর্ব্বতেতি। নখকেশাধরেষু ত্রিষুস্থানেষু খর্ব্বতা। নাভৌ হস্তে নেত্রেচ গাম্ভীর্য্যং গভীরত্বং। বিদুঃ জানন্তি। কবয়ঃ পণ্ডিতাঃ ॥ ৮ ॥ পাণীতি। পাণ্যাদিষু পঞ্চসু স্থানেষু দীর্ঘতা। বাসুদেবস্য পাণিপাদাদয়ো দীর্ঘা ইত্যর্থঃ ॥৯॥ গ্রীবায়ামিতি। গ্রীবায়াং গলদেশে মধ্যদেশে কট্যাং জঙ্ঘায়াং দন্তে কুন্তলে কেশেচ সূক্ষ্মতা বজ্ঞেয়া জানীয়াৎ ॥ ১০ ॥ পাদয়োরিতি পাদদ্বয়ে কর্ণদ্বয়ে নাভৌ

পাদয়োঃ কর্ণয়োর্নাভৌ বক্ত্রে নাসা পুটদ্বয়ে।
নেত্রয়োঃ কর্ণয়োশ্চৈব হরেঃ সপ্তসু রক্তিমা ॥১১॥
নাসাগ্রীবাস্কন্ধ বক্ষঃ শিরঃ কটিষু পার্ব্বতি।
তুঙ্গত্বং বাসুদেবস্য দ্বাত্রিংশৎকায় লক্ষণং।
শরীরং পরমেশানি এতল্লক্ষণ সংযুতং ॥ ১২॥
এতৎ সর্ব্বং বরারোহে স্বয়ং প্রকৃতিরীশ্বরী।
বাসুদেবো মহাবিষ্ণুঃ প্রদীপ কালিকা ইব।
ইদং শরীর মাশ্রিত্য নানালক্ষণ সংযুতং ॥১৩॥
বিষ্ণুস্তু সগুণোভূত্বা নির্গুণোপি শুচিস্মিতে।

ভাষা।

পাদ, কর্ণ নাভি বক্র, নাসিকা নেত্র কর্ণ বাসুদেবের এই সপ্ত স্থানে রক্তিমা প্রকাশিত হয় ॥ ১১ ॥

নাসা, গ্রীবা, স্কন্ধ, বক্ষ, মস্তক, ও নিতম্ব হে পার্ব্বতি! বাসুদেবের এই কয়েকটী স্থান উচ্চ। হে পরমেশানি! দ্বাত্রিং-সৎ চিহ্ন লক্ষিত বাসুদেব শরীর জগৎ কারণ ॥ ১২ ॥

হে সুন্দরি! এই সকলই স্বয়ং প্রকৃতি। মহাবিষ্ণু বাসুদেব প্রদীপ কলিকাকর শরীর আশ্রয় করিয়াছেন ॥ ১৩ ॥

অস্যার্থঃ।

বক্ত্রে নাসিকাদ্বয়ে নেত্রদ্বয়ে কর্ণদ্বয়েচ এতেষু সপ্তসু স্থানেষু রক্ত-বর্ণত্বং । ১১ ॥ নাসেতি। হেপার্ব্বতি বাসুদেবস্য নাসাদিষট্‌সু স্থানেষু তুঙ্গত্বং উচ্চতা। কৃষ্ণশরীর মেতদ্দ্বাত্রিংশল্লক্ষণ সংযুতং বিজ্ঞেয়ং ॥ ১২ ॥ এতদিতি। এতৎ সর্ব্বং বাসুদেবস্য শরীরাদিকং স্বয়ং প্রকৃতিঃ মহাবিষ্ণু র্ব্বাসুদেবঃ স্বয়ং নিঃশরীরঃ প্রদীপ কপিকা-ইব ॥ ১৩ ॥ বিষ্ণুরিতি। নির্গুণো বিষ্ণুঃ সগুণো ভূত্বৈব কর্ম্মকর্ত্তা

কর্ম্মকর্ত্তা সদা বিষ্ণু রন্যথা নিশ্চলঃ সদা।
শরীরংকালিকাসাক্ষাৎ বাসুদেবস্য নান্যথা।১৪
বৃন্দাবন রহস্যং যৎমহামায়া স্বয়ং প্রিয়ে।
শক্তিং বিনা মহেশানি পরংব্রহ্ম শবাকৃতি।১৫।
কৃষ্ণস্য নখচন্দ্রভা কোটিব্রহ্ম সমপ্রভা।
কিমসাধ্যং মহেশানি বাসুদেবস্য কামিনি।১৬।
একৈক নখচন্দ্রেষু কোটিব্রহ্ম সমপ্রভং।
সর্ব্বংহি কৃষ্ণদেবস্য ত্রিপুরাপদ পূজনাৎ ॥ ১৭ ॥

ভাষা।

নির্গুণ বাসুদেব প্রকৃতির আশ্রয়ে সগুণ হইয়া কর্ম্ম কর্ত্তা হইয়াছেন্। প্রকৃতি সহায় ব্যক্তিরেকে বিষ্ণু নিশ্চল। বিষ্ণু শরীর সাক্ষাৎ কালিকা দেবী ॥ ১৪ ॥

বৃন্দাবন রহস্য যাহা দেখিতেছ সকলই প্রকৃতির কার্য। প্রকৃতি ব্যতিরেকে পরং ব্রহ্মও শবাকৃতি ॥ ১৫ ॥

কৃষ্ণের নখ চন্দ্রাভা কোটি ব্রহ্ম সম। হে কামিনি! এই ত্রিভুবনে বাসুদেবের কিছুই অসাধ্য নাই ॥ ১৬ ॥

কৃষ্ণের এক এক নখে কোটি ব্রহ্ম সম উজ্জ্বল জ্যোতি। হে দেবি! কৃষ্ণের এই সকল মাহাত্ম্যই ত্রিপুরা পূজনের ফল ॥ ১৭ ॥

অস্যার্থঃ।

অন্যথা নির্গুণশ্চেৎ নিরিন্দ্রিয়ঃ ॥ ১৪ ॥ বৃন্দাবনেতি। যৎবৃন্দাবন রহস্যাদিকং তৎস্বয়ং মহামায়া। শক্তিং বিনাপরংব্রহ্ম শবরন্নিশ্চেষ্টং।১৫। কৃষ্ণস্যেতি। কৃষ্ণ নখচন্দ্রদীপ্তয়ঃ কোটিব্রহ্মসমাঃ। হে কামিনি! বাসুদেবস্য কিমপি না সাধ্যং বিদ্যতে ॥ ১৬ ॥ একৈকেতি। কৃষ্ণাস্যতন্মাহাত্ম্যাদিকং ত্রিপুরাপদপূজন ফল মিত্যর্থঃ ॥ ১৭ ॥ দেব্যুবাচেতি।

দেব্যুবাচ।

দেবদেব মহাদেব সংসারার্ণব তারক।
কৃপয়া কথ্যতাং দেব পদ্মিনী তত্ত্ব মুত্তমং।
কথ্যতাং পদ্মিনী তত্ত্বং কৃপয়াপরমেশ্বর ॥১৮॥

ঈশ্বর উবাচ।

পদ্মিনী রাধিকাদূতী ত্রিপুরায়াঃ শুচিস্মিতে।
প্রত্যহং কুরুতে দেবি কুলাচারং সুদুর্লভং ॥১৯॥
নানাতন্ত্রেষু যচ্চোক্তং কুলাচরণ মুত্তমং।
তৎসর্ব্বং পরমেশানি পদ্মিনী পরমাদ্ভুতং ॥২০॥

ভাষা।

পার্ব্বতী জিজ্ঞাসা করিতেছেন, হে সংসারার্ণবতারক মহাদেব কৃপাকরিয়া পদ্মনী তত্ত্ব আমার নিকট বল ॥ ১৮ ॥

মহাদেব বলিতেছেন; ত্রিপুরাদূতী পদ্মিনী রাধিকা রূপে প্রত্যহ অতি গোপনীয় পরম দুর্লভ কুলাচার সাধন করেন ॥ ১৯ ॥

যে সকল কুলাচার নানা তন্ত্রে গোপিত হে পরমেশানি! পদ্মিণী সেই সকল কুলাচার সাধন করেন ॥ ২০ ॥

অস্যার্থঃ।

হে মহাদেব কৃপয়া মদনুগ্রহেণ পদ্মিনী তত্ত্বং কথ্যতামিত্যর্থঃ ॥১৮॥ ঈশ্বর উবাচেতি। হে পার্ব্বতি ত্রিপুরায়া দূতী পদ্মিনী রাধিকারূপেণাবতীর্ণা সতী প্রতিদিনং কুলাচার সাধনং কুরুতে ॥ ১৯ ॥ নানেতি। নানা তন্ত্রেষু যৎকুলাচার মুক্তং তৎসর্ব্বমেব পদ্মিনী কুরুতে ইতিভাবঃ ॥ ২০ ॥

বিসৃজ্য বহুধা মূর্ত্তিং নায়িকাং পদ্মমালয়া।
কোটিশস্তু মহেশানি সৃষ্ট্বাবৈ পদ্মিনীপ্রিয়ে॥২১॥
পদ্মিনী পরমাশ্চার্য্যা রাধিকা কৃষ্ণমোহিনী।
হেমন্তে প্রথমেমাসি হেমান্তং নগনন্দিনি।
যথেচ্ছয়া মহেশানি কুলাচারং করোতিহি॥২২॥
কায়ব্যূহং সমাশ্রিত্য পুণ্ডরীক নিভেক্ষণঃ।
রেমেগোগোপগোপীষুপদ্মিনীসৃষ্টিষুক্রমাৎ॥২৩
কৃষ্ণোপি বহুধামেনে আত্মানং কুলসাধনে।

ভাষা।

হে প্রিয়ে! পদ্মিণী পদ্ম মালাতে স্বীয় মূর্ত্তি বিসর্জ্জন করিয়া রাধারূপ সৃষ্টিকরিলেন॥ ২১॥

পরমাশ্চর্য্যা পদ্মিনী কৃষ্ণমোহন রাধা শক্তি ধারণ করিয়া হেমন্তের প্রথম মাসে যথেচ্ছ রূপে কুলাচার সাধন করিতে লাগিলেন॥ ২২॥

পুণ্ডরীকাক্ষ কৃষ্ণ বহুরূপ ধারণ করিয়া গোপ ও গোপী গণের সহিত বিবিধ ক্রীড়া করিয়াছিলেন॥ ২৩॥

অস্যার্থঃ।

বিসৃজ্যেতি। হে প্রিয়ে পার্ব্বতি। পদ্মমালায়ং বহুধা মূর্ত্তিং পরিত্যজ্য কোটিশো মূর্ত্তিঃ সৃষ্ট্বা উৎপাদিতা॥ ২১॥ পদ্মিনীতি। কৃষ্ণমোহিনী পদ্মিনী হেমন্তে প্রথমে মাসি যথেচ্ছয়া কুলাচার সাধনং করোতীতি-ভাবঃ॥ ২২॥ কায়েতি। কায় ব্যূহং বহুশরীরং পুণ্ডরীক নিভেক্ষণঃ সিতপদ্মনেত্রঃ। রেমেক্রীড়তি॥ ২৩॥ কৃষ্ণইতি। বাসুদেবোপি কুলাচার সাধনার্থং আত্মানং স্বস্বরূপং বহুধামেনে। পূর্ব্বোক্ত তন্ত্রানু-

বহুকামং সমাশ্রিত্য কৃষ্ণঃ কমললোচনঃ।
পূর্ব্বোক্ত তন্ত্রবৎসর্ব্বং কুলাচারং করোতিসঃ ।২৪।
নায়িকাপর মাশ্চার্য্যা পীঠাষ্টক সমন্বিতা।
নায়িকাপূজনাদ্দেবিকালিকাপূজিতাভবেৎ ।২৫
সপ্তপীঠে সপ্তলক্ষং জপ্ত্বাসিদ্ধীশ্বরোহরিঃ।
পদ্মিনীং বামভাগেতু সংস্থাপ্য বরবর্ণিনি ।।২৬।।
কামাখ্যাভি মুখোভূত্বা ব্যাপকং ন্যাসমদ্ভুতং।
পীঠদেবীং প্রপূজ্যাথ পদ্মিন্যাদেহ যষ্টিষু ।।২৭।

ভাষা।

কৃষ্ণ কুলাচার সাধনে আত্মাকে নানা রূপ বোধ করিলেন। এবং কমলোচন কৃষ্ণ বহু কাম আশ্রয় করিয়া পূর্ব্বোক্ত তন্ত্রানুসারে কুলাচার সাধন করিতেন ।। ২৪ ।।

পরমাশ্চর্য্য অষ্টকোন পীঠ সমন্বিতা অষ্টনায়িকা পূজা করিলেন। অষ্টনায়িকা পূজনে কালিকা পূজিত হন ।। ২৫ ।।

কৃষ্ণদেব সপ্তপীঠে পদ্মিনীকে বান ভাগে রাখিয়া সপ্তলক্ষ জপ করিয়া সিদ্ধ হইলেন ।। ২৬ ।।

কৃষ্ণ পদ্মিনীর দেহ যষ্টিতে কামাখ্যাভিমুখী হইয়া ব্যাপকন্যাস করিয়া পীঠদেবীর পূজা করিলেন ।। ২৭ ।।

অস্যার্থঃ।

সারেণ কুলাচার সাধনং করোতি ।। ২৪ ।। নায়িকেতি। অষ্টপীঠস্থিতানা মষ্টনায়িকানাং পূজনাদেব কালিকাপূজনং ভবেদিতি ভাবঃ ।২৫।। সপ্তেতি। হে বরবর্ণিনি পদ্মিনীং বামভাগে সংস্থাপ্য সপ্তপীঠে সপ্তলক্ষং জপ্ত্বাসিদ্ধীশ্বরো ভবেদিতি ।। ২৬ ।। কামাখ্যেতি। কামাখ্যা যোনিপীঠং তদভি মুখোভূত্বা পদ্মিন্যাঃ শরীরে ব্যাপক ন্যাস মাচরেৎ ইতি ভাবঃ ।। ২৭ ।। যেষ্বিতি। যেষু যেষু তন্ত্রেষু যৎকুলাচার সাধন

যেষু যেষুচ তন্ত্রেষু যদ্যদুক্তং শুচিস্মিতে।
সংপূজ্য বিধিবদ্গন্ধৈ রূপচারৈ র্মনোহরৈঃ।
ইষ্টদেবীং মহাকালীং সংপূজ্য বিধিবত্তদা॥২৮
সংপূজ্য বিধিবদ্দেবীং পদ্মিন্যা অঙ্গযষ্টিষু।
লক্ষৈকং তত্রজপ্ত্বাত্ত ওড়ডিয়ানং ততেবিশেৎ ২৯
তৎপীঠং যোনিমুদ্রাখ্যং সংপূজ্যপ্রজপেদ্ধরিঃ।
নিজেষ্টদেবীংসংপূজ্যজপেল্লক্ষংসমাহিতঃ॥৩০।
ওড়ডিয়ানঞ্চোরুযুগং কামাখ্যা যোনিমণ্ডলং।
কামরূপং ততোগত্বাতত্রকাত্যায়নীং শিবাং।৩১।

ভাষা।

যেষে তন্ত্রেতে যেযে রূপ কুলাচার সাধন ক্রম বর্ণিত আছে হৃষীকেশ সেই সেই বিধানানুসারে গন্ধপুষ্প ধুপ দিপাদি বিবিধ উপচারে ইষ্টদেবী মহাকালীর অর্চ্চনা করিলেন॥ ২৮ ॥

কৃষ্ণদেব বিধানক্রমে পদ্মিনী শরীরে মহাদেবীর অর্চ্চনা করিয়া লক্ষসঙ্খ্যক জপ করিলেন তদনন্তর কামরূপে প্রস্থান করিলেন॥ ২৯॥

কামরূপে যে যোনিপীঠ আছে তাহাতে নিজেষ্টদেবীর অর্চ্চনা করিয়া সমাহিত চিত্তে লক্ষজপ করিলেন॥ ৩০॥

তদনন্তর সিদ্ধক্ষেত্র যোনি মণ্ডলাধিষ্ঠিত কামাখ্যাতীর্থে কাত্যায়নীর অর্চ্চনা করিলেন॥ ৩১ ॥

অস্যার্থঃ।

যুক্তং তেমতেনৈবপ্রকারেণ গন্ধপুষ্পাদিভি রুপচারৈর্ম্মহাকালী মিষ্ট-বিদ্যাং জপিতি॥ ২৮॥ সংপূজ্যেতি। পদ্মিন্যা অঙ্গ যষ্টিষু পদ্মিন্যা অষ্ট নায়িকাসু। যোগপীঠং যোগাসনং। অত্র ওড়্ডিয়ানমিতি পাঠান্তরং॥ ২৯॥ তদিতি। তৎপীঠং যোগপীঠং। যোনিমুদ্রাখ্যং যোনিচক্রাকারং। সমাহিতঃ সুসংযতঃ। ৩০॥ ওড়্ডিয়ানমিতি।

কামরূপং মহেশানি ব্রহ্মণো মুখমুচ্যতে।
তত্রলক্ষং মহেশানি প্রজপ্য বিধিবদ্ধরিঃ ॥৩২॥
ততোজালন্ধরং গত্বা কৃষ্ণঃসংপূজ্য ঈশ্বরীং।
জালন্ধরং মহেশানি স্তনদ্বয় মুদাহৃতং।
তত্রৈব লক্ষং জপ্ত্বা বৈকুণ্ঠঃ পদ্মদলেক্ষণঃ। ৩৩।
ততঃ পূর্ণগিরৌ গত্বা চণ্ডীং সংপূজ্য সত্বরং।
তত্রলক্ষং হরির্জপ্ত্বা মস্তকে বরবর্ণিনি ॥ ৩৪ ॥

ভাষা।

হে পরমেশ্বরি! যোনিমণ্ডল কামাখ্যা অতি মহাতীর্থ সেই স্থলে বিধানক্রমে দেবীর পূজা সমাপন করিলেন ॥ ৩২ ॥

তদনন্তর জালন্ধরে গমন পূর্ব্বক ইষ্টদেবীর আরাধনা করিলেন। জালান্ধরে ভগবতীর স্তনদ্বয় পতিত হইয়াছিল সেই স্থানে কৃষ্ণ লক্ষজপ করিলেন ॥ ৩৩ ॥

তদনন্তর পূর্ণ গিরিতে গমন পূর্ব্বক চণ্ডীর অর্চ্চনা করিলেন। এবং ঐ পর্ব্বতের শিখরদেশে যাইয়া পদ্মিনী মস্তকে জপ করিলেন ॥ ৩৪ ॥

অস্যার্থঃ।

ওড্ডিয়ানং সিদ্ধক্ষেত্র বিশেষঃ। কাত্যায়নীং শিবাং জপেদিতি শেষঃ ॥ ৩১ ॥ কামরূপমিতি। কামরূপং যোনিপীঠং। তত্র কামরূপে লক্ষং জপেদিতি ভাবঃ। ৩২ ॥ তত ইতি। জালন্ধরং পীঠ বিশেষঃ। তত্র ভগবত্যাস্তনদ্বয়ং পতিত মাসীৎ। তত্রাপি লক্ষং মন্ত্রং জপেদিতি ভাবঃ ॥ ৩৩ ॥ তত ইতি। পূর্ণ গিরৌ পূর্ণাখ্যে পর্ব্বতে চণ্ডীং সংপূজ্য মস্তকে চণ্ডী মস্তকোপরি লক্ষং জপেদিতি ভাবঃ। বরর্ণিনীতি পার্ব্বত্যা সম্বোধনং ॥ ৩৪ ॥ মূলেতি। পদ্মিন্যাদেহ যষ্টিষু পদ্মিনীশরীরেষু

মূলদেবীং প্রপূজ্যাথ পদ্মিন্যাদেহ যষ্টিষু।
প্রজপ্য পরমেশানি লক্ষং পরম দুর্লভং ॥৩৫॥
কামচক্রান্তরে পীঠে বিন্দুচক্রে মনোহরে।
যজেদ্দেবীংমহামায়াংসদাদিক্‌করিবাসিনীং ৩৬
পীঠেপীঠে মহেশানি জপ্ত্বা কৃষ্ণঃ সমাহিতঃ।
সপ্তপীঠে সপ্তলক্ষং জপ্ত্বাসিদ্ধীশ্বরোহরিঃ ॥৩৭
এবমেব প্রকারেণ সিদ্ধোভূদ্ধরি্রব্যয়ঃ।
হেমন্তে ঋতুকালেচ কুলসাধন মাচরেৎ ॥ ৩৮॥

ভাষা।

অনন্তর পদ্মিনীরদেহ যষ্টিতে মূলদেবীর পূজা করিয়া হরি একাগ্রচিত্তে লক্ষ জপ করিলেন ॥ ৩৫ ॥

কামচক্র ও বিন্দুচক্র প্রভৃতি যন্ত্র করিয়া মহামায়া কাত্যায়নীর আরাধনায় প্রবৃত্ত হইলেন ॥ ৩৬ ॥

এইরূপে নানাপীঠে ও নানা সিদ্ধক্ষেত্রে জপ পূজা সমাধা করিয়া সপ্তপীঠে সপ্তলক্ষ জপ করিয়া হরি সিদ্ধ হইলেন ॥৩৭॥

হরি এই প্রকারে সিদ্ধ হইয়া হেমন্তের প্রথম মাসে কুলাচার সাধনে তৎপর হইলেন ॥ ৩৮ ॥

অস্যার্থঃ।

মূলদেবীং ইষ্টবিদ্যাং সংপূজ্য লক্ষং জপেদিতি ॥ ৩৫ ॥ কামেতি। কামচক্র মধ্যে বিন্দুচক্র মধ্যেচ দিক্‌করি বাসিনীং দিগ্‌দন্তাধিষ্ঠাত্রীং মহামায়াং জপেৎ পূজয়েদিতি ॥ ৩৬ ॥ পীঠে ইতি। সকল পীঠ এব হরিঃ সমাহিতঃ সুসংযতঃ সন্ দেবী মারাধয়েৎ। অপিচ সপ্তপীঠে সপ্তলক্ষং জপেদিত্যর্থঃ ॥ ৩৭ ॥ এবমিতি। এব মুক্তপ্রকারেণ মহাদেবীমারাধ্য সিদ্ধো ভূৎ। অব্যয়ঃ সনাতনঃ। হেমন্তে ঋতাবেব কুলসাধন মাচরেদিতি যাবৎ ॥ ৩৮ ॥ বৃন্দাবনে ইতি। কূলীরে কুঞ্জে

বৃন্দাবনে মহারণ্যে কুটীরে পল্লবাবৃতে।
যমুনোপবনে শোকে নবপল্লব শোভিতে ॥ ৩৯॥
হংস কারণ্ডবাকীর্ণে দাত্যূহগণ কুজিতে।
ময়ূর কোকিলবৃতে নানাপক্ষি সমাবৃত।
শরচ্চন্দ্র সহস্রেণ শোভিতে ব্রজমণ্ডলে ॥ ৪০ ॥
ব্রজভূমিং মহেশানি শ্যামভূমিং সদাপ্রিয়ে।
যত্রকালী মহামায়া মহাকালী সদাস্থিতা।
তত্রবৃক্ষং মহেশানি স্বয়ং কালীতমালকং ॥৪১॥

ভাষা।

মহারণ্য বৃন্দাবনে, নবপল্লবাবৃত কুটীরে অশোকবন শোভিত যমুনার উপবনে কুলাচার সাধন করিতে লাগিলেন ॥ ৩৯ ॥

কৃষ্ণের কুলাচার সাধন স্থানে হংস কারণ্ডব প্রভৃতি বিহঙ্গমগণে সমাকীর্ণ; জলকাক ও চাকত প্রভৃতি পক্ষীগণের মধুর কূজনে পরিপূর্ণ ময়ূর কোকিলাদিবিহগ সমূহে বিভূষিত এবং পূর্ণশরচ্চন্দ্রের চন্দ্রিকায় সমাবৃত ॥ ৪০ ॥

ব্রজভূমি শ্যামসুন্দরের অতিপ্রিয় যেখানে মহামায়া কাত্যায়নী সর্ব্বদা বিদ্যমান আছেন এবং স্বয়ং মহাকালীতমাল রূপে বিরাজ করিতেছেন ॥ ৪১ ॥

অস্যার্থঃ।

পল্লবাবৃতে পল্লবশোভিতে যমুনায়া উপবনে অশোকবন শোভিতে। ৩৯। হংসেতি। হংসকারণ্ডবৈঃ পক্ষিভি রাকীর্ণে দাত্যূহগণ কূজিতে চাতকাদিভিঃ পক্ষিভির্নাদিতে। সহস্রপূর্ণ শরচ্চন্দ্র শোভিতে ব্রজমণ্ডলে। মহাদেবী মায়া ধয়েদিতি শেষঃ ॥ ৪০ ॥ ব্রজেতি। ব্রজভূমিং বৃন্দাবন স্থানং শ্যামভূমিং কৃষ্ণ প্রিয়স্থানং। যত্র মহামায়া কাত্যায়নী স্থিতা যত্র তমাল বৃক্ষঃ স্বয়ং কালী ॥ ৪১ ॥ কদম্বমিতি। ব্রজমণ্ডলে যৎকদম্ব

কদম্বং পরমেশানি ত্রিপুরা ব্রজমণ্ডলে।
কল্পবৃক্ষসমং ভদ্রেতমালংহি কদম্বকং ॥ ৪২ ॥
তবকেশ সমূহেন নির্ম্মিতং ব্রজমণ্ডলং।
ব্রজেব্রজন্মহেশানি পুণ্ডরীক নিভক্ষণঃ।
কৃতে সুদুষ্করেদেবী কালী প্রত্যক্ষতাং গতা ॥৪৩॥
কৃষ্ণস্য মন্ত্রসিদ্ধিত্বাৎ পশ্চাদাবিরভূৎপ্রিয়ে।
বরং বরয়রেপুত্র যত্তেমনসি বর্ত্ততে ॥ ৪৪ ॥

ভাষা।

হে পরমেশানি! ব্রজমণ্ডলে যে কদম্ববৃক্ষ তাহা স্বয়ং ত্রিপুরা। বৃন্দাবনের তমাল কদম্বাদি তরুগণ কল্পবৃক্ষ তুল্য ॥৪২॥

হে দেবি! তোমার কেশনির্ম্মিত ব্রজমণ্ডলে গমন করিয়া পুণ্ডরীকাক্ষ নানা প্রকার দুষ্কর তপশ্চরণ করিলে কালী সাক্ষাৎকার-প্রদান করিলেন ॥ ৪৩ ॥

কৃষ্ণের মন্ত্র সিদ্ধি প্রভাবে কালী প্রত্যক্ষ হইয়া বলিতেছেন, রে পুত্র কৃষ্ণ তোমার মনে যে বরের ইচ্ছা হয় তাহা গ্রহণ কর ॥ ৪৪ ॥

অস্যার্থঃ।

তৎস্বয়ং ত্রিপুরা। তমাল, কদম্বঞ্চ কল্প বৃক্ষসমং ॥ ৪২ ॥ তবেতি। ব্রজমণ্ডলং তবকেশ সমূহেন নির্ম্মিতং। হে মহেশানি পুণ্ডরীক নিভেক্ষণঃ কৃষ্ণঃ ব্রজে বৃন্দাবনে ব্রজন গচ্ছন্ কাত্যায়নী মারাধয়েদিতি শেষঃ। দুষ্করে দুঃসাধ্যে তপসি কৃতে আচরিতে সতি কালী প্রত্যক্ষী বভুব ॥ ৪৩ ॥ কৃষ্ণস্যেতি। কৃষ্ণস্য মন্ত্র সিদ্ধ্যনন্তরং আবি রভুন্মহামায়েতি শেষঃ। অতো মহামায়া কৃষ্ণ মুবাচ রেপুত্রতেতব মনসি যদ্বর্ত্ততে তদ্বরং বরয় গৃহাণ ॥ ৪৪ ॥ কৃষ্ণ উবাচেতি। হে মহেশানি যদিত্বং

কৃষ্ণ উবাচ।

মমসাক্ষা মহেশানি যদিত্বং পরমেশ্বরী।
নমাম্যহং জগন্মাত শ্চরণেতে নতোস্ম্যহং ॥৪৫॥
অসাধ্যং নাস্তি দেবেশি মমকিঞ্চিৎ শুচিস্মিতে।
সংমুখেসা মহামায়া প্রত্যক্ষা পরমেশ্বরী ॥ ৪৬॥
কলৌতু ভারতেবর্ষে তবকীর্ত্তি র্ভবিষ্যতি।
ত্বদগুণোৎ কীর্ত্তনং বৎসপ্রচরিষ্যতি নান্যথা।
ইত্যুক্ত্বাসা মহামায়া তত্রৈবান্তরধীয়ত ॥ ৪৭ ॥

ইতি রাধাতন্ত্রে একবিংশতি পটলঃ।

ভাষা।

কৃষ্ণ বলিতেছেন হে দেবি! তুমি আমাকে দর্শন দিয়াছ অতএব তোমার চরণে নমস্কার করি ॥ ৪৫ ॥

তুমি যে আমার সম্মুখে উপস্থিত হইয়াছ তাহাতে এ ভুবনে আমার অসাধ্য কিছুই নাই ॥ ৪৬ ॥

কলিযুগে ভারতবর্ষে তোমার কীর্ত্তি প্রচারিত হইবে এবং লোকে তোমার গুণ কীর্ত্তন করিবে মহামায়া এই বলিয়া অন্তর্হিতা হইলেন ॥ ৪৭ ॥

অস্যার্থঃ।

মম সাক্ষাৎ প্রত্যক্ষীভূতা তে তব চরণে নমস্যামি নমস্করোমি ॥ ৪৫ ॥ অসাধ্যমিতি। ত্বয়ি মম সাক্ষাদ্ভূতায়াং সত্যাং মম কিমপি অসাধ্যং অপ্রাপ্যং নাস্তি। ত্বয়ি মৎ সংমুখে স্থিতায়া মহং সর্ব্বমেব কর্ত্তুং সমর্থোস্মি ॥ ৪৬ ॥ কলাবিতি। কলিযুগে ভারতবর্ষে তবকীর্ত্তির্ভবিষ্যতি উৎপৎস্যতে। হে বৎস বাসুদেব তবগুণ কীর্ত্তনং প্রচরিষ্যতি প্রপঞ্চং ভবিষ্যতি। মহামায়া ইতি উক্ত্বা বাসুদেবমিতি শেষঃ তত্রৈব অন্তর্ধীয়ত অন্তর্হিতাভূৎ ॥ ৪৭ ॥

ইতি একবিংশতি পটলঃ ॥

ততঃকালী মহামায়া পদ্মিন্যৈ যদুবাচহ।
তচ্ছৃণুষ্ব বরারোহে রাধিকা তত্ত্বমুত্তমং॥ ১॥
শৃণু পদ্মিনি মদ্বাক্যং সাম্প্রতং যদ্রসায়নং।
ত্বংহি দূতীপ্রিয়ে শ্রেষ্ঠে কৃষ্ণকার্য্যকরীসদা॥২॥
সদাত্বং দূতিকে রাধে ব্রজবাসী ভবধ্রুবং।
কৃষ্ণগোবিন্দেতিনাম্নো র্মধ্যে শক্তিস্ত্বমেবহি॥৩॥
তন্মন্ত্রং পরমেশানি সাবধানা বধারয়।

ভাষা।

মহাদেব বলিতেছেন তদনন্তর মহামায়া কালী পদ্মিনীকে যাহা বলিয়াছেন, হে পার্ব্বতি! তাহা শ্রবণ কর॥ ১॥

কালী পদ্মিনীকে বলিতেছেন, হে পদ্মিনি! অতি রসময় আমার বাক্য শ্রবণ কর। হে প্রিয়ে! তুমি কৃষ্ণকার্য্য সাধিকা দূতী॥ ২॥

হে পদ্মিনি! তুমি দূতী হইয়া ব্রজবাসিনী হও। কৃষ্ণ ও গোবিন্দ এই নাম দ্বয়ের মধ্যে তুমি শক্তিরূপ॥ ৩॥

হে পদ্মিনি! সেই সশক্তিক কৃষ্ণ গোবিন্দ মন্ত্র তোমাকে

অস্যার্থঃ।

তত ইতি। তদনন্তরং মহামায়া পদ্মিন্যৈ যদুবাচ তৎশৃণু। রাধিকা-তত্ত্বং রাধিকারহস্যং॥ ১॥ পদ্মিনীং প্রতি কাল্যুক্তিঃ। হে পদ্মিনি মদ্বাক্যং শৃণু। রসায়নং রসযুক্তং। কৃষ্ণকার্য্যকরী কৃষ্ণস্য কুলাচার সাধন সম্পাদায়িত্রী॥ ২॥ সদেতি। ত্বং কৃষ্ণ গোবিন্দেতি নামদ্বয়স্য শক্তি ভূত্বা ব্রজে গচ্ছেতি। ত্বং কৃষ্ণ গোবিন্দ নাম্নোঃ শক্তি রিত্যর্থঃ। ৩। তদিতি। তন্মন্ত্রং কৃষ্ণ গোবিন্দনামাত্মকং মন্ত্রমিত্যর্থঃ। নবার্ণ মন্ত্রঃ

(ওঁ কৃষ্ণরাধে গোবিন্দ ওঁ)

নবার্ণ মন্ত্রোদেবেশি কথিতঃ কমলেক্ষণে ॥ ৪ ॥
কৃষ্ণং বা পরমেশানি গোবিন্দং বা বরাননে।
সর্ব্বং প্রকৃতিময়ং দেবি নান্যথাতু কদাচন ॥ ৫ ॥
বাসুদেবস্তু দেবেশি গোপী সর্ব্বস্ব সম্পুটং।
চিন্তয়ে দনিশং কৃষ্ণোরাধা রাধাপরাক্ষরং ॥৬॥
অনেনৈব বিধানেন কৃষ্ণঃ সত্ত্বগুণাশ্রয়ঃ।
পদ্মিন্যাসহ যোগেন কৃষ্ণোব্রহ্ম ময়োভবেৎ ।৭।

ভাষা।

বলিতেছি সাবধানে শ্রবণ কর। ওঁ কৃষ্ণ রাধে গোবিন্দ ওঁ এই নবাক্ষর মন্ত্র তোমার নিকট বলিলাম ॥ ৪ ॥

হে সুন্দরি! কৃষ্ণ ও গোবিন্দনাম যাহা বলিলাম তাহা সকলই প্রকৃতিময়। প্রকৃতি ভিন্ন আর কিছু দেখা যায় না ॥৫॥

হে দেবেশি! গোপীগণের অতি গোপনীয় পরম ধন বাসুদেব সর্ব্বদা রাধা রাধা এই পরাক্ষর চিন্তা করেন ॥ ৬ ॥

সত্ত্বগুণাশ্রয় কৃষ্ণ এই বিধানানুসারে পদ্মিনীর সহযোগে ব্রহ্মময় হইলেন ॥ ৭ ॥

অস্যার্থঃ।

নবাক্ষরোমনুঃ কথিত উক্তঃ ॥ ৪ ॥ কৃষ্ণমিতি। কৃষ্ণং কৃষ্ণনাম গোবিন্দং গোবিন্দেতিনাম সর্ব্বমেব প্রকৃতিময়ং। এতস্যান্যথা কদাপিনেতি ভাবঃ ॥ ৫ ॥ বাসুদেব ইতি। গোপী সর্ব্বস্বসম্পুটং গোপীনামাবরণ মধ্যস্থিতং ধনং। রাধা রাধেতি পরাক্ষরং পরম মনুং চিন্তয়েৎ প্রজপেৎ ॥ ৬ ॥ অনেনৈবেতি। এবম্প্রকারেন কৃষ্ণঃ পদ্মিনী সাহায্য মাশ্রিত্য ব্রহ্মময়ো ভবেৎ ॥ ৭ ॥ পদ্মিনীতি। সাক্ষাদ্ব্রহ্ম স্বরূপিণী

পদ্মিনী রাধিকাযত্তে সাক্ষাদ্ব্রহ্ম স্বরূপিণী।
মহাবিদ্যামুপাস্যৈব রাধাকৃষ্ণঃ স্মরেৎ সদা।
তদৈব সহসাদেবি সাবিদ্যা সিদ্ধিদাধ্রুবং ॥ ৮॥
মহাবিদ্যাং বিনাদেবি যঃস্মরেৎ কৃষ্ণরাধিকাং॥
তস্যতস্যচ দেবেশি ব্রহ্মহত্যা পদে পদে ॥ ৯ ॥
মহাবিদ্যাং মহেশানি পূজয়েত্তু প্রযত্নতঃ।
গোপনীয়াং মহাবিদ্যাং কুর্য্যাদেব বরাননে ॥১০

ভাষা।

সাক্ষাদ্ব্রহ্ম স্বরূপিণী পদ্মিনী রাধা মহাবিদ্যার আরাধনা করাতে মহাবিদ্যা সিদ্ধিদায়িনী হইলেন ॥ ৮ ॥

হে দেবি! মহাবিদ্যা ব্যতিরেকে যে যে ব্যক্তি রাধাকৃষ্ণ স্মরণ করে সেই সেই ব্যক্তি পদে পদে ব্রহ্মহত্যার পাপভাগী হয় ॥ ৯ ॥

হে মহেশানি! অতি যত্নপূর্ব্বক মহাবিদ্যার আরাধনা করিবে কোন ক্রমেই প্রকাশ করিবে না ॥ ১০ ॥

অস্যার্থঃ।

পদ্মিনী রাধিকা ভূত্বা কৃষ্ণং স্মরেৎ তদৈব কৃষ্ণ স্মরণ কালএব সা পদ্মিনী সিদ্ধিদাবাঞ্ছিতপ্রদা ভবেৎ ॥ ৮ ॥ মহাবিদ্যেতি। যো মহাবিদ্যাং বিনা কৃষ্ণ রাধিকাং স্মরেৎ তস্য পদেপদে ব্রহ্মহত্যা ভবেৎ স ব্রহ্মবধজনিত পাপভাগী ভবতীত্যর্থঃ ॥ ৯ ॥ মহেতি। মহাবিদ্যাং যত্নতঃ প্রজপেৎ সর্ব্বদৈব গোপয়েচ্চ কদাপি বিদ্যানপ্রকাশ্যা ॥ ১০ ॥ রাধেতি। রাধাকৃষ্ণ ভজনে গোপনীয়তয়া অনাবশ্যকত্বাৎ প্রকটমেব রাধাকৃষ্ণং

রাধাকৃষ্ণং মহেশানি স্মরেত্তু প্রকটায়বৈ।
প্রকটং পরমেশানি রাধাকৃষ্ণ মহর্নিশং ॥১১॥
স্মরণং বাসুদেবস্য গোবিন্দস্য যথা তথা।
রামস্য কৃষ্ণদেবস্য স্মরণঞ্চ যথা তথা।
মহাবিদ্যা মহেশানি ন প্রকাশ্যা কদাচন ॥ ১২॥
ইতি তত্ত্বং মহেশানি অতিগুপ্তং মনোহরং।
দমনং কালীয়স্যাপি যমলার্জ্জুন ভঞ্জনং ॥ ১৩॥
ভঞ্জনং শকটস্যাপি তৃণাবর্ত্ত বধস্তথা।
বককেশি বিনাশশ্চ পর্ব্বতস্যচ ধারণং ॥ ১৪ ॥

ভাষা।

কেবল মহাবিদ্যার উপাসনাই গোপনে করা বিধেয়, কিন্তু রাধাকৃষ্ণের আরাধনা প্রকাশ্যভাবে করিলে দোষ নাই ॥ ১১॥

বাসুদেব মন্ত্র, গোবিন্দ মন্ত্র, রাম মন্ত্র ও কৃষ্ণ মন্ত্র, যথা তথা স্মরণ করিতে পারে। কিন্তু মহাবিদ্যার মন্ত্র কখনও প্রকাশ করিবে না ॥ ১২ ॥

হে মহেশানি! কালীয়দমন ও যমলার্জ্জুনভঞ্জনপ্রভৃতি যে কৃষ্ণ লীলাতত্ত্ব তাহা অতি মনোহর ও গোপনীয় ॥ ১৩ ॥

শকটাসুর ভঞ্জন, তৃণাবর্ত্তবধ, বক কেশি বিনাশ পর্ব্বত

অস্যার্থঃ।

ভদেতি ভাবঃ ॥ ১১ ॥ স্মরণমিতি। বাসুদেবস্য স্মরণং যথাতথা স্থান সময়াদি বিচারোনাস্তীতি ভাবঃ। রামস্য ভজনমপি তথেত্যর্থঃ ॥ ১২ ॥ ইতীতি। ইতি তত্ত্বং বাসুদেব পদ্মিনী রহস্যং। কালীয়স্য কালীয় নাগস্য। যমনার্জ্জুন ভঞ্জনং যমনার্জ্জুন নামাসুরনিপাতনং ॥ ১৩ ॥ ভঞ্জনমিতি। শকটস্য শকাসুরস্য। তৃণাবর্ত্ত বধাদিবং এতদন্যৎ কৃষ্ণস্য

দাবানলস্য পানঞ্চ যদ্‌যন্যং শুচিস্মিতে।
কৃষ্ণস্য পরমেশানি যদ্‌যৎ কৃত্যং বরাননে।
তৎসর্ব্বং পরমেশানি কালিকায়াঃ প্রসাদতঃ ॥১৫
বৎসোৎসবাদিকং দেবি সর্ব্বংকেশবজংপ্রিয়ে।
দৃশ্যাদৃশ্যং বরারোহে মহামায়া স্বরূপকং।
শক্তিংবিনামহেশানিনকিঞ্চিদ্বিদ্যতেপ্রিয়ে ॥১৬॥

দেব্যুবাচ।

পূর্ব্বং যৎসূচিতং দেব রাধাচন্দ্রাবলীদ্বয়ং।
তৎ সর্ব্বং জগদীশান বিস্তার্য্য কথয় প্রভো ॥১৭॥

ভাষা।

বিদারণ দাবানল পান এবং অন্যান্য যে সকল কৃষ্ণের কার্য্য তাহা সকলই মহাবিদ্যা কালিকা দেবীর প্রসাদ লভ্যফল ॥ ১৪ ॥ ১৫ ॥

বৎসোৎসবাদি যে সকল কেশবের কার্য্য গোচর ও অগোচর আছে তৎসমুদায়ই মহামায়া স্বরূপ হে মহেশানি! শক্তি ভিন্ন আর কিছু নাই, শক্তিই সকলের কারণ ॥ ১৬ ॥

পার্ব্বতী বলিতেছেন। হে জগদীশ্বর! তুমি যে আমার নিকট রাধা ও চন্দ্রাবলী দুই কৃষ্ণ শক্তির উল্লেখ করিয়াছ তাহা বিশেষ রূপে বলুন্ ॥ ১৭ ॥

অস্যার্থঃ।

যদ্‌ যৎকর্ম্ম সর্ব্বমেবকালিকা প্রসাদাৎ সম্পাদ্যতে ॥ ১৪ ॥ ১৫ ॥ বৎসেতি। কৃষ্ণস্য বৎসোৎসবাদিকং দৃশ্যাদৃশ্যং যৎকর্ম্ম তৎসর্ব্বমেব শক্তিরিত্যর্থঃ শক্তিং বিনা কিঞ্চিদপি ন বিদ্যতে শক্তিময় মেব জগদিতি ভাবঃ ॥ ১৬ ॥ দেব্যুবাচেতি। হে মহাদেব পূর্ব্বং পূর্ব্বস্মিন্ রাধা চন্দ্রাবলীদ্বয় মুক্তং তৎসর্ব্বং তয়োর্ব্বিবরণং বিস্তার রূপেণ কথয় ॥ ১৭ ॥

ঈশ্বর উবাচ।

পদ্মিনী ত্রিপুরাদূতী রাধিকা কৃষ্ণমোহিনী।
তস্যাদেহ সমুদ্ভূতা রাধা চন্দ্রাবলীতথা ॥ ১৮ ॥
বৃকভানুসুতা সাক্ষাৎ কমলোৎপলগন্ধিনী।
পদ্মিনী সদৃশাকারা রূপলাবণ্য সংযুতা ॥ ১৯ ॥
সুবেশা পরমাশ্চর্য্যা ধন্যামানময়ীসদা।
কৃষ্ণস্য বামপার্শ্বস্থা পদ্মিনী পদ্মমালিনী ॥ ২০ ॥
অন্যাস্তু শৃণুদেবেশি শক্তীঃপরম সুন্দরীঃ।
চন্দ্রপ্রভা চন্দ্রবতী চন্দ্রকান্তিঃ শুচিস্মিতে ॥ ২১ ॥

ভাষা।

মহাদেব বলিতেছেন। হে দেবি! কৃষ্ণ মোহিনী পদ্মিনী ত্রিপুরা দূতী তাঁহার দেহ হইতে রাধা ও চন্দ্রাবলী উদ্ভূতা হইয়াছেন ॥ ১৮ ॥

পদ্মিনীর সদৃশ আকার ও রূপলাবণ্যবতী পদ্মগন্ধিনী রাধা বৃকভানু দুহিতা ॥ ১৯ ॥

পদ্মিনীরবেশশোভা অতি সুন্দর তিনি সর্ব্বদা মানময়ী ও কৃষ্ণের বামপার্শ্বে বিরাজ করিতেছেন ॥ ২০ ॥

হে দেবি! অন্যান্য পরম সুন্দরী কৃষ্ণ সখীগণ বলিতেছি শ্রবণ কর। চন্দ্রপ্রভা, চন্দ্রাবতী, চন্দ্রকান্তি ॥ ২১ ॥

অন্বয়ার্থঃ।

ঈশ্বর উবাচেতি। পদ্মিনীতি ত্রিপুরাদূতী যা পদ্মিনী তস্যা দেহাদেব রাধা চন্দ্রাবলীদ্বয় মুৎপন্নমিত্যর্থঃ ॥ ১৮ ॥ বৃকেতি। কমলোৎপল গন্ধিনী পদ্ম সৌগন্ধযুতা। রূপলাবণ্যযুতা বিশেষ রূপলাবণ্যবতী ॥ ১৯ ॥ সুবেশেতি। সুবেশা বিবিধ বেশাভরণ শোভিতা। মানময়ী ক্লেশা সহিষ্ণুঃ ঈষৎ ক্লেশেনৈব প্রচুর মানবতী ॥ ২০ ॥ অন্যাইতি। হে দেবি পার্ব্বতি। অন্যাশ্চন্দ্র প্রভাদ্যাঃ শক্তীঃ শৃণু ॥ ২১ ॥

চন্দ্রাচন্দ্রকলাদেবি চন্দ্রলেখাচ পার্ব্বতি।
চন্দ্রাঙ্কিতা মহেশানি রোহিণীচ ধনিষ্ঠিকা ॥ ২২॥
বিশাখা মাধবীচৈব মালতীচ তথাপ্রিয়ে।
গোপালী রত্নরেখাচ পারাখ্যাচ বরাননে ॥২৩॥
সুভদ্রা ভদ্ররেখাচ সুমুখা সুরতিস্তথা।
কলহংসী কলাপীচ সমান বয়সঃ সদা ॥ ২৪ ॥
সমান বয়সঃ সর্ব্বা নিত্যনূতন বিগ্রহাঃ।
সর্ব্বাভরণ ভূষাঢ্যা জপমালা বিধারিকাঃ ॥ ২৫ ॥
অন্যাঃ শ্রেষ্ঠতমানার্য্যস্তত্রস্যুঃ কোটি কোটিশঃ ॥
তাসাং চিত্তং চরিত্রঞ্চ নজানন্তি বনৌকসঃ।২৬।

ভাষা।

চন্দ্রা, চন্দ্রকলা, চন্দ্রলেখা, চন্দ্রাঙ্কিতা, রোহিণী, ধনিষ্ঠা, বিশাখা, মাধবী, মালতী, গোপালী, রত্নরেখা, পারাখ্যা, সুভদ্রা, ভদ্ররেখা, সুমুখা, সুরতি, কলহংসী ও কপালী ইহারা সকলেই রাধার সমান বয়সী ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥

চন্দ্রপ্রভা প্রভৃতি পূর্ব্বোক্ত সখীগণ প্রতিদিন নুতন বিগ্রহ ধারণ করেন এবং নানাবেশ ভুষাতে শোভিত, ইহা সকলেই জপমালা ধারণ করিয়া আছেন ॥ ২৫ ॥

হে দেবি! এইরূপ অন্যান্য কোটি কোটি রাধিকার সখী ছিল তাহাদিগের চিত্ত ও চরিত্র বৃন্দাবনবাসীরা জ্ঞাত নহে ॥২৬॥

অস্যার্থঃ।

অন্যাঃ শক্তীরাহচন্দ্রেতি। শ্লোকত্রয়েণ তাসাং শক্তীনাং নামান্যেব কেবলানি অতঃ সুগমং ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ সমানেতি। সর্ব্বাঃ শক্তয় এব সমান বয়সঃ রাধিকা সমবয়স্কাঃ। নিত্য নুতন বিগ্রহাঃ বেশভূষাদি পরিবর্ত্তনেন নূতনবৎপ্রতীয়মানাঃ। ২৫ ॥ অন্যাইতি। অন্যাঃ এতাভ্যাম পরাঃ শক্তয়ঃ কোটিশোঽস্তি তাসাং চিত্তং চরিত্রাণি

প্রসূয়ন্তে বিলীয়ন্তে সততং নিশিমধ্যতঃ।
সর্ব্বাঃপত্রপলাশাক্ষা শ্চন্দ্রাঢ্যা বরবর্ণিনি ॥২৭॥
পদ্মিনীকণ্ঠ সংস্থাযা পদ্মমালা মনোহরা।
মালায়াঃ পরমেশানি গুণান্‌বক্তুংনশক্যতে ॥২৮
নিগদানি যথাজ্ঞানং তবশক্ত্যা বরাননে।
যথামম মহেশানি জ্ঞানযোগ সমন্বিতং ॥ ২৯॥
যদ্‌যদুক্তং কুরঙ্গাক্ষি ত্রিপুরাপদপূজনাৎ।
কিমসাধ্যং মহেশানি ত্রিপুরায়াঃ প্রসাদতঃ ॥৩০॥
ইতি বাসুদেব রহস্যে রাধাতন্ত্রে দ্বাবিংশ পটলঃ।

ভাষা।

হে সুন্দরি! আর আর কত কত সখী নিশি মধ্যে উৎপন্ন হইতেছে এবং লয় পাইতেছে। রাধিকার সখীগণ সকলেই চন্দ্রকান্তির ন্যায় অতি মনোহরা ॥ ২৭ ॥

হে দেবি! পদ্মিনী কণ্ঠস্থিতা যে পদ্মমালা আছে তাহা অতি মনোহর এবং তাহার গুণবর্ণন করিতে আমার শক্তি নাই ॥ ২৮ ॥

হে সুন্দরি! যথামতি কিঞ্চিৎ বলিতেছি; তোমার কৃপাবলে আমার যতদূর শক্তি হয় বলি শ্রবণ কর ॥ ২৯ ॥

আমি যে যে রহস্য কথা বলিয়াছি তাহা সকলই ত্রিপুরা পাদ পূজনের ফল। ত্রিপুরাদেবীর প্রসাদে এই জগতে কিছুই অসাধ্য নাই ॥ ৩০ ॥ ইতি দ্বাবিংশ পটলঃ।

অস্যার্থঃ।

বনৌকসো বনবাসিনঃ নজানন্তি ॥ ২৬ ॥ প্রসূয়ন্ত ইতি। তাঃ শক্তয়ঃ নিশিমধ্যত এব প্রসূরবন্তে উৎপদ্যন্তে বিলীয়ন্তেচ। তাঃ সর্ব্বা এব চন্দ্রাঢ্যা চন্দ্রবৎ লাবণ্যবতীঃ ॥ ২৭ ॥ পদ্মিনীতি। পদ্মিনী কণ্ঠসংস্থিতা যা মনোহরা মালা তস্য গুণান বক্তুং নশক্যতে কোপি তদ্‌গুণান বক্তুং ন সমর্থঃ ॥ ২৮ ॥ নিগদামীতি। যথাজ্ঞানং যথামতি নিগদামি কথয়ামি ॥ ২৯ ॥ যদ্‌যদিতি। ময়া যদ্‌যদুক্তং তৎসকলমেব ত্রিপুরা প্রসাদ ফলং। ত্রিপুরা প্রসাদাৎ কিমপি অসাধ্যং নাস্তীতি ভাবঃ ॥ ৩০ ॥

ইতি দ্বাবিংশ পটলঃ।

ঈশ্বর উবাচ।

নিগদামি শৃণু প্রৌঢ়ে রহস্য মতি গোপনং।
দিবসে দিবসে কৃষ্ণো গোপালৈঃ সহ পার্ব্বতি॥
কুলাচারং মহৎপুণ্যং মন্ত্রসিদ্ধি প্রসাধকং।
রহস্যং সততং দেবি করোতি হরি রব্যয়ঃ॥
নিশি মধ্যে মহেশানি নারীভিঃ সহ পার্ব্বতি।১।
একদা পরমেশানি হরি র্ভুবনমোহনঃ।
নৌকা মারুহ্য দেবেশি যমুনায়া বরাননে॥ ২॥

অস্যার্থঃ।

মহাদেব বলিতেছেন হে সুন্দরি! অতি নিগূঢ় কৃষ্ণ রহস্য তোমার নিকট বলিতেছি শ্রবণ কর। হে পার্ব্বতি! কৃষ্ণ দিবাভাগে গোপ বালকের সহিত মহৎপুণ্য মন্ত্র সিদ্ধির কারণ কুলাচার সাধন করেন। এবং নিশিযোগে গোপনারীগণের সঙ্গে কুলাচার সাধনে প্রবৃত্ত থাকেন॥ ১॥

হে পরমেশানি! ভুবনমোহন কৃষ্ণ একদা যমুনা কুলে নৌকারোহণ করিয়া নানাবিধ কুলাচার সাধন করিয়া ছিলেন॥২॥

টীকা।

ঈশ্বর উবাচেতি। রহস্যং স্বরূপ তত্ত্বং। দিবসে দিবসে প্রতিদিনং। গোপালৈঃ গোপবালকৈঃ। মন্ত্রসিদ্ধি প্রসাধকং মন্ত্রসিদ্ধি কারণং। নারীভি র্গোপনারীভিরিতি॥ ১॥ একদেতি। ভুবনমোহনঃ ত্রিজগন্মনোহর রূপঃ। নৌকা মারুহ্য তরণীং ঘটয়িত্বা॥ ২॥ রাজেতি। রাজ-

রাজমার্গে মহাদুর্গে বহুলোক সমাকুলে।
হস্ত্যশ্ব রথ পত্তীনাং সংকুলে পথি মধ্যতঃ ।৩।
যৎকৃতং পরমেশানি কৃষ্ণেন পদ্ম চক্ষুষা।
নিগদামি বরারোহে তরিখণ্ডং মনোহরং ॥ ৪ ॥
অদৃশ্যা সর্ব্ব জন্তূনাং মহামায়া স্বরূপিণী।
নানা রত্নময়ী শুদ্ধা স্বয়ং প্রকৃতি রূপিণী ॥ ৫ ॥
হংসকারাণ্ডবা কীর্ণা ভ্রমরৈঃ পরিসেবিতা।
নানাগন্ধ সুগন্ধেন মোদিতা পরমেশ্বরী ॥ ৬ ॥

অস্যার্থঃ।

কমললোচন কৃষ্ণ রাজমার্গে মহাবনে, লোক সমাজে, ও হস্ত্যশ্ব রথ পদাতি সংকুল পথিমধ্যে নানাপ্রকার কুলাচার সাধন করিতেন ॥ ৩ ॥

হে সুন্দরি! পদ্মলোচন কৃষ্ণ যে নৌকাখণ্ড রূপ কুলাচার সাধন করিয়া ছিলেন তাহা বলিতেছি শ্রবণ কর ॥ ৪ ॥

প্রকৃতি রূপিণী যে মহামায়া তিনি সর্ব্ব প্রাণীর অগোচর শুদ্ধ তেজঃ স্বরূপা নানা রত্নময়ী ॥ ৫ ॥

হংসকারণ্ডব প্রভৃতি বিহঙ্গমগণে সমাকীর্ণ ভ্রমরগণ পরিসেবিত ও নানাপ্রকার সুগন্ধে আমোদিত ॥ ৬ ॥

টীকা।

মার্গে মথুরা রাজধানী বর্ত্মনি হস্ত্যশ্ব রথপত্তীনাং হস্তি ঘোটক পদাতীনাং। ৩ ॥ যদিতি। পদ্মচক্ষুষা কৃষ্ণেন যৎতরিখণ্ডং নৌকাখণ্ড কেলিঃ কৃতং তৎ নিগদামি শৃণু ॥ ৪ ॥ অদৃশ্যেতি। পদ্মিনী সর্ব্ব জন্তূনাং অদৃশ্যা। পদ্মিনী দধি বিক্রয়ার্থং মথুরাং গচ্ছতীতি কোপি ন জানাতীতিভাবঃ ॥ ৫ ॥ হংসেতি। হংসকারণ্ডবাদিভিঃ পক্ষিভিরাকীর্ণা। নানা সুগন্ধেন সৌগন্ধপূর্ণা ॥ ৬ ॥ নানেতি। নানারূপধরা ক্ষণে ক্ষণ

নানারূপ ধরা ভদ্রে দিব্য স্ত্রীগণ বেষ্টিতা।
প্রতিক্ষণং মহেশানি নানারূপ ধরা সদা ॥ ৭ ॥
কদাচিৎ শুক্লবর্ণাভা রক্তবর্ণা কদাপি চ।
হরিদ্বর্ণা কদাচিৎ সা চিত্র বর্ণা কদাপিবা ॥৮॥
এবং বহুবিধা রূপা নৌকা কালী স্বয়ং প্রিয়ে।
এবং ভূতাত্ত সা নৌকা স্বয়মাবি রভূৎপ্রিয়ে ।৯।
পদ্মিনী সহিতঃ কৃষ্ণো রাত্রৌ স্বপ্নং দদর্শহ।
আবির্ভূয় মহামায়া রাত্রৌ কিঞ্চি দুবাচহ ॥
কৃষ্ণায় পরমেশানি রাধিকায়ৈ তথা প্রিয়ে ।১০।

অস্যার্থঃ।

হে দেবি প্রতিক্ষণে নানাপ্রকার রূপধারিণী ও দিব্য স্ত্রীগণ পরিবেষ্টিত ॥ ৭ ॥

কখন শুক্লবর্ণা কখন রক্তবর্ণা কখন হরিদ্বর্ণা কখন বা নানা রূপ বর্ণময়ী ॥ ॥ ৮ ॥

উক্তরূপা ও এবম্প্রকার নানা রূপধারিণী স্বয়ং কালিকাদেবী নৌকারূপে আবির্ভূতা হইলেন ॥ ৯ ॥

পদ্মিনীর সহিত কৃষ্ণ নিশিযোগে এই স্বপ্ন দেখিলেন যে মহামায়া আবির্ভূত হইয়া বলিতেছেন ॥ ১০ ॥

টীকা।

এবং বেশং পরিবর্ত্তয়ন্তী ॥ ৭ ॥ কদাচিতি। ক্ষণে ক্ষণ এব নানাবর্ণ-ধারিণী। কদাচিৎ শুক্লা কদাচিদ্বা রক্তা ইত্যাদি ॥ ৮ ॥ এবমিতি। এবং প্রকারেণ বিবিধ বর্ণা ভূত্বা স্বয়ং কালী এব নৌকা রূপেণাবি রভূদিতিভাবঃ ॥ ৯ ॥ পদ্মিনীতি। পদ্মিনীসহিতঃ পদ্মিনী কৃষ্ণশ্চ রাত্রৌ স্বপ্নং দদর্শ হপাদপূরণে। স্বপ্ন বিবরণ মাহ আবিরিতি। মহামায়া কালী রাত্রৌ আবির্ভূয় সাক্ষাদ্ভূত্বা কৃষ্ণায় রাধিকায়ৈ যদুবাচ তৎশৃণু ।১০।

কালিকোবাচ।

শৃণু বৎস মহাবাহো সিদ্ধোঽসি কমলেক্ষণ।
নৌকারূপেণ ভো বৎস অহং কালী নচান্যথা ১১
যমুনা মধ্যমার্গেতু তিষ্ঠামি ত্রিদিনং সুত।
রাধয়া সহ রে পুত্র কুরু ক্রীড়াং জপং কুরু।১২
তদা ত্বং সহসা বৎস প্রাপ্নোষি সুখ মুত্তমং।
ইত্যুক্ত্বা সহসা মায়া কালী বৃন্দাবনেশ্বরী॥
পদ্মিনী সঙ্গমে কালে তত্রৈবা ন্তর ধীয়ত॥১৩॥

অস্যার্থঃ।

কৃষ্ণের স্বপ্নাবস্থায় কালিকা বলিতেছেন, হে বৎস কৃষ্ণ! আমার বাক্য শ্রবণ কর তুমি সিদ্ধ হইয়াছ আমি কালী তোমার নৌকারূপে আবির্ভূত হইলাম॥ ১১॥

আমি যমুনা মধ্যমার্গে তিন দিন অবস্থিতি করিব। হে পুত্র তুমি রাধিকার সহিত ক্রীড়া ও জপ কর॥ ১২॥

হে বৎস তাহাতে তুমি উত্তম সুখ প্রাপ্ত হইবে। মহামায়া বৃন্দাবনেশ্বরী কালিকাদেবী এইরূপ বলিয়া অন্তর্হিতা হইলেন।১৩

টীকা।

কালিকোবাচেতি। হে বৎস কৃষ্ণ শৃণু ত্বং সিদ্ধোসি অহং কালী তব নৌকারূপেণা বির্ভূতা। নচান্যথা এতস্মিন্ সংশযো নাস্তীতিভাবঃ॥১১॥ যমুনেতি। অহং দিনত্রয়ং ব্যাপ্য যমুনা পথিমধ্যে তিষ্ঠামি। ত্বং রাধয়া সহ জলক্রীড়াং জপঞ্চ কুর্ব্বিতিভাবঃ॥ ১২॥ তদেতি। তদা জলক্রীড়ায়াং উত্তমং সুখং প্রাপ্নোষি; বৃন্দাবনেশ্বরী কালী ইতি উক্ত্বা ত-

ততঃ কৃষ্ণো মহা বাহু রাশ্রিতো হন্যৎ শরীরকং
নন্দ গোপগৃহে চান্যৎ সৃষ্ট্বাত্ত প্রযযৌ হরিঃ।১৪
সত্বরং প্রযযৌ দেবি কৃষ্ণঃ পদ্ম দলেক্ষণঃ।
কালীরূপাং মহা নৌকাং রাজমার্গ সমীপগাং১৫
সত্বরং তত্র গত্বাবৈ পুণ্ডরীক নিভেক্ষণঃ।
নমস্কৃত্য মহা নৌকাং শ্রীদামাদি ভিরন্বিতঃ।
আরুহ্য পরমেশানি ইষ্ট বিদ্যাং জপেদ্ধরিঃ।১৬

অন্বয়ার্থঃ।

তদনন্তর কৃষ্ণ নন্দ গোপগৃহে এক কৃত্রিম রূপ রাখিয়া স্বয়ং পদ্মিনী সঙ্গম লাভ মানসে প্রস্থান করিলেন ॥ ১৪ ॥

পদ্ম দলেক্ষণ কৃষ্ণ যে রাজমার্গে নৌকারূপা মহাকালী আছেন তথায় দ্রুতবেগে প্রস্থান করিলেন ॥ ১৫ ॥

পুণ্ডরীকাক্ষ কৃষ্ণ সত্বর গমনে নৌকা সমীপে উপস্থিত হইয়া শ্রীদামাদি বয়স্য বর্গের সহিত নৌকারোহণ পূর্ব্বক ইষ্ট বিদ্যা জপ করিতে লাগিলেন ॥ ১৬ ॥

টীকা।

তত্রৈব অন্তর্দধৌ ।। ১৩ ।। তত ইতি। ততঃ কৃষ্ণঃ নন্দ গোপগৃহে অন্যৎ শরীরং আশ্রিতঃ একং শরীরং নন্দ গোপগৃহে স্থাপয়িত্বা প্রযযৌ গতবান্ ।। ১৪ ।। সত্বরমিতি। কৃষ্ণঃ সত্বরং শীঘ্রং কালীরূপাং মহানৌকাং জগাম ইতি শেষঃ ।। ১৫ ।। সত্বরমিতি। হরিঃ শ্রীদামাদিভিঃ সহিতঃ তত্র নৌকা সমীপে গত্বা কালীরূপাং মহানৌকা মারুহ্য ইষ্ট বিদ্যাং জপেৎ ।। ১৬ ।। মন্ত্রমিতি। হরিঃ রাত্রিশেষে মন্ত্রং জপ্ত্বা বংশীঞ্চ বাদ-

মন্ত্রং জপ্ত্বা রাত্রিশেষে বংশীঞ্চ বাদয়ন হরিঃ।
জগতাং মোহনী বংশী মহাকালী স্বয়ং প্রিয়ে॥১৭
একাক্ষরেণ দেবেশি বাদয়ন্ মধুর ধ্বনিং।
একাক্ষরং তূর্য্য বীজং স্ত্রীণাং চিত্ত মনোহরং॥১৮
বাদয়ন্ মুরলীং কৃষ্ণ ইষ্ট বিদ্যাং জপেৎ প্রিয়ে।
প্রাতঃকৃত্যং সমাসাদ্য কৃষ্ণঃ স্বস্ব গণৈর্যুতঃ॥১৯॥
ইষ্ট বিদ্যাং জপিত্বা বৈ পূর্ণ ব্রহ্মময়ীং প্রিয়ে।
বাদয়ন্ মুরলীং কৃষ্ণঃ শৃঙ্গং বেণুং তথা পরং॥২০

অস্যার্থঃ।

হে প্রিয়ে কৃষ্ণদেব ইষ্ট মন্ত্র জপ করিয়া রাত্রিশেষে বংশী-বাদন আরম্ভ করিলেন। কৃষ্ণের বংশী জগন্মোহনকারী স্বয়ং কালিকাদেবী॥ ১৭॥

একাক্ষর মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বংশীতে মধুর ধ্বনি করিতে লাগিলেন। একাক্ষর তূর্য্যবীজ স্ত্রীদিগের চিত্ত সমাকর্ষণ করে॥১৮

হে প্রিয়ে! কৃষ্ণদেব বয়স্য বর্গের সহিত মুরলী বাদন করতঃ প্রাতঃকৃত্য সমাধা করিয়া ইষ্ট বিদ্যা জপ করিতে প্রবৃত্ত হইলেন॥ ১৯॥

হে পার্ব্বতি কৃষ্ণ ইষ্ট বিদ্যার আরাধনা করিয়া পুনর্ব্বার মুরলী শৃঙ্গ এবং অন্যান্য বিবিধ বাদ্যবাদনে তৎপর হইলেন॥২০

টীকা।

মন্ গতঃ। কৃষ্ণস্য বংশী জগতাং মোহনী স্বয়ং প্রকৃতিঃ॥ ১৭॥ একাক্ষরমিতি। একাক্ষরেণ বংশীংবাদয়তি। একাক্ষরো মনুঃস্ত্রীণাং চিত্তা কর্ষণ কারণং॥ ১৮॥ বাদয়ন্নিতি। কৃষ্ণঃ স্বগণৈঃ শ্রীদামাদিভিঃ সহিতঃ প্রাতঃকৃত্যং সমাসাদ্য সমাপ্য মুরলীং বংশীংবাদয়ন্ ইষ্ট বিদ্যাং মহাকালীং জপেদিতি॥ ১৯॥ ইষ্টেতি। কৃষ্ণঃ পূর্ণব্রহ্মময়ী মিষ্ট বিদ্যাং

কাত্যায়নীং নমস্কৃত্য হরিঃ পদ্ম দলেক্ষণঃ।
খেলয়েদ্বিবিধাং ক্রীড়াং তরিজন্যাং বরাননে ।২১।
এতস্মিন্ সময়ে দেবি রাধা ভুবনমোহিনী।
সখীগণেন সহিতা রঙ্গিনী কুসুম প্রভা। ২২।
নানা কটাক্ষ সংযুক্তা হাস্যযুক্তা বরাননে।
সংপূজ্য রত্নভাণ্ডং সা অমৃতৈর্ব্বর বর্ণিনি ।২৩।
জগাম যমুনা কূলং গব্য বিক্রয়ণ চ্ছলাৎ।
চন্দ্রাবলীং সমাদায় গব্য মাদায় সত্বরং ।। ২৪ ।।

অস্যার্থঃ।

পদ্মপত্রাক্ষ হরি কাত্যায়নীকে নমস্কার করিয়া তরণীর উপরে বিবিধ প্রকার ক্রীড়া আরম্ভ করিলেন ॥ ২১ ॥

এমত সময়ে শতমূলী কুসুমপ্রভা ভুবনমোহিনী রাধা সখীগণ সমভিব্যাহারে নানাপ্রকার কটাক্ষ পূর্ণ দৃষ্টিপাত পূর্ব্বক রত্ন ভাণ্ড সকল, দধি, দুগ্ধ, নবনীত ও ক্ষীরসরে পরিপূর্ণ করিয়া সহাস্যবদনে গব্য বিক্রয়ার্থ প্রস্থান করিলেন ॥ ২২ ॥ ২৩ ॥

হে সুন্দরি! রাধিকা চন্দ্রাবলীকে সঙ্গে করিয়া গব্য বিক্রয়চ্ছলে যমুনাতীরে উপস্থিত হইলেন ॥ ২৪ ॥

টীকা।

জপিত্বা মুরলী শৃঙ্গাদিকং বাদয়তীতি শেষঃ ॥ ২০ ॥ কাত্যায়নীমিতি। কৃষ্ণঃ কাত্যায়নীং নমস্কৃত্য প্রণম্য তরিজন্যাং নৌকাভবাং বিবিধাং ক্রীড়াং খেলয়েৎ ॥ ২১ ॥ এতস্মিন্নিতি। ভুবনমোহিনী ত্রিজগন্মোহন রূপলাবণ্যবতী। রঙ্গিনী কুসুমপ্রভা শতমূলী কুসুম বদতি লোহিতাঙ্গী ।২২। নানেতি। নানা কটাক্ষ সংযুক্তা বিবিধ ভঙ্গি মদদৃষ্টিঃ। অমৃতৈঃ ক্ষীর শরাদিভিঃ ॥ ২৩ ॥ জগামেতি গব্য বিক্রয়ণ চ্ছলাৎ দধ্যাদি বিক্রয়ণ ব্যাজেন যমুনাকূলং জগাম গতবতী ॥ ২৪ ॥ বৃকভানু গৃহাদিতি বৃক-

বৃকভানু গৃহা দ্দেবি নির্গত্য পদ্মিনী ততঃ।
অন্যাভি গোপ কন্যাভির্ব্বেষ্টিতা রাধিকা সদা।
॥ ২৫ ॥

সর্ব্ব শৃঙ্গার বেশাঢ্যা স্ফুর চ্চকিত লোচনা।
মুখারবিন্দ গন্ধেন তাসাং দেবি বরাননে।
মোদিতাঃ পরমেশানি দেব গন্ধর্ব্ব কিন্নরাঃ।২৬।
তচ্ছৃণুষ বরারোহে রহস্য মতি গোপনং।
নৌকা সন্নিধি মাগত্য কৃষ্ণায় যদুবাচসা ॥ ২৭ ॥

ইতি রাধাতন্ত্রে ত্রয়োবিংশ পটলঃ।

অস্যার্থঃ।

তদনন্তর পদ্মিনী বৃকভানু গৃহ হইতে নির্গত হইয়া অন্যান্য সখীগণ সঙ্গে প্রস্থান করিলেন ॥ ২৫ ॥

রাধিকা সমস্ত শৃঙ্গারোচিত বেশাভরণে ভূষিত হইয়া চলিলেন। তাহাদের মুখারবিন্দসৌরভে দেব, কিন্নর ও গন্ধর্ব্বগণ মোহিত হইল ॥ ২৬ ॥

হে পার্ব্বতি! পদ্মিনী নৌকা সমীপে উপস্থিত হইয়া কৃষ্ণদেবকে যাহা বলিয়া ছিলেন সেই রহস্য কথা শ্রবণ কর ॥ ২৭ ॥

ইতি ত্রয়োবিংশ পটলঃ।

টীকা।

ভানোঃ পিতৃগৃহাৎ। অন্যাভি শ্চন্দ্রাবলী প্রভৃতিভি র্গোপকন্যাভিঃ সহিতেত্যর্থঃ ॥ ২৫ ॥ সর্ব্বেতি। সর্ব্ব শৃঙ্গার বেশাঢ্যা শৃঙ্গারোচিত বেশাভরণ ভূষিতা। তাসাং গোপীনাং মুখ সুগন্ধেন দেবা দয়োপি মুহ্যন্তীতিভাবঃ ॥ ২৬ ॥ তদিতি। সারাধা নৌকা সমীপং গত্বা কৃষ্ণায় যদুবাচ তদ্রহস্যং শৃণুষ ॥ ২৭ ॥ ইতি ত্রয়োবিংশ পটলঃ।

পার্ব্বত্যুবাচ।

এতদ্রহস্যং পরমং কুলসাধন মুত্তমং।
কৃপয়া পরমেশান কথয়স্ব দয়ানিধে॥ ১॥

ঈশ্বর উবাচ।

শৃণু পার্ব্বতি বক্ষ্যামি পদ্মিনী তত্ত্ব মুত্তমং।
অতি গুপ্তং মহৎপুণ্য মপ্রকাশ্যং কদাচন॥ ২॥
এতৎ সর্ব্বং মহেশানি তবলীলা দুরত্যয়া।
তবলীলা দুরাধর্ষা কৃষ্ণপ্রেম বিবর্দ্ধিনী॥ ৩॥

ভাষা।

পার্ব্বতী জিজ্ঞাসা করিতেছেন, হে দয়ানিধে মহাদেব! কৃপা করিয়া এই কুল সাধন রহস্য আমার নিকট বল॥ ১॥

মহাদেব বলিতেছেন, হে পার্ব্বতি! সর্ব্বোত্তম পদ্মিনী তত্ত্ব তোমার নিকট বলিতেছি। এই পদ্মিনী অতিগুপ্ত, পুণ্য জনক ও অতি অপ্রকাশ্য॥ ২॥

হে মহেশ্বরি! এই সকলই দুরধিগম্যা তব লীলা সাধারণের বুদ্ধির অগম্য ও কৃষ্ণের প্রেম বৃদ্ধি করী॥ ৩॥

অন্বয়ার্থঃ।

পার্ব্বত্যুবাচেতি। হে দয়ানিধে! কৃপাময় এতদ্রহস্যং নৌকাখণ্ড বৃত্তান্তং কৃপয়া ময্যনুগ্রহেণ কথয়॥ ১॥ ঈশ্বর উবাচেতি। হে পার্ব্বতি! অতি গোপ্যং পদ্মিনী তত্ত্বং বক্ষ্যামি শৃণু ত্বমিতি শেষঃ। এতদ্রহস্যং কদাপি ন প্রকাশনীয়মিত্যর্থঃ॥ ২॥ এতদিতি। এতৎসর্ব্বমেব তব-লীলা। দুরত্যয়া দুর্জ্ঞেয়া। কৃষ্ণপ্রেম বিবর্দ্ধিনী কৃষ্ণপ্রেম সম্পাদি-কেতি॥ ৩॥ রাধিকেতি। যা রাধিকা সা কৃষ্ণ বাগ্‌ভবা পদ্মিনী। যঃ

রাধিকা পদ্মিনী যাসা কৃষ্ণ দেবস্য বাগ্ভবা।
বাসুদেবাংশ সম্ভূতঃ কৃষ্ণঃ পদ্মদক্ষেণঃ ॥ ৪ ॥
পদ্মিনী সতত্ং তস্য কৃষ্ণস্য বাগ্ভবাপ্রিয়ে।
আগত্য সত্বরং তত্র পদ্মিনী পদ্মগন্ধিনী ॥ ৫ ॥
কাত্যায়ন্যাঃ প্রসাদেন ব্রজবাসিন্য এবহি।
প্রজেপু রনিশং কূর্চ্চং চতুর্ব্বর্গ প্রদায়কং ॥৬॥
রাজমার্গে মহেশানি নানারত্ন বিভূষিতে।
কদম্ব পাদপচ্ছায়া তমাল বনশোভিতে ॥ ৭ ॥

ভাষা।

যিনি পদ্মিনী তিনিই রাধিকা আর কৃষ্ণ বাসুদেবের অংশ॥৪

কৃষ্ণমোহিনী পদ্মগন্ধিনী পদ্মিনী সত্বর নৌকা সমীপে উপস্থিত হইয়া কুর্চ্চবীজ রূপ একাক্ষর ইষ্ট বিদ্যা জপ করিতে লাগিলেন ॥ ৫ ॥

কাত্যায়নীর প্রসাদে ব্রজ বাসিনী যুবতিগণ সকলেই চতুর্ব্বর্গ প্রদ কুর্চ্চাখ্য একাক্ষর মন্ত্র জপ করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৬ ॥

হে মহেশানি! নানারত্ন বিভূষিত কদম্বাদি পাদপচ্ছায়া শোভিত যমুনারাজমার্গে পদ্মগন্ধিনী পদ্মিনী রত্ন বিভূষিতা নৌকা দেখিতে পাইলেন ॥ ৭ ॥ ৮ ॥

অন্বয়ার্থঃ।

